প্রত্যাসন্ন, বিণ (প্রতি-আ-সদ্-কর্ত্তৃ-ক্ত) সন্নিহিত, নিকটবর্ত্তী।

প্রত্যাহত, বিণ (প্রতি-আ-হন্-ক্ত) ব্যাহত। কুণ্ঠিত।

প্রত্যাহরণ, বি, ক্লী (প্রতি-আ-হৃ-ভাবে-অনট্) ফিরাইয়া লওয়া। বিণ,-হৃত।

প্রত্যাহার, বি, পুং, (ঐ-ঘঞ্) ফিরাইয়া লওয়া, প্রত্যাকর্ষণ। বিণ,-হৃত।

প্রত্যাহৃত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা ফিরাইয়া লওয়া হইয়াছে। বি,-হরণ,-হার।

প্রত্যুক্তি, বি, স্ত্রী (প্রতি-বচ্-ভাবে-ক্তি) প্রত্যুত্তর। বিণ,-ক্ত।

প্রত্যুত, ব্য (প্রতি-উ-ক্ত) উক্তির বৈপরীত্য, বরং।

প্রত্যুত্তর, বি, ক্লী (প্রতি + উত্তর) উত্তরের উত্তর।

প্রত্যুত্থান, বি, ক্লী (প্রতি-উৎ স্থা-অনট্) গাত্রোত্থান, মান্য ব্যক্তির সম্মানার্থে উঠিয়া দাঁড়ান।

প্রত্যুৎপন্ন, বিণ (ঐ পদ্-কর্ত্তৃ ক্ত) সত্বর জাত। পুনরুৎপন্ন।

প্রত্যুৎপন্নমতি, বিণ ; উপস্থিত বিষয়ে যার হঠাৎ বুদ্ধি যোগায়। প্রতিভান্বিত। প্রত্যুৎপন্না হইয়াছে মতি যাহার,বহু। বি,স্ত্রী; হঠাৎ উপস্থিত বুদ্ধি। প্রত্যুৎপন্না যে মতি, কর্ম্মধা।

প্রত্যুৎপন্নমতিত্ব, বি ক্লী (প্রত্যুৎপন্নমতি + ত্ব, ভাবার্থে) কার্য্যকালে হঠাৎ বুদ্ধি যোগান।

{ **প্রত্যুদ্গত**, (প্রতি-উৎ গম্-ক্ত)
প্রত্যুদ্যাত, (ঐ-যা-ক্ত) বিণ, যে সমাগত ব্যক্তিকে অভ্যর্থনা পূর্ব্বক আনয়ন করা হইয়াছে। বি,-দ্গমন।

প্রত্যুদ্গমন, বি, ক্লী (প্রতি-উৎ-গম্-ভাবে- অনট্) মান্যব্যক্তি আসিলে অগ্রে গিয়া অভ্যর্থনা পূর্ব্বক তাহাকে আনয়ন। বিণ,-দ্গত।

প্রত্যুপকার, বি, পুং (প্রতি-উপ-কৃ-ভাবে-ঘঞ্) উপকারীর উপকার। বিণ,-রী।

প্রত্যুপকারী (রিন্), বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) যে উপকারীর উপকার করে। স্ত্রী,-রিণী।

প্রত্যুপ্ত, বিণ (প্রতি-বস্-কর্ম্ম-ক্ত) যাহা বপন করা গিয়াছে, উপ্ত। প্রোত। খচিত।

প্রত্যূষ, **প্রত্যুষ**, বি,ক্লী (প্রতি-উষ্ বা ঊষ্ কর্ত্তৃ-ক) প্রভাত, প্রাতঃকাল।

প্রত্যূষঃ, **প্রত্যুষঃ**, বি, ক্লী (ঐ-অস্) প্রভাত।

প্রত্যূহ, বি, পুং (প্রতি-ঊহ্-কর্ম্ম-ক) বাধা, বিঘ্ন।

প্রত্যেক, ক্রিবিণ ; একে একে সমুদায়। বীপ্সার্থে অব্যয়ী। বিণ ; এক এক।

প্রথম, বিণ (প্রথ্-কর্ত্তৃ-অম) প্রধান। আদ্য। স্ত্রী,-মা।

প্রথমতঃ, ব্য (প্রথম + তস্,৭মী স্থানে) প্রথমে, অগ্রে। [শ্রম।

প্রথমাশ্রম, বি, ক্লী ; ব্রহ্মচর্য্যা-

প্রথা, বি, স্ত্রী (প্রথ্-ভাবে-ঙ + আপ্) রীতি, নিয়ম।

প্রথিত, বিণ (প্রথ্-কর্ম্ম-ক্ত) বিখ্যাত। বিস্তৃত। বি,-থন।

প্রথিমা (মন্), বি, পুং (পৃথু + ইমন্) স্থূলতা। বিস্তার।

প্রদ, বিণ (প্র-দা-ড) দায়ক, যে দেয়। স্ত্রী,-দা।

প্রদক্ষিণ, বি, ক্লী ; দেবতাদির বা পূজ্য ব্যক্তির চতুর্দ্দিকে দক্ষিণাবর্ত্তে ভ্রমণ। বন্দনা।

প্রদত্ত, বিণ (প্র-দা-ক্ত) যাহা দেওয়া হইয়াছে, অর্পিত। বি,-দান।

প্রদর, বি,পুং, (প্র দৄ-অন্) স্ত্রী লোকের রোগ বিং।

প্রদর্শক, বিণ (প্র-দর্শি কর্ত্তৃ-ণক) যে দেখায়। স্ত্রী,-র্শিকা।

প্রদর্শন, বি,ক্লী (ঐ-ভাবে-অনট্) দেখান। উল্লেখ। বিণ,-র্শিত।

প্রদর্শনী, বি, স্ত্রী, মেলা বিং, সাধারণের দর্শনার্থ যে স্থানে প্রাকৃতিক ও শিল্পজাত নানা প্রকার উৎকৃষ্ট ও আশ্চর্য্য বস্তু রাক্ষত হয়। (Exhibition).

প্রদর্শিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা দেখান হইয়াছে। উল্লিখিত। বি,-র্শন।

প্রদান, বি, ক্লী (প্র-দা-ভাবে-অনট্) অর্পণ, দেওয়া। বিণ, -দত্ত।

প্রদায়িনী, বিণ, স্ত্রী (প্রদায়িন্ +ঈপ্) দাত্রী। পুং,-দায়ী।

প্রদায়ী, (য়িন্), বিণ, পুং (প্র-দা-কর্ত্তৃ-ণিন্) দায়ক। স্ত্রী, -য়িনী।

প্রদিষ্ট, বিণ (প্র-দিশ্-কর্ম্ম-ক্ত) নির্দ্দিষ্ট। দত্ত।

প্রদীপ, বি, পুং (প্র-দীপ্-কর্ত্তৃ-ক) দীপ, আলো। প্রকাশক।

প্রদীপন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) উদ্দীপন। প্রকাশন। বিণ (ঐ-কর্ত্তৃ-অন) উদ্দীপক। প্রকাশক।

প্রদীপ্ত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) উজ্জ্বল। প্রকাশিত। বি,-পন।

প্রদৃপ্ত, বিণ (প্র-দৃপ্-ক্ত) গর্ব্বিত

প্রদেশ, বি, পুং (প্র-দিশ্-কর্ম্ম-অল্) দেশের অংশ। একদেশ। স্থান।

প্রদেশিনী, বি, স্ত্রী ; তর্জ্জনী অঙ্গুলি।

প্রদোষ, বি, পুং ; সায়ংকাল। দোষার (রাত্রির) প্র (আরম্ভ), নিত্যসমাস।

প্রদ্যুম্ন, বি,পুং ; শ্রীকৃষ্ণের পুত্র, [কন্দর্প।

প্রদ্যোত, বি, পুং (প্র-দ্যুত্-ভাবে-অল্) দীপ্তি, কিরণ,। (ঐ-কর্ত্তৃ-অন্) নৃপ বিং।

প্রদ্যোতিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) প্রদীপ্ত। প্রকাশিত।

প্রধন, বি, ক্লী ; যুদ্ধ। বিনাশ।

প্রধান, বিণ (প্র-ধা-কর্ত্তৃ-অন) শ্রেষ্ঠ। বি;ত্রিগুণাত্মিকা প্রকৃতি। জগতের মূলকারণ। গ্রামাদির মণ্ডল (Headman)

প্রধূপিত, বিণ (-ধূপ্-কর্ম্ম-ক্ত) সন্তাপিত।

প্রধূমিত, বিণ (প্র[প্রকৃষ্ট]+ধূম +ইত, অস্ত্যর্থে) অতিশয় ধূম যুক্ত, জ্বলনোন্মুখ।

প্রধৃষ্য, বিণ (প্র-ধৃষ্-কর্ম্ম-ক্যপ্) যাহাকে পরাভব করা যায়।

প্রধ্মাত, বিণ (ঐ-ধ্মা-ক্ত) বায়ু পূরণ দ্বারা শব্দিত। যাহা প্রজ্জ্বলিত করা হইয়াছে।

প্রনষ্ট, বিণ (প্র-নশ্-ক্ত) মৃত। পলায়িত।

প্রপঞ্চ, বি, পুং (প্র-পন্চ্-অল্) বঞ্চনা। বিস্তার। বৈপরীত্য। সমূহ।

প্রপন্ন, বিণ (প্র-পদ্-ক্ত) প্রাপ্ত। শরণাগত।

প্রপা,বি, স্ত্রী (প্র-পা-অপা-ও)
প্রপান,বি,ক্লী (ঐ-অপা অনট্) পানীয় শালা, জলচ্ছত্র।

প্রপাত, বি, পুং (প্র-পত্-ঘঞ্) জলাদির পতন। নির্ঝর-পতন স্থান। পর্ব্বতাদির অত্যুচ্চস্থান বিং। নিঝর।

প্রপিতামহ, বি, পুং; পিতামহের পিতা। স্ত্রী,-হী।

প্রপূরিত, বিণ (প্র-পূর্-ক্ত) যাহা পরিপূর্ণ করা হইয়াছে।

প্রপৌত্র, বি, পুং; পৌত্রের পুত্র। স্ত্রী,-ত্রী।

প্রফুল্ল, বিণ (প্র-ফুল্ল্-কর্ত্তৃ-ক্ত, নি) প্রস্ফুটিত। প্রসন্ন। সহাস্য। বি,-তা।

প্রফুল্লকলেবর, বিণ; কণ্টকিত শরীর, পুলকিত কায়। বহু।

প্রফুল্লতা, বি, স্ত্রী (প্রফুল্ল+তা, ভাবার্থে) প্রসন্নতা। হর্ষ। বিকাশ।

প্রফুল্লিত, বিণ; আহ্লাদিত। প্রস্ফুটিত।

প্রভঞ্জন, বি, পুং (প্র-ভন্জ্-কর্ত্তৃ-অন্) যে বেগদ্বারা বৃক্ষাদি ভাঙ্গিয়া ফেলে, পবন, বায়ু।

প্রভব, বি, পুং (প্র-ভূ-অল্) জন্ম। উৎপত্তিস্থান। উৎপত্তির কারণ। বিণ; জাত।

প্রভবিষ্ণু, বিণ (প্র-ভূ-ইষ্ণু) প্রভাবশীল। বি,-ষ্ণুতা।

প্রভা, বি, স্ত্রী (প্র-ভা-ভাবে-ও) দীপ্তি, ঔজ্জ্বল্য। আলোক।

প্রভাকর, বি, পুং (প্রভা-কৃ-কর্ত্তৃ ট) সূর্য্য। অগ্নি। বিণ, দীপ্তিকারক। প্রভার কর (কারক), ৬ষ্ঠীতৎ।

প্রভাত,বি,ক্লী (প্র-ভা-ভাবে-ক্ত) প্রাতঃকাল। বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) প্রভাযুক্ত।

প্রভাতী,(প্রা) বিণ;প্রাতঃকালীন।

প্রভাব, বি, পুং (প্র-ভূ-করণ-ঘঞ্) প্রতাপ, তেজঃ। (ঐ-

ভাবে-) মহিমা। সামর্থ্য।

প্রভাবান্(বৎ), বিণ (প্রভা+বতু, অস্ত্যর্থে) দীপ্তিশালী, ঐশ্বর। তেজস্বী। স্ত্রী,-বতী।

প্রভাবান্বিত, বিণ ; পরাক্রান্ত, তেজস্বী।

প্রভাস, বি, পুং (প্র-ভাস্-অন্) গুজরাট দেশস্থ তীর্থ বিং। বসু বিং। সম্যক্ দীপ্তি।

প্রভিন্ন, বি, পুং, মত্তহস্তী। বিণ, বিকসিত।

প্রভু, বি, পুং (প্র-ভূ-কর্ত্তৃ-ডু) স্বামী। ঈশ্বর। বিণ ; শ্রেষ্ঠ। সমর্থ।

প্রভুতা, বি, স্ত্রী (প্রভু+তা)
প্রভুত্ব, বি, ক্লী (ঐ+ত্ব, ভাবার্থে) প্রাধান্য। আধিপত্য, কর্ত্তৃত্ব।

প্রভুপনা, (প্রা) বি ; কর্ত্তৃত্ব।

প্রভুভক্ত, বিণ ; প্রভুর প্রতি অনুরক্ত। স্বামীর আজ্ঞাবহ। ৭মীতৎ। [প্রতি শ্রদ্ধা।

প্রভুভক্তি, বি, স্ত্রী ; স্বামীর

প্রভুশক্তি, বি, স্ত্রী ; প্রভাব, প্রতাপ। ৬ষ্ঠীতৎ।

প্রভূত, বিণ (প্র-ভূ-কর্ত্তৃ-ক্ত) প্রচুর, যথেষ্ট। জাত।

প্রভৃতি, বিণ (প্র-ভৃ-ক্তি) (শব্দের পরবর্ত্তী হইলে) আদি, ইত্যাদি। ব্য ; অবধি।

প্রভেদ, বি, পুং (প্র-ভিদ্-ভাবে-অল্) পার্থক্য, বিভিন্নতা।

প্রভ্রংশ, বি, পুং (প্র-ভ্রন্শ্-অল্) পতন। বিনাশ। বিণ,-ভ্রষ্ট।

প্রভ্রষ্ট, বিণ (ঐ-ক্ত) পতিত। নষ্ট। বি,-ভ্রংশ।

প্রমত্ত, বিণ (প্র-মদ্-কর্ত্তৃ-ক্ত) প্রমাদযুক্ত, ভ্রান্ত। অতিমত। বি,-ত্ততা।

প্রমথ, বি, পুং (-মথ্-কর্ত্তৃ-অন্) শিবানুচর বিং।

প্রমথন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) মন্থন, বিলোড়ন। উন্মূলন। বিণ, থিত।

প্রমথনাথ, প্রমথাধিপ, প্রমথেশ, প্রমথেশ্বর, } বি, পুং শিব, মহাদেব। ৬ষ্ঠীতৎ।

প্রমথিত, বিণ (প্র-মথ্-কর্ম্ম-ক্ত) বিলোড়িত।

প্রমদ, বি, পুং (প্র-মদ্-ভাবে-অল্) হর্ষ, আনন্দ।

প্রমদ কানন, প্রমদবন, } বি, ক্লী ; রাজকীয় উপবন, বিহার ভূমি। প্রমদের (আমোদের) নিমিত্ত কানন বা বন, ৪র্থীতৎ।

প্রমদা, বি, স্ত্রী ; সুন্দরী নারী।

প্রমনাঃ (নস্), বিণ ; হৃষ্টচিত্ত। বহু। [জ্ঞান।

প্রমা, বি, স্ত্রী (প্র-মা-ঙ) নিশ্চয়

প্রমাণ, বি, ক্লী (প্র-মা-করণ-

অনট্) নিদর্শন,নিশ্চয়ের হেতু, —প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, এই চতুর্ব্বিধ। সাক্ষী।

প্রমাণীকৃত, বিণ (প্রমাণ—চ্বি = প্রমাণী-কৃ-কর্ম্ম-ক্ত) প্রমাণরূপে নিশ্চিত।

প্রমাতা(তৃ), বিণ (প্র-মা-তৃন) প্রমাণ কারী। স্ত্রী,-ত্রী।

প্রমাতামহ, বি. পুং ; মাতামহের পিতা। স্ত্রী,-হী।

প্রমাদ, বি, পুং (প্র-মদ্-ভাবে-ঘঞ্) অসাবধানতা। ভ্রম।

প্রমিত, বিণ (প্র-মা-কর্ম্ম-ক্ত) পরিমিত। প্রমাণসিদ্ধ। জ্ঞাত।

প্রমীলন, বি, ক্লী (-মীল্-ভাবে-অনট্) নিমীলন, বোজা।

প্রমীলা, বি, স্ত্রী (ঐ-কর্ত্তৃ-অন্ + আপ্) মেঘনাদপত্নী। (ঐ-ভাবে-অ) মুদ্রণ। তন্দ্রা।

প্রমুখ, বিণ ; (শব্দের পরবর্ত্তী হইলে) প্রধান। প্রভৃতি।

"সুসজ্জিত সভামণ্ডলে ভীষ্ম প্রমুখ কৌরবগণ" (রজনীগুপ্ত)

শ্রেষ্ঠ। অগ্রণী (forward)।

"যাহার প্রকৃতিতে ভক্তির যে পরিমাণে অভাব, সে পরনিন্দায় সেই পরিমাণে প্রমুখ ও পুবঃসর" (প্রভাতচিন্তা)

বি, পুং; সমূহ। ক্লী ; আরম্ভ।

প্রমুখাৎ, ব্য ; মুখ হইতে।

প্রমুদিত,বিণ (প্র-মুদ্-কর্ত্তৃ-ক্ত) হৃষ্ট, আনন্দিত। বিকসিত। বি,-মোদ।

প্রমেয়, বিণ (-মা-য) পরিমেয়। সাধনীয়।

প্রমেহ, বি, পুং (প্র-মিহ-ঘঞ্) রোগবিং।

প্রমোচন, বি,ক্লী (প্র-মুচ্-অনট্) মুক্তকরণ।

প্রমোদ, বি, পুং (প্র-মুদ্-ভাবে-ঘঞ) হর্ষ. আমোদ। বিণ, -দিত।

প্রমোদিত, বিণ (প্রমোদ + ইত) আমোদিত। বি,-দন।

প্রমোদিনী, বিণ, স্ত্রী ; অতীব হর্ষযুক্তা। পুং,-দী।

প্রমোদী, বিণ, পুং (প্র-মুদ-ণিন্) হর্ষযুক্তা। স্ত্রী -দিনী।

প্রযত, বিণ (প্র-যম্-কর্ত্তৃ-ক্ত) সংযত। পবিত্র, শুদ্ধ।

প্রযত্ন, বি, পুং ; অতি যত্ন। প্রয়াস। অধ্যবসায়। প্র (প্রকৃষ্ট) যে যত্ন, কর্ম্মধা।

প্রয়াগ, বি, পুং (প্র-যজ্-অধি-ঘঞ্) তীর্থ বিং, গঙ্গা, যমুনা, সরস্বতীর সঙ্গম স্থল, আধুনিক এলাহাবাদ।

প্রয়াণ, বি, ক্লী (-যা-ভাবে-অনট্) প্রস্থান। যুদ্ধযাত্রা। বিণ,-যাত।

প্রযাত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) প্রস্থিত. গত।

প্রযাম, বি, পুং (প্র-যম্-ঘঞ্) দৈর্ঘ্য। সংযম।

প্রয়াস, বি, পুং (-যস্-ঘঞ্) যত্ন, চেষ্টা। শ্রম, আয়াস।

প্রয়াসপর, বিণ ; চেষ্টাশীল।

প্রয়াসী, বিণ (ঐ-ণিন্) চেষ্টাশীল।

প্রযুক্ত, বিণ (প্র-যুজ্-ক্ত) যাহা প্রয়োগ করা গিয়াছে। নিযুক্ত। প্রেরিত। অর্পিত। অনুষ্ঠিত। উচ্চরিত। উল্লিখিত। ক্রিবিণ, হেতু, কারণ। বি,-য়োগ। প্রয়োজন।

প্রযুজ্য, বিণ (ঐ-য) প্রয়োগ করিবার যোগ্য।

প্রযুজ্যমান, বিণ (ঐ-শান) যাহা প্রয়োগ করা যাইতেছে।

প্রযোক্তা(ক্তৃ), বিণ, (ঐ-তৃন্) প্রয়োগকর্ত্তা। স্ত্রী,-ক্ত্রী।

প্রয়োগ, বি, পুং, (প্র-যুজ্-ভাবে-ঘঞ্) ব্যবহার। খাটান। নিয়োগ। উল্লেখ। উদাহরণ। নিদর্শন। অনুষ্ঠান। অভিনয়। অর্পণ। ঋণদান। প্রবর্ত্তন।

প্রয়োজক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) প্রয়োগকর্ত্তা। অনুষ্ঠাতা। প্রেরক। প্রবর্ত্তক। স্ত্রী,-জিকা।

প্রয়োজন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) আবশ্যকতা। উদ্দেশ্য। হেতু। অভিপ্রায়। ফল। প্রয়োগ করণ। বিণ, প্রযুক্ত।

প্রয়োজনীয়,বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) আবশ্যক, দরকারী।

প্রয়োজ্য, বিণ (ঐ-য্যণ্) প্রয়োগ করিবার যোগ্য।

প্ররূঢ়, বিণ (প্র-রুহ্-ক্ত) জাত। অঙ্কুরিত। বদ্ধমূল। বর্দ্ধনশীল।

প্ররোচনা, বি, স্ত্রী (প্র-রোচি-ভাবে-অন) উত্তেজনা, উস্কাইয়া দেওয়া।

প্ররোহ, বি, পুং (-রুহ্-কর্ত্তৃ-অন্) অঙ্কুর। মূল। বট প্রভৃতি বৃক্ষশাখোৎপন্ন নাম্না, ঝুরি।

প্রলপিত, বিণ, (ঐ-লপ্-ক্ত) বৃথা কথিত। বি,ক্লী; প্রলাপ।

প্রলম্ব, বি, পুং (প্র-লন্ব-কর্ত্তৃ অন্) বৃক্ষাদির ঝুরি। লতার শুঁয়া। শাখা। স্ত্রী-স্তন। হার বিং। দৈত্যবিং। বিণ; লম্বমান।

প্রলম্বিত, বিণ (ঐ-ক্ত) লম্বমান, যাহা ঝুলিতেছে। বি,-লম্ব।

প্রলয়, বি, পুং (প্র-লী-ভাবে-অল্) সৃষ্টির নাশ ধ্বংস। মূর্চ্ছা।

প্রলাপ, বি, পুং (-লপ্-ভাবে-ঘঞ্) অসংলগ্ন বাক্য।

প্রলুব্ধ, বিণ (প্র-লুভ্-কর্ত্তৃ-ক্ত) অতিলোভী। বি,-লোভ।

প্রলেপ, বি, পুং (লিপ্-ভাবে-ঘঞ্) লেপন, মাখান। (ঐ-করণ-) লেপন দ্রব্য।

প্রলোভ, বি, পুং (লুভ্-ভাবে-অল্) অতিশয় লালসা। বিণ, -লুব্ধ।

প্রলোভন, বি, ক্লী (লোভি-ভাবে-অনট্) লোভ দেখান। বিণ (ঐ-কর্ত্তৃ-অন্) লোভজনক। বিণ,-ভিত।

প্রলোভিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহাকে লোভ দেখান হইয়াছে। বি,-ভন।

প্রবচন, বি, ক্লী ; উৎকৃষ্ট বাক্য। বেদার্থ জ্ঞান।

প্রবঞ্চক, বিণ (প্র-বঞ্চি-কর্ত্তৃ-ণক) প্রতারক, শঠ। স্ত্রী, -ঞ্চিকা।

প্রবঞ্চকতা, বি,স্ত্রী (প্রবঞ্চক + তা,ভাবার্থে। প্রতারণা,ছলনা।

প্রবঞ্চনা, বি,স্ত্রী (প্র-বন্চ-ভাবে অন) প্রতারণা, ছলনা। বিণ, -ঞ্চিত। [-ঞ্চনা।

প্রবঞ্চিত, বিণ ; প্রতারিত। বি,

প্রবণ, বিণ (প্র-বণ্-কর্ত্তৃ অন্) নত। আসক্ত। রত। বিনীত। অভিমুখ। অনুকূল। নিপুণ। উন্মুখ। আয়ত্ত। স্ত্রী,-ণা। বি, -ণতা। বি, পুং ; চতুষ্পথ।

প্রবণতা, বি, স্ত্রী (প্রবণ + তা, ভাবার্থে) প্রবণের ভাব।

প্রবন্ধ, বি, ক্লী (প্র-বন্ধ্-কর্ম্ম-অল্) সন্দর্ভ,রচনা। পরম্পরান্বিত বাক্য সমূহ। (ঐ-ভাবে) পূর্ব্বাপর সঙ্গতি।

প্রবয়ণ, বি,ক্লী ; অশ্বাদির তাড়নদণ্ড, চাবুকাদি।

প্রবর, বিণ (প্র-বৃ-কর্ম্ম-অল্) শ্রেষ্ঠ। বি,ক্লী ; গোত্র। সন্ততি।

প্রবর্ত্তক, বিণ (-বর্ত্তি-কর্ত্তৃ-ণক) প্রদর্শক। প্রবৃত্তি দায়ক। প্রণেতা। স্ত্রী,-র্ত্তিকা।

প্রবর্ত্তন,বি,ক্লী (ঐ-ভাবে-অনট্)
প্রবর্ত্তনা, বি, স্ত্রী (ঐ অন + আপ্) অনুষ্ঠান। প্রবৃত্তি দেওয়া। নিযুক্ত করা। বিণ, -র্ত্তিত।

প্রবর্ত্তমান, বিণ, (প্র-বৃত্-কর্ত্তৃ-শান) যে প্রবৃত্ত বা যাহা আরম্ভ হইয়াছে।

প্রবর্ত্তিত, বিণ (-বর্ত্তি কর্ম্ম-ক্ত) আরব্ধ। চালিত। প্রেরিত। যাহাকে প্রবৃত্তি দেওয়া হইয়াছে। বি,-র্ত্তন।

প্রবর্দ্ধন, বি. ক্লী (-বৃধ্-ভাবে-অনট্) বৃদ্ধি, বাড়ান। বিণ, -র্দ্ধিত। [-র্দ্ধন।

প্রবর্দ্ধিত, বিণ ; বৃদ্ধিপ্রাপ্ত। বি,

প্রবল, বিণ ; অতিশয় বলবান্। প্র (অধিক) হইয়াছে বল যাহার, বহু।

প্রবলতা, বি, স্ত্রী (প্রবল + তা, ভাবার্থে) বলবত্তা।

প্রবহণ, বি, ক্লী (প্র-বহ্-অনট্) যান বিং, আচ্ছাদিত শকট বা ডুলি। প্রবাহ।

প্রবাণি (ণী), বি, স্ত্রী; তন্তুবায়-শলাকা, মাকু।

প্রবাদ, বি, পুং (প্র-বদ্-ভাবে-ঘঞ্) পরম্পরাগত বাক্য, জনশ্রুতি। অপবাদ।

প্রবাল, বি, পুং (প্র-বল্-কর্ত্তৃ-ণ) সমুদ্রজাত রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্ন বিং, বিদ্রুম, পলা। নব পল্লব।

প্রবাস, বি, পুং (প্র-বস্-ঘঞ্) বিদেশে বাস করা। ভিন্নদেশ, বিদেশ। বিণ, সী।

প্রবাসন, বি, ক্লী (-বাসি-ভাবে-অনট্) নির্ব্বাসন। বিদেশে প্রেরণ। বিণ,-সিত।

প্রবাসিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বিদেশে প্রেরিত। বি,-সন।

প্রবাসী, (সিন্) বিণ (প্র-বস্-কর্ত্তৃ-ণিন্) বিদেশবাসী। স্ত্রী, -সিনী।

প্রবাহ, বি, পুং (-বহ ভাবে-ঘঞ্) স্রোতঃ। অবিচ্ছেদে চলন। (ঐ-করণ-) উত্তম ঘোটক।

প্রবাহক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) বহনকারী। স্ত্রী,-হিকা।

প্রবাহিত, বিণ (প্রবাহ + ইত, অস্ত্যর্থে) প্রবাহযুক্ত। স্ত্রী,-তা।

প্রবাহিণী, বিণ; বহনকারিণী। বি, স্ত্রী; স্রোতস্বতী নদী।

প্রবাহী (হিন্), বিণ (প্র-বহ-কর্ত্তৃ-ণিন্) বহনকারী। স্ত্রী, -হিণী।

প্রবিষ্ট, বিণ (-বিশ্-কর্ত্তৃ-ক্ত) যাহা প্রবেশ করিয়াছে। অন্তর্গত। বি,-বেশ।

প্রবীণ, বিণ (বীণা + ণিচ্ = বীণি; প্র-বীণিনামধাতু-কর্ত্তৃ-অন্)বিজ্ঞ, বহুদর্শী। দক্ষ। বি,-ণতা।

প্রবীণতা, বি, স্ত্রী (প্রবীণ + তা, ভাবার্থে) বিজ্ঞতা। দক্ষতা।

প্রবীর, বিণ; প্রধান, শ্রেষ্ঠ। বি, পুং; উত্তম বীর।

প্রবুদ্ধ, বিণ (প্র-বুধ্-কর্ত্তৃ-ক্ত) জাগরিত। জ্ঞানী। বি,-বোধ।

প্রবৃত্ত, বিণ (-বৃত্-কর্ত্তৃ-ক্ত) রত, নিযুক্ত। উদ্যত। উৎপন্ন। আরব্ধ। বি,-ত্তি।

প্রবৃত্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) ইচ্ছা। যত্ন। গতি। বিণ,-বৃত্ত।

প্রবৃদ্ধ, বিণ (-বৃধ্-কর্ত্তৃ-ক্ত) অতিশয় বৃদ্ধি প্রাপ্ত।

প্রবেণি (ণী), বি, স্ত্রী; কেশ-বিন্যাস। হস্তি পৃষ্ঠস্থ আস্তরণ।

প্রবেশ, বি, পুং (প্র-বিশ্-ভাবে-অল্) অন্তর্গমন, ভিতরে যাওয়া। বিণ,-বিষ্ট।

প্রবেশন, বি, ক্লী (ঐ-অনট্) প্রবেশ করণ। (ঐ-করণ) সিংহদ্বার।

প্রবেশিকা, বি, স্ত্রী; যদ্দ্বারা প্রবেশ লাভ করা যায়।

প্রবেশিত, বিণ (প্র-বেশি-ক্ত) যাহাকে প্রবেশ করান গিয়াছে।

প্রবেশ্য, বিণ (-বিশ্-ঘ্যণ্) প্রবেশ-যোগ্য। [বাহু।

প্রবেষ্টক, বি, পুং (প্রবেষ্ট+কন্)

প্রবেষ্টা (ষ্টৃ), বিণ (প্র-বিশ্-তৃন্) যে প্রবেশ করে। স্ত্রী,-ষ্ট্রী।

প্রবোধ, বি, পুং (প্র-বুধ্-অল্) জ্ঞান। জাগরণ। বিকাশ। সান্ত্বনা। বিণ,-বুদ্ধ।

প্রবোধক, বিণ (ঐ-ণক) বোধ দাতা। পরিজ্ঞাপক। স্ত্রী,-ধিকা

প্রবোধন, বি, ক্লী (প্র-বোধি-অনট্) বুঝান। সান্ত্বনা। জাগরিত করণ। বিণ,-ধিত।

প্রবোধিত, বিণ (ঐ-ক্ত) জাগরিত। জ্ঞাপিত। যাহাকে প্রবোধ দেওয়া হইয়াছে। বি,-ধন।

প্রব্রজিত, বিণ (প্র-ব্রজ্-ক্ত) প্রবাসগত। সন্ন্যাসী। ভিক্ষু।

প্রব্রজ্যা, বি, স্ত্রী (ঐ-ক্যপ্) সন্ন্যাস ধর্ম্ম। প্রবাস।

প্রশংসনীয়, বিণ (প্র-শন্স্-কর্ম্ম-অনীয়) প্রশংসার পাত্র, সুখ্যাতি ভাজন। স্ত্রী,-য়া।

প্রশংসা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ) সুখ্যাতি। গুণকীর্ত্তন। বিণ,-সিত।

প্রশংসিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহার প্রশংসা করা গিয়াছে, কৃত-প্রশংসা। বি,-শংসা।

প্রশম, বি, পুং (প্র-শম্-ভাবে-অল্) শান্তি। উপশম। নিবারণ। বৈরাগ্য। নির্ব্বাণ।

প্রশমন, বি, ক্লী (ঐ-অনট্) শান্তি। নিবারণ। নিবৃত্ত করণ। হনন, বধ। সান্ত্বনাদি দ্বারা স্থিরী করণ। বিণ,-মিত,-শান্ত।

প্রশমিত, বিণ (-শমি-কর্ম্ম-ক্ত) নিবারিত। বি,-মন।

প্রশস্ত, বিণ (-শন্স্-কর্ম্ম-ক্ত) শ্রেষ্ঠ। বিস্তৃত। প্রশংসনীয়।

প্রশস্তি, বি, স্ত্রী; প্রশংসা। স্মরণ কীর্ত্তনাদি অষ্টবিধ মৈথুনাভাব।

প্রশান্ত, বিণ (প্র-শম্-কর্ত্তৃ-ক্ত) অতিশয় ধীর। নিবৃত্ত।

প্রশ্ন, বি, পুং (প্রচ্ছ্-ভাবে-ন) জিজ্ঞাসা।

প্রশ্রয়, বি, পুং (প্র-শ্রি-ভাবে-অল্) লাই দেওন। বিনয়। আদর। স্নেহ। বিণ,-শ্রিত।

প্রশ্বাস, বি, পুং (-শ্বস্-ভাবে-ঘঞ্) নাসাগত বায়ুর নির্গম।

প্রষ্টব্য, বিণ (প্রচ্ছ্-তব্য) জিজ্ঞাস্য।

প্রষ্টা (ষ্টৃ).বিণ (প্রচ্ছ্-কর্ত্তৃ-তৃন্) যে প্রশ্ন করে,জিজ্ঞাসু। স্ত্রী,-ষ্ট্রী
প্রসক্ত, বিণ (প্র-সন্‌জ্-ক্ত) সংলগ্ন। আসক্ত। প্রবৃত্ত। প্রস্তাবিত। বি,-সঙ্গ,-ক্তি।
প্রসক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) আসক্তি। প্রবৃত্তি। বিণ,-সক্ত।
প্রসঙ্খ্যান, বি, ক্লী (প্র-সম্-খ্যা অনট্) আত্মানুসন্ধান, ধ্যান।
প্রসঙ্গ, বি, পুং (প্র-সন্‌জ্-ঘঞ্) প্রস্তাব। প্রসক্তি। সম্বন্ধ। উপলক্ষ। উদ্দেশ। বিণ,-সক্ত।
প্রসঙ্গতঃ, ক্রি,বিণ ; প্রসঙ্গক্রমে, কোন প্রস্তাব উপলক্ষে।
প্রসন্ন, বিণ . (প্র-সদ্-কর্ত্তৃ-ক্ত) প্রফুল্ল। সন্তুষ্ট। নির্ম্মল। অনুকূল। স্ত্রী,-ন্না। বি,-সাদ,-ন্নতা।
প্রসন্নতা, বি, স্ত্রী (প্রসন্ন+তা, ভাবার্থে) প্রফুল্লতা। সন্তোষ। নির্ম্মলতা। অনুগ্রহ। বিণ,-সন্ন।
প্রসন্ন সলিলা, বিণ, স্ত্রী ; স্বচ্ছ-তোয়া (নদী)। প্রসন্ন, (স্বচ্ছ, নির্ম্মল)সলিল যাহার,বহু,স্ত্রী,আ।
প্রসরণ, বি, ক্লী, (প্র-সৃ-অনট্) বিস্তার। ব্যাপ্তি। শত্রু সৈন্যের চতুর্দ্দিক বেষ্টন। চলন। স্ত্রী,-ণী।
প্রসর্পণ, বি, ক্লী (-সৃপ্-ভাবে-অনট্) গমন। ব্যাপ্তি। বিস্তার। প্রসরণ। সন্তরণ।
প্রসব, বি,পুং (প্র সূ-ভাবে-অল্) গর্ভ মোচন, সন্তান জন্মান। উৎপত্তি। (ঐ-কর্ম্ম) ফল। পুষ্প। কারণ। সন্তান।
প্রসবিতা (তৃ), বিণ (প্র-সূ-কর্ত্তৃ-তৃন্) প্রসবকারী, জনয়িতা। স্ত্রী,-ত্রী। [ঈপ্) জনয়িত্রী।
প্রসবিত্রী, বিণ, স্ত্রী (প্রসবিতৃ+
প্রসবিনী, বিণ, স্ত্রী (প্র-সূ-কর্ত্তৃ-ইন্+ঈপ্) জনয়িত্রী, জননী।
প্রসাদ,বি,পুং(প্র-সদ্-ভাবে-ঘঞ্) প্রসন্নতা। অনুগ্রহ। নির্ম্মলতা। কাব্যের গুণ বিং। দেবনিবেদিত বা গুরুজনের ভুক্তাবশিষ্ট দ্রব্য। বিণ,-সন্ন।
প্রসাদন, বি,ক্লী (প্র-সাদি-ভাবে-অনট্) প্রসন্নতা সম্পাদন, হৃষ্ট করণ।
পসাদাৎ, বা ; বশতঃ, হেতু।

"আলস্যের পসাদাৎ আজি সে পণ্যাঙ্গনার উচ্ছিষ্টে প্রতিপালিত।"
(নিভৃত চিন্তা)।

প্রসাদী, বিণ ; দেব-নিবেদিত (দ্রব্য)।
প্রসাধক, বিণ (প্র-সাধি-ণক) সম্পাদক। যে বেশভূষা করিয়া দেয়। স্ত্রী,-ধিকা।
প্রসাধন, বি, ক্লী (ঐ-অনট্) সম্পাদন। অলঙ্করণ, সাজান। বিণ,-ধিত।
প্রসাধনী, বি, স্ত্রী ; কাঁকই,

চিরুণী।

প্রসাধিত, বিণ (প্র-সাধি-ক্ত) অলঙ্কৃত, সজ্জিত। বি,-ধন।

প্রসার, বি, পুং (-সৃ-ভাবে-ঘঞ্) বিস্তার। বিণ,-সৃত।

প্রসারণ, বি, ক্লী (-সারি-ভাবে-অনট্) বিস্তারকরণ। বিণ,-রিত।

প্রসারিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বিস্তারিত। বি,-রণ।

প্রসারী, বিণ (প্র-সৃ-কর্ত্তৃ-ণিন্) বিসারী, ব্যাপী। স্ত্রী,-রিণী।

প্রসিদ্ধ, বিণ (-সিধ্-কর্ত্তৃ-ক্ত) বিখ্যাত। বি,-দ্ধি।

প্রসিদ্ধি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) খ্যাতি, প্রতিপত্তি। বিণ,-দ্ধ।

প্রসুপ্ত, বিণ (প্র-স্বপ্-ক্ত) নিদ্রিত

প্রসূ, বি, স্ত্রী (-সূ-কর্ত্তৃ-ক্বিপ্) জনয়িত্রী, জননী। লতা।

প্রসূত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) জাত।

প্রসূতি, বি, স্ত্রী (ঐ-অপা-ক্তি) জননী, মাতা। কারণ। (ঐ-ভাবে) প্রসব। উৎপত্তি। (ঐ কর্ম্ম-) সন্তান।

প্রসূন, বি, ক্লী (প্র-সূ কর্ত্তৃ-ক্ত) পুষ্প। ফল। মুকুল। বিণ; জাত।

প্রসৃত, বিণ (প্র-সৃ-ক্ত) ব্যাপ্ত, বিস্তৃত। নির্গত। বি, পুং; অর্দ্ধাঞ্জলি।

প্রসৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) করকোষ, অর্দ্ধাঞ্জলি।

প্রসেক, বি, পুং (প্র-সিচ্-ঘঞ্) নিষেক। সেচন। ক্ষরণ।

প্রসেবিকা, বি, স্ত্রী; পাত্রবিং, থলিয়া।

প্রস্খলন, বি, ক্লী (প্র-স্খল্-ভাবে-অনট্) বিচ্যুতি। পতন। বিণ, লিত।

"বৃক্ষ শাখা হইতে ছিন্নবৃন্ত ফলের প্রস্খলন দর্শনে" (প্রভাতচিন্তা)

প্রস্তর, বি, পুং (প্র-স্তৃ-কর্ম্ম-অল্) পাথর, শিলা।

প্রস্তরফলক, বি, ক্লী; শ্লেট।

প্রস্তার, বি, পুং; পল্লবাদি রচিত শয্যা। তৃণবন।

প্রস্তাব, বি, পুং (প্র-স্তু-কর্ম্ম-ঘঞ্) প্রসঙ্গ। বৃত্তান্ত। প্রকরণ। অবসর।

প্রস্তাবনা, বি, স্ত্রী (-স্তাবি-ভাবে-অন + আপ্) বাক্যারম্ভ। (নাট্যে) অভিনয়ারম্ভ বিষয়ক কথা।

প্রস্তাবিত, বিণ, (প্রস্তাব + ইত) যাহার প্রস্তাব করা গিয়াছে, কথিত।

প্রস্তুত, বিণ (প্র-স্তু-কর্ম্ম-ক্ত) কৃত, নিষ্পন্ন। উদ্যত। উল্লিখিত। উপস্থিত। প্রতিপন্ন। প্রকৃত। প্রশংসিত।

প্রস্থ, বি, পুং, ক্লী (প্র-স্থা-ড)

লোহ, বি, পুং ক্লী (লু-কর্ম্ম-হ) রক্ত। লৌহ। ধাতু।

লোহিত, বিণ (রুহ্-কর্ত্তৃ-ইতন্) রক্তবর্ণযুক্ত, লাল। বি, পুং; রক্তবর্ণ। মঙ্গলগ্রহ। ক্লী; রক্ত। কুঙ্কুম। রক্ত চন্দন।

লোহিতক, বি, পুং (লোহিত+কণ্) পদ্মরাগ মণি। মঙ্গলগ্রহ। ক্লী; পিত্তল।

লোহিতাঙ্গ, বি, পুং; মঙ্গলগ্রহ।

লৌকিক, বিণ (লোক+ষ্ণিক, ইদমর্থে) লোকসম্বন্ধীয়, লোক ব্যবহারসিদ্ধ। বি,-তা।

লৌকিকতা, বি, স্ত্রী (লৌকিক +তা, ভাবার্থে) লোকাচার।

লৌল্য, বি, ক্লী (লোল+ষ্ণ্য, ভাবার্থে) লোভ। চাঞ্চল্য। স্পৃহা।

লৌহ, বি, পুং, ক্লী (লোহ+ষ্ণ) লোহা। বিণ; লৌহ নির্ম্মিত।

লৌহবর্ত্ম, বি, ক্লী; লৌহনির্ম্মিত পথ, রেলওয়ে। মধ্যপদলোপী কর্ম্মধা। "যিনি স্থায়ের লৌহ-বর্ত্ম" (নিভৃতচিন্তা)

লৌহিত্য, বি,ক্লী (লোহিত+ষ্ণ্য) রক্তবর্ণ। পুং; ব্রহ্মপুত্রনদ।

ব।

ব, বি, পুং; বায়ু। বরুণ। বক্ষঃস্থল। জল। কুম্ভ। সমুদ্র। ক্লী; বস্ত্র। ব্য; সাদৃশ্য।

বই, (প্রা) বি; পুস্তক। ব্য; বিনা, ব্যতিরেকে।

বউ, বৌ, (প্রা) বি; পুত্রবধূ।

বংশ, বি, পুং (বন্-কর্ম্ম-শ) কুল। পূর্ব্ব পুরুষ বা উত্তর পুরুষ। সমূহ। বাঁশ। পৃষ্ঠ দণ্ড।

বংশজ, বিণ (বংশ-জন্-ড) বংশ জাত। সৎকুলোদ্ভব। কুলীন বংশোদ্ভব কিন্তু কৌলীন্য বর্জ্জিত। স্ত্রী,-জা।

বংশধর, বিণ (ঐ-ধৃ-অন্) বংশ-রক্ষক। বংশের ধর (ধারক), ৬ষ্ঠীতৎ। বি পুং; উত্তরপুরুষ, সন্তান। [৬ষ্ঠীতৎ।

বংশনাশ, বি, পুং; বংশলোপ।

বংশমর্য্যাদা, বি, স্ত্রী; কুলের সম্মান। ৬ষ্ঠীতৎ।

বংশলোচন, বি,ক্লী; বাঁশের পর্ব্ব-মধ্যস্থ শ্বেতবর্ণ দ্রব্য বিং, বংশ-শর্করা।

বংশানুচরিত, বি, ক্লী; বংশের

চরিত্র বর্ণন।

বংশাবতংশ, বিণ ; কুলের ভূষণ স্বরূপ। বংশের অবতংশ (ভূষণ), ৬ষ্ঠীতৎ।

বংশাবলী, বি, স্ত্রী ; পূর্ব্বপুরুষ দিগের নামাবলী, কুলজী। বংশের আবলী, ৬ষ্ঠীতৎ।

বংশী, বি, স্ত্রী (বংশ+ঈপ্) বেণু, মুরলী, বাঁশী।

বংশীধর, (বংশী-ধৃ-অন্)
বংশীধারী, (ঐ-ণিন্) শ্রীকৃষ্ণ।

বংশীধ্বনি, বি, পুং ; বাঁশীর রব। ৬ষ্ঠীতৎ।

বংশীয়, বংশ্য, বিণ (বংশ+নীয়, ষ্য) বংশোদ্ভব, বংশে জাত। স্ত্রী,-য়া,-শ্যা।

বংশীবট, বি, পুং ; বৃন্দাবনস্থ বটবৃক্ষ বিং।

বক, বি, পুং (বন্ক-কর্ত্তৃ-অন্) জলচর পক্ষী বিং, ক্রৌঞ্চপক্ষী। পুষ্পবৃক্ষ বিং। রাক্ষস বিং। দৈত্য বিং। যন্ত্র বিং।

বকধার্ম্মিক, বিণ ; কপট ধার্ম্মিক। বক সদৃশ ধার্ম্মিক, মধ্যপদলোপী কর্ম্মধা।

বকনা, (প্রা) বি ; অল্পবয়স্কা গবী।

বকপঞ্চক, বি, ক্লী ; কার্ত্তিক মাসের শুক্লপক্ষের একাদশী প্রভৃতি পঞ্চ তিথি।

বকবৃত্তি, বি, স্ত্রী ; বকধার্ম্মিকতা, ভণ্ডামি। বকের বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বিণ ; বকধার্ম্মিক, ভণ্ড, প্রবঞ্চক। বকের ন্যায় বৃত্তি (জীবিকা) যাহার, বহু।

বকব্রতী(তিন্) বিণ (বকব্রত+ইন্,অস্ত্যর্থে) যে বকের ন্যায় মিথ্যা বিনয়ী হইয়া জীবিকা নির্ব্বাহ করে, বকধার্ম্মিক, প্রবঞ্চক। বি, পুং ; ধর্ম্মধ্বজী ও স্বার্থপর ব্যক্তি।

বকাণ্ডপ্রত্যাশা, বি, স্ত্রী ; মিথ্যা আশা।

বকুল, বি, পুং (বন্ক-কর্ত্তৃ-কুল) প্রসিদ্ধপুষ্প বৃক্ষ বিং। ক্লী ; ঐ পুষ্প।

বকেয়া, (যা) বিণ ; পুরাতন।

বক্তব্য, বিণ (বচ্ কর্ম্ম-তব্য) বলিবার যোগ্য। নিন্দনীয়। বি, ক্লী, কথন, বাক্য। নিন্দা।

বক্তা(ক্তৃ), বিণ, পুং (ঐ-কর্ত্তৃ-তৃন্) যে বলে। বাগ্মী। বক্তৃতা-কারী। স্ত্রী,-ক্ত্রী।

বক্তৃতা, বি, স্ত্রী (বক্তৃ+তা, ভাবার্থে) বাক্পটুতা। কথকতা, বাগ্‌বিন্যাস।

বক্ত্র, বি, ক্লী (বচ্-করণ-ত্র) মুখ।

বক্র, বিণ (বন্ক-কর্ত্তৃ রক্) বাঁকা, কুটিল। অপ্রসন্ন। বি, পুং ; শনি। মঙ্গল গ্রহ। ক্লী ; নদীর বাঁক। বি,-তা, বক্রিম।

বক্রগ্রীব, বিণ ; বাঁকা গলা বিশিষ্ট। বহু। বি, পুং ; উষ্ট্র।
বক্রদংষ্ট্র, বি, পুং (বক্র+দংষ্ট্রা) বরাহ, শূকর। বহু।
বক্রনাসিক, বিণ (বক্র+নাসিকা) বক্রনাসা বিশিষ্ট। বহু। বি, পুং ; পেচক।
বক্রিমন্ , বি, পুং (বক্র+ ইমন্ ,ভাবার্থে) বক্রতা।
বক্রোক্তি, বি, স্ত্রী ; শ্লেষ বাক্য, ব্যঙ্গোক্তি। কাব্যালঙ্কার বিং।
বগী, (যা) বি ; শকট বিং।
বক্ষঃ(স্), বি, ক্লী (বক্ষ-কর্ত্তৃ-অস্) বুক, হৃদয়।
বক্ষঃস্থল, বি, পুং ; বুক। বক্ষঃই স্থল, কর্ম্মধা।
বক্ষ্যমাণ, বিণ (বচ্-কর্ম্ম-স্যমান) যাহা বলা যাইবে, বক্তব্য।
বগলা, বি, স্ত্রী ; দশমহাবিদ্যার অন্তর্গত অষ্টম মহাবিদ্যা।
বঙ্ক, বি, পুং (বন্ক-অন্) বাঁকা।
বঙ্কিম, (প্রা) বিণ ; বক্র, বাঁকা।
বঙ্গ, বি, পুং (বন্গ-আধ-অল্) বাঙ্গালাদেশ। (ঐ-কর্ত্তৃ-অন্) নৃপ বিং। বাঙ্গালা দেশের লোক। ক্লী; রাঙ্ধাতু। সীসা
বঙ্গজ, বিণ (বঙ্গ-জন্-ড) বঙ্গদেশ জাত।
বঙ্গীয়, বিণ (বঙ্গ+ঈয়) বঙ্গদেশীয়।

বচঃ(চস্) বি, ক্লী (বচ্-অস্) বাক্য।
বচন, বি, ক্লী (ঐ-অনট্) বাক্য। ঋষি-প্রণীত শ্লোক। (ব্যাকরণে) বিভক্তির একত্বাদি ; যেমন,—একবচন, দ্বিবচন, বহু বচন।
বচনীয়, বিণ (বচ্-অনীয়) বাচ্য, কথনীয়। নিন্দনীয়। বি, ক্লী ; নিন্দা।
বচনীয়তা, বি, স্ত্রী (বচনীয়+তা) অপবাদ, নিন্দা।
বচসা, (প্রা) বি ; বকাবকি।
বচা, বি, স্ত্রী ; বচ।
বজরা, (প্রা) বৃহৎ নৌকা বিং।
বজায়, (প্রা) অক্ষুণ্ণ, ঠিক।
বজ্র, বি, পুং, ক্লী (বজ্ কর্ত্তৃ-র) ইন্দ্রের অস্ত্র বিং, অশনি, দম্ভোলী, কুলিশ। বজ্রাকৃতি চিহ্ন। হীরক। শিবের ত্রিশূল, বিষ্ণুর চক্র, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, কার্ত্তিকেয়ের শর, কালীর অসি, যমের দণ্ড,বরুণের পাশ, এই অষ্ট বজ্র। বিণ ; কঠিন, কঠোর।
বজ্রগম্ভীরনাদে,-স্বরে, ক্রিবিণ ; বজ্রের ন্যায় গম্ভীর শব্দে। বজ্র সদৃশ গম্ভীর, বজ্র গম্ভীর, মধ্যপদলোপী কর্ম্মধা; বজ্রগম্ভীর হইয়াছে নাদ, স্বর (ধ্বনি) যাহাতে, বহু।
বজ্রধর, বি, পুং ; ইন্দ্র। ৬ষ্ঠীতৎ।

বজ্র-ধ্বনি, বজ্রনাদ, বজ্র-নির্ঘোষ,বজ্র-নিষ্পেষ, } বি, পুং ; বজ্রের শব্দ। ৬ষ্ঠীতৎ।

বজ্রপাণি, বি, পুং ; ইন্দ্র। বজ্র আছে পাণিতে (হস্তে) যাহার, বহু।

বজ্রপুরুষ, বি, পুং ; বজ্রের ন্যায় প্রতাপশালী বা ভয়ঙ্কর লোক।

"বীর চূড়ামণি বোনাপার্টি, তাঁহার সমসাময়িক ঐতিহাসিক ও বীরপুরুষ দিগের নিকট, বজ্রপুরুষ বলিয়াই অভিহিত হইতেন", (প্রভাতচিন্তা)

বজ্রবারক, বি, পুং ; যে নাম স্মরণ বা কীর্ত্তন করিলে বজ্রাঘাতের ভয় থাকেনা। যথা—

"জৈমিনিশ্চ সুমন্তুশ্চ
বৈশম্পায়ন এবচ।
পুলস্ত্যঃ পুলহো জিষ্ণুঃ
ষডেতে বজ্রবারকাঃ॥"

বজ্রসার, বিণ, বজ্রসদৃশ কঠিন। বজ্রের ন্যায় কঠিন সার যাহার, বহু।

"যাঁহারা মানব জগতের কর্ম্মক্ষেত্রে বজ্রসার পুরুষ বলিয়া বিখ্যাত হইয়া রহিয়াছেন", (প্রভাতচিন্তা)

বজ্রাগ্নি, বি, পুং, বজ্রের অগ্নি। ৬ষ্ঠীতৎ। [৬ষ্ঠীতৎ।

বজ্রাঘাত, বি, পুং ; বজ্র প্রহার।

বজ্রাহত, বিণ ; বজ্রের দ্বারা আঘাত প্রাপ্ত। ৩য়াতৎ।

বজ্রী, বি, পুং (বজ্র+ইন্, অস্ত্যর্থে) বজ্রধারী, ইন্দ্র।

বঞ্চক, বিণ (বঞ্চি-ণক) প্রতারক। বি, পুং ; শৃগাল।

{ বঞ্চন, বি, ক্লী (বনচ-অনট্)
{ বঞ্চনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্)
প্রতারিত হওন, ঠকন।

{ (বঞ্চি-অনট্)
{ (ঐ-অন+আপ্) প্রতারণা, ঠকান। বিণ,-ঞ্চিত।

বঞ্চিত, বিণ (বঞ্চি-ক্ত) প্রতারিত। বর্জ্জিত। বি,-ঞ্চন,-ঞ্চনা।

বঞ্চুক, বিণ (ঐ-উক) প্রতারক।

বঞ্জুল, বিণ (বন্চ উল) বক্র।

বট, বি, পুং (বট্-অন্) প্রসিদ্ধ বৃক্ষ বিং, বটগাছ। কড়ি, কপর্দ্দক।

বটিকা, বটী, বি, স্ত্রী ; বড়ি।

বটু, বি, পুং (বট্-উ) দ্বিজবালক। বালক ব্রহ্মচারী। ব্রহ্মচারী ছাত্র। নির্ব্বোধ লোক।

"এই বটু চাপল্য প্রযুক্ত ঈদৃশ দুষ্কর কর্ম্মে প্রবৃত্ত হইতেছে" (রজনীগুপ্ত)

বটুক, বি, পুং ; ভৈরব বিং।

বড়, (পা) বিণ ; বৃহৎ, শ্রেষ্ঠ।

বড়ভি(ভী), বি, স্ত্রী ; প্রাসাদের উপরিস্থ গৃহ, চন্দ্রশালা। তৃণাচ্ছাদিত গৃহের পাইড় বা মুড়নি।

বড়বা, বি, স্ত্রী ; ঘোটকী। সিন্ধু ঘোটকী।

প্রাপক, বিণ (প্র+আপ্-কর্ত্তৃ-ণক) যে পায়। (ঐ-আপি-) যে পাওয়ায়।

প্রাপণ, বি, ক্লী (প্র-আপ্-ভাবে-অনট্) প্রাপ্তি, পাওয়া। (ঐ-আপি-) পাওয়ান বিণ,-পিত।

প্রাপণিক, বিণ (প্র+আপণ+ষ্ণিক) বণিক।

প্রাপিত, বিণ (প্র আপি-কর্ম্ম-ক্ত) যাহা পাওয়ান হইয়াছে। বি,-পণ।

প্রাপ্ত, বিণ (প্র-আপ্-কর্ম্ম-ক্ত) যাহা পাওয়া গিয়াছে, লব্ধ। (ঐ-কর্ত্তৃ) উপস্থিত। বি,-প্তি।

প্রাপ্তব্যবহার, বিণ ; বয়ঃপ্রাপ্ত, সাবালক। প্রাপ্ত হইয়াছে ব্যবহার যৎকর্ত্তৃক, বহু।

প্রাপ্তি, বি, স্ত্রী (প্র-আপ্-ভাবে-ক্তি) পাওয়া, লাভ। বিণ,-প্ত।

প্রাপ্য, (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) } বিণ ; **প্রাপ্তব্য**, (ঐ-তব্য) } পাইবার যোগ্য।

প্রাভাতিক, বিণ (প্রভাত+ষ্ণিক) প্রাতঃকালীন।

প্রাভৃত, বি, ক্লী (প্র-আ-ভৃ-ক্ত) উপঢৌকন দ্রব্য। নৈবেদ্য।

প্রামাণিক, বিণ (প্রমাণ+ষ্ণিক) প্রমাণসিদ্ধ। বিশ্বাস যোগ্য। পণ্ডিত। অধ্যক্ষ।

প্রামাণ্য, বি, ক্লী (প্রমাণ+ষ্ণ্য) প্রমাণত্ব। বিশ্বাস যোগ্যতা।

প্রামাদিক, বিণ (প্রমাদ+ষ্ণিক) অনবধানতাজনিত।

প্রায়, বি, পুং (প্র-অয়-ঘঞ্) ইচ্ছাপূর্ব্বক অনশনে মৃত্যু। উপবাস। বাহুল্য। বিণ ; বহুল। (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ। ব্য ; বাহুল্যরূপে।

প্রায়শঃ, ব্য (প্রায়+চশস্) বাহুল্যরূপে। সচরাচর।

প্রায়শ্চিত্ত, বি, ক্লী (প্রায়স্ [তপস্যা]+চিত্ত) পাপক্ষয়কর কর্ম্ম, শুদ্ধিলাভ।

প্রায়োজ্য, বিণ (প্রয়োজ+ষ্ণ্য) প্রয়োজন যোগ্য।

প্রায়োদ্বীপ, বি, পুং ; উপদ্বীপ।

প্রায়োপবিষ্ট, বিণ ; ইচ্ছাপূর্ব্বক অনাহারে প্রাণত্যাগার্থ কৃতোপবেশন। প্রায়ের নিমিত্ত উপবিষ্ট, ৪র্থীতৎ।

প্রায়োপবেশন, বি, ক্লী ; ইচ্ছাপূর্ব্বক অনাহারে প্রাণ ত্যাগার্থ উপবেশন। প্রায়ের নিমিত্ত উপবেশন, ৪র্থীতৎ। বিণ,-বিষ্ট।

প্রারব্ধ, বিণ (প্র-আ-রভ্-কর্ম্ম-ক্ত) যাহা আরম্ভ করা গিয়াছে। বি, ক্লী ; শরীরারম্ভক অদৃষ্ট। বি,-ম্ভ।

প্রারব্ধ কর্ম্ম, বি, ক্লী ; পূর্ব্বজন্মে

আরব্ধ কর্ম্ম, যে কর্ম্ম দ্বারা শরীরোৎপন্ন হয়।
প্রারম্ভ, বি, পুং (প্র-আ-রভ্-ঘঞ্) উপক্রম। অনুষ্ঠান। বিণ,-ব্ধ।
প্রার্থনা, বি, স্ত্রী (-অর্থ-ভাবে অন+আপ্) যাচ্ঞা। বিণ,-র্থিত।
প্রার্থনীয়, (-অর্থ-কর্ম্ম-অনীয়) প্রার্থয়িতব্য, (ঐ-তব্য) বিণ; প্রার্থনা করিবার যোগ্য।
প্রার্থয়িতা (তৃ), বিণ (-অর্থ-কর্ত্তৃ-তৃন্) যাচক। স্ত্রী,-ত্রী।
প্রার্থিত, বিণ (ঐ-ক্ত) যাচিত। আক্রান্ত। বি,-র্থনা।
প্রালম্ব, বি, ক্লী; হার বিং, ঋজু ভাবে লম্বমান মাল্য।
প্রাবরণ, বি, ক্লী } আবরণ বস্ত্র।
প্রাবার, বি,পুং } উত্তরীয় বসন।
প্রাবল্য, বি, ক্লী (প্রবল+ষ্ণ্য, ভাবার্থে) প্রবলতা। আধিক্য।
প্রাবীণ্য, বি, ক্লী (প্রবীণ+ষ্ণ্য, ভাবার্থে) প্রবীণতা, দক্ষতা।
প্রাবৃট্ (ষ্), বি, স্ত্রী (প্র-আ-বৃষ্-অধি-ক্বিপ্) বর্ষাকাল।
প্রাশন, বি, ক্লী (প্র-অশ্-ভাবে-অনট্) ভোজন। বিণ,-শিত।
প্রাশস্ত্য, বি, ক্লী (প্রশস্ত+ষ্ণ্য) প্রশস্ততা, উত্তমতা। বিস্তার।
প্রাস, বি, পুং (প্র-অস-অল্) ক্ষেপণীয় অস্ত্র বিং, কুন্ত,কোঁচ।
প্রাসঙ্গিক, বিণ (প্রসঙ্গ+ষ্ণিক) প্রসঙ্গ ক্রমে উত্থিত। আনু-সঙ্গিক।
প্রাসাদ, বি, পুং (প্র-আ-সদ্-আধি-ঘঞ্) ইষ্টকনির্ম্মিত দেবালয়। রাজহর্ম্ম্য। সৌধ।
প্রাস্থানিক, বিণ (প্রস্থান+ষ্ণিক) প্রস্থান কালোচিত।
প্রাহ্ণ, বি,পুং; পূর্ব্বাহ্ণ। অহনের প্র (পূর্ব্ব), নিত্য।
প্রিয়, বিণ (প্রী[তুষ্টকৃ]-কর্ত্তৃ-ক) ভালবাসার পাত্র। মনোজ্ঞ, রম্য। বি, পুং; পতি, স্বামী। স্ত্রী,-য়া। বি,-তা।
প্রিয়ক, বি, পুং (প্রিয়+কণ্) চিত্রমৃগ। প্রিয়ঙ্গু। কদম্ব বৃক্ষ। কুঙ্কুম।
প্রিয়ঙ্কর, বিণ (প্রিয়-কৃ-খ) প্রিয়কারী।
প্রিয়ঙ্গু, বি, স্ত্রী (প্রিয়-অনৃগ-উ) স্বনাম খ্যাত সুগন্ধিলতা বিং, শ্যামলতা। পিঁপুল।
প্রিয়তম, বিণ (প্রিয়+তম, অত্যর্থে) সর্ব্বাপেক্ষা ভালবাসার পাত্র। স্ত্রী,-মা।
প্রিয়তর, বিণ (ঐ+তর,অত্যর্থে) অতিকতর প্রিয়।
প্রিয়তা, বি, স্ত্রী (প্রিয়+তা, ভাবার্থে) প্রীতি, ভালবাসা।

প্রিয়দর্শন, বিণ ; সুদৃশ্য, অতি সুন্দর। প্রিয় হইয়াছে দর্শন (দৃশ্য) যাহার, বহু।

প্রিয়পাত্র, বি, পুং ; ভালবাসার পাত্র। [বলা।

প্রিয়ভাষণ, বি, ক্লী ; প্রিয় কথা

প্রিয়ভাষী (ষিন্), বিণ (প্রিয়-ভাষ্-কর্ত্তৃ-ণিন্) যে প্রিয় কথা বলে। স্ত্রী,-ষিণী।

প্রিয়ম্বদ, বিণ (প্রিয়-বদ্-কর্ত্তৃ-খ) প্রিয়ভাষী। বি, পুং ; গন্ধর্ব্ব বিং। স্ত্রী,-দা, শকুন্তলার সখী।

প্রিয়বাদী(দিন্), বিণ, পুং (ঐ-ণিন্) প্রিয়ভাষী। স্ত্রী,-দিনী।

প্রিয়সখ, বি, পুং ; প্রিয়বন্ধু। প্রিয় যে সখা, কর্ম্মধা।

প্রিয়সখী, বি, স্ত্রী ; সহচরী।

প্রিয়া, বি, স্ত্রী (প্রিয়+আপ্) ভার্য্যা। প্রীতিপাত্রী।

প্রিয়াল, বি, পুং ; রাজাদন বৃক্ষ, পিয়াল গাছ।

প্রীণন, বি, ক্লী (প্রী-ণি-ভাবে-অনট্)প্রীতিজনন,তৃপ্তিসম্পাদন।
"কবিতা মনুষ্য হৃদয়েরই প্রীণনের জন্য" (নিভৃত চিন্তা)
"পূর্ণচন্দ্রের প্রসন্ন স্নিগ্ধ প্রাণ-প্রীণন জ্যোৎস্না" (মা-না মহাশক্তি)

প্রীণিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) সন্তোষিত। বি,-ণন।

প্রীত, বিণ (প্রী-কর্ত্তৃ-ক্ত) তৃপ্ত, সন্তুষ্ট। বি,-তি।

প্রীতি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) সন্তোষ। প্রেম, অনুরাগ। বিণ,-ত।

প্রীতিকর, বিণ (প্রীতি-কৃ-ট) তৃপ্তিজনক।

প্রীতিপদ, বিণ (প্রীতি-প্র-দা-ড) তৃপ্তিজনক।

প্রীতিপ্রফুল্ল নয়নে, ক্রিবিণ ; আনন্দ বিস্ফারিত নেত্রে। ৩তৎ ও বহু। [সন্তুষ্ট।

প্রীয়মাণ,বিণ (প্রী-শান) তৃপ্যমান,

প্রেক, (হী) বি ; কীলক, শঙ্কু, গজাল।

প্রেক্ষণ, বি,ক্লী (প্র-ঈক্ষ্-ভাবে-অনট্) দর্শন। বিণ,-ক্ষিত। (ঐ-করণ-) চক্ষুঃ।

প্রেক্ষণীয় বিণ (প্র-কর্ম্ম-অনীয়) দর্শনীয়, দ্রষ্টব্য।

প্রেক্ষা, বি, স্ত্রী (প্র-ঈক্ষ-ভাবে-অ) দর্শন। পর্য্যালোচনা। বিণ,-ক্ষিত।

প্রেক্ষিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দৃষ্ট। বি,-ক্ষণ,-ক্ষা।

প্রেত, বি, পুং (প্র-ই-কর্ত্তৃ-ক্ত) পিশাচ। বিণ ; মৃত।

প্রেত কর্ম্ম, প্রেত কার্য্য, প্রেত কৃত্য, } বি, ক্লী ; দাহ-সপিণ্ডীকরণাদি কার্য্য। অন্ত্যেষ্টি ক্রিয়া।

প্রেতনদী, বি,স্ত্রী; বৈতরণী নদী।

প্রেতপতি-রাজ, বি, পুং ; যম। ৬ষ্ঠীতৎ।
প্রেতপুর, বি, ক্লী ; যমালয়। ৬ষ্ঠীতৎ।
প্রেতভূমি, বি, স্ত্রী ; শ্মশান।
প্রেতলোক, বি,পুং ; যমলোক।
প্রেতশিলা, বি, স্ত্রী ; পিণ্ডদানার্থ গয়াধাম স্থিত প্রস্তর বিং।
প্রেত্য, ব্য, পরলোকে।
প্রেপ্সু, বিণ (প্র-আপ-সন্-উ) পাইতে ইচ্ছুক।
প্রেম(মন্), বি,ক্লী (প্রিয়+ইমন্, ভাবার্থে) অনুরাগ। স্নেহ। প্রীতি, ভালবাসা।
প্রেমাস্পদ, বিণ, ত্রি (প্রেমন্+ আস্পদ) প্রীতিপাত্র। স্নেহভাজন
প্রেমিক, বিণ (প্রেমন্+ষ্ণিক) প্রণয়ী, অনুরক্ত।
প্রেয়সী, বিণ,স্ত্রী (প্রিয়+ঈয়সু, অত্যর্থে+ঈপ্) প্রিয়তমা। পুং, য়ান্।
প্রেয়ান্(য়স্), বিণ, পুং (প্রিয়+ ঈয়সু, অত্যর্থে) প্রিয়তম। স্ত্রী,-য়সী।
প্রেরক, বিণ (প্র-ঈর্-কর্তৃ-ণক) প্রেরণ কারী। স্ত্রী,-রিকা।
{ প্রেরণ, (প্র-ঈর্-ভাবে-অনট্)
{ প্রেষণ, (ঐ-ইষ্-অনট্) বি, ক্লী ; পাঠান। নিয়োগ। বিণ,-রিত,-ষিত।
{ প্রেরণা, (প্রেরণ+আপ্)
{ প্রেষণা, (প্রেষণ+আপ্)বি, স্ত্রী ; পাঠান। নিয়োগ। বিণ,-রিত,-ষিত।
"ক্ষুধা যেমন তাহাকে খাদ্যের অন্বেষণে প্রেরণা দেয়, (প্রভাত চিন্তা)
প্রেরণীয়, বিণ (প্র-ঈর্ অনীয়) প্রেরণযোগ্য।
প্রেরয়িতা(তৃ),বিণ; প্রেরণ কর্ত্তা, প্রেরক। স্ত্রী,-ত্রী।
{ প্রেরিত, (প্র-ঈর্-ণিচ্-কর্ম্ম-ক্ত)
{ প্রেষিত, (ঐ-ইষ্-) বিণ ; যাহাকে পাঠান গিয়াছে। নিয়োজিত। বি,-রণ,-ষণ।
প্রেষ্য, বিণ (প্র-ইষ্-কর্ম্ম-ঘ্যণ্) প্রেরণীয়। বি, পুং ; দূত।
প্রোক্ত, বিণ (প্র-বচ্-কর্ম্ম-ক্ত) উক্ত, কথিত।
প্রোক্ষণ, বি, ক্লী (প্র-উক্ষ্-অনট্) সেচন। যজ্ঞার্থ পশু-হনন।
প্রোক্ষিত, বিণ (ঐ-ক্ত) সিক্ত। যজ্ঞাদিতে হত।
প্রোজ্ঝিত, বিণ (প্র-উজ্ঝ-ক্ত) উৎসৃষ্ট। ত্যক্ত, বর্জ্জিত।
প্রোঞ্ছন, বি, ক্লী (প্র-উঞ্ছ-অনট্) পোঁছা, মার্জ্জন।
প্রোত, বিণ (প্র-বে-ক্ত) যাহা সেলাই করা গিয়াছে, স্যূত। গ্রথিত। ভূগর্ভনিহিত, পোঁতা।
প্রোৎসাহ, বি, পুং ; অতিশয়

উৎসাহ। উত্তেজনা। প্র (অধিক) যে উৎসাহ, কর্ম্মধা। বিণ,-হিত।

প্রোৎসাহিত, বিণ (প্রোৎসাহ+ইত, যুক্তার্থে) অত্যন্ত উৎসাহ যুক্ত। (প্র-উৎ-সাহি-ক্ত) উত্তেজিত।

প্রোথিত, বিণ (প্রোথ্-কর্ম্ম-ক্ত) পোঁতা, গাড়া।

প্রোষিত, বিণ (প্র-বস্-কর্ত্তৃ-ক্ত) প্রবাস গত, বিদেশস্থ। নিবৃত্ত।

প্রোষিতভর্ত্তৃকা, বি, স্ত্রী; যে স্ত্রীর স্বামী বিদেশে আছে। প্রোষিত (প্রবাসগত) হইয়াছে ভর্ত্তা যাহার (যে স্ত্রীর), বহু।

প্রোষ্ঠী, বি, স্ত্রী (প্রোষ্ঠ+ঈপ্) সফরী, পুঁঠী মাছ।

প্রৌঢ়, বিণ (প্র-বহ-কর্ম্ম-ক্ত) ৩০ হইতে ৫৫ বর্ষ বয়স্ক। প্রবীণ। প্রগল্ভ্। স্ত্রী,-ঢ়া।

প্লক্ষ, বি, পুং; পর্কটী বৃক্ষ, পাকুড়গাছ।

প্লব, বি, পুং (প্লু-ভাবে-অল্) সন্তরণ। লম্ফন। (করণ-অল্) ভেলা। (অধি-অল্) ক্রমনিম্ন ভূমি। (কর্ত্তৃ-অন্) ভেক। বানর। জলচর পক্ষী। চণ্ডাল।

প্লবকুম্ভ, বি, পুং; সন্তরণ-কলস। ৪র্থীতৎ।

প্লবগ, প্লবঙ্গ, প্লবঙ্গম, বি, পুং; (প্লব-গম্-ড,খ) বানর। ভেক। মৃগ বিং।

প্লবন, বি, ক্লী (প্লু-ভাবে-অনট্) সন্তরণ। লম্ফন। প্লাবন।

প্লবমান,বিণ (-কর্ত্তৃ-শান) ভাসমান।

প্লাবন, বি, ক্লী (প্লাবি-ভাবে-অনট্) জলে ভাসিয়া যাওয়া, বন্যা। অভিষেক। বিণ,-বিত।

প্লাবিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা জলে ভাসিয়া গিয়াছে। সিক্ত, পরিপ্লুত। বি,-বন।

প্লীহা (হন্), বি, পুং; উদরস্থ যন্ত্র বিং।

প্লুত, বি, ক্লী, (প্লু-ভাবে-ক্ত) অশ্বের গতি বিং। লম্ফ। পুং; (ঐ-কর্ত্তৃ-) ত্রিমাত্র স্বর।

প্লুতগতি, বি, স্ত্রী; লম্ফদিয়া গমন।

প্লুষ্ট, বিণ (প্লুষ্-ক্ত) প্রুষ্ট, দগ্ধ। বি, প্লোষ।

ফ

ফ, বি, পুং ; স্ফীতি। ঝঞ্ঝাবাত।
ফকীর, (যা) বি ; যবন ভিক্ষুক। উদাসীন ব্যক্তি।
ফক্কিকা, বি, স্ত্রী; কূটপ্রশ্ন, ফাঁকি।
ফটক, (যা) বি; তোরণ, বহির্দ্বার।
ফটিক, (প্রা) বি; স্ফটিক, কাচ বিং।
ফট্‌কিরী, (প্রা) বি ; স্ফটিকারী, বণিক্ দ্রব্য বিং।
ফড়িঙ্, (প্রা) বি ; পতঙ্গ বিং।
ফণ, বি, পুং, ক্লী } সর্পের বিস্তৃত
ফণা, বি, স্ত্রী } মস্তক।
ফণধর, বি, পুং, (ফণ-ধৃ-কর্ত্তৃ-অন্) সর্প। [ক্বিপ্) সর্প।
ফণাভৃৎ, বি, পুং (ফণা-ভৃ-কর্ত্তৃ
ফণী (ণিন্), বি, পুং (ফণা + ইন্, অস্ত্যর্থে) সর্প।
ফণীন্দ্র, ফণীশ্বর, বি, পুং (ফণিন্ + ইন্দ্র, ঈশ্বর (শ্রেষ্ঠ) সর্পরাজ, অনন্ত। ৬ষ্ঠীতৎ। [দরিদ্র।
ফতুর, (যা) বিণ ; সর্ব্বস্বান্ত,
ফন্দী, (যা) বি; ফিকির, কৌশল।
ফন্দীবাজ, (যা) বি ; ফিকিরবাজ, চতুর।
ফয়দা, (যা) বি ; লাভ, মুনাফা।
ফর্সা, (প্রা) বিণ ; নির্ম্মল, পরিষ্কৃত। [অভিযোগ।
ফরিয়াদ, (যা) বি ; নালিশ,
ফরিয়াদী, (যা) বি ; অভিযোগ-কারী।
ফল, বি, ক্লী (ফল্-কর্ত্তৃ-অন্) বৃক্ষলতাদি জাত শস্য। লাভ। প্রয়োজন। কার্য্যসিদ্ধি। অস্ত্রাদির ফলা। খড়্গাদির ধার। ঢাল।
ফলক, বি, পুং, ক্লী (ফল + কণ্) ঢাল। তক্তা, পাটা। অস্ত্রের ফলা।
ফলতঃ, ব্য, ক্রিবিণ (ফল + তস্) বস্তুতঃ, বাস্তবিক।
ফলদ, বিণ (ফল-দা-কর্ত্তৃ-ড) যে ফলদান করে। স্ত্রী,-দা।
ফলন, বি, ক্লী (ফল-ভাবে-অনট্) ফলজনন, ফল হওয়া।
ফলন্ত, (প্রা) বিণ ; ফলবান্।
ফলপাকান্ত, বিণ ; ফল পাকিলে যে সকল বৃক্ষ মরিয়া যায়, যথা— ধান্য, কদলী প্রভৃতি।
ফলপ্রদ, বিণ (ফল-প্র-দা-কর্ত্তৃ-ড) যে ফল দান করে।
ফলবতী, বিণ, স্ত্রী (ফল + বতু, অস্ত্যর্থে + স্ত্রী ঈপ্) ফলযুক্তা। পুং,-বান্।
{ ফলবান্(বৎ), (ফল + বতু, অস্ত্যর্থে)
{ ফলশালী(লিন্), (ফল-শাল্-ণিন্)

বিণ; ফলবিশিষ্ট। স্ত্রী,-বতী, -লিনী। [শ্রবণ।
ফলশ্রুতি, বি, স্ত্রী; কর্ম্মের ফল
ফলা, (প্রা) বি; যুক্তাক্ষর। বাণাদির অগ্র লৌহ।
ফলান, (প্রা) বি; ফলোৎপাদন। ফলিত হওয়া।
"কিন্তু প্রেমের আলেখ্য আর কোন বর্ণে ফলায়না"। (নিভৃত চিন্তা)
ফলাফল, বি, ক্লী; ভাল মন্দ। লাভালাভ।
ফলাহার, বি, পুং; ফলাদি ভোজন। অন্নব্যতিরিক্ত দ্রব্যাদি ভোজন।
ফলিত, ফলিন, বিণ; ফলযুক্ত।
ফলোদয়, বি, পুং; ফলোৎপত্তি।
ফলোন্মুখ, বিণ; যাহার ফল হইবার উপক্রম হইয়াছে।
ফলোপধায়ক,-ধায়ী, বিণ (ফল-উপ-ধা-কর্ত্তৃ-ণক, ণিন্) ফল-জনক। স্ত্রী,-য়িকা,-য়িনী।
ফল্গু, বি, পুং (ফল-কর্ত্তৃ-গুক্) আবীর, ফাগ্। বসন্তকাল। বৃথাবাক্য। স্ত্রী; গয়াস্থ নদীবিং। বিণ; অসার। মনোহর।
ফল্গুন, বি, পুং; ফাল্গুন মাস। অর্জ্জুন। স্ত্রী,-নী-নক্ষত্রবিং।
ফল্গূৎসব, বি,পুং (ফল্গু=আবীর +উৎসব) দোলযাত্রা। ৬ষ্ঠীতৎ।
ফষ্টি, (প্রা) বি; দর্প, বড়াই।
ফসল, (যা) বি; শস্য। [ব্যর্থ।
ফক্কা, (প্রা) বিণ; শিথিল,ঢিলা।
ফাঁক, (প্রা) বি; ছিদ্র। অন্তর।
ফাঁকী, (প্রা) বি; প্রবঞ্চনা, ছলনা। [ধারণ যন্ত্র।
ফাঁদ, (প্রা) বি; বীতংস, পক্ষ্যাদি
ফাঁপা, (প্রা) বিণ; অন্তঃশূন্য, অসার। স্ফীত, ফুলা।
ফাঁস, ফাঁসী, (প্রা) বি; উদ্বন্ধন।
ফাঁফর, (প্রা) বিণ; হতবুদ্ধি।
ফাজিল, (প্রা) বিণ; বাচাল। জমা হইতে খরচ অধিক হইলে তাহাকে ফাজিল বলা যায়।
ফাটন, (প্রা) বি; বিদারণ।
ফাটল, (প্রা) বি; ফাঁক, ছিদ্র।
ফাড়ন, (প্রা) বি; বিদারণ,চিরণ।
ফাণি, বি,স্ত্রী; দধিমিশ্রিতশক্তু। গুড়।
ফাৎনা, ফাতা, (প্রা) বি; তরণ্ড, বড়শীর টোন।
ফানস, (যা) বি; কাচনির্ম্মিত দীপাধারবিং, সেজ। [ফুলন।
ফাপন, (প্রা) বি; স্ফীত হওন,
ফাল, বি, ক্লী; লাঙ্গলের অগ্র লৌহ। (প্রা) লম্ফ, লাঁফ।
ফাল্গুন, বি, পুং (ফল্গুন+ষ্ণ) প্রসিদ্ধ মাস। অর্জ্জুন।
ফাল্গুনি, বি, পুং; অর্জ্জুন।
ফি, (যা) প্রত্যেক।
ফিকির, (যা) কৌশল, কল্পনা।

ফিরিঙ্গী, বি, পুং ; ম্লেচ্ছবিং, ফিরঙ্গ দেশোদ্ভব লোক।
ফিরণ, (প্রা) বি ; প্রত্যাবর্ত্তন।
ফিরান, (প্রা) ফিরাইয়া আনা।
ফিরিস্তি, (যা) নির্ঘণ্ট, তালিকা।
ফুঁ, (প্রা) ফুৎকার।
ফুকন, (প্রা) ফুঁ দেওন।
ফুটন, (প্রা) প্রস্ফুটন।
ফুটি, (প্রা) পক্ক কাঁকুড়, বাঙ্গী।
ফুৎকার, বি, পুং ; ফু দেওয়া।
ফুরণ, (প্রা) চুক্তি করণ।
ফুরসৎ, (প্রা) অবসর।
ফুল, (প্রা), ফুল্ল, পুষ্প।
ফুলধনু, ফুলশর, বি, পুং; মদন।
ফুলন, ফুলা, (প্রা) বি ; স্ফীত হওন, ফাপন।
ফুলশয্যা, বি, স্ত্রী; নববিবাহিতার শয়নার্থ পুষ্পরচিত শয্যা।
ফুলান, (প্রা) বি ; স্ফীতকরণ।
ফুল্ল, বিণ (ফুল্ল্-কর্ত্তৃ-ক্ত) বিকসিত। বি, ক্লী ; পুষ্প,ফুল।
ফুল্লরা, বি, স্ত্রী ; কালকেতু নামক ব্যাধের পত্নী।
ফুস্কুড়ী, (প্রা) বি ; ক্ষুদ্র ব্রণ।
ফুস্‌লান,(প্র) বি; টালান,ভুলান।
ফুসফুস্, (প্রা) বি, হৃদয়স্থযন্ত্রবিং।
ফুল্লদাম, বি, ক্লী ; ঊনবিংশাক্ষর ছন্দোবিং।
ফেন(ণ), বি,পুং ; (স্ফায়্-কর্ত্তৃ-ন) গাঁজলা, ফেনা।

বানীর, গগন, ফেন ও উন ইহারা দন্ত্য নকার যুক্ত। কোন কোন পণ্ডিতের মতে গগন শব্দ মূর্দ্ধন্য ণকার যুক্ত হয়। অপরে বলেন,

"ফাল্গুনে গগনে ফেনে
ণত্ব মিচ্ছন্তি বর্ব্বরাঃ।"

ফেনিল, বিণ ; ফেন যুক্ত।
ফের, (প্রা) আবার, পুনরায়।
ফেরৎ, (প্রা) বি ; ফিরাইয়া দেওয়া।
ফেরব, বি, পুং ; (ফে-রু-কর্ত্তৃ-অন্) শৃগাল। রাক্ষস। বিণ ; ধূর্ত্ত।
ফেরার, (যা) পলায়ন।
ফেরোয়ারী,(যা) বিণ ; পলাতক।
ফেরেব্‌বাজ, (যা) বি, প্রবঞ্চক।
ফেরু, বি, পুং ; শৃগাল, জম্বুক।
ফেল, বি, ক্লী ; উচ্ছিষ্ট দ্রব্য। ত্যক্ত বস্তু। [ত্যাগকরণ।
ফেলন,ফেলা, (প্রা) বি ; পরি-
ফৈজৎ, (যা) বি ; ভৎর্সনা।
ফোটা, (প্রা) বি ; তিলক,বিন্দু।
ফোড়া, (প্রা) বি , স্ফোটক।
ফোলন, (প্রা) বি ; স্ফীত হওন।
ফোস্কা, (প্রা) বি ; অগ্নিদাহ জন্য জলপূর্ণ স্ফীত চর্ম্ম।
ফৌজ, (যা) বি; সৈন্য, সেনা।
ফৌত, (যা) বি ; মৃত্যু, মরণ।
ফৌতি, (যা) বিণ ; মালিকহীন (বস্তু)।

ভ।

ভ, বি, পুং ; শুক্রাচার্য্য। ভ্রমর। ক্লী ; নক্ষত্র।

ভক্ত, বিণ (ভজ্-কর্তৃ-ক্ত) ভক্তি-যুক্ত, অনুরক্ত। (-কর্ম্ম-ক্ত) বিভক্ত। বি, ক্লী ; অন্ন, ভাত।

ভক্তদাস, বি, পুং ; অন্ন দ্বারা স্বীকৃত দাস, ভাঁতুড়ে।

ভক্তবৎসল, বিণ ; ভক্তের প্রতি স্নেহযুক্ত।

ভক্তবিটল, (প্রা) বিণ ; কপট ভক্ত। বঞ্চক।

ভক্তি, বি, স্ত্রী (ভজ্-ভাবে-ক্তি) পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ। সেবা। উপচার।

ভক্তিযোগ, বি, পুং ; ঈশ্বরের প্রতি ভজন-সম্বন্ধ।

ভক্তিমতী, বিণ, স্ত্রী (ভক্তি+মতু, অস্ত্যর্থে+স্ত্রী ঈপ্) ভক্তিযুক্তা। পুং,-মান্।

ভক্তিমান্, বিণ, পুং (ভক্তি+মতু, অস্ত্যর্থে) ভক্তিযুক্ত। স্ত্রী,-মতী।

ভক্ষক, বিণ (ভক্ষ্-কর্তৃ-ণক) ভক্ষণকারী, ভোক্তা।

ভক্ষণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) ভোজন। বিণ,-ক্ষিত।

ভক্ষণীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) ভক্ষণযোগ্য।

ভক্ষিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) খাদিত, ভুক্ত। বি,-ক্ষণ।

ভক্ষ্য, বিণ (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) ভক্ষণযোগ্য, ভোজ্য।

ভগ, বি, ক্লী (ভজ্-কর্ম্ম-গ) স্ত্রী-যোনি। গুহ্যদেশ। মাহাত্ম্য। যত্ন।

সমগ্র ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য, এই ছয়টীগুণের নাম ভগ।

"ঐশ্বর্য্যস্য সমগ্রস্য
বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞান বৈরাগ্যয়োশ্চৈব
ষণ্ণাং ভগমিতি স্মৃতম্॥"
বিষ্ণুপুরাণ।

ভগন্দর, বি, পুং (ভগ-দৃ-খ) গুহ্যদেশে ব্রণরোগ বিং।

ভগবতী, বি, স্ত্রী (ভগ[ষড়ৈশ্বর্য্য]+বত্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) দুর্গা। বিণ ; ঐশ্বর্য্যাদি ষড়্গুণ সম্পন্না। পূজ্যা। পুং,-বান্।

ভগবদ্গীতা, বি, স্ত্রী ; শ্রীকৃষ্ণ কথিত জ্ঞানযোগ ও ভক্তিযোগ বিষয়ক গ্রন্থ বিং।

ভগবদ্ভক্ত, বিণ ; শ্রীভগবানে ভক্তিমান্।

ভগবান্(বৎ), বি, পুং (ভগ=[ষড়ৈশ্বর্য্য]+বতু, অস্ত্যর্থে) ঈশ্বর। (ভগদেখ)। বিণ ; ঐশ্বর্য্যাদি ষড়্গুণ সম্পন্ন। পূজ্য। স্ত্রী,-বতী।

ভগিনী, ভগ্নী, বি, স্ত্রী (ভগ [যত্ন] +ইন্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্)

পিতৃকুল হইতে যাহার দ্রব্যাদি সংগ্রহ করিতে যত্ন আছে, সহোদরা, স্বসা। স্ত্রীলোকমাত্র। পুং ; ভ্রাতা।

ভগীরথ, বি, পুং ; সূর্য্যবংশীয় নৃপ বিং।

ইনি পিতৃলোকের উদ্ধারার্থ গঙ্গাকে মর্ত্ত্যলোকে আনয়ন করেন। ই`হারই নামানুসারে গঙ্গার এক নাম ভাগীরথী হইয়াছে।

ভগোঃ(স্), ব্য (ভগবৎ + ওস্) সম্ভ্রম সূচক সম্বোধন।

ভগ্ন, বিণ (ভন্জ্-কর্ম্ম-ক্ত) খণ্ডিত, ভাঙ্গা। পরাজিত। (কর্ত্তৃ-ক্ত) বিনষ্ট। বি,-ভঙ্গ।

ভগ্নদূত, বি, পুং ; পলায়িত দূত।

ভগ্নপাইক, (প্রা) বি ; ভগ্নদূত।

ভগ্নাংশ, বি, পুং ; যদ্দ্বারা একের অংশ ব্যক্ত হয়।

ভগ্নোৎসাহ, বিণ ; উৎসাহ বিহীন। ভগ্ন হইয়াছে উৎসাহ যাহার, বহু।

ভঙ্গ, বি, পুং (ভন্জ-ভাবে-ঘঞ্) ভাঙ্গা। পরাজয়। ভেদ। নাশ। (কর্ত্তৃ-ঘঞ্) তরঙ্গ, ঢেউ। বিণ,-গ্ন।

ভঙ্গপবণ, বিণ ; যাহা সহজে ভাঙ্গিয়া যায়।

ভঙ্গি (ঙ্গী), বি, স্ত্রী (ভন্জ্-ভাবে-ইন্) ভঙ্গিমা। চাতুরী। ভঙ্গ। শোভা। (কর্ত্তৃ-ইন্) তরঙ্গ।

ভঙ্গিমা(মন্), বি, পুং (ভঙ্গ-ভাবে-ইমন্) ভাব বিং।

ভঙ্গুর, বিণ (ভন্জ্-কর্ত্তৃ-ঘুর) ভঙ্গপ্রবণ, যাহা সহজে ভাঙ্গিয়া যায়। নশ্বর। বক্র। শঠ।

ভজন, বি,ক্লী (ভজ্-ভাবে-অনট্) উপাসনা, পূজা, সেবা।

ভঞ্জক, বিণ (ভন্জ-কর্ত্তৃ-ণক) ভঞ্জনকারী। স্ত্রী,-ঞ্জিকা।

ভঞ্জন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) নিরসন। ভগ্নকরণ। বিণ (কর্ত্তৃ-অন্) ভঞ্জক। [বীর। যোদ্ধা।

ভট, বি, পুং (ভট্-কর্ত্তৃ-অন্)

ভট্ট, বি, পুং (ভট্-কর্ত্তৃ-তন্) ভাট, স্তুতি পাঠক। পণ্ডিত।

ভট্টাচার্য্য,বি,পুং (ভট্ট + আচার্য্য) অধ্যাপক।

ভট্টারক, বি, পুং ; (নাট্যে) রাজা। পণ্ডিত। বিণ ; পূজ্য।

ভট্টি, বি, পুং ; ভর্ত্তৃহরি প্রণীত রামকথাশ্রয় মহাকাব্য।

ভট্টিনী, বি, স্ত্রী ; (নাট্যে) অকৃতাভিষেকা রাজ্ঞী।

ভড়কন, (প্রা) বি ; ভীত হওন।

ভণিত, বিণ (ভণ্-কর্ম্ম-ক্ত) কথিত। বি, ক্লী (ভাবে-ক্ত) কথন।

ভণিতা, (প্রা) বি ; গ্রন্থকর্ত্তা

বা রচয়িতার নাম প্রকাশ করণ।
ভণ্ড, বি, পুং, (ভন্ড্-কর্ত্তৃ-অন্) কৌতুকী, ভাঁড়। বিণ; অপ্রকৃত, কপট।
ভণ্ডামী, (প্রা) বি; কপটতা, ধূর্ত্ততা।
ভণ্ডুল, (প্রা) বিণ; প্রবঞ্চনাময়, শঠতাপূর্ণ। নিষ্ফল।
"উদারনৈতিক অভিপ্রায় অনেকটা ভণ্ডুল হইয়া গিয়াছে"।
(জ্যোতিরিন্দ্র)
ভদ্র, বি, ক্লী (ভন্দ্-কর্ত্তৃ-রক্) মঙ্গল, সৌভাগ্য। স্বর্ণ। পুং; শিব। দিক্ হস্তি বিং। খঞ্জন পক্ষী। বিণ; সাধু। শ্রেষ্ঠ। মঙ্গলজনক। স্ত্রী,-দ্রা। বি,-তা।
ভদ্রকালী, বি, স্ত্রী; কাত্যায়নী।
ভদ্রকুম্ভ, বি, পুং; মঙ্গলার্থ পূর্ণকুম্ভ।
ভদ্রতা, বি, স্ত্রী (ভদ্র+তা, ভাবার্থে) সাধুতা, সভ্যতা।
ভদ্রমুখ, বিণ; ভদ্রতা সূচক মুখ যুক্ত, সৌম্য দর্শন।
ভদ্রশ্রী, বি, পুং (ভদ্র=অত্যুত্তম+শ্রী=শোভা) চন্দন বৃক্ষ।
ভদ্রাকৃত, বিণ (ভদ্র+ডাচ্+কৃত) মঙ্গলসূচক মুণ্ডিত মস্তক।
ভদ্রাশ্ব, বি, ক্লী; পৃথিবীর নববর্ষান্তর্গত বর্ষ বিং।
ভদ্রাসন, বি, ক্লী (ভদ্র=শ্রেষ্ঠ+আসন) সিংহাসন। বীরাসন। কর্ম্মধা। বাস্তুভূমি, বসত বাটী।
ভয়, বি, ক্লী (ভী-ভাবে-অল্) ত্রাস, শঙ্কা। বিণ, ভীত।
ভয়ঙ্কর, বিণ (ভয়-কৃ-কর্ত্তৃ-খ) ভয়জনক, ভীষণ। স্ত্রী,-রা,-রী।
ভয়ানক, বিণ (ভী-অপা-আনক) ভয়ঙ্কর। (কাব্যে) রস বিং।
ভয়াপহ, বিণ (ভয়-অপ-হা-ড) ভয়নাশক।
ভয়াবহ, বিণ (ভয়+আবহ) ভয়জনক। ষষ্ঠীতৎ।
ভর, বি, পুং (ভৃ-ভাবে-অল্) ভার, গুরুত্ব। আধিক্য। ভরণ। (ঐ-কর্ম্ম) সমূহ।
ভরণ, বি, ক্লী (ভৃ-ভাবে-অনট্) পোষণ, প্রতিপালন। পূরণ।
ভরত, বি, পুং (ভৃ-কর্ত্তৃ-অতচ্) নাট্যশাস্ত্র প্রণেতা মুনি। দশরথ রাজার পুত্র। দুষ্মন্তের পুত্র। শালগ্রাম বাসী রাজর্ষি বিং।
ভরদ্বাজ, বি, পুং (ভর-দ্বা-জন-ড) বৃহস্পতিপুত্র মুনি বিং। ভারুই পক্ষী।
ভরপূর, (প্রা) বিণ; পরিপূরিত।
ভরম, (প্রা, পদ্যে) বি; সম্ভ্রম।
ভরসা, (প্রা) বি; আশা। সাহস।
ভরা, (প্রা) বিণ; পরিপূর্ণ।

ভরিত, বিণ (ভৃ-কর্ম্ম-ইত) পূরিত। পালিত।

ভরু, বি, পুং (ঐ-কর্ত্তৃ-উ) বিষ্ণু। শিব। স্বামী। স্বর্ণ।

ভর্গ, বি, পুং ; সূর্য্যস্থ ঐশ তেজঃ। শিব।

ভর্জ্জন, বি, ক্লী (ভ্রস্‌জ্‌-ভাবে-অনট্) ভাজা।

ভর্ত্তা (র্ত্তৃ), বি, পুং (ভৃ[পালনক্]-কর্ত্তৃ-তৃন্) পতি। প্রভু। রাজা। বিণ ; পোষণ কর্ত্তা। ধারণকর্ত্তা। স্ত্রী,-র্ত্রী।

ভর্ত্তৃদারক, বি, পুং ; (নাট্যে) রাজকুমার। ভর্ত্তার (রাজার) দারক (পুত্র), ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-রিকা।

ভর্ত্তৃদারিকা, বি, স্ত্রী ; (নাট্যে) রাজকন্যা। ভর্ত্তার (রাজার) দারিকা (কন্যা), ৬ষ্ঠীতৎ। পুং,-রক।

ভর্ত্তৃহরি, বি, পুং ; সুপ্রসিদ্ধ ভট্টিকাব্যের রচয়িতা, রাজা বিক্রমাদিত্যের জ্যেষ্ঠ ভ্রাতা।

ভর্ৎসন, বি, ক্লী (ভর্ৎস-ভাবে অনট্)

ভর্ৎসনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) তিরস্কার। নিন্দা। বিণ,-সিত।

ভর্ৎসিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) তিরস্কৃত। নিন্দিত।

ভর্ম্ম, বি, ক্লী (ভৃ-করণ-মন্) স্বর্ণ। বেতন।

ভল্ল, বি, পুং (ভল্ল্-কর্ত্তৃ-অন্) ভালুক। (ঐ-করণ) অস্ত্রবিং।

ভল্লক, বি, পুং (ভল্ল+কণ্, স্বার্থে) ভালুক। স্ত্রী,-কী।

ভল্লাতক, বি, পুং ; বৃক্ষবিং, ভেলাগাছ।

ভল্লু(ল্লূ)ক, বি,পুং(ভল্ল্=হানিক্-কর্ত্তৃ-উক, ঊক) ভালুক। স্ত্রী,-কী।

ভব, বি, পুং (ভূ-ভাবে-অল্) উৎপত্তি। স্থিতি। প্রাপ্তি। (ঐ-অপা-) শিব। (ঐ-অধি) সংসার,জগৎ। (ঐ-কর্ত্তৃ-অন্) মঙ্গল। বিণ ; (শব্দের পরবর্ত্তী হইলে) উৎপন্ন।

ভবতী, বিণ, স্ত্রী (ভা-কর্ত্তৃ-ডবতু+স্ত্রী ঈপ্) পূজ্যা। মান্যা। আপনি। পুং,-বান্।

ভবৎ, 'ভবান্' দেখ।

ভবদীয়, বিণ (ভবৎ=তুমি+ঈয়,ইদমর্থে)তোমার,আপনার।

ভবন, বি, ক্লী (ভূ-আধ-অনট্) গৃহ। (ঐ-ভাবে-) উৎপত্তি। বিণ, ভূত।

ভবন্তী, বি, স্ত্রী (ভূ-কর্ত্তৃ-শতৃ+স্ত্রীঈপ্) পতিব্রতা স্ত্রী। বিণ ; বর্ত্তমানা।

ভবভূতি, বি, পুং ; মালতীমাধব,

উত্তরচরিত, বীরচরিত প্রভৃতি নাটক প্রণেতা সুপ্রসিদ্ধ কবি।

ভবাদৃক্ (শ্), (ভবৎ=তুমি-দৃশ্-কর্ম্ম-ক্বিপ্)।
ভবাদৃশ, (ঐ-টক্) বিণ ; আপনার ন্যায়। স্ত্রী,-শী।

ভবান্(বৎ), বি, পুং (ভা-কর্তৃ-ডবুত) আপনি। বিণ ; পূজ্য। মান্য। স্ত্রী,-বতী।

ভবানী, বি, স্ত্রী (ভব=শিব+ঈপ্ বা আনী, পত্নীঅর্থে) ভবপত্নী, দুর্গা।

ভবিক, বি, ক্লী (ভব+ষ্ঠিক) মঙ্গল। বিণ ; মঙ্গলজনক।

ভবিতব্য, বিণ (ভূ-কর্ম্ম-তব্য) যাহা অবশ্য ঘটিবে। বি,-তা।

ভবিতব্যতা, বি, স্ত্রী (ভবিতব্য+তা, ভাবার্থে) অবশ্যম্ভাবিতা। ভাগ্য।

ভবিতা(তৃ), বিণ, পুং (ভূ-কর্তৃ-তৃন্) ভাবী। উৎপত্তিশীল। স্ত্রী,-ত্রী।

ভবিষ্ণু,বিণ (ঐ-ইষ্ণু) 'ভবিতা' দেখ।

ভবিষ্য,(ভূ-কর্তৃ-স্যতৃ, তলোপ)
ভবিষ্যৎ,(ভূ-কর্তৃ-স্যতৃ) বিণ ; ভাবী।

ভবিষ্যদ্বাণী, বি, স্ত্রী (ভবিষ্যৎ+বাণী) যাহা পরে ঘটিবে তাহা পূর্ব্বে বলা।

ভব্য, বিণ (ভূ-কর্তৃ-য) শিষ্ট, শান্ত। শুভজনক। বি, ক্লী ; শুভ। সুখ। সত্য।

ভব্যতা, বি, স্ত্রী ; ভদ্রতা। সভ্যতা, শিষ্টতা।

ভস্ত্রা, ভস্ত্রী, বি, স্ত্রী (ভস্-করণ-ত্র+স্ত্রী আপ্, ঈপ্) কর্ম্মকাবাদির বায়ুযন্ত্র বিং, যাঁতা। ভিস্তী।

ভস্ম(ন্), বি, ক্লী (ভস্-কর্তৃ-মন্) ছাই।

ভস্মসাৎ, ব্য (ভস্মন্+চসাৎ) ভস্মীভূত।

ভস্মাবশেষ, বি, ক্লী ; ভস্মমাত্র শেষ থাকা।

ভস্মীভূত, বিণ (ভস্মন্+অভূত-তদ্ভাবার্থে চ্বি=ভস্মী-ভূ-কর্তৃ-ক্ত) যাহা ছাই হইয়া গিয়াছে। স্ত্রী,-তা।

ভা, বি, স্ত্রী (ভা-ভাবে-ঙ) দীপ্তি ; কিরণ।

ভাঃ(স্), বি, স্ত্রী (ভাস্-ভাবে-ক্বিপ্) দীপ্তি, প্রভা। কিরণ।

ভাই, (প্রা) বি ; ভ্রাতা,সহোদর।

ভাঁজ, (প্রা) বি ; দোমড়, পাইট।

ভাঁটা, (প্রা) বি ; বর্ত্তুল, বাঁটুল। নদ্যাদির সাময়িক জলহ্রাস।

ভাঁড়, (প্রা) বি ; মৃণ্ময় পাত্রবিং। বিণ ; কৌতুকী, পরিহাসক।

ভাঁড়ামি, (প্রা) প্রবঞ্চনা, ফাঁকি।

ভাঁড়ার, (প্রা) বি ; ধনাগার। ভাণ্ডার।

ভাঁড়ী, (প্রা) বি ; নাপিতের অস্ত্রাধার।

ভেঁজাল, (প্রা) বিণ ; মিশ্রিত।

ভাক্ত, বিণ (ভক্তি+ষ্ণ) আরোপিত। অপ্রধান। ভক্ত সম্বন্ধীয়।

ভাগ, বি, পুং (ভজ্-কর্ম্ম-ঘঞ্) অংশ। ভাগ্য। (ঐ-ভাবে-) বিভাগ করা।

ভাগড়ান, (প্রা) বি ; ভাগান, তাড়ান।

ভাগধেয়, বি, পুং, ক্লী (ভাগ-ধা-কর্ম্ম-য) রাজস্ব। ভাগ। ক্লী (ভাগ+ধেয়,স্বার্থে) ভাগ্য।

ভাগবত, বিণ (ভগবৎ+ষ্ণ) ভগবদ্ভক্ত। বি, ক্লী ; মহর্ষি বেদব্যাস প্রণীত কৃষ্ণ-লীলা-সম্বলিত পুরাণ বিং।

ভাগহার, বি,পুং; বিভাগ করণ।

ভাগাড়, (প্রা) বি ; যেখানে মৃতপশ্বাদি নিক্ষেপ করে।

ভাগান, (প্রা) বি ; ভাগড়ান।

ভাগিনেয়, বি, পুং (ভগিনী+ ষ্ণেয়, অপত্যার্থে) ভগিনীর পুত্র। স্ত্রী,-য়ী,ভগিনীর কন্যা।

ভাগী,বিণ ; অংশী। স্ত্রী,-গিনী।

ভাগীরথী, বি, স্ত্রী (ভগীরথ+ ষ্ণ,অপত্যার্থে+স্ত্রীঈপ্) গঙ্গা। ভগীরথ কপিলশাপে ভস্মীভূত পিতৃলোকের উদ্ধারার্থ বহুকাল কঠোর তপস্যা করিয়া ব্রহ্মলোক হইতে গঙ্গাকে মর্ত্ত্যলোকে আনয়ন করেন ; ভগীরথ-কর্ত্তৃক আনীত হওয়ায় গঙ্গার নাম ভাগীরথী হইয়াছে।

ভাগ্য, বি, ক্লী (ভজ কর্ম্ম-ঘ্যণ্) অদৃষ্ট।

ভাগ্যবতী, বিণ, (ভাগ্য+বতু, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) সৌভাগ্য-শালিনী। পুং,-বান্।

ভাগ্যবান্ (বৎ), বিণ, (ভাগ্য+ বতু, অস্ত্যর্থে) সৌভাগ্যশালী। স্ত্রী,-বতী।

ভাগ্যবিপর্য্যয়, বি, পুং ; দুর্ভাগ্য, দুর্দ্দশা। ৬ষ্ঠীতৎ।

ভাগ্যশিকারী, বিণ ; যাহারা ভাগ্য লাভের নিমিত্ত কেবল অর্থান্বেষণে ঘুরিয়া বেড়ায়। (Fortune-hunter). "ভাগ্যশিকারী দস্যুর দল" (ভারতী, জ্যোতিরিন্দ্র)।

ভাঙ্গ, (প্রা) বি ; মাদক দ্রব্য বিং, সিদ্ধি।

ভাঙ্গড়, (প্রা) বিণ ; যে ভাঙ্ খায়।

ভাঙ্গন, (প্রা) বি ; ভগ্নকরণ।

ভাজক, বিণ (ভাজ্-কর্ত্তৃ-ণক) অংশকারী।

ভাজন, বি, ক্লী (ঐ-কর্ম্ম-অনট্) আধার। পাত্র। যোগ্য।

ভাজী, বি, স্ত্রী ; ভৃষ্ট ব্যঞ্জন বিং।

ভাজ্য, বিণ (ভাজ্-কর্ম্ম-য) বিভাগ-যোগ্য।

ভাট, (প্রা) ভট্ট, স্তুতি পাঠক।

ভাটক, বি, ক্লী; ভাড়া।

ভাটা, (প্রা) বি; জলের স্ফীততা হ্রাস হওয়া। নদ্যাদির স্রোতঃ।

ভাটী, (প্রা) বি; চুল্লী, উ·ন।

ভাড়া, (প্রা) বি; কেরায়া।

ভাণ, বি, ক্লী (ভণ্-ঘঞ্) ছল, কপট। জ্ঞান, বোধ। পুং; নাট্যগ্রন্থ বিং।

ভাণ্ড, বি, ক্লী (ভণ্-ড) পাত্র বিং, ভাঁড়। ধন। মূলধন।

ভাণ্ডার, বি, ক্লী (ভাণ্ড=ধন-ঋ-অধি-ঘঞ্) ধনাগার, ভাঁড়ার

ভাণ্ডারী, বিণ (ভাণ্ডার+ইন্, অস্ত্যর্থে) ধনরক্ষক, ভাঁড়ারি। সাধারণ ভৃত্য।

ভাণ্ডীর, বি, পুং (ভাণ্ড-ঈর-কর্ত্তৃ-ক) ভাঁট গাছ। বটবৃক্ষ।

ভাতার, (ভর্ত্তৃশব্দজ) বি; ভর্ত্তা, স্বামী।

ভাতি, বি, স্ত্রী (ভা-ভাবে-ক্তি) দীপ্তি, শোভা। বিণ,-ভাত।

ভাতুড়িয়া, (প্রা) বিণ; অন্নদাস, যে পরের অন্ন ধ্বংস করে।

ভাদ্র, বি, পুং; মাস বিং।

ভাদ্রপদ, বি, পুং; ভাদ্র মাস।

ভাদ্রবধূ, (ভ্রাতৃবধূ শব্দজ) বি; কনিষ্ঠ ভ্রাতার পত্নী।

ভান, বি, ক্লী, (ভা-ভাবে-অনট্) প্রকাশ। শোভা। ছল।

ভানন, (প্রা) বি; ধান্যাদির ত্বক্ মোচন।

ভানু, বি, পুং (ভা=দীপ্তিপা-কর্ত্তৃ-নু) সূর্য্য। কিরণ।

ভানুমান্, বি, পুং (ভানু+মতু, অস্ত্যর্থে) সূর্য্য। বিণ; দীপ্তিমান্। স্ত্রী,-মতী।

ভানুমতী, বিণ, স্ত্রী (ভানু+মতু,অস্ত্যর্থে+ঈপ্) দীপ্তিমতী। বি, স্ত্রী; বিক্রমাদিত্য পত্নী। দুর্য্যোধন পত্নী।

ভাপ্, (প্রা) বি; বাষ্প। উত্তাপ।

ভাম, বি, পুং (ভা-কর্ত্তৃ-ম) সূর্য্য। কোপ।

ভামিনী, বি, স্ত্রী (ভাম=কোপ+ইন্,অস্ত্যর্থে+ঈপ্)কোপনা স্ত্রী। নারী।

ভার, বি,পুং (ভৃ-ঘঞ্) গুরুত্ব। বোঝা। সমূহ।

ভারকেন্দ্র, বি, ক্লী; বস্তুর যে স্থানে ভারের সমতা হয়।

ভারত, বি, ক্লী; (ভরত+অ, কৃতার্থে) মহাভারত গ্রন্থ। 'মহাভারত' দেখ। (ভরত+ষ্ণ) দেশবিং। 'ভারতবর্ষ' দেখ।

ভারতবর্ষ, বি, ক্লী; জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষ বিং।

"হিমাহবং দক্ষিণং বর্ষং
ভরতায় দদৌ পিতা।
তস্মাচ্চ ভারতং বর্ষং
তস্য নাম্না মহাত্মনঃ।"

রাজা দুষ্মন্ত স্বীয় পুত্র ভরতকে হিম নামক দক্ষিণ বর্ষ প্রদান করিয়াছিলেন, সেই মহাত্মার নাম হইতে ভারতবর্ষ নাম হইয়াছে।

ভারতী, বি, স্ত্রী (ভারত+স্ত্রী ঈপ্) সরস্বতী। বাক্য।

ভারদ্বাজ, বি, পুং (ভরদ্বাজ+ষ্ণ, অপত্যার্থে) দ্রোণাচার্য্য। অগস্ত্য।

ভারযষ্টি, বি,স্ত্রী ; ভারবহন দণ্ড, বাঁক।

{ **ভারবাহ**, (ভার-বহ্-কর্ত্তৃ-ষণ্)
ভারবাহক, (ঐ-ণক)
ভারবাহী, (ঐ-ণিন্) বিণ ; } ভার বহনকারী। স্ত্রী,-হিকা, -হিনী।

ভারবি, বি, পুং ; কিরাতার্জ্জুনীয় গ্রন্থ প্রণেতা কবি বিং।

ভারমধ্য, বি, পুং, ক্লী ; বস্তুর যেস্থানে ভারের সমতা হয়।

ভারসহ, বিণ (ভার-সহ্-অন্) ভারসহনক্ষম।

ভারাক্রান্ত, বিণ ; ভারদ্বারা আক্রান্ত (প্রপীড়িত), ব্যাতৎ।

ভার্গব, বি, পুং (ভৃগু+ষ্ণ, অপত্যার্থে) শুক্রাচার্য্য। পরশুরাম।

ভার্গবী, বি, স্ত্রী ; লক্ষ্মী। দূর্ব্বা।

ভার্য্যা, বি,স্ত্রী (ভৃ=পোষণ-কৃ-কর্ম্ম-ক্যপ্+স্ত্রী আপ্, নি) পত্নী, জায়া।

ভার্য্যাট, বি, পুং (ভার্য্যা-অট্-কর্ত্তৃ-অন্) যে পুরুষ স্বীয় ভার্য্যাকে পর পুরুষের নিকট প্রেরণ করিয়' অর্থোপার্জ্জন করে।

ভাল, বি, পুং, ক্লী (ভা=দীপ্তি পাওয়া-কর্ত্তৃ-ল) ললাট। দীপ্তি। (প্রা) বিণ; উত্তম। মঙ্গল।

ভালবাসা, (প্রা) বি ; স্নেহকরা, প্রীতি-প্রদর্শন।

ভাল্লুক, **ভাল্লূক**, বি, পুং, (ভল্লুক বা ভল্লূক+ষ্ণ, স্বার্থে) ভালুক।

ভাব, বি,পুং (ভূ-ঘঞ্) স্বভাব। অবস্থা। উৎপত্তি। আত্মা। ভক্তি। অনুরাগ। অঙ্গভঙ্গী। বিলাস। বাক্যের তাৎপর্য্য। (ব্যাকরণে) ধাত্বর্থ। (ঐ-ণ) (নাট্যে) মান্য। বিদ্বান্।

ভাবক, বিণ (ভাবি-কর্ত্তৃ-ণক) উৎপাদক। চিন্তাকারী। স্ত্রী, -বিকা।

{ **ভাবন**,বি,ক্লী (ভাবি-ভাবে-অনট্)
ভাবনা, বি,স্ত্রী (ঐ-অন+আপ্) } চিন্তা। ধ্যান। মিশ্রণ। অধি-

বাসন। বিণ, ভাবিত।

ভাবার্থ, বি, পুং; অভিপ্রায়, তাৎপর্য্য। [অপ্রণয়।

ভাবান্তর, বি, ক্লী; ভিন্নভাব।

ভাবিত, বিণ (ভাবি-কর্ম্ম-ক্ত) চিন্তিত। মিশ্রিত। সংস্কৃত। বাসিত। বি,-বনা।

ভাবিনী, বি, স্ত্রী (ভাব+ইন্, অস্ত্যর্থে) কামিনী।

ভাবী (বিন্), বিণ (ভূ-কর্ত্তৃ-ণিন্) ভবিষ্যৎ।

ভাবুক, বিণ (ভূ-কর্ত্তৃ-ঞুক) ভাবগ্রাহী। চিন্তাশীল। স্ত্রী,-কা।

ভাবুকতা, বি, স্ত্রী; ভাবজ্ঞতা।

ভাব্য, বিণ, (ভূ-ঘ্যণ্) যাহা অবশ্য হইবে।

ভাশুর, (প্রা) পতির জ্যেষ্ঠভ্রাতা।

ভাষ, বি, পুং (ভাষ্-কর্ম্ম-অল্) কথা। | কথন।

ভাষণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্)

ভাষা, বি, স্ত্রী (ভাষ্-কর্ম্ম-অ) কথা, বাক্য। যদ্দ্বারা লোকে কথাবার্ত্তা বলে।

ভাষান্তরিত, বিণ (ভাষান্তর+ইত, জাতার্থে) এক ভাষা হইতে অন্য ভাষায় অনূদিত।

ভাষিত, বি, ক্লী (ভাষ্-ভাবে-ক্ত) উক্তি, বাক্য। বিণ:(ঐ-কর্ম্ম-) কথিত।

ভাষী, বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) যে বলে। স্ত্রী,-ষিণী।

ভাষ্য, বি, ক্লী (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) সূত্র ব্যাখ্যানগ্রন্থ। বিণ; কথনীয়।

ভাস, বি, পুং, (ভাস্-ঘঞ্) দীপ্তি। কুক্কুট।

ভাসমান, বিণ (ভাস্-কর্ত্তৃ শান) দীপ্তিযুক্ত। শোভমান। যাহা ভাসিতেছে। স্ত্রী,-না।

ভাসুর, বিণ (ঐ-ঘুর) দীপ্তিশীল। বি, পুং; বীর। স্ফটিক্।

ভাস্কর, বি, পুং (ভাস্-কৃ-কর্ত্তৃ-ট) সূর্য্য। অগ্নি। যাহারা প্রস্তরাদিতে প্রতিমূর্ত্তি ও অক্ষরাদি খোদিত করে।

ভাস্বতী, বিণ (ভাস্ [দীপ্তি]+বতু) দীপ্তিশালিনী। পুং,-স্বান্।

ভাস্বর, বিণ (ভাস্ [দীপ্তি]+বর, শীলাদ্যর্থে) দীপ্তিশীল। স্ত্রী,-রা।

ভাস্বান্ (স্বৎ), বি, পুং (ভাস্ [দীপ্তি]+বতু, অস্ত্যর্থে) সূর্য্য। বিণ; দীপ্তিবিশিষ্ট। স্ত্রী,-স্বতী।

ভিক্ষা, বি, স্ত্রী (ভিক্ষ্-ভাবে-অ) যাচ্ঞা,প্রার্থনা। বিণ,-ক্ষু,-ক্ষুক।

ভিক্ষাজীবী, বিণ, (ভিক্ষা-জীব্-কর্ত্তৃ-ণিন্)যে ভিক্ষাদ্বারা জীবিকানির্ব্বাহ করে। স্ত্রী,-বিনী।

ভিক্ষু, বিণ (ভিক্ষ্-কর্ত্তৃ-উ) ভিক্ষাজীবী। চতুর্থাশ্রমী।

ভিক্ষুক, বিণ (ভিক্ষু+কণ্, স্বার্থে) যাচক। স্ত্রী,-কা।

ভিখারী, (প্রা) বি; ভিক্ষুক, কাঙ্গাল।

ভিজন, (প্রা), আর্দ্র হওন।

ভিজা,(প্রা) বিণ; জলযুক্ত,আর্দ্র।

ভিটা, (প্রা) বি; বাস্তুভূমি।

ভিড়, (প্রা) লোকসমূহ, জনতা।

ভিড়ন, (প্রা) কিনারায় লাগন।

ভিতর, (প্রা) বি; অভ্যন্তর।

ভিতে, (প্রা, পদ্যে) দিকে।

ভিত্তি, বি, স্ত্রী (ভিদ্-কর্ম্ম-ক্তি) দেওয়াল। প্রদেশ। (গণ্ডাদি শব্দের পরবর্ত্তী হইলে) প্রশস্ত।

ভিদাবরোধকতা, বি, স্ত্রী; বস্তুর গুণ বিং, যে গুণ থাকিলে বস্তুর যোগাকর্ষণ সহজে ভেদ করা যায় না।

ভিদুর, বি, ক্লী (ভিদ্-কর্ত্তৃ-কুর) বজ্র। বিণ; ভঙ্গুর। মিশ্র।

ভিন্দিপাল, বি, পুং; ক্ষেপণীয় অস্ত্র বিং। লাঠি।

ভিন্ন, বিণ (ভিদ্-কর্ত্তৃ-ক্ত) অন্য। বিদীর্ণ। খণ্ডিত। ছিন্ন। মিশ্রিত। বিকসিত। (ঐ-কর্ম্ম) বিদারিত। ত্যক্ত। নিরস্ত। বি,-ভেদ।

ভিল্ল, বি, পুং; ম্লেচ্ছজাতিবিং।

ভিষক্ (জ), বি, পুং (ভিষ্-কর্ত্তৃ-অজিক্) বৈদ্য, চিকিৎসক।

ভিস্তি, (প্রা) বি; চর্ম্মনির্ম্মিত জলপাত্রবিং।

ভী, ভীতি, বি, স্ত্রী (ভী-ভাবে-ক্বিপ্, ক্তি) ভয়। বিণ,-ভীত।

ভীত, বিণ (ভী-কর্ত্তৃ-ক্ত) শঙ্কিত, ভয়যুক্ত। বি,-তি।

ভীম, বি, পুং (ভী-অপা-মক্) যাহা হইতে সকলে ভীত হয়, যুধিষ্ঠিরের ভ্রাতা, বৃকোদর। নৃপবিং, দময়ন্তীর পিতা। বিণ; ভয়ানক। স্ত্রী,-মা। [কর্ম্মধা।

ভীমনাদ, বি, পুং; ভীষণ শব্দ।

ভীম পরাক্রম, বি, পুং; ভীষণ বিক্রম। কর্ম্মধা।

ভীমরথী, বি, স্ত্রী; অতিপ্রাচীন অবস্থা বিং, ৭৭ বৎসর বয়সের ৭ম মাসের ৭মী রাত্রি।

ভীমরুল, (প্রা) বি; বোল্‌তাবিং।

ভীমসেন, বি, পুং; বৃকোদর। ভীম (ভয়ানক) যে সেনা, কর্ম্মধা।

ভীরু, বিণ, (ভী-কর্ত্তৃ-রু) ভয়শীল। স্ত্রী,-রু,-রূ।

ভীষণ, বিণ (ভীষি-কর্ত্তৃ-অন) ভয়ঙ্কর। স্ত্রী,-ণা।

ভীষা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ+আপ্) ভয়প্রদর্শন।

ভীষ্ম, বি, পুং (ভী [ভয়পাওয়া] -অপা-মক্) শান্তনুরাজপুত্র, দেবব্রত। বিণ; ভয়ঙ্কর।

ভীষ্মজননী, বি, স্ত্রী; গঙ্গা।

ভীষ্মপঞ্চক, বি, ক্লী ; কার্ত্তিকী শুক্লাএকাদশী হইতে পূর্ণিমা পর্য্যন্ত এই পাঁচ তিথি। এই পাঁচ তিথিতে কর্ত্তব্য ব্রতবিং।
ভুক্ত, বিণ (ভুজ্-কর্ম্ম-ক্ত) ভক্ষিত। যাহা উপভোগ করা হইয়াছে। অন্তর্গত। যথা—রাজ্যভুক্ত। বি,-ভোগ।
ভুক্তভোগী, বিণ (ভুক্ত-ভুজ্-কর্ত্তৃ-ঘিন্) যে আপনি ভোগ ভুগিয়াছে। স্ত্রী,-গিনী।
ভুক্তি, বি, স্ত্রী (ভুজ্-ভাবে-ক্তি) ভোজন। বিণ,-ক্ত।
ভুগ্ন, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) বক্র।
ভুজ, বি, পুং (ঐ-কর্ত্তৃ-ক) বাহু।
ভুজগ, বি, পুং (ভুজ [বক্রাকৃতি] গম্-কর্ত্তৃ-ড) বক্রভাবে গমন করে যে, সর্প। স্ত্রী,-গী।
ভুজগাশন, বি, পুং ; গরুড়। ময়ূর। ভুজগের (সর্পের) অশন (ভক্ষক), ৬ষ্ঠীতৎ।
ভুজঙ্গ, ভুজঙ্গম, বি, পুং (ভুজ [বক্রাকৃতি] গম্-কর্ত্তৃ-খ) যে বক্রভাবে গমন করে, সর্প। স্ত্রী,-ঙ্গী,-ঙ্গমী। [ছন্দো বিং।
ভুজঙ্গপ্রয়াত, বি, ক্লী ; দ্বাদশাক্ষর
ভুজান্তর, বি, ক্লী ; বক্ষঃস্থল।
ভুল, (প্রা) বি ; ভ্রান্তি, ভ্রম।
ভুবঃ(স্), ব্য ; দ্বিতীয় লোক, আকাশ।
ভুবন, বি, ক্লী (ভূ-কর্ত্তৃ-কন) জগৎ। সপ্তপাতাল ও সপ্তস্বর্গ, এই চতুর্দ্দশ। জল।
ভূ, বি, স্ত্রী (ভূ-কর্ত্তৃ-ক্বিপ্) পৃথিবী। স্থান।
ভূকম্প, বি, পুং ; ভূমিকম্প।
ভূর্গভ, বি, পুং ; কবি ভবভূতি। ভূমির অভ্যন্তর ভাগ।
ভূগোল, বি, পুং ; ভূমণ্ডল। ভূর (পৃথিবীর) গোল (মণ্ডল), ৬ষ্ঠীতৎ।
ভূগোলক, বি, ক্লী ; ভূমণ্ডলের দারুময় বর্ত্তুলাকার প্রতিরূপ। (Globe)
ভূচর, বিণ (ভূ-চর্-কর্ত্তৃ-অন্) যাহারা ভূমিতে বাস করে (মনুষ্যাদি)।
ভূচিত্র, বি, ক্লী ; পৃথিবীর মানচিত্র।
ভূত, বি, ক্লী (ভূ-কর্ত্তৃ-ক্ত) ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চ। প্রাণী। সত্য। পিশাচ। পুং ; দেবযোনি বিং। বিণ ; অতীত। উৎপন্ন। প্রাপ্ত। জ্ঞাত। তুল্য।
ভূতকাল, বি, পুং ; অতীতকাল।
ভূতধাত্রী, বি, স্ত্রী ; পৃথিবী। ভূতের (প্রাণিগণের) ধাত্রী (উপমাতা), ৬ তৎ।
ভূতনাথ, বি, পুং ; শিব। ৬তৎ।
ভূতপূর্ব্ব, বিণ ; যাহা পূর্ব্বে

হইয়াছে। পূর্ব্বে ভূত,৭মীতৎ (পরনিপাত)।
ভূতভাবন, বি, পুং (ভূত-ভাবি-কর্ত্তৃ-অন) সৃষ্টিকর্ত্তা।
ভূতযজ্ঞ, বি, পুং; জীবদিগকে খাদ্যদান। (পঞ্চযজ্ঞ দেখ)।
ভূতল, বি, ক্লী; পাতাল। পৃথিবী।
ভূতশুদ্ধি, বি, স্ত্রী; দেহস্থ সর্ব্ব-ভূতের শোধন। ৬তৎ।
ভূতাবেশ, বি, পুং; ভূতেপাওয়া।
ভূতি, বি, স্ত্রী (ভূ-করণ-ক্তি) ভস্ম। সম্পত্তি। অণিমাদি অষ্টৈশ্বর্য্য। (ঐ-ভাবে-) উৎপত্তি।
ভূতেশ, বি, পুং; শিব। ৬তৎ।
ভূদেব, বি, পুং; ব্রাহ্মণ। ভূতে (পৃথিবীতে) দেব (দেবতাস্বরূপ), ৭মীতৎ।
ভূধর, বি, পুং (ভূ-ধৃ-কর্ত্তৃ-অন্) পর্ব্বত। অনন্তদেব। ভূর (পৃথিবীর) ধর (ধারণকর্ত্তা), ৬ষ্ঠীতৎ।
{ ভূপ, (ভূ-পা-কর্ত্তৃ-ড) বি, পুং;
ভূপতি, (ভূ + পতি, ৬তৎ) রাজা।
ভূপাল, বি, পুং; রাজা। ভূর (পৃথিবীর) পাল (পালনকর্ত্তা), ৬তৎ।
ভূভৃৎ, বি, পুং (ভূ-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্) পর্ব্বত। রাজা।
ভূমণ্ডল, বি, ক্লী; পৃথিবী। ভূর মণ্ডল, ৬তৎ।
ভূমা(মন্), বি, পুং (বহু + ইমন্) বাহুল্য। সর্ব্বব্যাপী পুরুষ।
ভূমি, বি, স্ত্রী (ভূ-অধি-মিক্) পৃথিবী। স্থান। ক্ষেত্র। আকর।
ভূমিকম্প, বি, পুং; ভূ-কম্প।
ভূমিকা, বি, স্ত্রী (ভূমি + কণ্) রূপান্তর পরিগ্রহ। বেশ-ধারণ। গ্রন্থাদির আভাস, মুখবন্ধ।
ভূমিপতি, ভূমিপাল, বি, পুং; রাজা। ৬তৎ।
ভূমিষ্ঠ, বিণ (ভূমি-স্থা-কর্ত্তৃ-ড) ভূমিস্থিত। প্রসূত। স্ত্রী,-ষ্ঠা।
ভূয়ঃ(স্), বিণ (বহু + ঈয়সু, অত্যর্থে, বহু স্থানে-ভূ; ই-লোপ) বহুতর। ক্রিবিণ; পুনঃ পুনঃ। স্ত্রী,-য়সী।
ভূয়সী, বিণ, স্ত্রী (বহু + ঈয়সু, অত্যর্থে + স্ত্রী ঈপ্) বহুতরা। পুং, ভূয়ান্।
ভূয়ান্(য়স্), বিণ (বহু + ঈয়সু) বহুতর। স্ত্রী,-য়সী।
ভূয়িষ্ঠ, বিণ (বহু + ইষ্ঠ, অত্যর্থে) বহুতর। স্ত্রী,-ষ্ঠা।
ভূয়োভূয়ঃ, ক্রিবিণ; পুনঃ পুনঃ।
ভূরি, বিণ (ভূ-কর্ত্তৃ-ক্রি) অধিক।
ভূরিশ্রবাঃ(বস্), বি, পুং; চন্দ্র-বংশীয় সোমদত্ত রাজ-পুত্র।
ভূর্জ্জ, ভূর্জ্জপত্র, বি, পুং; স্বনাম-খ্যাত বৃক্ষ।
ভূষণ, বি, ক্লী (ভূষ্-করণ-অনট্)

অলঙ্কার। শোভা। (ঐ-ভাবে-) ভূষিত করা। বিণ,-ষিত।
ভূষা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ+স্ত্রী আপ্) অলঙ্করণ। বিণ,-ষিত্।
ভূষিত, বিণ (ভূষ্-কর্ম্ম-ক্ত) অলঙ্কৃত। শোভিত। সজ্জিত। বি, -ষণ,-ষা।
ভূষি, (প্রা) বি ; খোসা, তুষ।
ভূষ্ণু, বিণ (ভূ-কর্ত্তৃ-স্নুক্) উৎপত্তিশীল।
ভূস্বামী,বি,পুং; রাজা। জমিদার।
ভৃকুটি, বি, স্ত্রী ; ভ্রূভঙ্গী। ভ্রূর কুটি (কুটিলতা), ৬ষ্ঠীতৎ।
ভৃগু, বি, পুং; মুনি বিং। শুক্রাচার্য্য। অত্যুচ্চস্থান। পর্ব্বতাদির ঢালু প্রদেশ।
ভৃগুপতি, বি, পুং (ভৃগু[ভৃগুবংশ] +পতি [প্রধান]) পরশুরাম।
ভৃঙ্গ, বি, পুং (ভৃ-কর্ত্তৃ-গক্)ভ্রমর। লম্পট। বৃক্ষ বিং।
ভৃঙ্গরোল, বি, পুং ; ভীমরুল।
ভৃঙ্গার, বি, পুং (ভৃ-কর্ত্তৃ-আরন্) স্বর্ণনির্ম্মিত জলপাত্রবিং। ঝারি।
ভৃঙ্গী, বি, পুং ; শিবানুচর বিং।
ভৃত, বিণ (ভৃ-কর্ম্ম-ক্ত) পালিত। পূর্ণ। [ক্লী ; বেতন।
ভৃতক, বিণ ; বেতন গ্রাহী। বি,
ভৃতি, বি, স্ত্রী (ভৃ-করণ-ক্তি) বেতন। মূল্য। (ঐ-ভাবে-) পালন।
ভৃতিভুক্ (জ্), বিণ (ভৃতি-ভুজ্-কর্ত্তৃ-কিপ্) বেতন ভোগী।
ভৃত্য, বি, পুং (ভৃ-কর্ম্ম-ক্যপ্) দাস। বিণ ; প্রতিপাল্য। স্ত্রী,-ত্যা।
ভৃমি, বি, পুং (ভ্রম্-কর্ত্তৃ-ই) আবর্ত্ত,জলের প্যাক। ঘূর্ণি বায়ু। স্ত্রী (ঐ-ভাবে-) ভ্রমণ। ঘূর্ণা।
ভৃশ, বিণ (ভৃশ্-কর্ত্তৃ-ক) অত্যন্ত। ব্য, ক্লী ; অতিশয়।
ভৃষদ্, বি, পুং; পাষাণ, প্রস্তর।
ভৃষ্ট, বিণ (ভ্রস্জ্-কর্ম্ম-ক্ত) ভাজা।
ভৃষ্টান্ন, বি, ক্লী (ভৃষ্ট=ভাজা+ অন্ন=তণ্ডুল) চালভাজা,মুড়ি।
ভেক, বি, পুং (ভী-কর্ত্তৃ-কন্) মণ্ডুক, ব্যাঙ্। স্ত্রী,-কী।
ভেঙ্গান, (প্রা) মুখভঙ্গী করণ।
ভেট, ভেটী, (প্রা) উপঢৌকন।
ভেটন, (প্রা) বি ; সাক্ষাৎকার।
ভেড়, বি, পুং ; ভেড়া, মেষ। স্ত্রী,-ড়ী।
ভেদ, বি, পুং (ভিদ্-ভাবে-ঘঞ্) বিচ্ছেদ। ভিন্নতা। বিদারণ। ভঙ্গ। রেচন। প্রকাশ। বিণ, -ভিন্ন।
ভেদক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) বিদারক। বিরেচক। বিশেষ কারক। স্ত্রী,-দিকা।
ভেদন, বি, ক্লী ; ভেদকরণ। বিদারণ।

ভেদ্য, বিণ (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) ভেদ যোগ্য।

ভেরি(রী), বি, স্ত্রী (ভী-অপা-রি) বৃহৎ ঢক্কা।

ভেরেণ্ডা, (প্রা) বি ; এরণ্ড গাছ।

ভেল, (ভী-অপা-ল)
ভেলক, (ভেল + কণ্,স্বার্থে) } বি, পুং ; ভেলা, উড়ুপ।

ভেল্কী, (প্রা) বি; ইন্দ্রজাল,বাজি।

ভেষজ, বি, ক্লী (ভেষ [পীড়া]-জি-কর্ত্তৃ-ড) ঔষধ।

ভৈক্ষ, ভৈক্ষ্য, বিণ (ভিক্ষা + ষ্ণ, ষ্ণ্য) ভিক্ষালব্ধ।বি, ক্লী ; ভিক্ষাসমূহ।

ভৈমী, বি, স্ত্রী (ভীম [রাজ বিং] + ষ্ণ, অপত্যার্থে + স্ত্রী ঈপ্) দময়ন্তী। ভীম একাদশী।

ভৈরব, বিণ (ভীরু + ষ্ণ) ভয়ঙ্কর। বি, পুং ; শিব। রাগ বিং। স্ত্রী,-বী।

ভৈরবী, বিণ ;ভয়ঙ্করী। বি, স্ত্রী ; দুর্গা। রাগিণী বিং।

ভৈরবীচক্র, বি, ক্লী ; তান্ত্রিক মতাবলম্বী মদ্যপায়ীদিগের চক্র।

ভৈষজ্য, বি, ক্লী (ভিষজ্ + ষ্ণ্য) ঔষধ। চিকিৎসা। [শব্দ।

ভো, ভোঃ, ব্য ; সম্বোধনসূচক

ভোঁতা, (প্রা)বিণ ; অতীক্ষ্ণ।

ভোঁদড়, (প্রা) বি ; উদ্বিড়াল।

ভোক্তা(ক্তৃ), বিণ (ভুজ্-কর্ত্তৃ-তৃন্) ভোগকর্ত্তা। ভোজন কারী। স্ত্রী,-ক্ত্রী।

ভোগ, বি, পুং (ঐ- ভাবে-ঘঞ্) উপভোগ। ভোজন। (ঐ-কর্ম্ম-) সুখ। (ঐ-কর্ত্তৃ-) সর্প-ফণা।

ভোগবতী, বি, স্ত্রী (ভোগ + বতু) পাতাল গঙ্গা। নাগপুরী।

ভোগাবাস, বি, পুং ; বাসগৃহ, অন্তঃপুর।

ভোগী(গিন্), বিণ (ভোগ + ইন্, অস্ত্যর্থে) ভোগ বিশিষ্ট। স্ত্রী, -গিনী। বি, পুং ; সর্প।

ভোগিনী, বি, স্ত্রী ; মহিষীভিন্ন রাজার অন্যান্য স্ত্রী।

ভোগ্য, বিণ (ভুজ্-কর্ম্ম-ঘ্যণ্) ভোগের যোগ্য। স্ত্রী,-গ্যা। বি, ক্লী ; ধন।

ভোজ, বি,পুং ; দেশবিং। নৃপবিং।

ভোজন, বি, ক্লী (ভুজ্-ভাবে-অনট্) ভক্ষণ। (ঐ-কর্ম্ম-) ভক্ষ্যদ্রব্য। বিণ, ভুক্ত।

ভোজবিদ্যা, বি, স্ত্রী ; ঐন্দ্রজালিক বিদ্যা, ভেল্কী।

ভোজ্য, বিণ (ভুজ্-কর্ম্ম-ঘ্যণ্) ভক্ষ্য। বি, ক্লী ; ভক্ষ্য বস্তু।

ভোর, (প্রা) বি ; নিশাবসান, প্রত্যুষ। বিণ ; মগ্ন। পরিপূর্ণ।

ভোলা, (প্রা) বি ; বিস্মরণ। বিণ ; ভ্রান্ত।

ভোলানাথ, বি, পুং ; শিব।

ভৌতিক, বিণ (ভূত+ষ্ণিক, ইদমর্থে) ভূত সম্বন্ধীয়। ভূতকৃত। স্ত্রী,-কী।

ভৌম, বিণ (ভূমি+ষ্ণ) ভূমি সম্বন্ধীয়। বি, পুং; মঙ্গলগ্রহ।

ভৌমিক, বিণ (ভূমি+ষ্ণিক) ভূম্যধিকারী।

ভৌরিক, বি,পুং (ভুরি=স্বর্ণ+ষ্ণিক) স্বর্ণাধ্যক্ষ। কোষাধ্যক্ষ।

ভ্রংশ, বি, পুং (ভ্রন্‌শ্‌-ভাবে-অল্) পতন। নাশ। বিণ,ভ্রষ্ট।

ভ্রম, বি, পুং (ভ্রম্‌-অল্) ভ্রান্তি, ভুল। জলনির্গম পথ। জলের পাক। কুন্দযন্ত্র, কুঁদ। কুম্ভকারের কুলাল চক্র। (পদ্যে) সম্ভ্রম। বিণ, ভ্রান্ত।

ভ্রমণ, বি, ক্লী (ভ্রম্‌-ভাবে-অনট্) পর্য্যটন। ঘুরা।

ভ্রমর, বি, পুং (ভ্রম্‌-কর্ত্তৃ-অরন্) মধুকর। স্ত্রী,-রী।

ভ্রমরক, বি, পুং; ললাটলম্বিত চূর্ণ কুন্তল। ভৃঙ্গ।

ভ্রমি, বি, স্ত্রী (ভ্রম্‌-ই) জলাবর্ত্ত। কুলাল চক্র। ভ্রান্তি। ঘূর্ণন।

ভ্রষ্ট, বিণ (ভ্রন্‌শ্‌-কর্ত্তৃ-ক্ত) পতিত। দূষিত। বি, ভ্রংশ।

ভ্রষ্টা, বি, স্ত্রী; ব্যভিচারিণী স্ত্রী।

ভ্রষ্টামি, (প্রা) বি; দুষ্টামি।

ভ্রাজিষ্ণু, বিণ (ঐ-কর্ত্তৃ-ইষ্ণু) দীপ্তিশীল।

ভ্রাতা(তৃ), বি, পুং (ভ্রাজ্‌-কর্ত্তৃ-তৃচ্) ভাই। স্ত্রী,-ভগ্নী।

ভ্রাতুষ্পুত্র, বি, পুং (ভ্রাতুঃ [ভ্রাতৃ শব্দের ষষ্ঠীর একবচন]=ভ্রাতার+পুত্র) ভাইপো। অলুক্ ষষ্ঠীতৎ। স্ত্রী,-ত্রী।

ভ্রাতৃজ, (ভ্রাতৃ-জন্ কর্ত্তৃ-ড) }
ভ্রাতৃব্য,(ভ্রাতৃ+ব্য,অপত্যার্থে) }
বি,পুং;ভাইপো। স্ত্রী,-জা,-ব্যা।

ভ্রাতৃশ্বশুর, বি, পুং; পতির জ্যেষ্ঠ ভ্রাতা, ভাসুর। ভ্রাতা (পতির ভ্রাতা) হইয়াছে শ্বশুর তুল্য, উপমি কর্ম্মধা।

ভ্রাত্রীয়, বিণ (ভ্রাতৃ+ঈয়) ভ্রাতৃ সম্বন্ধীয়।

ভ্রান্ত, বিণ (ভ্রম্‌-কর্ত্তৃ-ক্ত) ভ্রমযুক্ত। ঘূর্ণ্যমান। বি,-ন্তি।

ভ্রান্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) ভ্রম, ঘূর্ণন। বিণ, ভ্রান্ত।

ভ্রান্তিমান্(মৎ), বিণ (ভ্রান্তি+মতু, অস্ত্যর্থে) ভ্রান্তিবিশিষ্ট। স্ত্রী,-মতী। বি, পুং; কাব্যালঙ্কার বিং।

ভ্রাম্যমাণ, বিণ (ভ্রামি-কর্ম্ম-শান) যাহা ঘোরান যাইতেছে।

ভ্রাষ্ট্র, বি, পুং; ভাজনা খোলা।

ভ্রূকুংশ(স), ভ্রূকুংশ(স), বি, পুং (ভ্রূ-কুন্‌শ্‌-কর্ত্তৃ-অন্) স্ত্রীবেশধারী নর্ত্তক।

ভ্রূকুটি, ভ্রূকুটি, বি,স্ত্রী; ক্রোধাদি

বশতঃ ভ্রূর বক্রতা, ভ্রূভঙ্গি। ভ্রূর কুটি (কুটিলতা), ৬তৎ।
ভ্রূ, বি, স্ত্রী (ভ্রম্-কর্ত্তৃ-ডু)চক্ষুর ঊর্দ্ধস্থ রোমরাজি।
ভ্রূক্ষেপ, বি, পুং; দৃষ্টিপাত। ভ্রূভঙ্গি। ভ্রূর ক্ষেপ (ক্ষেপণ), ৬তৎ।
ভ্রূণ, বি, পুং (ভ্রূণ্-কর্ম্ম-অল্) গর্ভস্থ সন্তান। বালক।
ভ্রূণঘ্ন, ভ্রূণহা } বিণ; ভ্রূণ হত্যাকারী।
ভ্রূণহত্যা, বি, স্ত্রী; গর্ভস্থ জীবের বধ।
ভ্রূভঙ্গ, বি, পুং, ভ্রূভঙ্গি(ঙ্গী), বি, স্ত্রী } ভ্রূকুটি। ভ্রূবিলাস।

ম।

ম, বি, পুং; ব্রহ্মা। বিষ্ণু। শিব। চন্দ্র। যম। মনুষ্য। সময়। ক্লী; ভাগ্য। সলিল।
মই, (প্রা) বি; বাঁশের সিঁড়ি।
মউ, (প্রা) মধু। [মধুক্রম।
মউচাক, (প্রা) বি; মধুচক্র,
মউমাছি,(প্রা) বি; মধুমক্ষিকা।
মক্কেল, (যা) বি; বাদী বা প্রতিবাদী, বিচারালয়ে উকিল মোক্তার যাহার পক্ষ সমর্থন করে।
মকর, বি, পুং (ম-কৃ-কর্ত্তৃ-অন্) জলজন্তু বিং। গঙ্গার বাহন। কন্দর্পের ধ্বজ। দশমরাশি। নিধি বিং।
মকরকুণ্ডল, বি, ক্লী; মকরাকৃতি কর্ণ-ভূষণ।
মকরকেতন,-কেতু,-ধ্বজ, বি, পুং; কন্দর্প। সমুদ্র।
মকরন্দ, বি, পুং (মকর-দো-কর্ত্তৃ-ড) পুষ্পমধু।
মকরবাহিনী, বি, স্ত্রী (মকর-বাহি-কর্ত্তৃ-ণিন্+ঈপ্) গঙ্গা। মকর হইয়াছে বাহী (বাহক) যাঁহার, বহু।
মকরালয়, বি, পুং (মকর+আলয়) সমুদ্র। ৬ষ্ঠীতৎ।
মক্ষিকা, বি, স্ত্রী (মক্ষ্-কর্ত্তৃ-ণক+আপ্) যাহারা দলবদ্ধ হইয়া থাকে, মাছি। [যজ্ঞ।
মখ, বি, পুং (মখ-অধি-অল্)
মগজ, (যা) বি; মস্তিষ্ক।
মগধ, বি, পুং; বিহার দেশ।
মগধেশ্বর, বি, পুং; জরাসন্ধ।
মগ্ন, বিণ (মস্‌জ-কর্ত্তৃ-ক্ত) অন্তঃ-প্রবিষ্ট,যে ডুবিয়াছে। বি,-জন।
মগ্নগিরি, বি, পুং; যে পর্ব্বত সমুদ্র-গর্ভে মগ্ন থাকে।

মঘ, বি, পুং (মহ্-কন্) পূজা। ক্লী ; সুখ।

মঘবা (বন্), বি, পুং (মঘ-কর্ম্ম-ক্বনিপ্) দেবরাজ, ইন্দ্র। স্ত্রী, -ঘোনী।

মঘবান্(বৎ), বি, পুং (মঘ= [স্বর্গের] সুখ+বতু, অস্ত্যর্থে) ইন্দ্র। স্ত্রী,-বতী।

মঙ্গল, বি, ক্লী (মন্গ-কর্ম্ম-অল্) কুশল, শুভ। পুং ; কুজগ্রহ। বিণ ; শুভদায়ক। স্ত্রী,-লা।

মঙ্গলঘট, বি, পুং ; প্রতিমাদির সম্মুখে স্থাপিত জলপূর্ণ কলস, ভদ্রকুম্ভ।

মঙ্গল সম্বিধান, বি, ক্লী ; বরণ ডালার উপকরণ-সামগ্রী।

মঙ্গলা, মঙ্গলচণ্ডী, বি, স্ত্রী ; দুর্গা।

মঙ্গলাচরণ,বি,ক্লী ; শুভানুষ্ঠান। কর্ম্মারম্ভে দেবতাদি বন্দনা। কর্ম্মধা।

মঙ্গল্য, বিণ (মঙ্গল+ষ্ণ্য) মঙ্গলকর। সুন্দর। বি,ক্লী; দধি।

মচ্‌কান, (প্রা) ঈষৎভগ্ন হওয়া।

মজন, (প্রা) বি ; মগ্ন হওয়া। আসক্ত হওয়া।

মজা, (প্রা) বিণ ; অতিশয় পক্ক। বি ; সুখ।

মজ্জা, বি, স্ত্রী ; অস্থির মধ্যগত স্নেহ পদার্থ বিং। বৃক্ষাদির সার, মাজ।

মঞ্চ, বি, পুং (মন্চ-কর্ত্তৃ-অন্) মাচা। খাট। বেদি।

মঞ্জাল, (প্রা) বি ; মনঃশিলা।

মঞ্জরী(রি), বি,স্ত্রী (মঞ্জু-ঋ-কর্ত্তৃ-ই) মুকুল। অঙ্কুর। শস্যাদির শীষ। বিণ,-রিত।

মঞ্জরিত, বিণ (মঞ্জরী+ইত, যুক্তার্থে) মুকুলিত। বি,-ঞ্জরী।

মঞ্জিল, (জীল), বি, পুং (মন্জ্-অধি-ইর, ঈর) রজকদিগের কার্য্যস্থান।

মঞ্জিষ্ঠা,বি,স্ত্রী; রক্তবর্ণ লতাবিং।

মঞ্জীর, বি, পুং, ক্লী (মন্জ-কর্ত্তৃ-ঈর) নূপুর।

মঞ্জু, বিণ (মন্জ-কর্ত্তৃ-উ) সুন্দর। মধুর। বি, মাঞ্জমা।

মঞ্জুর, (যা) বি ; স্বীকার।

মঞ্জুভাষী, বিণ (মঞ্জু-ভাষ্-কর্ত্তৃ-ণিন্) মধুরভাষী। স্ত্রী,-ষিণী।

মঞ্জুল, বিণ (মন্জ্-কর্ত্তৃ-উল) সুন্দর। মধুর। সমীচীন। ক্লী ; নিকুঞ্জ।

মঞ্জুষা, মঞ্জূষা, বি, স্ত্রী (মন্জ্-অধি-উষন্, ঊষন্+স্ত্রীআপ্) সিন্দুক, পেটরা। প্রস্তর।

মটর, (প্রা) বি ; কলাই বিং।

মঠ, বি ; পুং (মঠ্-অধি-অল্) ছাত্রাদির গৃহ,টোল। দেবালয়, মন্দির। ধর্ম্মালয়।

মড়ক, (প্রা) বি ; মারীভয়।

মড়া, (প্রা) বি ; মৃতদেহ, শব।
মণ, (প্রা) ৪০ সের।
মণি, বি, পুং, স্ত্রী (মণ্-কর্ত্তৃ-ইন্) রত্ন, বহুমূল্য প্রস্তর। অলিঞ্জর, জালা। [জালা।
মণিক, বি, পুং ; মাটীর কলসী।
মণিকর্ণিকা, বি, স্ত্রী ; কাশীস্থ তীর্থ বিং।
বিষ্ণুর তপস্যা দর্শনে বিস্মিত হওয়াতে শিবের মণিকর্ণিকা (অর্থাৎ মণিময় কর্ণভূষণ) এইস্থানে পতিত হইয়াছিল।
মণিকার, বি, পুং (মণি-কৃ-কর্ত্তৃ-ষণ্) জহুরী।
মণিপুর, বি, ক্লী ; নাভিপদ্ম। দেশ বিং।
মণিবন্ধ, বি, পুং (মণি-বন্ধ-ঘঞ্) যে স্থানে মণি বাঁধিতে হয়, হাতের কব্জা।
মণিসর, বি, ক্লী ; মণিময় হার। মণিময় যে সর (মালা),কর্ম্মধা।
মণ্ড, বি, পুং ক্লী (মন্-কর্ত্তৃ-ড) মাড়। গাদ, ফেন।
মণ্ডন, বি, ক্লী (মন্ড-ভাবে-অনট্) ভূষিত করা। (ঐ-করণ) ভূষণ। বিণ,-ণ্ডিত।
মণ্ডপ, বি, পুং, ক্লী (মণ্ড-পা-কর্ত্তৃ-ড) দেবগৃহ। গৃহ।
মণ্ডল, বি, ক্লী (মন্ড-কর্ত্তৃ-কল) পরিধি। বেষ্টন। গোল। রাজ্য। চক্র। দ্বাদশবিধ নৃপতি। পুং, ক্লী ; সূর্য্যবিম্ব। চন্দ্রবিম্ব। সমূহ। গ্রামের প্রধান ব্যক্তি, মড়ল। [প্রভুত্ব।
মণ্ডলাধিপত্য, বি, ক্লী ; রাজ্যের
"যুধিষ্ঠিরের অতুল্য সমৃদ্ধি, অনন্য সাধারণ ক্ষমতা ও সর্ব্ব মণ্ডলাধিপত্য দেখিয়া" (রজনী গুপ্ত)।
মণ্ডলী(লিন্), বি, পুং ; মণ্ডল। সমূহ। বিণ ; চক্রাকারে বেষ্টিত
মণ্ডলেশ্বর, বি, পুং ; সম্রাট্। রাজা।
মণ্ডিত, বিণ (মন্ড-কর্ম্ম-ক্ত) ভূষিত। বেষ্টিত। বি,-ণ্ডন।
মণ্ডূক, বি, পুং (মন্ড-কর্ত্তৃ-উক)ভেক। মুনিবিং। স্ত্রী,-কী।
মণ্ডূর, বি, পুং, ক্লী (ঐ-উর) লোহার মরিচা।
মত, বি, ক্লী (মন্-ভাবে-ক্ত) অভিপ্রায়। সম্মতি। বিণ (ঐ-কর্ম্ম-) অভিপ্রেত। সম্মানিত। জ্ঞাত। (প্রা) সদৃশ।
মতঙ্গ, বি, পুং (মদ-কর্ত্তৃ-অঙ্গচ্) মুনি বিং। হস্তী। মেঘ।
মতঙ্গজ, বি, পুং (মতঙ্গ-জন্-কর্ত্তৃ-ড) গজ, হস্তী।
মতন, (প্রা) বিণ ; তুল্য, সদৃশ।
মতি, বি, স্ত্রী (মন্-ভাবে-ক্তি) বুদ্ধি, জ্ঞান। ইচ্ছা। মুক্তা।
মতিভ্রংশ, মতিভ্রম, বি, পুং ; বুদ্ধিভ্রংশ, ভুল।

মতিমান্,বিণ, (মতি [বুদ্ধি]+ মতু, অস্ত্যর্থে) বুদ্ধিমান্।
মৎ, ব্য (ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ) মদীয়, আমার।
মৎকুণ, বি, পুং ; ছারপোকা। শ্মশ্রুহীন পুরুষ।
মত্ত, বিণ (মদ্-কর্ত্তৃ-ক্ত) আনন্দিত। উন্মত্ত। বিহ্বল। বি,-ত্ততা। স্ত্রী,-ত্তা। [স্ত্রী।
মত্তকাশিনী, বি, স্ত্রী ; সুন্দরী
মত্তবারণ, বি, পুং ; মত্তহস্তী।
মৎলব, (যা) বি;অভিপ্রায়,ইচ্ছা।
মৎসর, বি, পুং (মদ্‌-কর্ত্তৃ সরন্) পরশ্রীকাতরতা। ক্রোধ। দ্বেষ। বিণ ; পরশ্রীকাতর। ক্রুদ্ধ। স্ত্রী,-রা।
মৎস্য, বি, পুং (মদ্-করণ-স্যন্) মাছ। দেশ বিং। পুরাণ বিং। বিষ্ণুর প্রথম অবতার।
"প্রলয়-পয়োধি-জলে বেদ নিমগ্ন থাকায় ভগবান্ মৎস্যরূপ ধারণ করিয়া তাহার উদ্ধার সাধন করেন।"
মৎস্যগন্ধা, বি, স্ত্রী ; ব্যাসদেবের মাতা, সত্যবতী। মৎস্যের গন্ধের ন্যায় গন্ধ যাঁহার, বহু।
মৎস্যজীবী, (বিন্) বি, পুং (মৎস্য-জীব্-কর্ত্তৃ-ণিন্) ধীবর, জেলে। স্ত্রী,-বিনী।
মৎস্যন্ডী, বি, স্ত্রী ; মিছরি, মঠ প্রভৃতি।
মৎস্যধানী, বি, স্ত্রী ; মাছের খালুই। [পাখী।
মৎস্যরঙ্গ, বি, পুং ; মাছ রাঙ্গা
মৎস্যরাজ, বি, পুং ; বিরাটরাজ। মৎস্যের (মৎস্যদেশের) রাজা, ঔষ্ঠীতৎ। রোহিত মৎস্য।
মথন, বি, ক্লী (মথ্-ভাবে-অনট্) মন্থন, বিলোড়ন। বিণ,-থিত।
মথিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বিলোড়িত। পীড়িত। বি,ক্লী; ঘোল।
মথী, বি, পুং ; মন্থন দণ্ড।
মথুরা, বি, স্ত্রী; প্রসিদ্ধ নগরী, শ্রীকৃষ্ণের জন্মস্থান, হিন্দুদিগের একটী পরমপবিত্র তীর্থ।
মথুরেশ, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
মদ, বি, পুং (মদ্-ভাবে-অল্) হর্ষ, আনন্দ। আনন্দজনিত সম্মোহ। মত্ততা। (ঐ-করণ) গর্ব্ব। মদ্য। হস্তীর গণ্ডস্থলাদি হইতে ক্ষরিত ধর্ম্ম বিং। রেতঃ। বিণ, মত্ত।
মদক, (প্রা) বি ; ময়রা।
মদকল, বিণ ; মত্ততা প্রযুক্ত মধুরাস্ফুট ভাষী। মদপূর্ণ হইয়াছে কল (ধ্বনি) যাহার, বহু। বি, পুং ; মত্ত হস্তী।
মদন, বি, পুং (মদি-কর্ত্তৃ-অন) কন্দর্প। বসন্তকাল। ধুস্তূর বৃক্ষ। ময়নাগাছ।
মদনমোহন, বি, পুং ; যাঁহার

রূপ দেখিয়া কন্দর্পও মুগ্ধ হয়, শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বিণ; অতিসুন্দর। [পত্রিকা।
মদনলেখ, বি, পুং ; প্রণয় সূচক
মদনশলাকা, বি, স্ত্রী ; শারিকা পক্ষিণী।
মদয়ন্তী, বি, স্ত্রী (মদি-কর্ত্তৃ-শতৃ +ঈপ্) বন মল্লিকা।
মদস্রাবী (বিন্), বিণ (মদ-স্রু-ণিন্) মদক্ষরণ-বিশিষ্ট।
মদান্ধ, বিণ ; মত্ততা হেতু হিতাহিত জ্ঞান শূন্য। অতিশয় দর্প যুক্ত। ৩য়াতৎ।
মদালসা, বি, স্ত্রী ; চন্দ্রবংশীয় প্রবর্দ্দন রাজ-পত্নী, ইনি অতিশয় ধর্ম্মশীলা রমণী ছিলেন।
মদালাপী (পিন্), বি, পুং (মদ [আনন্দ]-আ-লপ্-কর্ত্তৃ-ণিন্) কোকিল। স্ত্রী,-পিনী।
মদির, বি, পুং (মদ্-কর্ত্তৃ-কির) মত্ত খঞ্জন পক্ষী।
মদিরা, বি, স্ত্রী (মদি-কর্ত্ত-কির +স্ত্রী আপ্) মদ্য।
মদীয়, বিণ (অস্মদ্+নীয়, ইদমর্থে) আমার।
মদোৎকট, বিণ (মদ+উৎকট) মদমত্ত। ৩য়াতৎ। বি, পুং ; মত্ত হস্তী।
মদোদগ্র, মদোদ্ধত, বিণ (মদ+উদগ্র, উদ্ধত) মদমত্ত। ৩য়াতৎ।

মদ্গু, বি, পুং ; জলচর পক্ষী বিং, পানিকৌড়ী। রণপোত সমূহ। (Fleet)
মদ্গুর, বি, পুং ; মাগুর মাছ।
মদ্য, বি, ক্লী (মদ্-করণ-য) সুরা, মদ।
মদ্যপ, বিণ (মদ্য-পা-কর্ত্তৃ-ড) যে মদ্যপান করে।
মদ্র, বি, পুং (মদ্-র) আনন্দ, হর্ষ। পঞ্জাবের অন্তর্গত দেশ।
মদ্রসুতা, বি, স্ত্রী ; মাদ্রী, নকুল সহদেবের মাতা। ৬ষ্ঠীতৎ।
মধু, বি, ক্লী (মন্-করণ-উ ; ন =ধ) পুষ্পরস। মদ্য। মধুর রস। পুং; চৈত্রমাস। বসন্তকাল। দৈত্য বিং।
মধুকর, বি, পুং (মধু-কৃ-কর্ত্তৃ-ট) ভ্রমর। স্ত্রী,-রী।
মধুকরী, বি, স্ত্রী (মধুকর+ঈপ্) ভ্রমরী।
মধুকৈটভ, বি, পুং ; অসুর বিং।
মধুকোষ, বি, পুং ; মধুচক্র।
মধুক্রম, বি, পুং ; মধুচক্র। মধুরক্রম আছে যাহাতে, বহু।
মধুচক্র, মধুচ্ছত্র } বি, ক্লী; মৌচাক। ৬ষ্ঠীতৎ।
মধুত্রয়, বি, ক্লী ; মধু, ঘৃত শর্করা।
মধুদূত, বি, পুং (মধু=বসন্ত+

দূত=বার্ত্তাবহ) আম্রবৃক্ষ, ইহা বসন্তকালে মুকুলিত হয়।
মধুদ্রুম, বি, পুং ; মহুয়ার গাছ।
মধুপ, বি, পুং (মধু-পা-কর্ত্তৃ-ড) ভ্রমর।
মধুপর্ক, বি, পুং, ক্লী (মধু-পৃচ্-কর্ম্ম-ঘঞ্)দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও শর্করা।
মধুপুরী, বি, স্ত্রী ; মথুরা নগরী।
মধুভৃৎ, বি, পুং (মধু-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্) ভ্রমর।
মধুমক্ষিকা, বি, স্ত্রী ; মৌমাছি। মধুকরী যে মক্ষিকা, কর্ম্মধা।
মধুযষ্টি, মধুযষ্টিকা, বি, স্ত্রী ; যষ্টিমধু। আকগাছ।
মধুর, বিণ (মধু+র, অস্ত্যর্থে) মিষ্ট। মনোহর, সুন্দর। সৌম্য, প্রিয়দর্শন। স্ত্রী,-রা।
মধুরা, বি, স্ত্রী ; মথুরা নগরী।
মধুলিহ, বি, পুং, (মধু-লিহ্-কর্ত্তৃ-ক) ভ্রমর।
মধুবন, বি, ক্লী ; বৃন্দাবনস্থ বন।
মধুব্রত, বি, পুং ; ভ্রকর। মধু হইয়াছে ব্রত যাহার, বহু।
মধুসখ, বি, পুং ; কন্দর্প। মধু (বসন্ত) হইয়াছে সখা যাহার,বহু।
মধুসূদন, বি, পুং, (মধু [দৈত্য বিং]-সূদ্-কর্ত্তৃ-অন) বিষ্ণু।
মধূক, বি, পুং ; মধুদ্রুম, মৌল গাছ। ক্লী ; তৎপুষ্প।
মধূচ্ছিষ্ট, বি, ক্লী (মধু+উচ্ছিষ্ট [ভুক্তাবশিষ্ট]) মোম।
মধূত্থ, বি, ক্লী (মধু-উৎ-[উপরি] স্থা-কর্ত্তৃ-ড) মোম।
মধূত্থবর্ত্তিকা, বি, স্ত্রী ; মোমবাতি।
মধূৎসব, বি, পুং (মধু=বসন্ত+উৎসব) বসন্তোৎসব।
মধ্য, বি, পুং, ক্লী (মন্-কর্ম্ম-যক্, নি) অভ্যন্তর, ভিতর। কটিদেশ। বিণ ; মধ্যবর্ত্তী। মধ্যম।
মধ্যদেশ, বি, পুং ; প্রয়াগের পশ্চিমস্থ দেশ। মাঝখান।
মধ্যন্দিন, বি, ক্লী ; মধ্যাহ্ন। দিনের মধ্যম্ (মধ্যভাগ),৬ষ্ঠীতৎ।
মধ্যন্দিনরেখা,বি,স্ত্রী ; বিষুবরেখা, যে রেখাস্থিত স্থানসমূহে এককালে মধ্যাহ্ন হয়।
মধ্যম, বিণ (মধ্য+ম) মধ্যবর্ত্তী। মাঝারি। মেঝো। স্ত্রী,-মা। বি, পুং ; স্বর বিং।
মধ্যমপাণ্ডব, বি, পুং ; অর্জ্জুন।
মধ্যমা, বি, স্ত্রী ; মধ্যমাঙ্গুলি। নব-যুবতী। বিণ ; মধ্যস্থিতা।
মধ্যরাত্র, বি, পুং ; নিশীথ। রাত্রির মধ্য (মধ্যভাগ), ৬ষ্ঠীতৎ।
মধ্যবর্ত্তী (র্ত্তিন্), বিণ, (মধ্য-বৃত্-কর্ত্তৃ-ণিন্) মধ্যস্থ,মধ্যস্থিত। বি,-র্ত্তিতা,মধ্যস্থতা। স্ত্রী,-র্ত্তিনী।
মধ্যবিত্ত, বিণ ; মাঝারি গোছ অর্থাৎ ধনীও নয় এবং দরিদ্রও

নয়। মধ্য হইয়াছে বিত্ত (অর্থ) যাহার, বহু। (The middle class)।
মধ্যস্থ, বিণ; মধ্যবর্ত্তী। উদাসীন। বি,-স্থতা।
মধ্যাহ্ন, বি, পুং (মধ্য + অহন) দিবসের মধ্যভাগ। অহনের (দিনের) মধ্য (মধ্যভাগ), ৬ষ্ঠীতৎ। (পূর্ব্বপদের পরনিপাত)।
মন, বিং, পুং ; ৪০ সের পরিমাণ।
মনঃ(স্), বি, ক্লী (মন-করণ-অস্) অন্তঃকরণ, চিত্ত। বুদ্ধি।
মনঃশিলা. বি, স্ত্রী ; রক্তবর্ণ গিরিজ ধাতু বিং, মনছাল।
মনন, বি, ক্লী (মন্-ভাবে-অনট্) চিন্তা। অভিপ্রায়। বিণ, মত।
মনসা, বি, স্ত্রী ; দেবী বিং, জরৎকারু মুনির পত্নী।
কশ্যপমুনির মানসী কন্যা বলিয়া মনসা নাম হইল।
মনসিজ, বি, পুং (মনসি = মনে-জন্-কর্ত্তৃ-ড) কন্দর্প।
মনস্কাম, বি, পুং (মনস্ + কাম = ইচ্ছা) মনের অভিলাষ, বাঞ্ছা। ৬ষ্ঠীতৎ।
মনস্তাপ, বি, পুং, (মনস্ + তাপ) মানসিক যাতনা। ৬ষ্ঠীতৎ।
মনস্তুষ্টি, বি, স্ত্রী; মনের সন্তোষ।
মনস্বিতা, বি, স্ত্রী (মনস্বিন্ + তা, ভাবার্থে) প্রশস্ত চিত্ততা। স্থির চিত্ততা।
মনস্বিনী, বিণ, (মনস্বিন্ + স্ত্রীঈপ্) প্রশস্ত হৃদয়া। স্থির চিত্তা। পুং, মনস্বী।
মনস্বী(স্বিন্), বিং (মনস্ + বিন্ , প্রশস্তার্থে) মহামনাঃ, উদারচিত্ত। ধীর। মানী। স্ত্রী, -স্বিনী। [মন্দমন্দ।
মনাক্, ব্য (মন্-আক্) ঈষৎ।
মনায়ী, মনাবী, বি, স্ত্রী (মনু + ঈপ্) মনুপত্নী।
মনীব, (যা) বি ; কর্ত্তা, প্রভু।
মনীষা, বি, স্ত্রী (মনস্ + ঈষা = গমন, নি) বুদ্ধি।
মনীষী(ষিন্), বিণ (মনীষা + ইন্, অস্ত্যর্থে) বুদ্ধিমান্। বি, পুং ; পণ্ডিত। স্ত্রী,-ষিণী।
মনু বি, পুং (মন্-কর্ত্তৃ-উ) ব্রহ্মার পুত্র বিং। মনুষ্যজাতির আদি পুরুষ। ধর্ম্ম শাস্ত্র-প্রণেতা মুনি বিং। স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, রুদ্র-সাবর্ণি, দেবসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণি প্রতিকল্পে এই চতুর্দ্দশ মনু হইয়া থাকেন, এক্ষণে বৈবস্বত মনু। পৃথিবীর আদি রাজা। মন্ত্র। স্ত্রী, মনায়ী, মনাবী।
মনুজ, বি, পুং (মনু-জন্-কর্ত্তৃ-ড)

মানব, মনুষ্য।

মনুষ্য, বি, পুং (মনু+ষ্ণ্য, অপত্যার্থে) মানুষ।

মনুষ্যত্ব, বি, ক্লী (মনুষ্য+ত্ব, ভাবার্থে) মনুষ্যের ভাব বা ধর্ম্ম, —অহিংসা, দয়া, পৌরুষ প্রভৃতি।

মনোগত, বিণ (মনস্+গত) যাহা মনে আছে।

মনোজ, বি, পুং (মনস্-জন্-কর্ত্তৃ-ড) কন্দর্প, কাম। বিণ; মনোজাত।

মনোজ্ঞ, বিণ (মনস্-জ্ঞা-কর্ত্তৃ-ড) মনোহর, সুন্দর। বি,-তা।

মনোনয়ন, বি, ক্লী (মনস্-নী-ভাবে-অনট্) পছন্দ করিয়া লওয়া। বিণ,-নীত।

মনোনীত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা পছন্দ করিয়া লওয়া হইয়াছে, মনোমত। বি,-নয়ন।

মনোভব, মনোভূ, বি, পুং (মনস্-ভূ-কর্ত্তৃ-অন্,ক্বিপ্)কন্দর্প। ইচ্ছা।

মনোযোগ, বি, পুং; (মনঃ-যুজ্-ঘঞ্) চিত্তসংযোগ, অভিনিবেশ।

মনোরঞ্জন, বি, ক্লী (মনস্+রঞ্জন) মনের প্রফুল্লতা সাধন।

মনোরথ, বি, পুং (মনস+রথ =যান) অভিলাষ। ৬ষ্ঠীতৎ।

মনোরম, বিণ, (মনস্-রমি-কর্ত্তৃ-অন্) সুন্দর। স্ত্রী,-মা।

মনোবিজ্ঞান, বি, ক্লী; মন ও বুদ্ধি প্রভৃতির তত্ত্বনির্ণায়ক শাস্ত্র। (Phycology)

মনোবৃত্তি, বি, স্ত্রী (মনস্+বৃত্তি) চিত্তবৃত্তি,অন্তঃকরণের ব্যাপার, মনের ধর্ম্ম,—স্মরণ, মনন,অনুধ্যান প্রভৃতি। ৬ষ্ঠীতৎ।

{ মনোহর, (মনস্-হৃ-কর্ত্তৃ-অন্)
মনোহারী, (ঐ-ণিন্) বিণ, পুং; মনোরম, সুন্দর। স্ত্রী,-রা,রিণী

মন্তব্য, বিণ, (মন্-কর্ম্ম-তব্য) বিচার্য্য। মননযোগ্য। বি, ক্লী; অভিপ্রায়। মত।

মন্ত্র, বি, পুং (মন্ত্র-কর্ম্ম-অল্) বেদাংশ বিং। দেবাদির উপাসনোপযোগী বাক্য বা পদ। যে কোন জীবের বশীকরণ বাক্য। (ঐ-ভাবে) মন্ত্রণা। বিণ,-ন্ত্রিত।

মন্ত্রকৃৎ, বি, পুং (মন্ত্র-কৃ-কর্ত্তৃ-ক্বিপ্) মন্ত্রপ্রণেতা। মন্ত্রী।

{ মন্ত্রণ, বি,ক্লী (মন্ত্র-ভাবে-অনট্)
মন্ত্রণা, বি, স্ত্রী (ঐ-অন+স্ত্রীআপ্) পরামর্শ। বিচার। বিণ,-ন্ত্রিত।

মন্ত্রদাতা (তৃ), বিণ; গুরু। পরামর্শ দায়ক।

মন্ত্রপূত, বিণ; মন্ত্রদ্বারা পবিত্রী-

কৃত। তন্নাতৎ।
মন্ত্রবিৎ (দ্), বিণ (মন্ত্র-বিদ্-কর্ত্তৃ -ক্বিপ্) মন্ত্রজ্ঞ। বি, পুং ; মন্ত্রী।
মন্ত্রভবন, বি, ক্লী ; মন্ত্রণা করিবার গৃহ।
মন্ত্রিত, বিণ (মন্ত্র-কর্ম্ম-ক্ত) যে বিষয়ের মন্ত্রণা করা হইয়াছে। বি, মন্ত্র, মন্ত্রণা।
মন্ত্রী, (ন্ত্রিন্), বি, পুং (মন্ত্র = মন্ত্রণা + ইন্, অস্ত্যর্থে) অমাত্য, পরামর্শদাতা।
মন্থ, বি, পুং (মন্থ্-করণ-অল্) মন্থনদণ্ড। (ঐ-ভাবে-) মন্থন।
মন্থজ, বি, ক্লী (মন্থ-জন্-কর্ত্তৃ-ড) নবনীত, ননি।
মন্থন, বি, ক্লী, (মন্থ্-ভাবে-অনট্) বিলোড়ন। পুং (ঐ-করণ) মন্থন-দণ্ড।
মন্থর, বিণ (ঐ-কর্ত্তৃ অরন্) ধীর। মন্দগামী।
মন্থরা, বি, স্ত্রী ; কৈকেয়ীর দাসী। বিণ ; মন্দগামিনী।
মন্থশৈল, বি, পুং ; যে পর্ব্বতদ্বারা সমুদ্র মন্থন হইয়াছিল, মন্দর পর্ব্বত। কর্ম্মধা।
মন্দ, বিণ (মন্দ-কর্ত্তৃ-অন্) অপকৃষ্ট। মৃদু। জড়, অলস। ধীর। অল্প। নীচ। অতীক্ষ্ণ। ক্ষীণ। অপটু। মূর্খ। বি, পুং ; শনিগ্রহ।
মন্দগামী (মিন্), বিণ (মন্দ-গম্ কর্ত্তৃ-ণিন্) ধীরগামী। স্ত্রী,-মিনী।
মন্দবুদ্ধি, বিণ ; জড়বুদ্ধি, নির্ব্বোধ। বহু।
মন্দভাগ্য, বিণ ; হতভাগ্য। মন্দ হইয়াছে ভাগ্য যাহার, বহু
মন্দ মন্দ, ক্রিবিণ ; অল্প অল্প।
মন্দর, বি, পুং (মন্দ্-কর্ত্তৃ-অরন্) পর্ব্বতবিং। মন্দার বৃক্ষ।
মন্দাকিনী, বি, স্ত্রী (মন্দ [মৃদু]-অক্ = গমনক্র-কর্ত্তৃ-ণিন্ + স্ত্রী-ঈপ্) স্বর্গ গঙ্গা।
মন্দাগ্নি, বি, পুং (মন্দ + অগ্নি) অগ্নিমান্দ্য, অপাক রোগ।
মন্দার, বি, পুং (মন্দ্-কর্ত্তৃ-আরন্) স্বর্গীয় দেবতরু বিং।
মন্দির, বি, ক্লী (মন্দ্-অধি-কির) গৃহ। দেবগৃহ। ভজনালয়।
মন্দীভূত, বিণ (মন্দ + চ্বি = মন্দী-ভূ-কর্ত্তৃ-ক্ত) যাহা কমিয়া গিয়াছে।
মন্দুরা, বি, স্ত্রী (মন্দ্-অধি-উর + স্ত্রীআপ্) অশ্বশালা, আস্তাবল।
মন্দোদরী, বি, স্ত্রী ; ক্ষীণোদরী স্ত্রী। মাদুর। রাবণমহিষী। মন্দ হইয়াছে উদর যাহার, বহু।
মন্দ্র, বিণ (মন্দ্-কর্ত্তৃ-র) গম্ভীর। বি, পুং ; গম্ভীর ধ্বনি।
মন্মথ, বি, পুং(মনস্-মথ-কর্ত্তৃ-অন্) কন্দর্প।

মন্যা, বি, স্ত্রী ; গ্রীবার পশ্চাদ্ভাগস্থ শিরা।

মন্যু, বি, পুং (মন্-কর্ম্ম-যু) শোক। দৈন্য। ক্রোধ। যজ্ঞ।

মন্বন্তর, বি, ক্লী (মনু+অন্তর) এক এক মনুর শাসন কাল, দেবতাদিগের ৭১ যুগ।

মফস্বল, (যা), বি ; ক্ষুদ্রগ্রাম।

মম, ব্য (পদ্যে) ; মদীয়, আমার।

মমতা, বি, স্ত্রী (মম [ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ]+তা, ভাবার্থে) আমার বলিয়া যে জ্ঞান, আত্মতুল্য স্নেহ।

মমত্ব, বি, ক্লী (মম+ত্ব, ভাবার্থে) 'মমতা' দেখ।

ময়, বি, পুং (ময়্-কর্ত্তৃ-অন্) উষ্ট্র। দানবশিল্পী।

ময়দা, (যা) গোধূমচূর্ণ।

ময়দান, (যা) ক্ষেত্র, মাঠ।

ময়রা, (প্রা), মোদক, মিষ্টান্নকার

ময়লা, (প্রা) বিণ ; মলিন।

ময়ূখ, বি, পুং (মি [ক্ষেপণক্র]-কর্ত্তৃ-উখ) কিরণ, দীপ্ত। শোভা।

ময়ূর, বি, পুং (ঐ-উর) শিখী। স্ত্রী,-রী।

মর, বি, পুং (মৃ-ভাবে-অল্) মরণ, মৃত্যু। বিণ (ঐ-কর্ত্তৃ-অন্) মরণশীল।

মরক, বি, পুং (মৃ-ভাবে-অক) মারী, মড়ক।

মরকত, বি, ক্লী (মরক-তৃ-কর্ত্তৃ-ড) হরিদ্বর্ণ মণি বিং।

মরণ, বি, ক্লী (মৃ-ভাবে-অনট্) মৃত্যু। বিণ, মৃত।

মরভূমি, বি, স্ত্রী ; নশ্বর সংসার।

মরাই, (প্রা) ধান্যাদি রাখিবার গোলা।

মরাল, বি, পুং (মৃ-কর্ত্তৃ-আল) হংস বিং। কজ্জল। মেঘ। বিণ; মসৃণ।

মরিচ, মরীচ, বি, ক্লী; গোলমরিচ।

মরিচা (প্রা) লৌহমল।

মরীচি, বি, পুং, স্ত্রী (মৃ=[এস্থলে অন্ধকার] নাশক্র-ঈচি) কিরণ। বি, পুং ; সপ্তর্ষির একজন।

মরীচিকা, বি, স্ত্রী ; মৃগতৃষ্ণা, সূর্য্যকিরণে জলভ্রম। মরীচি (কিরণ) বোধ হয় ক (জল) যথায়, বহু। 'মৃগতৃষ্ণা' দেখ।

মরীচিমালী (লিন্) বি, পুং (মরীচিমালা+ইন্, অস্ত্যর্থে) সূর্য্য।

মরু, বি, পুং (মৃ=[এস্থলে তৃণাদি] মরা-অধি-উ) জল ও তৃণাদি শূন্য প্রদেশ। পর্ব্বত।

মরুৎ, বি, পুং (মৃ-অপা-উৎ) পবন, বায়ু। দেবতা।

যে সময়ে পবনদেব দিতির গর্ভে জন্মগ্রহণ করেন, সেই সময়ে, ইন্দ্র বজ্র দ্বারা দিতির গর্ভ সপ্তখণ্ড করিলে গর্ভস্থ শিশু ক্রন্দন করিয়া উঠে। তখন ইন্দ্রদেব

পবনকে "মারোদীঃ"(অর্থাৎ কাঁদিওনা) এই কথা বলিয়াছিলেন, তজ্জন্য পবনের নাম মরুৎ।

মরুত্বান্, বি, পুং (মরুৎ+বতু) ইন্দ্র। হনুমান্। মেঘ।

মরুৎসখ, বি, পুং; অগ্নি। ইন্দ্র। ৬ষ্ঠীতৎ।

মরুদ্বীপ, মরুস্থান, বি, ক্লী; মরুভূমির মধ্যস্থ উর্ব্বর ভূখণ্ড। (Oasis).

মরুভু, মরুভূমি, বি, স্ত্রী (মরু=বালুকাময়+ভূ, ভূমি) বৃক্ষলতাদি শূন্য বালুকাময় ভূমি।

মর্কট, বি, পুং (মর্ক্-কর্ত্তৃ-অটন্) বানর। হাড়গিলা। মাকড়সা।

মর্জ্জি (যা) মৎলব। অভিপ্রায়।

মর্ত্ত, (মৃ-কর্ত্তৃ তন্)
মর্ত্ত্য (মর্ত্ত+ষ্ণ্য, স্বার্থে) বি, পুং; মনুষ্য। পৃথিবী।

মর্ত্ত্যলোক, বি,পুং; মনুষ্যলোক, পৃথিবী। ৬ষ্ঠীতৎ। [মর্দ্দন।

মর্দ্দ, বি, পুং (মৃদ্-ভাবে-অল্)
মর্দ্দন, বি, ক্লী (ঐ-অনট্) পেষণ। দলন। চূর্ণন। বিণ, -র্দ্দিত।

মর্দ্দল,বি,পুং;বাদ্য যন্ত্র বিং,মাদল।

মর্দ্দিত, বিণ, (মর্দ্দি-কর্ম্ম-ক্ত) দলিত। পিষ্ট। চূর্ণিত। বি,-র্দ্দ, -র্দ্দন।

মর্ম্ম (ন্) বি, ক্লী (মৃ-অপা-মন্) শরীরের সন্ধিস্থান। জীবনস্থান। তাৎপর্য্য।

মর্ম্মজ্ঞ, বিণ (মর্ম্মন্-জ্ঞা-কর্ত্তৃ-ড) তাৎপর্য্যগ্রাহী।

মর্ম্মভেদী (দিন্) বিণ (ঐ-ভিদ্ কর্ত্তৃ-গিন্) মর্ম্মপীড়ক। স্ত্রী, -দিনী।

মর্ম্মর, বি, পুং (মৃ-অরন্) শুষ্ক পত্রাদির মড় মড় শব্দ। প্রস্তর বিং, মার্ব্বেল পাথর।

মর্ম্মস্পর্শী (র্শিন্) বিণ, পুং (মর্ম্মন্-স্পৃশ্-কর্ত্তৃ-ণিন) মর্ম্মভেদী। স্ত্রী,-র্শিনী।

মর্ম্মস্পৃক্, (মর্ম্মন্-স্পৃশ্-কর্ত্তৃ-ক্বিপ্)
মর্ম্মাবিৎ, (ঐ-ব্যধ্-ক্বিপ্) বিণ; মর্ম্মভেদী।

মর্ম্মান্তিক,বিণ; মর্ম্মপীড়াদায়ক। মর্ম্মের অন্তিক, ৬ষ্ঠীতৎ। স্ত্রী, -কী।

মর্য্যাদা, বি, স্ত্রী (পরি-আ-দা-ভাবে-ঙ; প স্থানে ম) সৎপথে স্থিতি। সদাচার। সম্মান।

মর্ষ, বি, পুং (মৃষ-ভাবে-অল্)
মর্ষণ, বি,ক্লী(ঐ-অনট্) ক্ষমা। সহিষ্ণুতা। বিণ,-র্ষিত।

মর্ষিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) ক্ষান্ত। বি, ক্লী; ক্ষমা।

মল, বি, পুং, ক্লী (মৃজ্-কর্ম্ম-কল) বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মাদি।

শাদ, কাইট, মরিচা প্রভৃতি। পাপ। কলঙ্ক। (প্রা)স্ত্রীলোকের পাদাভরণ বিং।

মলন, বি, ক্লী (মল-ভাবে-অনট্) বিলেপন। মর্দ্দন।

মলম, (যা) ক্ষতাদি রোগের ঔষধ বিং।

মলমাস, বি, পুং; এক মাসের মধ্যে দুইটী অমাবস্যা হইলে তাহাকে মলমাস কহে।

মলয়, বি, পুং (মল্=[ধারণ কৃ]-কর্ত্তৃ-কয়ন্) চন্দনাদ্রি, পশ্চিমঘাট পর্ব্বত। মলবার দেশ

মলয়জ, বি, পুং (মলয়-জন্-কর্ত্তৃ-ড) চন্দন বৃক্ষ। মলয় পবন। ক্লী; চন্দন কাষ্ঠ। বিণ; মলয় জাত।

মলয় পবন, মলয় সমীর, মলয়ানিল } বি, পুং; বসন্ত কালীন বায়ু দক্ষিণ দিকের বাতাস। মলয়হইতে আগত যে পবন, সমীর বা অনিল, কর্ম্মধা।

মলিন, বিণ (মল+ইন, অস্ত্যর্থে) মলযুক্ত, ময়লা। বি,-নতা, মালিন্য।

{ মলিনতা, বি, স্ত্রী (মলিন+তা, ভাবার্থে) মলিনত্ব, বি, ক্লী (ঐ+ত্ব, ভাবার্থে) } মালিন্য।

মলিনিমা (মন্), বি, পুং (মলিন +ইমন্, ভাবার্থে) মলিনতা।

মলিনী, বিণ, স্ত্রী (মল+ইন্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) মলযুক্তা। বি, স্ত্রী; ঋতুমতী স্ত্রী।

মলিম্লুচ, বি, পুং (মলী-[মলযুক্ত অর্থাৎ পাপযুক্ত হইয়া] ম্লুচ্=গমন কৃ-কর্ত্তৃ-ক) চোর, অগ্নি। বায়ু। মলমাস।

মলীমস, বিণ (মল্-কর্ত্তৃ-ঈমস) মলিন।

মল্ল, বি, পুং (মল্ল্-কর্ত্তৃ-অন্) বাহু যোদ্ধা। পাত্র বিং, নারিকেলের মালা। দেশ বিং।

মল্লযুদ্ধ, বি, ক্লী; বাহুযুদ্ধ, হাতাহাতি। ৬ষ্ঠীতৎ।

মল্লার, বি, পুং; রাগ বিং।

মল্লি, মল্লী, বি, স্ত্রী (মল্ল্-কর্ত্তৃ-ই) মল্লিকা।

মল্লিক, (মল্লি+কণ্), মল্লিকাক্ষ, (মল্লিকা+অক্ষ) } বি, পুং; হংস বিং।

মল্লিকা, বি, স্ত্রী (মল্লি+কণ্, স্বার্থে+আপ্) পুষ্প বিং।

মশ, মশক, বি, পুং (মশ্=শব্দকৃ-কর্ত্তৃ-অন্, অক) মশা।

মশহরী, বি, স্ত্রী (মশ-হৃ-কর্ত্তৃ-ই+ঈপ্) মশারি।

মশান, (শ্মশান শব্দজ) প্রেত-ভূমি। শবদাহ স্থান।

মশাল, (যা) দীপ, স্থূলবর্ত্তিকাবিং।

মসি, মসী, বি, স্ত্রী (মস্-কর্ত্তৃ-ই) লিখিবার কালী।

মসিদ্, মসজিদ্, (যা) মুসলমান দিগের ধর্ম্মমন্দির।

মসিজীবী(বিন্), বিণ; লেখক, লিপিকর। স্ত্রী,-বিনী।

মসিধানী, বি, স্ত্রী; মস্যাধার, দোয়াত।

মসীনা, বি, স্ত্রী; তিসি।

মসুর, মস্থর, বি, পুং (মস্-উর, উর) মসুরী কলাই।

মসুরিকা, বি, স্ত্রী; বসন্ত রোগ।

মসৃণ, বিণ (মস্-কর্ম্ম-ঋণ) কোমল। স্নিগ্ধ, চক্‌চকে।

মস্কর, বি, পুং (মস্ক্-করণ-অর) বংশযষ্টি, বাঁশের লাঠি।

মস্করা, (প্রা) কৌতুক, পরিহাস।

মস্করী, বি, পুং (মস্কর+ইন্, অস্ত্যর্থে) ভিক্ষু।

মস্ত, বিণ; বৃহৎ, বড়। শ্রেষ্ঠ।

মস্ত, (মস্-কর্ত্তৃ-ক্ত) বি,
মস্তক, (মস্ত+কণ্, স্বার্থে) ক্লী; শিরঃ, মাথা।

মস্তিষ্ক, বি, ক্লী (মস্-ক্তি=মস্তি-মস্ক্-কর্ত্তৃ-অন্, নি) মাথার ঘি, মগজ। [মাত।

মস্তু, বি, ক্লী (মস্-তুন্) দধ্যাদির

মস্যাধার, বি, পুং (মসী+আধার) দোয়াত।

মহ, বি, পুং (মহ-অল্) উৎসব। যজ্ঞ। তেজঃ। বিণ; পূজনীয়।

মহতী, বিণ (মহৎ+স্ত্রীঈপ্) বৃহতী। শ্রেষ্ঠা। বি, স্ত্রী; নারদের বীণা।

মহৎ, বিণ, ত্রি (মহ-কর্ম্ম-অৎ) বৃহৎ। অধিক। প্রবল। শ্রেষ্ঠ। বি, মহত্ত্ব, মাহত্ম্য। পুং, মহান্। স্ত্রী, মহতী।

সাধারণতঃ এই শব্দটী যে শব্দের পূর্ব্বে ব্যবহৃত হয়, তাহার প্রাধান্য প্রকাশ করে; কিন্তু শঙ্খ, তৈল, মাংস প্রভৃতি নিম্নলিখিত শব্দগুলির পূর্ব্ববর্ত্তী হইলে বিপরীতার্থ বুঝাইয়া থাকে।—

"শঙ্খে তৈলে তথা মাংসে
বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে।
যাত্রায়াং পথি নিদ্রায়াং
মহচ্ছব্দো ন দীয়তে॥"

মহত্তর, বিণ (মহৎ+তর) অতিশয় মহৎ।

মহত্ত্ব, বি, ক্লী (মহৎ+ত্ব, ভাবার্থে) প্রাধান্য। শ্রেষ্ঠতা। ঔদার্য্য। বৃহত্ত্ব। বিণ, মহৎ।

মহনীয়, বিণ (মহ্-কর্ম্ম-অনীয়) পূজ্য।

মহর্ষি, বি, পুং; প্রধান ঋষি। মহান্ যে ঋষি, কর্ম্মধা।

মহাকায়, বিণ; প্রকাণ্ড শরীর বিশিষ্ট। মহান হইয়াছে কায় (শরীর) যার, বহু।

মহাকাল, বি, পুং; শিব। অনবচ্ছিন্ন কাল।

মহাকাব্য, বি, ক্লী ; অষ্টাধিক সর্গে বিভক্ত বৃহৎ কাব্য গ্রন্থ।
মহাগুরু, বি, পুং ; পিতা, মাতা, আচার্য্য ও পতি।
মহাজন,বি,পুং ; বিখ্যাত ধার্ম্মিক ব্যক্তি। উত্তমর্ণ, ঋণদাতা। বাণিজ্যব্যবসায়ী। মহান্ যে জন, কর্ম্মধা।
মহাতেজাঃ,বিণ (মহৎ+তেজস্) অতিশয় তেজস্বী। বহু।
মহাত্মা (ত্মন্), বিণ (মহৎ+আত্মন্ [মন, স্বভাব]) উদার স্বভাব। মহামনাঃ। বহু। বি, মাহাত্ম্য। [শিব।
মহাদেব, বি, পুং (মহৎ+দেব)
মহাদেশ, বি, পুং ; যে বিস্তীর্ণ ভূখণ্ডে অনেক দেশ আছে। কর্ম্মধা।
মহানস, বি, পুং, ক্লী (মহৎ-অনস্-অন্) রন্ধন গৃহ।
মহানাটক, বি, ক্লী ; হনুমান্ কর্ত্তৃক রচিত রামচরিত নাটকবিং
মহা নিদ্রা, বি, স্ত্রী ; মৃত্যু। মহতী যে নিদ্রা, কর্ম্মধা।
মহানিশা, বি, স্ত্রী ; মধ্যরাত্র।
মহানুভব,-ভাব, বিণ ; উদার স্বভাব, মহাত্মা। মহান্ হইয়াছে অনুভব বা অনুভাব (প্রভাব) যাঁহার, বহু।
মহাপথ, বি, পুং ; রাজপথ। হিমালয়োত্তরস্থ স্বর্গারোহণ পথ।
মহাপদ্ম, বি,পুং ; কুবেরের নিধি বিং। সংখ্যাবিং। নাগবিং।
মহাপাতক, বি, ক্লী ; ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুপত্নীগমন ও এইরূপ পাপীর সংসর্গ, এই পঞ্চবিধ পাপ।
মহাপাতকী, বিণ (মহাপাতক+ইন্,অস্ত্যর্থে) মহাপাতককারী
মহাপুরুষ, বি, পুং ; সাধু ব্যক্তি, শ্রেষ্ঠপুরুষ। মহান্ যে পুরুষ, কর্ম্মধা।
মহাপ্রভু, বি, পুং ; শ্রীভগবান্ গৌরাঙ্গ।
মহা প্রলয়, বি,পুং ; ব্রহ্মার দিবা-বসান,সমুদায় ব্রহ্মাণ্ডের ধ্বংস। কর্ম্মধা।
মহাপ্রসাদ, বি, পুং ; পাদোদক, নির্ম্মাল্য এবং দেবোদ্দেশে নিবেদিত দ্রব্য। কর্ম্মধা।
মহাপ্রস্থান, বি, ক্লী ; মহাযাত্রা, প্রাণত্যাগার্থ গমন।
মহাবল, বিণ ; অতিশয় বলশালী। মহৎ (অধিক) হইয়াছে বল যাহার, বহু।
মহাভাগ, বিণ ; অতিশয় ভাগ্য-বান্। দয়াদি অষ্টগুণযুক্ত। মহান্ হইয়াছে ভাগ (ভাগ্য) যাহার, বহু।
মহাভারত, বি, ক্লী ; বেদব্যাস

রচিত ভরত বংশীয় ইতিহাস-ঘটিত মহাকাব্য। (ভরত+অ, কৃতার্থে) অর্থাৎ ভরতকে অধিকার করিয়া যে গ্রন্থ কৃত হইয়াছে তাহার নাম ভারত; মহৎ যে ভারত ইতি মহাভারত, কর্ম্মধা। অথবা—

পূর্ব্বকালে দেবগণ বেদচতুষ্টয় ও ভারতের মধ্যে কাহার গুরুত্ব অধিক, ইহা অবগত হইবার নিমিত্ত একদিকে চারিবেদ ও অন্যদিকে ভারতকে রাখিয়া তুলাদণ্ডে ওজন করিয়াছিলেন। মন্ত্রযুক্ত চারিবেদ হইতে ভারতের গুরুত্ব অধিক হওয়ায় ভারত, মহাভারত নামে অভিহিত হইয়াছে। মহত্ত্ব ও ভারত্ব প্রযুক্ত ইহাকে মহাভারত বলে।

মহাভূত, বি, ক্লী; ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পঞ্চ। কর্ম্মধা।

মহামতি, বিণ; অতিশয় বুদ্ধিমান্। মহাত্মা। মহতী হইয়াছে মতি যাহার, বহু।

মহামনাঃ (নস্) বিণ; উদারচিত্ত, মহাত্মা। মহৎ হইয়াছে মনঃ যাহার, বহু।

মহামহিম, বিণ; অতিশয় মহিমান্বিত। বহু।

মহামাংস, বি, ক্লী; নরমাংস।

মহামাত্র, বি, পুং (মহতী+মাত্রা) রাজ মন্ত্রী। রাজ্যের প্রধান প্রধান কর্ম্মকর্ত্তা।

মহামায়া, বি, স্ত্রী; দুর্গা। সংসার-ভ্রম। মহতী যে মায়া, কর্ম্মধা।

মহামোহ, বি, পুং; বিষয়-বাসনা-রূপ অজ্ঞান।

মহাযজ্ঞ, বি, পুং; বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি ও অতিথিপূজা, এই পঞ্চবিধ। মহান্ যে যজ্ঞ, কর্ম্মধা।

মহাযাত্রা, বি, স্ত্রী প্রাণত্যাগার্থ গমন।

মহারজত, বি, ক্লী; স্বর্ণ। কর্ম্মধা।

মহারথ, বি, পুং; যে ব্যক্তি অস্ত্র-বিদ্যায় নিপুণ এবং একাকী দশহাজার যোদ্ধার সহিত যুদ্ধ করিতে সমর্থ। মহান্ হইয়াছে রথ যাহার, বহু।

মহারাজ, বি, পুং; সম্রাট্। মহান্ যে রাজা, কর্ম্মধা।

মহারাজাধিরাজ, বি, পুং; সার্ব্বভৌম, রাজচক্রবর্ত্তী। মহারাজগণেরও অধিরাজ, ৬ষ্ঠীতৎ।

মহারাষ্ট্র বি, পুং; মারহাট্টা দেশ। মহৎ যে রাষ্ট্র (রাজ্য), কর্ম্মধা।

মহার্ঘ, মহার্হ, বিণ; মহামূল্য, আক্রা। মহৎ (অধিক) হইয়াছে অর্ঘ বা অর্হ (মূল্য) যাহার, বহু।

"যাঁহারা, বিবিধ মহার্হ বিদ্যার"
(প্রভাত চিন্তা)।

মহালক্ষ্মী, বি, স্ত্রী; দেবী বিং। মহতী যে লক্ষ্মী, কর্ম্মধা।

মহালয়া, বি,স্ত্রী ; আশ্বিন মাসের অমাবস্যা।

মহাবাক্য, বি, ক্লী ; ব্রহ্ম প্রতিপাদক বাক্য। মহৎ যে বাক্য, কর্ম্মধা। [দেখ।

মহাবিদ্যা, বি, স্ত্রী ; 'দশমহাবিদ্যা'

মহাবিষুব, বি,ক্লী ; মেষ রাশিতে রবির সংক্রমণ।

মহাবীর, বি, পুং ; মহাবল পরাক্রান্ত ব্যক্তি। মহান্ যে বীর (শূর), কর্ম্মধা। [রোগ।

মহাব্যাধি, বি, পুং ; কুষ্ঠপ্রভৃতি

মহাব্রত, বি, ক্লী ; যজ্ঞ বিং।

মহাশঙ্খ, বি ; নরকপাল, মড়ার মাথা। কুবেরের নিধি বিং। সংখ্যা বিং।

মহাশয়, বিণ ; মহাত্মা। উদারচেতা। মহৎ হইয়াছে আশয় (মন বা অভিপ্রায়) যাহার, বহু। স্ত্রী,-য়া।

মহাশূদ্র, বি, পুং ; গোপ, গোয়ালা। স্ত্রী,-দ্রী।

মহাশ্বেতা, বি, স্ত্রী ; সরস্বতী। মহৎ (অধিক) হইয়াছে শ্বেত (শুক্লবর্ণ) যাঁহার, বহু।

মহাষ্টমী, বি,স্ত্রী ; আশ্বিনী শুক্লাষ্টমী। কর্ম্মধা।

মহাসেন, বি, পুং (মহতী+সেনা) কার্ত্তিকেয়। বহু।

মহিকা, বি, স্ত্রী (মহ্-কর্ম্ম-অক +আপ্) হিম।

মহিত, বিণ (ঐ-ক্ত) পূজিত।

মহিমা (মন্), বি, পুং (মহৎ+ইমন্, ভাবার্থে) মাহাত্ম্য, গৌরব। [আপ্) নারী।

মহিলা, বি, স্ত্রী (মহ্-কর্ম্ম-ইল+

মহিষ, বি, পুং (মহ্-করণ-টিষচ্) প্রসিদ্ধ পশু। স্ত্রী,-ষী।

মহিষমর্দ্দিনী, বি, স্ত্রী (মহিষ+মর্দ্দিনী=বিনাশকর্ত্রী) মহিষাসুর বিনাশিনী, দুর্গা।

মহিষী, বি, স্ত্রী ; কৃতাভিষেকা রাজ্ঞী। [পৃথিবী।

মহী, বি, স্ত্রী (মহ্-কর্ম্ম-ই)

মহীক্ষিৎ, বি, পুং (মহী-ক্ষি-কর্ত্তৃ-ক্বিপ্) রাজা।

মহীধর, বি, পুং ; ভূধর, পর্ব্বত।

মহীধ্র, বি, পুং (মহী-ধৃ-কর্ত্তৃ-ক) পর্ব্বত। [রাজা। ৬ষ্ঠীতৎ।

মহীপতি, মহীপাল, বি, পুং ;

মহীভৃৎ, বি, পুং (মহী-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্) পর্ব্বত। রাজা।

মহীয়সী, বিণ, স্ত্রী ; "মহীয়ান্" দেখ।

মহীয়ান্(য়স্) বিণ, পুং (মহৎ+ঈয়সু, অত্যর্থে) অতিমহৎ। স্ত্রী,-য়সী। [ক) বৃক্ষ।

মহীরুহ, বি, পুং (মহী-রুহ্-কর্ত্তৃ-

মহীলতা, বি, স্ত্রী ; কিঞ্চুলুক, কেঁচো।

মহীসুত, বি, পুং ; মঙ্গল গ্রহ। নরকাসুর।

মহেন্দ্র, বি, পুং (মহৎ+ইন্দ্র) ইন্দ্র। কর্ম্মধা। পর্ব্বত বিং। স্ত্রী,-ন্দ্রাণী।

মহেন্দ্রাণী, বি, স্ত্রী (মহেন্দ্র+স্ত্রী আনী) ইন্দ্রপত্নী শচী।

মহেশ, মহেশ্বর, বি, পুং (মহৎ+ঈশ, ঈশ্বর) শিব। কর্ম্মধা। স্ত্রী,-শী,-রী।

মহেষ্বাস, বিণ ; মহাধনুর্দ্ধর। মহান্ হইয়াছে ইষ্বাস (ধনু) যাহার, বহু।

মহোক্ষ, বি, পুং (মহৎ+উক্ষন্) মহাবৃষ। কর্ম্মধা।

মহোৎসব, বি, পুং (মহৎ+উৎসব) মহানন্দজনক ব্যাপার। কর্ম্মধা।

মহোদয়, বিণ, অতি সমৃদ্ধ। অত্যুন্নত। মহাশয়। মহৎ হইয়াছে উদয় যাহার, বহু। স্ত্রী,-য়া। বি, পুং ; আধিপত্য। মুক্তি।

মহোরগ, বি, পুং (মহান্+উরগ) বৃহৎসর্প। কর্ম্মধা।

মহৌজাঃ (জস্), বিণ ; মহা তেজস্বী। মহাবল। মহৎ হইয়াছে ওজঃ যাহার, বহু।

মহৌষধ, বি, ক্লী ; উত্তম ঔষধ। মহৎ যে ঔষধ, কর্ম্মধা।

মহৌষধি(ধী), বি, স্ত্রী ; রাত্রি কালে দীপ্তিশীল তৃণলতাদি। দুর্ব্বা। মহতী যে ওষধি, কর্ম্মধা।

মা, বি, স্ত্রী (মা-কর্ত্তৃ-কিপ্) মাতা। লক্ষ্মী।

মাই, (প্রা) পয়োধর, স্তন।

মাইজ, (প্রা) মজ্জা, গাছের সার অংশ।

মাংস, বি, ক্লী (মন-কর্ম্ম-স) শরীরাংশ বিং, পিশিত।

মাংসপেশী, বি, স্ত্রী ; যে যন্ত্রদ্বারা ইচ্ছামত দেহের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালনক্রিয়া সমাধা হয়।

মাংসভোজী, বিণ; মাংস ভক্ষক।

মাংসল, বিণ (মাংস্+ল,অস্ত্যর্থে) পুষ্ট, মোটা।

মাংসাশী(শিন্), বিণ (মাংস-অশ্-কর্ত্তৃ-ণিন) মাংস ভোজী। স্ত্রী,-শিনী।

মাকড়, মাকড়সা, (প্রা) ঊর্ণনাভ, লূতা।

মাকন্দ, বি, পুং ; আম্রবৃক্ষ। চন্দনবৃক্ষ। ক্লী ; আম্রফল।

মাকাল, (প্রা) মহাকাল বৃক্ষ ও তাহার ফল। [তুরী।

মাকু, (প্রা) ; বস্ত্রবয়ন যন্ত্র বিং,

মাক্ষিক, বি, ক্লী (মক্ষিকা+ষ্ণ) মধু। উপধাতু বিং।

মাখন, (প্রা) নবনীত, ননী।

মাগধ, বিণ (মগধ+ষ্ণ, ভবার্থে)

মগধদেশ জাত। বি,পুং; স্তুতি পাঠক, ভাট।
মাগধী, বি, স্ত্রী; যূথিকা, যুঁই-ফুল। ছোট এলাইচ।
মাগন (প্রা) যাচন, চাহন।
মাঘ, বি, পুং (মাঘী+ষ্ণ) মাস বিং। শিশুপাল বধ কাব্য-প্রণেতা কবি।
মাঙ্গল্য, মাঙ্গলিক, বিণ (মঙ্গল+ষ্ণ্য, ষ্ণিক) মঙ্গলজনক। স্ত্রী, -ল্যা,-কী।
মাছ (প্রা) মীন, মৎস্য।
মাছি (প্রা) কীট বিং।
মাজন, (প্রা) মার্জ্জিত করণ।
মাঝ, (প্রা) মধ্যস্থল, ভিতর।
মাঝি, (প্রা) নাবিক, কর্ণধার।
মাঞ্জিষ্ঠ, বিণ (মঞ্জিষ্ঠা+ষ্ণ) রক্তবর্ণ।
মাটি, (প্রা) মৃত্তিকা, ভূমি।
মাঠ, (প্রা) প্রান্তর, ময়দান। গোচারণ-স্থান। বিণ, মেঠো।
মাঠা, (প্রা) তক্র, ঘোল।
মাড়, (প্রা) তণ্ডুলাদির কাথ, ফেন।
মাড়ন, (প্রা) মর্দ্দন, পেষণ।
মাড়ান, (প্রা) পদদ্বারা দলন।
মাঢ়ী, বি, স্ত্রী; দন্তমূল।
মাণক, বি, পুং; মানকচু।
মাণবক,বি,পুং; বালক। কুমার।
মাণিক্য, বি, ক্লী (মণি-কৈ-কর্ত্তৃ-ড+ষ্ণ্য) রত্ন বিং, মণি।
মাণ্ডবী, বি, স্ত্রী; রামানুজ ভরতের পত্নী।
মাণ্ডব্য, বি, পুং; ঋষি বিং।
মাতঙ্গ, বি, পুং (মতঙ্গ+ষ্ণ) হস্তী। চণ্ডাল। স্ত্রী,-ঙ্গী।
মাতঙ্গী, বি, স্ত্রী; দেবী বিং। হস্তিনী।
মাতন, (প্রা) মত্ত হওন।
মাতরিশ্ব (শ্বন্), বি,পুং; বায়ু।
মাতলি, বি, পুং (মতল+ষ্ণি, অপত্যার্থে) ইন্দ্রের সারথি।
মাতা, (তৃ) বি, স্ত্রী (মান্=পূজাক্ত-তৃন্) যিনি পূজিত হন, অথবা (মা=পরিমাণ ক্ত-কর্ত্তৃ-তৃন্) যিনি পরিমাণ করেন অর্থাৎ পূর্ব্বে মাতা গৃহের সমস্ত দ্রব্য পরিমাণ করিতেন এই অর্থে, জননী, মা। সপ্তমাতা; যথা—জননী, গুরুপত্নী,ব্রাহ্মণী, রাজপত্নী,গাভী, ধাত্রী, পৃথিবী।

"আদৌমাতা গুরোঃ পত্নী
ব্রাহ্মণী রাজপত্নিকা।
ধেনুর্ধাত্রীতথা পৃথ্বী
সপ্তৈতা মাতরঃ স্মৃতাঃ॥" চাণক্য

বিণ; পরিমাণ কর্ত্তা।
মাতাপিতা, বি, পুং; জনক জননী, মা-বাপ। দ্বন্দ্ব।
মাতা পিতৃহীন, বিণ; যাহার মা বাপ মরিয়া গিয়াছে। মাতা

ও পিতা ইতি মাতাপিতা, দ্বন্দ্ব, তাহার দ্বারা হীন, ৭ম্যাতৎ।

মাতামহ, বি, পুং (মাতৃ+ডামহ, তৎ পিতার্থে) মাতার পিতা। স্ত্রী,-হী।

মাতামহী, বি, স্ত্রী (মাতামহ+ঈপ্, পত্নী অর্থে) মাতার মাতা।

মাতাল, (প্রা) বিণ ; সুরাপায়ী, মত্ত। বি, মাতলামি।

মাতুল, বি, পুং (মাতৃ+ডুল, তদ্ ভ্রাতার্থে) মাতার ভ্রাতা। স্ত্রী,-লানী,-লা,-লী।

মাতৃক, বিণ (মাতৃ+কণ্) মাতৃসম্বন্ধীয়।

মাতৃকা, বি, স্ত্রী (মাতৃ+কণ্ +স্ত্রা আপ্) মাতা। ধাত্রী। অ আ ক খ প্রভৃতি বর্ণ। গৌরী প্রভৃতি ষোড়শ দেবী।

মাতৃবন্ধু, বি, পুং; মাতার মামাতো ভাই, মাতার মাসতুত ভাই এবং মাতার পিসতুত ভাই।

মাতৃবান্ধব, বি, পুং ; মাতামহী, মাতামহ, মাতুল, মাতুলপুত্র ও মাতামহের সহোদর।

মাতৃষ্বসা, মাতুঃষ্ব (স্ব) সা, বি, স্ত্রী (মাতৃ=মাতা+স্বসৃ=ভগিনী) মাতার ভগিনী, মাসী। ৬ষ্ঠীতৎ।

মাতৃষ্বস্রীয়, বি, পুং (মাতৃষ্বসৃ +ঈয়, অপত্যার্থে) মাসীরপুত্র

মাতোয়ারা, (প্রা) বিণ ; মত্ত।

মাত্র, বি, ক্লী (মা-ভাবে-ত্র) কেবল। অবধারণ। সাকল্য। বাঙ্গালায় এই পদটি অব্যয়, সাধারণতঃ বিশেষণরূপে ব্যবহৃত হয়।

মাত্রা, বি, স্ত্রী ; পরিমাণ। অংশ। অক্ষরাবয়ব। বর্ণের উচ্চারণ কাল। ধন। ইন্দ্রিয়।

মাত্রাস্পর্শ, বি, পুং ; রূপরসাদি বিষয়ের সহিত ইন্দ্রিয় সংযোগ।

মাৎসর্য্য, বি, ক্লী (মৎসর+ষ্ণ্য) পরশ্রীকাতরতা। দ্বেষ। অহঙ্কার

মাথট, (প্রা) চাঁদা। মাথাপ্রতি সংগৃহীত অর্থাদি।

মাথা, (প্রা) মস্তক, শির।

মাথুর, বিণ (মথুরা+ষ্ণ) মথুরা সম্বন্ধীয়।

মাদক, বিণ (মাদি-কর্তৃ-ণক) মত্ততা কারক।

মাদল, বি, পুং ; বাদ্য যন্ত্র, মৃদঙ্গ।

মাদুর, (প্রা) তৃণাদি নির্ম্মিত আসন বিং, পাটি।

মাদৃক্ (শ্), (অস্মদ্-দৃশ্-কর্ম্ম-ক্বিপ্)
মাদৃশ, (ঐ-টক্) বিণ, ত্রি ; মৎ সদৃশ, আমার মত।

মাদ্রী, বি, স্ত্রী (মদ্র+ষ্ণ, অপত্যার্থে+স্ত্রী ঈপ্) নকুল সহদেবের মাতা।

মাধব, বি, পুং ; বিষ্ণু। মার

(লক্ষ্মীর) ধব (পতি), ৬ষ্ঠীতৎ। (মধু+ষ্ণ) বসন্তকাল। বৈশাখ মাস।

মাধবী, বি, স্ত্রী (মধু+ষ্ণ+স্ত্রী ঈপ্) লতা বিং।

মাধুরী, বি, স্ত্রী (মধুর+ষ্ণ, ভাবার্থে+স্ত্রী ঈপ্) মধুরতা, মিষ্টতা। সৌন্দর্য্য। বিণ, মধুর।

মাধুর্য্য, বি, ক্লী (মধুর+ষ্ণ্য, ভাবার্থে) "মাধুরী" দেখ।

মাধ্যন্দিন,বি,ক্লী (মধ্যন্দিন+ষ্ণ স্বার্থে) মধ্যাহ্ন।

মাধ্যাকর্ষণ, বি, ক্লী; পৃথিবীর যে আকর্ষণশক্তি প্রযুক্ত বায়ুতে উৎক্ষিপ্ত বস্তু সকল ভূতলে পতিত হয়। এই আকর্ষণ পৃথিবীর কেন্দ্র অর্থাৎ মধ্যদিকে হয় বলিয়া ইহার নাম মাধ্যাকর্ষণ (Gravitation)।

মাধ্বী,বি,স্ত্রী (মধু+ষ্ণ+ঈপ্) মধু হইতে উৎপন্ন মদিরা।

মাধ্বীক, বি,ক্লী(মাধ্বী+কণ্) মধুজাত মদ্য। মধু।

মান, বি, ক্লী (মা-ভাবে-অনট্) পরিমাণ। (ঐ-করণ) যাহা দ্বারা মাপ বা ওজন করা যায়, দণ্ডাদি। পুং; (মান্-ভাবে-অল্) সম্মান। (মন-ভাবে-ঘঞ্) অভিমান। কোপ। (প্রা) কচু বিং।

মানৎ, (প্রা)বি; দান। দেবতাদির উদ্দেশ্যে অঙ্গীকার। মাননা।

"পৌরাণিক ছবির ভাব আমাদিগের জাতীয় জীবনের বহু তপস্যা, বহু কৃচ্ছ্র সাধন,বহু উপবাস, বহু মানৎ ও বহু সম্ভ্রমের সঙ্গে বিজড়িত,"

(দীনেশচন্দ্র সেন)।

মানদণ্ড, বি,পুং; পরিমাণ দণ্ড। ৬ষ্ঠী তৎ।

মাননীয়, বিণ (মান্-কর্ম্ম-অনীয়; সম্মানার্হ, মান্য। স্ত্রী,-য়া।

মানমন্দির, বি, ক্লী; যে স্থান হইতে গ্রহ নক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করা যায়। (Observatory)।

মানব, বি, পুং (মনু+ষ্ণ, অপত্যার্থে) মনুষ্য। স্ত্রী,-বী।

মানবী, বি, স্ত্রী (মানব+স্ত্রী ঈপ্) নারী।

মানবীয়, বিণ (মানব+ণীয়) মনুষ্য সম্বন্ধীয়।

মানস, বি, ক্লী (মনস্+ষ্ণ, স্বার্থে) চিত্ত, মনঃ। তিব্বতের অন্তর্গত সরোবর বিং। বিণ; মনঃ সম্বন্ধীয়। স্ত্রী,-সী।

মানস সরোবর, বি,পুং; 'মানস' দেখ।

মানসিক, বিণ (মনস্+ষ্ণিক) মনোগত, আন্তরিক।

মানা, (প্রা) বারণ, নিষেধ।

মানান, (প্রা) প্রবোধ দেওন,

স্বীকার করান।
মানিত, বিণ (মান্-কর্ম্ম-ক্ত) সম্মানিত।
মানী (নিন্) বিণ (মান+ইন, অস্ত্যর্থে) সম্ভ্রান্ত। অভিমানী। স্ত্রী,-নিনী।
মানুষ, বি, পুং (মনু + ষ্ণ, অপত্যার্থে, ষ আগম) মনুষ্য। স্ত্রী,-ষী।
মান্দাস, (প্রা) ভেলা, প্লব।
মান্দ্য, বি, ক্লী (মন্দ+ষ্ণ্য) অল্পতা। আলস্য।
মান্ধাতা, বি, পুং (মাং-ধে-কর্ত্তৃ-তৃন্) সূর্য্যবংশীয় নৃপ বি°।
মান্য, বিণ (মান্-কর্ম্ম-ঘ্যণ্) মাননীয়। স্ত্রী,-ন্যা। [ক্ষমা।
মাপ, (প্রা) ওজন, পরিমাণ।
মামক, বিণ (অস্মদ্+ষ্ণ) মৎ সম্বন্ধীয়। বি, পুং; মাতুল।
মামলা, (যা) মোকদ্দমা।
মামা, (প্রা) মাতুল। স্ত্রী,-মী।
মায়া, বি, স্ত্রী (মা-করণ-য+স্ত্রী আপ্) কপটতা। ইন্দ্রজাল। অবিদ্যা। [বাজিকর।
মায়াকর, বিণ (মায়া-কৃ-কর্ত্তৃ-ট)
মায়াবান্, বিণ (মায়া+বতু, অস্ত্যর্থে) মায়াবিশিষ্ট। স্ত্রী,-বতী।
মায়াবিনী বিণ, স্ত্রী (মায়া+বিন্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) মায়াকারিণী। পুং,-বী।
মায়াবী(বিন্), বিণ, পুং (মায়া+বিন্, অস্ত্যর্থে) কুহকী। কপটাচারী। স্ত্রী,-বিনী।
মায়াসীতা, বি, স্ত্রী; মায়া বলে রচিত সীতার প্রতিমূর্ত্তি।
মায়ু, বি, পুং (মি-কর্ত্তৃ-উণ্) দেহস্থ পিত্ত।
মায়ূর, বি, ক্লী (ময়ূর+ষ্ণ, সমূহার্থে) ময়ূর সমূহ। বিণ; ময়ূর সম্বন্ধীয়।
মার, বি, পুং (মারি-কর্ত্তৃ-অন্) কন্দর্প। (মৃ-ভাবে-ঘঞ্)মরণ।
মারণ, বি, ক্লী (মারি-ভাবে-অনট্) হত্যা, বধ।
মারাত্মক, বিণ (মার+আত্মন্+কণ্) সাংঘাতিক। প্রাণনাশক। স্ত্রী,-ত্মিকা।
মারি, মারী, বি, স্ত্রী (মারি-ভাবে-ই) জনক্ষয়, মড়ক।
মারিষ, বি, পুং (মা-রিষ্-অন্) (নাট্যে) মান্যব্যক্তি।
মারীচ, বি, পুং; রাক্ষস বিং। কশ্যপমুনি।
মারুত, বি, পুং (মরুৎ+ষ্ণ, স্বার্থে) বায়ু।
মারুতি, বি,পুং (মরুৎ=বায়ু+ষ্ণি, অপত্যার্থে) হনূমান্। ভীম।
মার্কণ্ড, মার্কণ্ডেয়, বি, পুং (মৃকণ্ডু

+ষ্ণ, ষ্ণেয়, অপত্যার্থে) মুনি বিং।

মার্গ, বি, পুং (মৃজ্-কর্ম্ম-ঘঞ্) পথ, রাস্তা। (মার্গ্-ভাবে-অল্) অন্বেষণ। (মৃগ+ষ্ণ) অগ্রহায়ণ মাস।

মার্গণ, বি, ক্লী (মার্গ-ভাবে-অনট্) অন্বেষণ। যাচ্ঞা। [মাস।

মার্গশীর্ষ, বি, পুং ; অগ্রহায়ণ

{ মার্জ্জন, বি, ক্লী(মার্জ্জ-ভাবে-অনট্)
মার্জ্জনা, বি, স্ত্রী(ঐ-অন+স্ত্রীআপ্) পরিষ্করণ, মাজা। ক্ষমা। বিণ,-র্জ্জিত।

মার্জ্জনী, বি, স্ত্রী (মার্জ্জ-করণ-অনট্+স্ত্রীঈপ্) খেঙরা, ঝাঁটা।

মার্জ্জনীয়, বিণ (মার্জ্জ-অনীয়) মার্জ্জনার যোগ্য।

মার্জ্জার, বি, পুং (মৃজ্-কর্তৃ-আরন্) বিড়াল। খট্টাশ। স্ত্রী,-রী।

মার্জ্জিত, বিণ (মার্জ্জ্-কর্ম্ম-ক্ত) পরিষ্কৃত। নির্দ্দোষীকৃত।

মার্ত্তণ্ড, বি, পুং (মৃতণ্ড+ষ্ণ) সূর্য্য।

মার্দ্দব, বি, ক্লী (মৃদু+ষ্ণ, ভাবার্থে) মৃদুতা, কোমলতা।

মার্ষ্টি, বি, স্ত্রী (মৃজ্-ভাবে-ক্তি) মার্জ্জন।

মাল, বি, ক্লী ; উন্নত ক্ষেত্র। পুং ; জাতি বিং। (প্রা) বাণিজ্য দ্রব্য।

মালক, বি, ক্লী ; নারিকেলের মালা। পুং ; নিম্ববৃক্ষ।

মালগুজারি, (প্রা) খাজানা।

মালঞ্চ, (প্রা) পুষ্পোদ্যান, পুষ্পবাটিকা।

মালতী, বি, স্ত্রী (মা=[লক্ষ্মী বা শোভা] লত্=বেষ্টনকৃ-অল্+স্ত্রী ঈপ্) জাতীলতা। মালতী পুষ্প। ছন্দো বিং।

মালতীমাধব, বি, পুং ; ভবভূতি প্রণীত নাটক বিং।

মালব, বি, পুং (মাল-বা-কর্ত্তৃ-ড) অবন্তিদেশ। রাগ বিং।

মালা, বি, স্ত্রী (মা=দীপ্তি-লা-গ্রহণকৃ-ড+স্ত্রীআপ্) মাল্য। শ্রেণী, সারি। সমূহ।

মালাই, (প্রা) দধি ও দুগ্ধের সর।

মালাকার, বিণ (মালা-কৃ-কর্ত্তৃ-ষণ্) মালা প্রস্তুতকারী। বি, পুং ; মালী জাতি।

মালিকা, বি, স্ত্রী (মালা+কণ্+স্ত্রীআপ্) মালা। মল্লিকা।

মালিনী, বিণ, স্ত্রী (মালা+ইন্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) মাল্যযুক্তা। বি, মাল্যকার-স্ত্রী।

মালিন্য, বি, ক্লী (মলিন+ষ্ণ্য, ভাবার্থে) মলিনতা, ময়লা।

মালী, বিণ, পুং (মালা+ইন্)

মালাযুক্ত। বি ; মাল্যকার। স্ত্রী,-লিনী।

মালোপমা,বি,স্ত্রী (মালা + উপমা) যে স্থলে এক উপমেয়ের বহু উপমান দেখা যায়।

মাল্য, বি, ক্লী (মালা + ষ্ণ্য) পুষ্পমালা। মালা।

মাল্যবান্, বি, পুং ; পর্ব্বত বিং।

মালসাট্, (প্রা) গর্ব্ব, দম্ভ।

মাষ(স), বি, পুং (মষ্-কর্ত্তৃ-ঘঞ্) মাষকলায়। পরিমাণবিং,মাষা।

মাঃ(স্), বি, পুং (মা = দীপ্তি-অস-কর্ত্তৃ-ক্বিপ্) চন্দ্র।

মাস, বি, পুং (ঐ-অন্) উভয় পক্ষাত্মক কাল।

মাসান্ত, বি, পুং ; সংক্রান্তি। অমাবস্যা।

মাসিক, বিণ (মাস + ষ্ণিক) মাসে মাসে কর্ত্তব্য বা দেয়।

মাসী, (প্রা) মাতার ভগিনী।

মাসুল, (যা) খাজানা, কর।

মাসড়া, (প্রা) মাসিক বেতন।

মাস্তুল,(প্রা)জাহাজাদির উপরিস্থ উচ্চ স্তম্ভ। গুণবৃক্ষ।

মাহাত্ম্য,বি, ক্লী (মহাত্মন্[মহাত্মা] + ষ্ণ্য, ভাবার্থে) মহিমা। গৌরব।

মাহিয়ানা (যা) মাসিক বেতন।

মাহিষ, বিণ (মহিষ + ষ্ণ) মহিষ সম্বন্ধীয়।

মাহিষ্মতী, বি, স্ত্রী ; নর্ম্মদাতীরস্থ নগর বিং, রাজা শিশুপালের নগরী।

মাহুত, (প্রা) হস্তিপরিচালক।

মাহেন্দ্র, বিণ (মহেন্দ্র + ষ্ণ, ইদমর্থে) ইন্দ্র সম্বন্ধীয়। বি, পুং ; শুভযোগ বিং। স্ত্রী,-ন্দ্রী।

মিছরী, (প্রা) গুড় বিকার বিং।

মিছা, (প্রা) বিণ ; মিথ্যা. অলীক।

মিটন, মিটান, (প্রা) নিষ্পত্তি করণ, চুকান।

মিঠা (প্রা) বিণ ; মিষ্ট।

মিঠাই, (প্রা) বি ; মিষ্টদ্রব্য।

মিত, বিণ (মা = (পরিমাণকর]-কর্ম্ম -ক্ত) পরিমিত। অল্প। সঞ্চিত। জ্ঞাত। বি,-তি।

মিতভাষী(ষিন্), বিণ (মিত = অল্প -ভাষ্-কর্ত্তৃ-ণিন্) যে অল্প কথা বলে। স্ত্রী,-ষিণী।

মিতম্পচ, বিণ (মিত-পচ্-কর্ত্তৃ-খশ) ব্যয়কুণ্ঠ, কৃপণ।

মিতব্যয়ী, বিণ (মিত = [পরিমিত] + ব্যয়ী) পরিমিত ব্যয়ী।

মিতা, (প্রা) মিত্র, সখা।

মিতাচার, বি, পুং ; ন্যায়াচার।

মিতি, বি, স্ত্রী (মা-ভাবে-ক্তি) পরিমাণ। জ্ঞান।

মিত্র, বি, ক্লী (মিদ্[স্নেহকর]-কর্ত্তৃ-ক্র) সুহৃৎ, বন্ধু। "সখা"

দেখ। পুং; সূর্য্য।
মিত্রতা, বি, স্ত্রী (মিত্র+তা, ভাবার্থে) বন্ধুতা।
মিত্রাক্ষর, বি, ক্লী; যে পদ্যের চরণে চরণে মিল থাকে।
মিথঃ(স্), ব্য, (মিথ্-ভাবে-অস্) পরস্পর। গোপনে।
মিথিলা, বি, স্ত্রী (মিথি+ল+স্ত্রীআপ্) জনক রাজারপুরী, ত্রিহুত।

মিথি রাজা স্বয়ং এই নগরী নির্ম্মাণ করেন বলিয়া তদীয় নামানুসারে মিথিলা নাম হইয়াছে। নগরের জনন-শক্তি হেতু পরে তিনি জনক নামে বিখ্যাত হন।

মিথুন, বি, ক্লী (মিথ্-কর্ত্তৃ-উনক্) স্ত্রীপুরুষ। দ্বাদশ রাশির ৩য় রাশি।
মিথ্যা, ব্য (মিথ্-কর্ম্ম-ক্যপ্+স্ত্রীআপ্) অসত্য,অলীক,মিছা।
মিথ্যাদৃষ্টি, বি, স্ত্রী; নাস্তিকতা।
মিথ্যাবাদী(দিন্), বিণ (মিথ্যা-বদ্-কর্ত্তৃ-ণিন্) যে মিছা কথা বলে। স্ত্রী,-দিনী।
মিনতি, (প্রা, পদ্যে) বিনয়। প্রার্থনা। [বিশিষ্ট
মিন্মিন, বিণ; সানুনাসিক বাক্য
মিলন, বি, ক্লী (মিল্-ভাবে-অনট্) মিশ্রণ। একত্র হওয়া। বিণ,-লিত।
মিলিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) মিশ্রিত। একত্রীভূত। বি,-লন।
মিশন, (প্রা) মিলন।
মিশান, (প্রা) মিলান, একত্রকরণ
মিশ্র, বিণ (মিশ্র-কর্ত্তৃ-অন্) মিলিত। (শব্দের পরবর্ত্তী হইলে) মান্য। শ্রেষ্ঠ।
মিশ্রণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) মিলন, সংযোগ। বিণ,-শ্রিত।
মিশ্রিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) মিলিত, সংযুক্ত। বি,-শ্রণ।
মিষ, বি, ক্লী (মিষ্-ক) সেচন।
মিষ্ট, বিণ (মিষ্-কর্ম্ম-ক্ত) মধুর, সুস্বাদু। বি,-তা।
মিষ্টতা, বি, স্ত্রী (মিষ্ট+তা, ভাবার্থে) মধুরতা।
মিষ্টান্ন, বি, ক্লী; মধুর দ্রব্য।
মিহি, (প্রা) বিণ; সূক্ষ্ম, চিকণ।
মিহিকা, বি, স্ত্রী (মিহ্-কর্ত্তৃ-অক+স্ত্রীআপ্) হিম।
মিহির, বি,পুং (মিহ্=[কিরণ] সেচনক্ত-কর্ত্তৃ-কির) সূর্য্য। চন্দ্র। মেঘ। বায়ু। রাজা বিক্রমাদিত্যের সভাপণ্ডিত বিং।
মীন, বি, পুং (মী-কর্ম্ম-নক্) মৎস্য. ১২শ রাশি। বিষ্ণুর অবতার বিং। "মৎস্য" দেখ।
মীনকেতন, মীনধ্বজ, বি, পুং; কন্দর্প। সমুদ্র। বহু।
মীমাংসক, বিণ (মান্-সন্-কর্ত্তৃ-

ণক) নিষ্পত্তিকারক। মীমাংসা শাস্ত্রজ্ঞ। স্ত্রী,-সিকা।
মীমাংসা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ + স্ত্রীআপ্) নিষ্পত্তি। জৈমিনি কৃত দর্শন শাস্ত্র।
মীলন, বি, ক্লী (মীল্-ভাবে-অনট্) মুদ্রণ,বুজা। বিণ,-লিত।
মীলিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) মুদ্রিত।
মুকুট, বি,ক্লী (মন্‌ক্=[ভূষিতকৃ] -কর্ত্তৃ উট) শিরোভূষণ।
মুকুন্দ, বি, পুং (মুকুম্=মুক্তি-দা-কর্ত্তৃ-ড) যিনি মুক্তি দান করেন, বিষ্ণু।
মুকুর, বি, পুং (মন্‌ক্-কর্ত্তৃ-উর) দর্পণ, আর্শি। বকুল বৃক্ষ।
মুকুল, বি, পুং, ক্লী (ঐ-কর্ত্তৃ-উল) কলিকা, কুঁড়ি।
মুকুলিত, বিণ (মুকুল+ইত, জাতার্থে) মুকুলবিশিষ্ট। মুদ্রিত। অর্দ্ধবিকশিত। স্ত্রী,-তা।
মুক্ত, বিণ (মুচ্-কর্ত্তৃ-ক্ত) মোক্ষ-প্রাপ্ত। (ঐ-কর্ম্ম-) পরিত্যক্ত। উন্মুক্ত, খোলা। বি,-ক্তি।
মুক্তকণ্ঠ, বিণ, অসঙ্কুচিতবাক্। বহু। [অসঙ্কুচিতভাবে।
মুক্তকণ্ঠে,ক্রি,বিণ; উচ্চৈঃস্বরে।
মুক্তকেশী, বি, স্ত্রী; আলুলায়িত কেশা, কালী।
মুক্তসঙ্গ, বিণ; বিষয়সঙ্গত্যাগী।
মুক্তহস্ত, বিণ; দানশীল, দাতা। মুক্ত (দানের নিমিত্ত প্রসারিত) হইয়াছে হস্ত যাহার, বহু।
মুক্তা, বি, স্ত্রী (মুক্ত+স্ত্রীআপ্) ঝিনুক প্রভৃতিতে জাত রত্নবিং।
মুক্তাকলাপ,বি,পুং,মুক্তার হার।
মুক্তাফল, বি,ক্লী; মুক্তা। মুক্তা-রূপ যে ফল, রূপক কর্ম্মধা।
মুক্তালতা, মুক্তাবলী, বি, স্ত্রী (মুক্তা+লতা, আবলী=শ্রেণী) মুক্তার হার। ৬ষ্ঠীতৎ।
মুক্তাস্ফোট, বি, পুং, শুক্তি।
মুক্তি, বি, স্ত্রী (মুচ্-ভাবে-ক্তি) মোক্ষ, দুঃখের আত্যন্তিক নিবৃত্তি। পরিত্রাণ। মোচন। বিণ, ক্ত।
মুখ, বি, ক্লী (খন্-কর্ম্ম-অল্, নি) বদন। গৃহাদির দ্বার। উপায়। আরম্ভ। অগ্রভাগ। নাটকাদির সন্ধি বিং। বিণ; প্রধান।
মুখজ, বি, পুং; ব্রাহ্মণ। বিণ; মুখ হইতে উৎপন্ন।
মুখপাত্র, বিণ; শ্রেষ্ঠ,অগ্রণী। মুখ (প্রধান) যে পাত্র, কর্ম্মধা।
মুখবন্ধ বি, পুং; গ্রন্থাদির ভূমিকা।
মুখর, বিণ (মুখ=[বাক্য,শব্দ]+র,অস্ত্যর্থে) বাচাল। অপ্রিয়ভাষী অগ্রবর্ত্তী। শব্দায়মান। স্ত্রী,-রা।
"তাহার নয়ন যুগল, মুখর ভৃত্যের ন্যায়," (প্রভাতচিন্তা

মুখরিত, বিণ (মুখর+ইত) শব্দায়মান, ধ্বনিত। স্ত্রী,-তা।
মুখস, (প্রা) মুখবন্ধনী,লাগাম।
মুখশুদ্ধি, বি, স্ত্রী; মুখশোধন। মুখশোধন দ্রব্য।
মুখস্থ, বিণ; কণ্ঠস্থ, অভ্যস্ত।
মুখাগ্নি, বি, পুং; শবমুখে প্রদত্ত অগ্নি।
মুখাপেক্ষা, বি, স্ত্রী; কাহারও মুখতাকাইয়া থাকা, অনুগ্রহ-প্রত্যাশা।
মুখাপেক্ষী, বিণ, পুং (মুখ-অপ-ঈক্ষ-কর্ত্তৃ-ণিন)মুখাপেক্ষাকারী। অনুগ্রহ প্রত্যাশী। স্ত্রী,-ক্ষিণী।
মুখ্য, বিণ (মুখ=প্রধান+ষ্য) শ্রেষ্ঠ, প্রধান।
মুগ, (প্রা) শস্যবিং, মুদ্গ।
মুগ্ধ, বিণ (মুহ্-কর্ত্তৃ-ক্ত) বিমোহিত। সুন্দর। মূঢ়।
মুগ্ধস্বভাব, বিণ; অকপট চিত্ত, সরলহৃদয়। ২হু। স্ত্রী,-বা।

"লক্ষ্মণ মুগ্ধ স্বভাবা সীতার" (সীতারবনবাস)।

মুগ্ধা, বি, স্ত্রী; সরল স্বভাবা নায়িকা।
মুচ্‌কন, (প্রা) ঈষৎ হাস্য করণ।
মুচুকুন্দ, বি, পুং; বৃক্ষ বিং। দৈত্য বিং। [শরতৃণ।
মুঞ্জ, বি, পুং (মুন্‌জ্-কর্ত্তৃ-অন্)
মুটে, (প্রা) ভারবাহী, ভারী।
মুড়ান, (প্রা) মুণ্ডনকরণ।
মুণ্ড, বি, পুং, ক্লী (মুন্‌ড্-কর্ত্তৃ-অল্) মস্তক।
মুণ্ডন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) মাথামুড়ান। [কেশ শূন্য।
মুণ্ডিত, বিণ(ঐ-কর্ম্ম-ক্ত) মুড়ান,
মুদ্, বি, স্ত্রী (মুদ্-ভাবে-ক্বিপ্) প্রীতি। সন্তোষ।
মুদন, (প্রা) বুজন, নিমীলন। বিণ,-দিত। [বিক্রেতা।
রোমহর্ষ, বি, পুং } রোমাঞ্চ,
রোমহর্ষণ, বি, ক্লী } পুলক।

রোমাঞ্চ, বি, পুং (রোমন্-অন্চ-অল্) রোমস্ফুরণ, শিহরণ; পুলক।

রোমাঞ্চিত, বিণ (রোমাঞ্চ + ইত) পুলকিত।

রোমাবলী, বি, স্ত্রী ; (নাভির-

ঊর্দ্ধস্থ) লোম-শ্রেণী। রোমের আবলী, ৬ষ্ঠীতৎ।

রোরুদ্যমান, বিণ (রুদ-যঙ্-কর্ত্তৃ-শান) অতিশয় রোদন কারী। স্ত্রী,-না।

রোল, (প্রা,পত্তে) ধ্বনি, শব্দ।

রোষ, বি, পুং (রুষ্-ভাবে-অল্) ক্রোধ। বিণ, রুষ্ট।

রোষণ, বিণ (ঐ-কর্ত্তৃ-অন) কোপন, রাগী। বি, পুং; কষণ প্রস্তর।

রোষাগ্নি) বি, পুং; ক্রোধাগ্নি।
রোষানল) রোষ রূপ অগ্নি, অনল, রূপক।

রোষিত, বিণ (রোষি-কর্ম্ম-ক্ত) ক্রোধিত, যাহাকে রাগান হইয়াছে।

রোহ, বি, পুং (রুহ-কর্ত্তৃ-অন্) অঙ্কুর। (ঐ-ভাবে-অল্)আরোহণ। বিণ ; আরোহী।

রোহণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) আরোহণ। অঙ্কুরোৎপাদন।

রোহিণী, বি, স্ত্রী ; নক্ষত্র বিং। বলরামের মাতা। নববর্ষবয়স্কা কন্যা। বিদ্যুৎ।

রোহিণীপতি, বি, পুং; চন্দ্র। বসুদেব। ৬ষ্ঠীতৎ।

রোহিত, বি, পুং (রুহ-কর্ত্তৃ-ইতন্) রুই মাছ। মৃগ বিং। পদ্মরাগ মণি। রক্তবর্ণ। বিণ; রক্তবর্ণ যুক্ত।

রোহিতাশ্ব, বি, পুং; অগ্নি। হরিশ্চন্দ্র রাজার পুত্র।

রৌক্ম, বিণ (রুক্ম[স্বর্ণ]+ষ্ণ) স্বর্ণময়।

রৌদ্র, বি, ক্লী (রুদ্র+ষ্ণ) সূর্য্যকিরণ। ক্রোধ। পুং; কাব্যরস বিং। বিণ; রুদ্র-সম্বন্ধীয়। প্রচণ্ড। ভীষণ।

রৌপ্য, বি, ক্লী (রূপ্য+ষ্ণ, স্বার্থে) রজত, রূপা।

রৌরব, বি, পুং; নরক বিং। বিণ; ভয়ঙ্কর। ধূর্ত্ত। চঞ্চল।

রৌহিণেয়, বি, পুং (রোহিণী+ ষ্ণেয়, অপত্যার্থে) বুধগ্রহ। বলরাম।

ল।

ল, অষ্টাবিংশ ব্যঞ্জন বর্ণ। বি, পুং; ইন্দ্র, দেবরাজ।

লকচ, লকুচ, বি, পুং; মাদার গাছ।

লক্তক, বি, পুং; আল্‌তা।

লক্ষ, বি, ক্লী; শতসহস্র সংখ্যা। শরব্য, লক্ষ্য।

লক্ষক, বিণ (লক্ষি-ণক) লক্ষণা-

বৃত্তি দ্বারা অর্থ বোধক (শব্দ)।

লক্ষণ, বি, ক্লী (লক্ষ-অনট্) নিদর্শন, চিহ্ন। স্বরূপ। পরিচয়। সূত্র, নিয়ম।

লক্ষণা, বি, স্ত্রী ; শব্দের শক্তি বিং, যে শক্তিদ্বারা শব্দের মুখ্য অর্থ না বুঝাইয়া তাৎপর্য্য বা প্রয়োজন বশতঃ তৎসম্বন্ধীয় অন্যার্থের বোধ হয়, তাহার নাম লক্ষণা ; যেমন—"এই ব্রাহ্মণ গঙ্গাবাসী হইয়াছেন" এস্থলে গঙ্গা শব্দের মুখ্যার্থ গঙ্গার জলপ্রবাহ, কিন্তু তাহাতে মানুষের বাস অসম্ভব, এনিমিত্ত গঙ্গা শব্দের মুখ্যার্থ এখানে গঙ্গার জলপ্রবাহ না বুঝাইয়া, তাৎপর্য্যবশতঃ উহার সুশীতল ও পবিত্র তীরভূমিকে বুঝাইতেছে ; তাই উপরি উক্ত উদাহরণে গঙ্গাশব্দে গঙ্গাতীর অর্থেরও বোধ হইতেছে।

লক্ষণাক্রান্ত, } বিণ ; লক্ষণ-
লক্ষণোপেত, } যুক্ত। লক্ষণ-
দ্বারা আক্রান্ত, উপেত (যুক্ত), ৩য়াতৎ।

লক্ষণীয়, বিণ (লক্ষ-কর্ম্ম-অনীয়) দর্শনযোগ্য। অনুভবনীয়।

লক্ষপতি, বিণ ; লক্ষমুদ্রার পতি। ৬ষ্ঠীতৎ।

লক্ষাধিক, বিণ ; একলক্ষের অধিক। ৬ষ্ঠীতৎ।

লক্ষিত, বিণ (লক্ষ-কর্ম্ম-ক্ত) দৃষ্ট। উদ্দিষ্ট। অনুমিত।

লক্ষ্ম(ন্), বি, ক্লী (লক্ষ-মন্)। চিহ্ন।

লক্ষ্মণ, বি, পুং (লক্ষ্মী+ন,ঈ=অ) শ্রীরামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা।

লক্ষ্মী, বি, স্ত্রী (লক্ষ-কর্ম্ম-ঈ) বিষ্ণুপ্রিয়া। শ্রী। রাজশ্রী। সম্পত্তি। শোভা।

লক্ষ্মীকান্ত, } বি, পুং ; বিষ্ণু,
লক্ষ্মীপতি, } নারায়ণ।

লক্ষ্মীনারায়ণ, বি, পুং ; কমলা ও বিষ্ণু।

লক্ষ্মীস্বরূপা, বিণ, স্ত্রী ; লক্ষ্মীর ন্যায় গুণ সম্পন্না, সাতিশয় গুণবতী। অধিষ্ঠাত্রী দেবী।

"ইনি গৃহের লক্ষ্মীস্বরূপা, নয়নের রসাঞ্জন রূপিণী" (সীতার বনবাস)।

লক্ষ্মীস্বরূপিণী, বিণ, স্ত্রী (লক্ষ্মী-স্বরূপ+ইন্,অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) 'লক্ষ্মীস্বরূপা' দেখ।

লক্ষ্য, বি, ক্লী (লক্ষ-কর্ম্ম-ঘ্যণ্) যাহা বিদ্ধ করিবার অভিপ্রায়ে ঠিক করা হয়, শরব্য। চিহ্ন। ছল। বিণ ; উদ্দেশ্য। দর্শনীয়।

লক্ষ্যচ্যুত, } বিণ ; উদ্দেশ্য
লক্ষ্যভ্রষ্ট, } হইতে স্খলিত।
৫মীতৎ। [৩য়াতৎ।

লক্ষ্যহীন, বিণ ; উদ্দেশ্য বিহীন।

লগী, (প্রা) বি,আকর্ষণী,আঁকুশী। নৌকাবাহন দণ্ড।

লগুড়, বি, পুং ; যষ্টি, লাঠি।

লগ্ন, বি, ক্লী (লস্‌জ-ক্ত) মেষাদি রাশির উদয়কাল। বিণ (লগ-ক্ত) সংলগ্ন, যুক্ত।

লগ্নক, বি, পুং (লগ্ন+কণ্‌) প্রতিভূ, জামিন।

লঘিমা(মন্‌), বি, পুং (লঘু+ইমন্‌) লঘুত্ব, ভারহীনতা। ঈশ্বরের ঐশ্বর্য্য বিং।

{ লঘিষ্ঠ, (লঘু+ইষ্ঠ)
লঘীয়ান্‌, (ঐ+ঈয়সু) বিণ ; অতিশয় লঘু। স্ত্রী,-ষ্ঠা,-য়সী।

লঘু, বিণ (লন্‌ঘ-কু) হাল্‌কা, ভারহীন। শীঘ্র। অসার। ক্ষুদ্র। সংক্ষিপ্ত। সুন্দর। ইষ্ট, বাঞ্ছিত। স্ত্রী, লঘ্বী, লঘু।

লঘুচিত্ত, বিণ ; অল্প প্রাণ, ক্ষুদ্র-হৃদয়। বহু।

"লঘুচিত্ত ব্যক্তিদিগের ন্যায় দুর্ব্বিনীত হইবে?" (প্রভাতচিন্তা)।

লঘুপাক, বিণ ; সহজ পাচ্য, যাহা শীঘ্র হজম হয়। বহু।

লঘুহস্ত, বিণ ; ক্ষিপ্রকারী, যে শীঘ্র কার্য্য করিতে পারে। বহু।

লঘূকরণ, বি, ক্লী ; হ্রাস করণ, কমান।

লঙ্কা, বি, স্ত্রী (লক্‌-অধি-অল্‌, নি) সিংহলদ্বীপ।

লঙ্কাধিপ, লঙ্কাধিপতি, লঙ্কাপতি, লঙ্কেশ, লঙ্কেশ্বর, } বি,পুং ; দশানন, রাবণ। লঙ্কার অধিপ, অধিপতি, পতি, ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠী তৎ।

লঙ্ঘন, বি, ক্লী (লন্‌ঘ-ভাবে-অনট্‌) অতিক্রম। উপবাস। আক্রমণ। লাফান।

লঙ্ঘনীয়, বিণ ; লঙ্ঘন যোগ্য।

লজ্জমান, বিণ (লস্‌জ-শান) লজ্জাযুক্ত।

লজ্জা, বি, স্ত্রী (লস্‌জ-ভাবে ঙ+আপ্‌) লাজ, ব্রীড়া। অনুচিত কর্ম্ম জন্য মনের এক প্রকার সঙ্কোচ-ভাব। বিণ,-জ্জিত।

লজ্জাকর, বিণ (লজ্জা-কৃ ট) লজ্জাজনক। [৬ষ্ঠী তৎ।

লজ্জাজনক, বিণ ; লজ্জাকর।

লজ্জান্বিত, বিণ ; লজ্জাযুক্ত। লজ্জাদ্বারা অন্বিত (যুক্ত), ৩য়াতৎ।

{ লজ্জালু, (লজ্জা+আলু, যুক্তার্থে)
লজ্জাবান্‌, (লজ্জা+বতু, অস্ত্যর্থে বিণ ; লজ্জাশীল। স্ত্রী,-বতী।

লজ্জাবতী, বি, স্ত্রী ; লতা বিং। বিণ ; লজ্জাযুক্তা।

লজ্জাবনতমুখ, বিণ ; যাহার মুখ লজ্জায় নত হইয়াছে। বহু। স্ত্রী,-খী। বি, ক্লী ;

লজ্জায় অবনত মুখ। কর্ম্মধা।

লজ্জাশীল, বিণ; লজ্জাযুক্ত। লজ্জা হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহু। স্ত্রী,-লা। বি, -লতা।

লজ্জাহীন, বিণ; লজ্জাশূন্য। তত্রাতৎ। স্ত্রী,-না। বি,-নতা।

লজ্জিত, বিণ (লজ্জা+ইত) লজ্জাযুক্ত।

লড্ডু, লড্ডুক, বি,পুং; মোদক বিং, লাড়ু।

লণ্ডভণ্ড, (প্রা) ছিন্ন ভিন্ন। উৎসন্ন।

লতা, (লত্ [বেষ্টনকৃ]-অন্+আপ্)
লতিকা,(লতা+ক,স্বার্থে+আপ্) লতানিয়া গাছ, ব্রততী, বল্লী।

লতাগৃহ, লতামণ্ডপ } বি, পুং; লতা-রচিত গৃহ, কুঞ্জ। মধ্যপদ লোপী কর্ম্মধা।

লতান, (প্রা) বি; লতার ন্যায় বিস্তৃত হওন।

লতাবিতান, বি, পুং, ক্লী; লতাসমূহ। ষষ্ঠীতৎ।

"সুরম্য লতাবিতানে সজ্জিত হইল" (রজনী গুপ্ত)।

লনী, (প্রা) নবনীত, ননী।

লপন, বি, ক্লী (লপ-অনট্) কথন। মুখ। বিণ,-পিত।

লভ্য, বিণ (লভ কর্ম্ম-য) প্রাপ্য।

লম্পট, বি, পুং (রম্-অটন্) কামুক, লোচ্চা। বিণ; লোলুপ। [লাফান।

লম্ফ, বি, পুং (রন্ফ-অল্)

লম্ব, বিণ (লন্ব-অন্) দোলায়-মান। দীর্ঘ। বি, পুং; একটী সরল রেখার উপরে ঠিক সোজা ও খাড়াভাবে যে অপর সরলরেখা থাকে। (Perpendicular)

লম্বকর্ণ, বি, পুং; গণেশ। হস্তী। ছাগ। লম্ব হইয়াছে কর্ণ যাহার, বহু।

লম্বমান, বিণ (লন্ব-কর্ত্তৃ-শান) যাহা ঝুলিতেছে, দোলায়মান।

লম্বা, বি, স্ত্রী; লক্ষ্মী। গৌরী। বিণ; দীর্ঘা।

লম্বিত, বিণ (লন্ব-কর্ত্তৃ-ক্ত) দোলিত। অবলম্বিত।

লম্বোদর, বি, পুং; গণেশ। লম্ব (দীর্ঘ) হইয়াছে উদর যাহার, বহু। বিণ; পেটুক।

লম্বোষ্ঠ,বি,পুং (লম্ব+ওষ্ঠ) উষ্ট্র।

লম্ভন, বি, ক্লী (লম্ভি-অনট্) প্রাপণ। ধ্বনি। (লন্ভ-অনট্) তিরস্কার, নিন্দা।

লয়, বি, পুং (লী-ভাবে-অল্) লীন হওয়া, মিশিয়া যাওয়া। নাশ। গীতবাদ্যাদির তালের

সমতা। বিণ, লীন।
ললন, বি, ক্লী (লল-অনট্) কম্পন। দোলন।
ললনা, বি, স্ত্রী (লল-কর্ত্তৃ-অন+আপ্) নারী। জিহ্বা।
ললন্তিকা, বি,স্ত্রী (ললৎ[লম্বমান] +কণ্+আপ্) নাভি পর্য্যন্ত লম্বিত মালা।
ললাট, বি, ক্লী([লল-ভাবে-অল্] =লল-অট-কর্ত্তৃ-অন্) ভাল, কপাল।
ললাটিকা, বি, স্ত্রী (ললাট+কণ্ +আপ্) ললাটভূষণ, তিলক।
ললাম,বি,পুং,ক্লী (লল-অম-কর্ত্তৃ-অন্) ললাটভূষণ। ভূষণ।
"আশ্রম ললামভূতা কণ্বদুহিতা"
(শকুন্তলা)
চিহ্ন। ললাটস্থ চিহ্ন। ধ্বজ। প্রভাব। বিণ; শ্রেষ্ঠ।
ললামভূতা,বিণ,স্ত্রী; ভূষণস্বরূপা।
ললিত, বিণ (লল-ক্ত) সুন্দর। কোমল। মনোজ্ঞ। বি,পুং, ; রাগবিং।
ললিতা, বি, স্ত্রী; গোপীবিং।
লব,বি,পুং,(লূ-অল)কণা। রেণু। লেশ। সামান্য ভগ্নাংশের উপরের রাশি। শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ পুত্র।
লবঙ্গ, বি, পুং, (লূ-অঙ্গচ্) বৃক্ষবিং। ক্লী; লঙ্গ।
লবঙ্গলতা, বি, স্ত্রী; পুষ্প বিং।
লবণ, বি, ক্লী (লূ-কর্ত্তৃ-অন) লুণ, ইহা পঞ্চ প্রকার, যথা—সৌবর্চ্চল, সৈন্ধব,বিট,ঔদ্ভিদ্,সামুদ্র।
লবণাক্ত,বিণ; লোণারসযুক্ত।
লবণাম্বুধি, বি,পুং; লবণ সমুদ্র।
লবন,বি,ক্লী (লূ-অনট্) ছেদন। (ঐ অন) খড়্গাদি ছেদনাস্ত্র।
লব্ধ,বিণ (লভ্-কর্ম্ম-ক্ত) প্রাপ্ত। উপার্জ্জিত। গৃহীত। বি,-ব্ধি, লাভ।
লব্ধপ্রতিষ্ঠ, বিণ; প্রশংসাপ্রাপ্ত, বিখ্যাত। লব্ধা হইয়াছে প্রতিষ্ঠা যৎকর্ত্তৃক, বহু।
লশুন, বি, ক্লী (অশ-উন) রশুন।
লষিত,বিণ (লষ্-ক্ত) অভিলষিত।
লসিত, বিণ (লস্-ক্ত) শোভিত। বি,ক্লী; উল্লাস। চেষ্টা। বিলাস।
লস্কর, (যা) ফৌজ,সেনা।
লহরি(রী), বি,স্ত্রী (ল[ইন্দ্রিয়]-হৃ-কর্ত্তৃ-ই) তরঙ্গ, ঢেউ।
লহরীলীলা, বি, স্ত্রী; তরঙ্গভঙ্গ। লহরীর লীলা খেলা, ৬ষ্ঠীতৎ।
লা, (প্রা) জতু, লাক্ষা।
লাক্ষণিক, বিণ (লক্ষণা+ষ্ণিক) লক্ষণাদ্বারা অর্থ প্রতিপাদক, যেমন—গঙ্গা শব্দের লাক্ষণিক অর্থ গঙ্গাতীর।
লাক্ষা,বি,স্ত্রী (লক্ষ+ঞ+আপ্) লা, জতু।

লাথেরাজ,(ষা) নিষ্কর ভূমি।

লাঘব,বি,ক্লী (লঘু+ষ্ণ,ভাবার্থে) লঘুত্ব, ভারহীনতা। অগৌরব। শীঘ্রতা।

লাঙ্গল,বি,ক্লী (লনগ-কল) হল।

লাঙ্গলপদ্ধতি, বি,স্ত্রী ; হলাকর্ষণ জনিত চিহ্ন, লাঙ্গলের রেখা। ৬ষ্ঠীতৎ।

লাঙ্গুল,লাঙ্গূল,বি,পুং (লনগ-উল, উল) পুচ্ছ, লেজ।

লাজ, বি, পুং, (লাজ-কর্ম্ম-অল্)
লাজা, বি,স্ত্রী(লাজ+স্ত্রীআপ্) ভৃষ্ট ধান্য, খৈ। আতপ তণ্ডুল। (প্রা) লজ্জা।

লাজুক, (প্রা) লজ্জাশীল।

লাঞ্ছন,বি,ক্লী(লান্ছ-করণ-অনট্) দাগ,চিহ্ন। কলঙ্ক। নাম। ধ্বজ। (ঐ-ভাবে) অঙ্কন। বিণ,-ঞ্ছিত।

লাঞ্ছনা, বি,স্ত্রী (ঐ-ভাবে-অন+আপ্) ভৎর্সনা। যন্ত্রণা।

লাঞ্ছিত,বিণ(ঐ-কর্ম্ম-ক্ত) চিহ্নিত। কলঙ্কিত। বি,-ঞ্ছন।

লাট,বি,পুং;দেশবিং। দোষ। বৃথা বাক্য। রসিক ব্যক্তি। জীর্ণ-বস্ত্রাদি। (প্রা) বিণ; বিকৃত।

লাঠি, (প্রা) যষ্টি, দণ্ড।

লাভ,বি, পুং (লভ্-ভাবে-ঘঞ্) প্রাপ্তি। উপার্জ্জন। (ঐ-কর্ম্ম-) ধন। উপস্বত্ব। বিণ, লব্ধ।

লাম্পট্য, বি,ক্লী (লম্পট+ষ্ণ্য) লম্পটতা।

লালন,বি,ক্লী (লালি-ভাবে-অনট্) অতি যত্নের সহিত পালন। বিণ,-লিত। [দ্বন্দ্ব।

লালন পালন,বি,ক্লী;প্রতিপালন।

লালস,বিণ(লস্-যঙ্ লুক্-অ)অতি লোভী। বি,পুং; লোভ।

লালসা,বি,স্ত্রী(লস্-যঙ্ লুক্-ভাবে -অ+আপ্)লিপ্সা,পাইবার জন্য ইচ্ছা।

লালা, বি,স্ত্রী (লালি-অন্+আপ্) মুখজাত দ্রব বস্তু, মুখের লাল।

লালায়িত,বিণ (লালা+ক্য=লালায় [নামধাতু]-কর্ম্ম-ক্ত)লালসা যুক্ত।

লালিত,বিণ(লাল-কর্ম্ম-ক্ত) প্রতিপালিত। সেবিত। বি,-লন।

লালিত্য, বি, ক্লী (ললিত+ষ্ণ্য, ভাবার্থে) মধুরতা। কোমলতা।

লাবণ, বিণ (লবণ+ষ্ণ, ইদমর্থে) লবণ সম্বন্ধীয়।

লাবণ্য,বি,ক্লী(লবণ+ষ্ণ্য)কান্তি, চাকচক্য।

"মুক্তাফলেষু ছায়ায়া
স্তরলত্ব মিবান্তরা।
প্রতিভাতি যদঙ্গেষু
তল্লাবণ্যমিহোচ্যতে।"

অর্থাৎ মুক্তাফলের উপর যেরূপ সুন্দর তরল ছায়া পরিদৃষ্ট হয়, সেইরূপ ছায়া অঙ্গে প্রতিভাত হইলেই তাহাকে লাবণ্য বলা যায়।

লাবণ্যময়, বিণ (লাবণ্য+ময়ট্) লাবণ্যযুক্ত, কান্তিময়। স্ত্রী,-য়ী।

লাস্য, বি, ক্লী (লস্-ভাবে-ঘ্যণ্) স্ত্রী-নৃত্য।

লিখন, বি, ক্লী (লিখ-ভাবে-অনট্) লেখা। চিত্রকরণ। (ঐ-কর্ম্ম-) লিপি।

লিখিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা লেখা হইয়াছে। চিত্রিত, অঙ্কিত। বি,ক্লী; লেখ্য পত্রাদি।

লিঙ্গ, বি, ক্লী (লিন্গ-অন্) উপস্থ, শিশ্ন। চিহ্ন। কারণ। পুংস্ত্বাদি। অর্থ প্রকাশক শক্তি। শিবের মূর্ত্তি বিং।

লিঙ্গশরীর, বি, ক্লী; দর্শনোক্ত সূক্ষ্মশরীর।

লিপি (পী), বি, স্ত্রী (লিপ-কর্ম্ম-ই) লিখিত পত্রাদি। (ঐ-ভাবে) লিখন।

লিপিকর, (লিপি-কৃ-কর্ত্তৃ-ট)
লিপিকার, (ঐ-ষণ্) বি,পুং; চিত্রকর। লেখক। লিপিকরে যে, উপ। স্ত্রী,-রী।

লিপিকর প্রমাদ, বি, পুং; লেখকের ভুল। ছাপার ভুল।

লিপি কৌশল, বি, ক্লী; লেখার কৌশল, লিখন পটুতা।

লিপি চাতুর্য্য, বি, ক্লী; লেখার চতুরতা। লিখন নৈপুণ্য।

লিপিবদ্ধ, বিণ; লিখিত। লিপি (লিখন) দ্বারা বদ্ধ (বিন্যস্ত), তদ্রূপ।

লিপ্ত, বিণ (লিপ্-কর্ম্ম-ক্ত) চর্চ্চিত, মাখান, চন্দনাদি দ্বারা লেপিত। সংযুক্ত। বি,লেপন।

লিপ্তপাদ, বিণ;যাহাদের পদাঙ্গুলি চর্ম্মদ্বারা সংযুক্ত(web-footed)। যথা—হংস প্রভৃতি।

লিপ্সা, বি, স্ত্রী (লভ্-সন্ বা লিপ্স্-ভাবে-অ+আপ্) লাভের ইচ্ছা, বাঞ্ছা। বিণ,-প্সু।

লিপ্সু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) লাভেচ্ছু, লোভী। বি,-প্সা।

লীঢ়, বিণ (লিহ্-কর্ম্ম-ক্ত) যাহা লেহন করা গিয়াছে। আস্বাদিত। স্পৃষ্ট। বি, লেহন।

লীন, বিণ (লী-কর্ত্তৃ-ক্ত) লয় প্রাপ্ত। মিশ্রিত। বি, লয়।

লীলা, বি,স্ত্রী; বিলাস। শোভা। ক্রীড়া। ভঙ্গী।

লীলাক্ষেত্র, বি,ক্লী
লীলাধাম, বি,ক্লী
লীলাভূমি, বি,স্ত্রী
লীলাস্থান, ক্রীড়াভূমি। ষষ্ঠীতৎ।

লীলান্বিত, বিণ; ক্রীড়াযুক্ত। শোভান্বিত।

"বিচিত্র ভাবের আবেশ কেমন করিয়া লীলান্বিত হইয়া উঠিতেছিল" (রবীন্দ্র)

লীলাবতী, বিণ (লীলা+বতু+ঈপ) বিলাসবতী। বি, স্ত্রী;

ভাস্করাচার্য্যের কন্যা।
লীলাসংবরণ, বি,ক্লী ; দেহত্যাগ, মৃত্যু।
লুক্কায়িত, বিণ (লুনচ-কিপ্= লুক্, লুক্+কায় [দেহ]+ চ্বি=লুক্কায়ি নামধাতু-কর্ত্তৃ-ক্ত) গুপ্ত, প্রচ্ছন্ন, অদৃষ্ট।
লুটন, (প্রা) বি ; ভূমিতে গড়াগড়ি দেওয়া।
লুঠ, (প্রা) বি; বলপূর্ব্বক গ্রহণ।
লুঠন, বি, ক্লী (লুঠ্-ভাবে-অনট্) ভূমিতে গড়াগড়ি দেওয়া। বিণ, লুঠিত।
লুঠিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) যে গড়াগড়ি দিয়াছে।
লুণ্ঠন, বি, ক্লী (লুন্ঠ-ভাবে-অনট্) গড়ি দেওয়া। লুটকরা।
লুণ্ঠিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) যে গড়ি দিয়াছে। (ঐ-কর্ম্ম-ক্ত) অপহৃত।
লুপ্ত, বিণ (লুপ্-কর্ত্তৃ-ক্ত) লোপপ্রাপ্ত, নষ্ট। (ঐ-কর্ম্ম-) অপহৃত।
লুপ্তপ্রায়, বিণ ; যাহা লোপ পাইবার উপক্রম হইয়াছে।
লুপ্তরত্ন, বি, ক্লী ; লোপপ্রাপ্ত উৎকৃষ্ট বস্তু। কর্ম্মধা।
লুপ্তরত্নোদ্ধার, বি,পুং ; লুপ্তপ্রায় উৎকৃষ্ট বস্তুর উদ্ধার সাধন। ৬ষ্ঠীতৎ।
লুব্ধ, বিণ (লুভ্-কর্ত্তৃ-ক্ত) লোভী। বি, পুং ; ব্যাধ।
লুব্ধক, বি, পুং ; লোভী ব্যক্তি। ব্যাধ।
লুব্ধ নেত্র } বি,ক্লী ; লালসাযুক্ত দৃষ্টি।
লুব্ধলোচন } কর্ম্মধা। বিণ ; লালসাযুক্ত দৃষ্টি সম্পন্ন। লুব্ধ হইয়াছে নেত্র বা লোচন যাহার, বহু।
লুব্ধাশয়, বিণ ; লোলুপচিত্ত। লুব্ধ হইয়াছে আশয় (মন) যাহার, বহু।
লুলিত, বিণ (লুল্-ক্ত) দোলিত। রম্য। মর্দ্দিত।
লুতা, বি, স্ত্রী (লু-কর্ম্ম-তক্+ আপ্) ঊর্ণনাভ, মাকড়সা।
লুতাতন্তু, বি, পুং ; মাকড়সার জাল।
লুতিকা, বি, স্ত্রী (লুতা+কণ্+ আপ্) মাকড়সা।
লুন, বিণ (লু-ক্ত) কর্ত্তিত। ছিন্ন।
লুম, বি,ক্লী (ঐ-মক্) লাঙ্গূল।
লেখ, বি, পুং (লিখ-অল্) লিখিত পত্রাদি। লিখন।
লেখক, বি, ক্লী (ঐ-ণক) লিপিকর। চিত্রকর। স্ত্রী,-খিকা।
লেখন, বি, ক্লী (ঐ-অনট্) লিপিকরণ, লেখা। চিত্রকরণ।
লেখনিক, বিণ (লেখন+ষ্ণিক) লিপিকর।

লেখনী, বি, স্ত্রী (লিখ-করণ-অনট্‌+ঈপ্‌) কলম। তুলি।

লেখনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) লিখিতব্য।

লেখা, বি, স্ত্রী (লিখ-ভাবে-অ+আপ্‌) লিখন। চিত্রকরণ। রেখা। (ঐ-কর্ম্ম-) চিহ্ন। শ্রেণী।

লেখ্য, বিণ (লিখ-কর্ম্ম-ঘ্যণ্‌) লেখনীয়। বি, ক্লী; পত্রাদি। চিত্র। অক্ষর।

লেপ, বি, পুং (লিপ্‌-অল্‌) লেপন। প্রলেপ। (প্রা) তুলা-পূর্ণ গাত্রাবরণ বিং।

লেপক, বিণ (লিপ্‌-ণক) লেপন-কারী। স্ত্রী,-পিকা।

লেপন, বি, ক্লী (ঐ-অনট্‌) বিলেপন। লেপা, মাখান। বিণ, লেপ্য।

লেলিহান, বিণ (লিহ-যঙ-লুক্‌-কর্ত্তৃ-কান) পুনঃপুনঃ লেহন-কারী। বি, পুং; সর্প।

"কিন্তু কোন সময়েই লেলিহান আকাঙ্ক্ষার লকলক জিহ্বাপ্রসার ও অগ্নিময় ঝটিকা নাই।" (প্রভাতচিন্তা)

লেশ, বি, পুং (লিশ্‌-অন্‌) বিন্দু, কণা। অল্পাংশ।

লেশমাত্র, বি, ক্লী (লেশ+মাত্র, পরিমাণার্থে) অণুমাত্র।

লেহ, বি,পুং (লিহ-ভাবে-অল্‌)
লেহন, বি, ক্লী (ঐ-অনট্‌)
জিহ্বাদ্বারা আস্বাদন, চাটা।

লেহনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) লেহন যোগ্য, লেহ্য।

লেহ্য, বিণ (ঐ-ঘ্যণ্‌) লেহনীয়।

লোক, বি, পুং (লোক-কর্ম্ম-অল্‌) মনুষ্য। সমূহ। জগৎ। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—এই ত্রিলোক। ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য—এই সপ্ত-লোক।

লোকচক্ষুঃ, লোকলোচন, বি,পুং; দিবাকর, সূর্য্য। লোকের চক্ষুঃ, লোচন, ৬ষ্ঠীতৎ।

লোকতঃ, ক্রিবিণ; লোকের নিকটে। লোক সাক্ষী করিয়া।

লোকনিন্দা, বি, স্ত্রী; লোক মুখে প্রচারিত নিন্দা। মধ্যপদ লোপী কর্ম্মধা।

লোকনাথ, বি, পুং; রাজা। ব্রহ্মা। বিষ্ণু। শিব। ৬ষ্ঠীতৎ।

লোকপাল, বি, পুং; নৃপ, রাজা। অষ্ট দিক্‌পাল। লোকের পাল (পালন কর্ত্তা), ৬ষ্ঠীতৎ।

লোক প্রবাদ, বি, পুং
লোকবাদ, বি, পুং
লোকবিশ্রুতি, বি, স্ত্রী
} কিং বদন্তী, জনশ্রুতি। ৬ষ্ঠীতৎ।

লোকমাতা, বি, স্ত্রী ; লক্ষ্মী। ৬ষ্ঠীতৎ।

লোকযাত্রা, বি, স্ত্রী ; সংসার যাত্রা। ৬ষ্ঠীতৎ।

লোকরঞ্জক, বিণ ; লোকের আনন্দদায়ক। লোকের রঞ্জক (রঞ্জনকারী), ৬ষ্ঠীতৎ। স্ত্রী, -ঞ্জিকা।

লোকরঞ্জন, বি, ক্লী ; লোকের প্রীতি সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বিণ ; লোকের আনন্দ দায়ক। লোকের রঞ্জন (রঞ্জনকারী), ৬ষ্ঠীতৎ।

লোকলজ্জা, বি, স্ত্রী ; লোকের নিকট দুষ্কর্ম্মজন্য সঙ্কোচ।

লোকললামভূতা, বিণ, স্ত্রী ; পৃথিবীর ভূষণস্বরূপা।

লোকসংখ্যা, বি, স্ত্রী ; লোকের পরিমাণ। ৬ষ্ঠীতৎ।

লোকসমাগম, বি, পুং ; বহু লোকের সম্মিলন। ৬ষ্ঠীতৎ।

লোকসমাজ, বি, পুং ; জন সমাজ। ৬ষ্ঠীতৎ।

লোকহিতকর, বিণ ; লোকের মঙ্গলজনক। ৬ষ্ঠীতৎ।

লোকহিতব্রত, বি, পুং ; লোকের মঙ্গলসাধনরূপ ব্রত। রূপক। বিণ ; লোকের মঙ্গলসাধনরূপ ব্রতধারী। লোকহিত হইয়াছে ব্রত যাহার, বহু।

লোকহিতৈষী (ষিন্), বিণ ; লোকের কল্যাণকামী। লোকের হিতৈষী, ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-ষিণী।

লোকাকীর্ণ, বিণ ; বহুলোক পূর্ণ। লোকদ্বারা আকীর্ণ (ব্যাপ্ত), ৩য়াতৎ।

লোকাচার, বি, পুং ; লোকের ব্যবহার। ৬ষ্ঠীতৎ।

লোকাতিশায়ী, বিণ;লোকাতীত, অলৌকিক। স্ত্রী,-য়িনী।

"লোকাতিশায়িনী কীর্ত্তিতে জগদর্চ্চিত অচ্যুত" (রজনীগুপ্ত)

লোকাতীত, বিণ ; অলৌকিক, অসাধারণ।

লোকান্তর, বি, ক্লী (লোক+ অন্তর) পরলোক, মৃত্যু। অন্য লোক লোকান্তর, নিত্য।

লোকান্তরিত, বিণ ; মৃত। অন্য লোক লোকান্তর,নিত্য; লোকান্তরকে ইত (গত), ২য়াতৎ।

লোকাপবাদ, বি, পুং ; লোক সমাজে নিন্দা।

লোকাভিরাম, বিণ ; লোক প্রীতিকর।

"সর্ব্বজন হিতৈষী লোকাভিরাম রাম" (প্রভাতচিন্তা)

লোকায়ত, বি, ক্লী (লোক+ আয়ত) চার্ব্বাক মত, নাস্তিক্য। বিণ ; চার্ব্বাক মতাবলম্বী।

লোকারণ্য, বি, ক্লী ; জনতা,

ভিড়। লোকের অরণ্য, ৬ষ্ঠীতৎ।
লোকালয়, বি, পুং; লোকের বাসস্থান। লোকের আলয়, ৬ষ্ঠীতৎ।
লোকালোক, বি,পুং (লোক = আলোক + অলোক = অন্ধকার) পুরাণ বর্ণিত পর্ব্বত বিং, ইহার একপার্শ্ব সূর্য্যকিরণে আলোকিত ও তদভাবে অপরপার্শ্ব অন্ধকারে সমাচ্ছন্ন থাকে।
লোকেশ, বি, পুং; ব্রহ্মা। নরপতি। লোকসমূহের ঈশ, ৬ষ্ঠীতৎ।
লোকোত্তর, বিণ; লোকাতীত, অলৌকিক। লোকশ্রেষ্ঠ। লোকে উত্তর (শ্রেষ্ঠ), ৭মীতৎ।
লোচন, বি, ক্লী (লোচ-করণ-অনট্) চক্ষুঃ। (ভাবে-অনট্) দর্শন। আলোচনা।
লোধ্র, বি, পুং (রুধ্-রন্) লোধ গাছ।
লোপ, বি, পুং (লুপ্-অল্) নাশ। বিণ, লুপ্ত।
লোপ্ত্র, বি, ক্লী (লুপ্-ত্রন্) চোরা বস্তু।
লোভ, বি, পুং (লুভ্-ভাবে-অল্) লিপ্সা, লালসা। বিণ,-ভী, লুব্ধ।
লোভনীয়, বিণ (লোভি-কর্ত্তৃ-অনীয়) লোভজনক।
লোভা, (প্রা) বিণ; লোভবিশিষ্ট।
লোভী(ভিন্) বিণ (লুভ-কর্ত্তৃ-ণিন্) লুব্ধ, লোভযুক্ত।
লোভ্যমান (ঐ-শান) বিণ; লোভনীয়। [রোম।
লোম(মন্), বি, ক্লী (লূ-মন্)
লোমকূপ, বি, পুং; লোমের গোড়ার ছিদ্র। ৬ষ্ঠীতৎ।
লোমজ, বিণ; লোমজাত,পশমী।
লোমশ, বিণ (লোমন্+শ. ষ্বক্ত্যার্থে) অতিশয় লোমযুক্ত। বি, পুং; মুনি বিং।
লোমহর্ষণ, বি, ক্লী; রোমাঞ্চ, শিহরণ। বিণ; রোমাঞ্চকারক।
লোল, বিণ (লোড্-অন্) লোলুপ। চঞ্চল।
লোলজিহ্ব, বিণ; লুব্ধ জিহ্বা বিশিষ্ট। লোল (লুব্ধ) হইয়াছে জিহ্বা যাহার, বহু।
লোলজিহ্বা, বি, স্ত্রী; লুব্ধ জিহ্বা, লেলিহমান জিভ। কর্ম্মধা।
লোলায়মান, বিণ (লোল+ক্যঙ্ = লোলায় নামধাতু-শান) দোলায়মান।
লোলিত, বিণ (লোলি-ক্ত) কম্পিত। চালিত।
লোলুপ, লোলুভ, বিণ (লুপ, লুভ-যঙ লুক্-কর্ত্তৃ-অন্) অতি-লোভী। আসক্ত।
লোষ্ট্র, (লোষ্ট-কর্ত্তৃ-র) মৃৎখণ্ড, ঢিল।

লোহ, বি, পুং ক্লী (লু-কর্ম্ম-হ) রক্ত। লৌহ। ধাতু।

লোহিত, বিণ (রুহ্-কর্ত্তৃ-ইতন্) রক্তবর্ণযুক্ত, লাল। বি, পুং ; রক্তবর্ণ। মঙ্গলগ্রহ। ক্লী; রক্ত। কুঙ্কুম। রক্ত চন্দন।

লোহিতক, বি, পুং (লোহিত + কণ্) পদ্মরাগ মণি। মঙ্গলগ্রহ। ক্লী ; পিত্তল।

লোহিতাঙ্গ, বি, পুং ; মঙ্গলগ্রহ।

লৌকিক, বিণ (লোক + ষ্ণিক, ইদমর্থে) লোকসম্বন্ধীয়, লোক ব্যবহারসিদ্ধ। বি,-তা।

লৌকিকতা, বি, স্ত্রী (লৌকিক + তা, ভাবার্থে) লোকাচার।

লৌল্য, বি, ক্লী (লোল + ষ্ণ্য, ভাবার্থে) লোভ। চাঞ্চল্য। স্পৃহা।

লৌহ, বি, পুং, ক্লী (লোহ + ষ্ণ) লোহা। বিণ ; লৌহ নির্ম্মিত।

লৌহবর্ত্ম, বি, ক্লী ; লৌহনির্ম্মিত পথ, রেলওয়ে। মধ্যপদলোপী কর্ম্মধা। "যিনি স্থায়ের লৌহ-বর্ত্ম" (নিভৃতচিন্তা)

লৌহিত্য, বি, ক্লী (লোহিত + ষ্ণ্য) রক্তবর্ণ। পুং ; ব্রহ্মপুত্রনদ।

ব।

ব, বি, পুং ; বায়ু। বরুণ। বক্ষঃস্থল। জল। কুম্ভ। সমুদ্র। ক্লী ; বস্ত্র। ব্য ; সাদৃশ্য।

বই, (প্রা) বি ; পুস্তক। ব্য ; বিনা, ব্যতিরেকে।

বউ, বৌ, (প্রা) বি ; পুত্রবধূ।

বংশ, বি, পুং (বন্-কর্ম্ম-শ) কুল। পূর্ব্ব পুরুষ বা উত্তর পুরুষ। সমূহ। বাঁশ। পৃষ্ঠ দণ্ড।

বংশজ, বিণ (বংশ-জন্-ড) বংশ জাত। সৎকুলোদ্ভব। কুলীন বংশোদ্ভব কিন্তু কৌলীন্য বর্জ্জিত। স্ত্রী,-জা।

বংশধর, বিণ (ঐ-ধৃ-অন্) বংশ-রক্ষক। বংশের ধর (ধারক), ৬ষ্ঠীতৎ। বি পুং ; উত্তরপুরুষ, সন্তান। [৬ষ্ঠীতৎ।

বংশনাশ, বি, পুং ; বংশলোপ।

বংশমর্য্যাদা, বি, স্ত্রী ; কুলের সম্মান। ৬ষ্ঠীতৎ।

বংশলোচন, বি, ক্লী; বাঁশের পর্ব্ব-মধ্যস্থ শ্বেতবর্ণ দ্রব্য বিং, বংশ-শর্করা।

বংশানুচরিত, বি, ক্লী ; বংশের

চরিত্র বর্ণন।

বংশাবতংশ, বিণ; কুলের ভূষণ স্বরূপ। বংশের অবতংশ (ভূষণ), ৬ষ্ঠীতৎ।

বংশাবলী, বি, স্ত্রী; পূর্ব্বপুরুষ দিগের নামাবলী, কুলজী। বংশের আবলী, ৬ষ্ঠীতৎ।

বংশী, বি, স্ত্রী (বংশ+ঈপ্) বেণু, মুরলী, বাঁশী।

বংশীধর, (বংশী-ধৃ-অন্)
বংশীধারী, (ঐ-ণিন্) শ্রীকৃষ্ণ।

বংশীধ্বনি, বি, পুং; বাঁশীর রব। ৬ষ্ঠীতৎ।

বংশীয়, বংশ্য, বিণ (বংশ+নীয়, ষ্য) বংশোদ্ভব, বংশে জাত। স্ত্রী,-য়া,-শ্যা।

বংশীবট, বি, পুং; বৃন্দাবনস্থ বটবৃক্ষ বিং।

বক, বি, পুং (বন্ক-কর্ত্তৃ-অন্) জলচর পক্ষী বিং, ক্রৌঞ্চপক্ষী। পুষ্পবৃক্ষ বিং। রাক্ষস বিং। দৈত্য বিং। যন্ত্র বিং।

বকধার্ম্মিক, বিণ; কপট ধার্ম্মিক। বক সদৃশ ধার্ম্মিক, মধ্যপদলোপী কর্ম্মধা।

বকনা, (প্রা) বি; অল্পবয়স্কা গবী।

বকপঞ্চক, বি, ক্লী; কার্ত্তিক মাসের শুক্লপক্ষের একাদশী প্রভৃতি পঞ্চ তিথি।

বকবৃত্তি, বি, স্ত্রী; বকধার্ম্মিকতা, ভণ্ডামি। বকের বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বিণ; বকধার্ম্মিক, ভণ্ড, প্রবঞ্চক। বকের ন্যায় বৃত্তি (জীবিকা) যাহার, বহু।

বকব্রতী(তিন্) বিণ (বকব্রত+ইন্, অস্ত্যর্থে) যে বকের ন্যায় মিথ্যা বিনয়ী হইয়া জীবিকা নির্ব্বাহ করে, বকধার্ম্মিক, প্রবঞ্চক। বি, পুং; ধর্ম্মধ্বজী ও স্বার্থপর ব্যক্তি।

বকাণ্ডপ্রত্যাশা, বি, স্ত্রী; মিথ্যা আশা।

বকুল, বি, পুং (বন্ক-কর্ত্তৃ-কুল) প্রসিদ্ধপুষ্প বৃক্ষ বিং। ক্লী, ঐ পুষ্প।

বকেয়া, (যা) বিণ; পুরাতন।

বক্তব্য, বিণ (বচ্ কর্ম্ম-তব্য) বলিবার যোগ্য। নিন্দনীয়। বি, ক্লী, কথন, বাক্য। নিন্দা।

বক্তা(ক্তৃ), বিণ, পুং (ঐ-কর্ত্তৃ-তৃন) যে বলে। বাগ্মী। বক্তৃতা-কারী। স্ত্রী,-ক্ত্রী।

বক্তৃতা, বি, স্ত্রী (বক্তৃ+তা, ভাবার্থে) বাক্পটুতা। কথকতা, বাগ্বিন্যাস।

বক্ত্র, বি, ক্লী (বচ্-করণ-ত্র) মুখ।

বক্র, বিণ (বন্ক-কর্ত্তৃ-রক্) বাঁকা, কুটিল। অপ্রসন্ন। বি, পুং; শনি। মঙ্গল গ্রহ। ক্লী; নদীর বাঁক। বি,-তা, বক্রিম।

বক্রগ্রীব, বিণ; বাঁকা গলা বিশিষ্ট। বহু। বি, পুং; উষ্ট্র।
বক্রদংষ্ট্র, বি, পুং (বক্র+দংষ্ট্রা) বরাহ, শূকর। বহু।
বক্রনাসিক, বিণ (বক্র+নাসিকা) বক্রনাসা বিশিষ্ট। বহু। বি, পুং; পেচক।
বক্রিম(মন্), বি, পুং (বক্র+ইমন্,ভাবার্থে) বক্রতা।
বক্রোক্তি, বি, স্ত্রী; শ্লেষ বাক্য, ব্যঙ্গোক্তি। কাব্যালঙ্কার বিং।
বগী, (যা) বি; শকট বিং।
বক্ষঃ(স্), বি, ক্লী (বক্ষ-কর্তৃ-অস্) বুক, হৃদয়।
বক্ষঃস্থল, বি, পুং; বুক। বক্ষঃই স্থল, কর্ম্মধা।
বক্ষ্যমাণ, বিণ (বচ্-কর্ম্ম-স্যমান) যাহা বলা যাইবে, বক্তব্য।
বগলা, বি, স্ত্রী; দশমহাবিদ্যার অন্তর্গত অষ্টম মহাবিদ্যা।
বঙ্ক, বি, পুং (বন্ক-অন্) বাঁকা।
বঙ্কিম, (প্রা) বিণ; বক্র, বাঁকা।
বঙ্গ, বি, পুং (বন্গ-অধি-অল্) বাঙ্গালাদেশ। (ঐ-কর্তৃ-অন্) নৃপ বিং। বাঙ্গালা দেশের লোক। ক্লী; রাঙ্ধাতু। সীসা
বঙ্গজ, বিণ (বঙ্গ-জন্-ড) বঙ্গদেশ জাত।
বঙ্গীয়, বিণ (বঙ্গ+ীয়) বঙ্গদেশীয়।

বচঃ(চস্) বি, ক্লী (বচ্-অস্) বাক্য।
বচন, বি, ক্লী (ঐ-অনট্) বাক্য। ঋষি-প্রণীত শ্লোক। (ব্যাকরণে) বিভক্তির একত্বাদি; যেমন,—একবচন, দ্বিবচন, বহু বচন।
বচনীয়, বিণ (বচ্-অনীয়) বাচ্য, কথনীয়। নিন্দনীয়। বি, ক্লী; নিন্দা।
বচনীয়তা, বি, স্ত্রী (বচনীয়+তা) অপবাদ, নিন্দা।
বচসা, (প্রা) বি; বকাবকি।
বচা, বি, স্ত্রী; বচ।
বজরা, (প্রা) বৃহৎ নৌকা বিং।
বজায়, (প্রা) অক্ষুণ্ণ, ঠিক।
বজ্র, বি, পুং, ক্লী (বজ্ কর্তৃ-র) ইন্দ্রের অস্ত্র বিং, অশনি, দম্ভোলী, কুলিশ। বজ্রাকৃতি চিহ্ন। হীরক। শিবের ত্রিশূল, বিষ্ণুর চক্র, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, কার্ত্তিকেয়ের শর, কালীর অসি, যমের দণ্ড,বরুণের পাশ, এই অঃ বজ্র। বিণ; কঠিন, কঠোর।
বজ্রগম্ভীরনাদে,-স্বরে, ক্রিবিণ; বজ্রের ন্যায় গম্ভীর শব্দে। বজ্র সদৃশ গম্ভীর, বজ্র গম্ভীর, মধ্যপদলোপী কর্ম্মধা; বজ্রগম্ভীর হইয়াছে নাদ, স্বর (ধ্বনি) যাহাতে, বহু।
বজ্রধর, বি, পুং; ইন্দ্র। ষষ্ঠীতৎ।

বজ্র-ধ্বনি, বজ্রনাদ, বজ্র-নির্ঘোষ,বজ্র-নিষ্পেষ, } বি, পুং; বজ্রের শব্দ। ৬ষ্ঠীতৎ।

বজ্রপাণি, বি, পুং; ইন্দ্র। বজ্র আছে পাণিতে (হস্তে) যাহার, বহু।

বজ্রপুরুষ, বি, পুং; বাজ্রর ন্যায় প্রতাপশালী বা ভয়ঙ্কর লোক।

"বীর চূড়ামণি বোনাপার্টি, তাঁহার সমসাময়িক ঐতিহাসিক ও বীরপুরুষদিগের নিকট, বজ্রপুরুষ বলিয়াই অভিহিত হইতেন", (প্রভাতচিন্তা)

বজ্রবারক, বি, পুং; যে নাম স্মরণ বা কীর্ত্তন করিলে বজ্রাঘাতের ভয় থাকেনা। যথা—

"জৈমিনিশ্চ সুমন্তুশ্চ
বৈশম্পায়ন এবচ।
পুলস্ত্যঃ পুলহো জিষ্ণুঃ
ষড়েতে বজ্রবারকাঃ॥"

বজ্রসার, বিণ; বজ্রসদৃশ কঠিন। বজ্রের ন্যায় কঠিন সার যাহার, বহু।

"যাঁহারা মানব জগতের কর্ম্মক্ষেত্রে বজ্রসার পুরুষ বলিয়া বিখ্যাত হইয়া রহিয়াছেন", (প্রভাতচিন্তা)

বজ্রাগ্নি, বি, পুং; বজ্রের অগ্নি। ৬ষ্ঠীতৎ।

বজ্রাঘাত, বি, পুং; বজ্র প্রহার। [৬ষ্ঠীতৎ।

বজ্রাহত, বিণ; বজ্রের দ্বারা আঘাত প্রাপ্ত। ৩য়াতৎ।

বজ্রী, বি, পুং (বজ্র+ইন্, অস্ত্যর্থে) বজ্রধারী, ইন্দ্র।

বঞ্চক, বিণ (বঞ্চি-ণক) প্রতারক। বি, পুং; শৃগাল।

বঞ্চন, বি, ক্লী (বনচ-অনট্) } বঞ্চনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) } প্রতারিত হওন, ঠকন।

{ (বঞ্চি-অনট্)
(ঐ-অন—আপ্) } প্রতারণা, ঠকান। বিণ,-ঞ্চিত।

বঞ্চিত, বিণ (বঞ্চি-ক্ত) প্রতারিত। বৰ্জ্জিত। বি,-ঞ্চন,-ঞ্চনা।

বঞ্চুক, বিণ (ঐ-উক) প্রতারক।

বঞ্জুল, বিণ (বনচ-উল) বক্র।

বট, বি, পুং (বট-অন্) প্রসিদ্ধ বৃক্ষ বিং, বটগাছ। কড়ি, কপর্দ্দক।

বটিকা, বটী, বি, স্ত্রী; বড়ি।

বটু, বি, পুং (বট্-উ) দ্বিজবালক। বালক ব্রহ্মচারী। ব্রহ্মচারী ছাত্র। নির্ব্বোধ লোক।

"এই বটু চাপল্য প্রযুক্ত ঈদৃশ দুষ্কর কর্ম্মে প্রবৃত্ত হইতেছে"
(রজনীগুপ্ত)

বটুক, বি, পুং; ভৈরব বিং।

বড়, (প্রা) বিণ; বৃহৎ, শ্রেষ্ঠ।

বড়ভি(ভী), বি, স্ত্রী; প্রাসাদের উপরিস্থ গৃহ, চন্দ্রশালা। তৃণাচ্ছাদিত গৃহের পাইড় বা মুড়ুন্নি।

বড়বা, বি, স্ত্রী; ঘোটকী। সিন্ধু ঘোটকী।

বড়বাগ্নি, বড়বানল, বি, পুং; সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি। (বাড়বাগ্নি দেখ)।
বড়াই, (প্রা) বি; দেমাক, গর্ব্ব। বৃন্দাবনস্থ গোপী বিং।
বড়িশ, বি, ক্লী; মৎস্য-বেধন-যন্ত্র বিং, বড়শী।
বণিক্(জ্), বি, পুং (পণ-কর্ত্তৃ-ইজ্) বাণিজ্য কারক, সদাগর।
বণিগ্‌বৃত্তি, বি, স্ত্রী; বাণিজ্য, ব্যবসায়। ৬ষ্ঠীতৎ।
বণ্টক, বিণ (বণ্ট্-ণক) বিভাজক। বি,পুং (বণ্ট+কণ্) ভাগ,অংশ।
বণ্টন, বি, ক্লী (বণ্ট্-অনট্) বিভাগ করণ, বাঁটা।
বৎ, ব্য (বা-ড্বং) তুল্য, সদৃশ।
বতংস, বি, পুং (অব-তন্স্-অল্) ভূষণ। কর্ণভূষণ। শিরোভূষণ।
বত্রিশ, (প্রা) সংখ্যা বিং, ৩২।
বৎস, বি, পুং (বদ্-স) সন্তানাদিতে প্রযোজ্য স্নেহসূচক শব্দ, বাছা। গবাদির শিশু, বাছুর। ক্লী; বক্ষঃস্থল।
বৎসতর, বি, পুং (বৎস+তর, হ্রস্বার্থে) এঁড়ে বাছুর। স্ত্রী,-রী।
বৎসর, বি, পুং (বস-সরন্) বার মাস।
বৎসল, বিণ (বৎস[বৎস স্নেহ] +ল, অস্ত্যর্থে) স্নেহযুক্ত। অনুরক্ত। ভক্ত। স্ত্রী,-লা। বি, ক্লী; স্নেহ। অনুরাগ। বি, বাৎসল্য।
বৎসলতা, (বৎসল+তা)
বাৎসল্য, (ঐ+ষ্ণ্য, ভাবার্থে) স্নেহ। [মুখ।
বদন, বি, ক্লী (বদ্-করণ-অনট্)
বদনকমল, বি, ক্লী; পদ্মের ন্যায় সুন্দর মুখ। বদন কমল প্রায়, উপমিত কর্ম্মধা।
বদনমণ্ডল, বি, ক্লী; মুখমণ্ডল। ৬ষ্ঠীতৎ।
বদর, বি, পুং; কুল গাছ। ক্লী; কুল ফল।
বদরিকা, বদরী } বি, স্ত্রী; কুল গাছ। কুল ফল।
বদরিকাশ্রম, বি, পুং; তীর্থ বিং, এই স্থানে ব্যাসদেবের আশ্রম ছিল।
বদল, (যা) বি; বিনিময়।
বদান্য, বিণ (বদ্-কর্ত্তৃ-আন্য) দানশীল। সদ্বক্তা। স্ত্রী,-ন্যা। বি,-ন্যতা।
বদান্যতা, বি, স্ত্রী (বদান্য+তা, ভাবার্থে) দানশীলতা।
বদান্যবর, বিণ; শ্রেষ্ঠ দাতা। ৭মীতৎ।
বদ্ধ, বিণ (বন্ধ্-ক্ত) যাহা বাঁধা হইয়াছে। সংযত। গ্রথিত।
বদ্ধপরিকর, বিণ; যে দৃঢ়রূপে কোমর বাঁধিয়াছে। বদ্ধ হই-

য়াছে প্ররিকর (কটিবন্ধ) যৎকর্ত্তৃক, বহু।

বদ্ধমুষ্টি, বিণ; দৃঢ়মুষ্টি, কৃপণ। বদ্ধ হইয়াছে মুষ্টি যাহার, বহু।

বদ্ধমূল, বিণ; যাহার মূল উৎপাটন করা যায়না। দৃঢ় সংস্থাপিত। বদ্ধ হইয়াছে মূল যাহার, বহু।

বদ্ধাঞ্জলি, বিণ; কৃতাঞ্জলি, যোড় হাত। বদ্ধ হইয়াছে অঞ্জলি যৎকর্ত্তৃক, বহু।

বদ্বীপ, বি, পুং; নদীর মোহানা-স্থিত মাত্রাশূন্য "ব" কারের ন্যায় ত্রিকোণাকার ভূমি (Delta).

বধ, বি, পুং (হন্‌-ভাবে-অল্) হত্যা, বিনাশ।

বধার্হ, বিণ (বধ + অর্হ) বধযোগ্য।

বধির, বিণ (বন্ধ-কর্ত্তৃ-কির) শ্রবণ শক্তিরহিত, কালা।

বধু, বি, স্ত্রী (বন্ধ্-কর্ত্তৃ বা কর্ম্ম-উ) পুত্রবধূ, স্নুষা। পত্নী। নবোঢ়া বালিকা।

বধূজন, বি,পুং; যুবতী স্ত্রীলোক। বধূও যে জনও সে, কর্ম্মধা।

বধ্য, বিণ (হন্‌-কর্ম্ম-ক্যপ্) বধযোগ্য।

বধ্যভূমি, বি, স্ত্রী; বধস্থান, মশান। ৬ষ্ঠীতৎ।

বন, বি, ক্লী (বন্[ব্যাপ্তহ]-কর্ত্তৃ-অন্) অরণ্য। জল।

বনকর, বি ক্লী; বন হইতে গৃহীত রাজস্ব।

বনচর, (বন-চর্-কর্ত্তৃ-অন্)
বনচারী, (ঐ-ণিন্) যাহারা বনে বাস করে। বনে চরে যে, উপ। স্ত্রী,-চরী,-চারিণী।

বনজ, বিণ (বন-জন্-ড) অরণ্য জাত। বি, ক্লী; পদ্ম। বনে (জলে) জন্মে যে, উপ।

বনদেবতা, বি, স্ত্রী; বনের অধিষ্ঠাত্রী দেবী। ৬ষ্ঠীতৎ।

বনন, (প্রা) বি; হওন।

"তুমি ন্যায়ের অনুরোধে স্বার্থত্যাগ করিয়া ভিখারী বনিয়াছ", (নিভৃতচিন্তা)

বনফুল, (প্রা) বনপুষ্প। মধ্য-পদলোপী কর্ম্মধা।

বনমালা, বি, স্ত্রী; চরণ পর্য্যন্ত লম্বিত মালা। বন ফুলের মালা। ৬ষ্ঠীতৎ।

বনমালী(লিন্), বি,পুং (বনমালা + ইন, অস্ত্যর্থে) শ্রীকৃষ্ণ।

বনরাজি, বি, স্ত্রী; অরণ্য শ্রেণী। ৬ষ্ঠীতৎ।

বনবাসী(সিন্), বিণ (বন-বস্-ণিন্) অরণ্য চারী স্ত্রী,-সিনী।

বনবিহারী(রিন্), বিণ (বন-বি-হৃ-ণিন্) যে বনে বিচরণ করে। বি, পুং; শ্রীকৃষ্ণ।

বনস্পতি,বি,পুং(বন + পতি,নি)

ফুল ব্যতিরেকে যে সকল গাছে ফল হয়, যেমন—অশ্বত্থাদি। বৃক্ষ। বনের পতি, ৬ষ্ঠীতৎ।

বনান্ত, বি, ক্লী ; বন প্রদেশ। পুং ; বনের প্রান্তভাগ। বনের অন্ত, ৬ষ্ঠীতৎ।

বনান্তর, বি, ক্লী ; অন্যবন। নিত্য। বনাভ্যন্তর।

বনান্তবাসী, বিণ ; বন প্রদেশে বাস কারী। স্ত্রী,-সিনী।

"বনান্তবাসিনী ঋষিপত্নী দিগের".
(সীতার বনবাস)

বনিতা, বি, স্ত্রী (বন্-কর্ম্ম-ক্ত + আপ্) ভার্য্যা। অনুরক্তা স্ত্রী।

বনেচর, বিণ ; অরণ্যচারী। বি, পুং ; ব্যাধ প্রভৃতি।

বনৌকাঃ(কস্), বিণ ; বনবাসী। বি, পুং ; বানর। বন হইয়াছে ওকঃ (বাসস্থান) যাহার, বহু।

বন্দক, বিণ (বন্দ-ণক) বন্দনাকারী। স্তুতি কারক।

{ বন্দন, বি, ক্লী (বন্দ্-ভাবে-অনট্)
{ বন্দনা, বি, স্ত্রী (ঐ-অন + আপ্) অভিবাদন, প্রণাম। স্তব।

{ বন্দনীয়, (বন্দ্-কর্ম্ম-অনীয়)
{ বন্দ্য, (ঐ-ঘ্যণ্) বন্দনার যোগ্য, নমস্ত।

বন্দর, (বা) বি ; নদী বা সমুদ্রের তীরবর্ত্তী বাণিজ্য-স্থান (Port).

বন্দি(ন্দী), বি, স্ত্রী (বন্দ্-ই) কারারুদ্ধ ব্যক্তি, কয়েদী।

বন্দী(ন্দিন্), বিণ (বন্দ্-ণিন্) বন্দনাকারী। স্ত্রী,-ন্দিনী। বি, পুং ; স্তুতিপাঠক, বৈতালিক।

বন্দোবস্ত, (যা) ব্যবস্থা। নিয়ম।

বন্ধ, বি, পুং (বন্ধ্-ভাবে-অল্) রোধ। বন্ধন। গ্রন্থন। (ঐ-করণ) গ্রন্থি। বাঁধ।

বন্ধক, বি, পুং (বন্ধ্-ণক) গচ্ছিত বস্তু। ক্লী ; বন্ধক দেওয়া।

বন্ধকী, বি, স্ত্রী ; অসতী স্ত্রী। বিণ ; গচ্ছিত।

বন্ধন, বি, ক্লী (বন্ধ্-অনট্) বাঁধন। অবরোধ।

বন্ধনী, বি, স্ত্রী ; যদ্দ্বারা বন্ধন করা যায়, রজ্জু প্রভৃতি। ব্র্যাকেট চিহ্ন (Bracket)।

বন্ধু, বি, পুং (বন্ধ্-কর্ত্তৃ-উ) স্বজন, বান্ধব। "সখা" দেখ।

{ বন্ধুক, (বন্ধু + কণ্)
{ বন্ধুজীব, (বন্ধু-জীব-অন্) বি, পুং;রক্তবর্ণ পুষ্পবৃক্ষ বিং,বাঁধুলি ফুলের গাছ। ক্লী; বাঁধুলি ফুল।

{ বন্ধুতা,বি,স্ত্রী (বন্ধু + তা,ভাবার্থে
{ বন্ধুত্ব,বি, ক্লী (ঐ + ত্ব) মিত্রতা।

বন্ধুবান্ধব, বি, পুং ; আত্মীয় স্বজন। দ্বন্দ্ব।

বন্ধুর, বন্ধূর, বিণ (বন্ধ-কর্ত্তৃ-উর, ঊর) উচ্চাবচ, উচুনীচু,

অসমতল। নম্র। রমণীয়।
বন্ধুর। বি, পুং ; বিহঙ্গ।

বন্ধুবিচ্ছেদ, বি, পুং ; বন্ধুর সহিত ছাড়াছাড়ি।

বন্ধ্য, বিণ (বন্ধ্-ঘ্যণ্) বন্ধন যোগ্য। ফল রহিত।

বন্ধ্যা, বিণ, স্ত্রী ; যে স্ত্রীর সন্তান হয়না, বাঁজা।

বন্য, বিণ (বন+ষ্য, ইদমর্থে) বনজাত। বন সম্বন্ধীয়।

বন্যা, বি, স্ত্রী ; জলপ্লাবন, বান।

বপন, বি, ক্লী (বপ-ভাবে-অনট্) বীজ বোনা। বস্ত্রাদি বয়ন। বিণ, উপ্ত।

বপনী, বি, স্ত্রী ; মাকু। তাঁতঘর।

বপা, বি, স্ত্রী (বপ্-অন্) ছিদ্র, গর্ত্ত।

বপুঃ(স্), বি, ক্লী (বপ-কর্ত্তৃ-উস্) শরীর।

বপ্তা(প্তৃ) বিণ (ঐ-তৃন্) বপন কারী। স্ত্রী,-প্ত্রী।

বপ্র, বি, পুং, ক্লী (বপ্-অধি-র) ক্ষেত্র, ক্ষেত। তট। পর্ব্বতের একদেশ, সানু। মৃৎস্তূপ। প্রাচীর। ক্ষেতের আলি। (ঐ-কর্ত্তৃ-) পিতা। প্রজাপতি।

বপ্রক্রীড়া, বি, স্ত্রী ; গবাদি পশুর ক্রীড়া বিং, শৃঙ্গদন্তাদি দ্বারা মৃত্তিকা খনন।

বভ্রু, বি, পুং ; বিষ্ণু। শিব। অগ্নি। দেশ বিং। বিণ ; বিশাল।

বভ্রুবাহন, বি, পুং ; মণিপুর রাজকন্যা চিত্রাঙ্গদার গর্ভজাত অর্জ্জুনপুত্র।

বমথু, বি, পুং (বম-ভাবে-অথু)
বমন, বি, ক্লী (ঐ-অনট্) উদ্গীরণ, বমি। বিণ, বান্ত।

বমি, বি, স্ত্রী (ঐ-ই) বমন।

বমিত, বিণ (বমি-কর্ম্ম-ক্ত) বান্ত, উদ্গীর্ণ।

বয়ঃ(স্), বি, ক্লী (অজ-অস্) যৌবন। বাল্যাদি জীবন কাল। পক্ষী।

বয়ঃক্রম, বি, পুং ; বয়স।

বয়ঃপ্রাপ্ত, বিণ ; বয়স্থ, সাবালক। ২য়াতৎ।

বয়ঃসন্ধি, বি, পুং ; যৌবনাবস্থা। ৬ষ্ঠীতৎ।

বয়ঃস্থ, বয়স্থ (বয়স্-স্থা-ড) যুবা। স্ত্রী,-স্থা।

বয়স্য, বি, পুং (বয়স্+ষ্য, তুল্যার্থে) সমবয়স্ক ব্যক্তি, সখা। স্ত্রী,-স্যা, সখী, সহচরী।

বয়ান, (প্রা,পদ্যে) বদন, মুখ।

বয়োজ্যেষ্ঠ, বিণ ; বয়সে বড়। স্ত্রী,-ষ্ঠা। ৩য়াতৎ।

বয়োবৃদ্ধি, বি, স্ত্রী ; বয়সের বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ।

বয়োবৃদ্ধ, বিণ ; বয়সে বড়। বয়ঃ দ্বারা বৃদ্ধ, ৩য়াতৎ।

বর, বি, পুং (বৃ-অল্) প্রার্থনা। আশীর্ব্বাদ। দেবতার নিকট প্রার্থিত বিষয়, অভীষ্ট। নিয়োগ। বিবাহকর্ত্তা। জামাতা। পতি। বিণ ; শ্রেষ্ঠ। অভীষ্ট।

বরকন্দাজ, (যা) চাপরাশী।

বরখাস্ত, (যা) বিণ ; কর্ম্মচ্যুত।

বরজ, (প্রা) বি ; পানের ক্ষেত।
"বরজে সজারু পশি বারুইর যথা"
(মেঘনাদ বধ)

বরট, বি, পুং (বৃ-অটন্) রাজহংস। বোল্‌তা। স্ত্রী,-টা।

বরণ, বি, ক্লী (ঐ-অনট্) নিযুক্ত করণ। নিয়োগ। নির্দ্ধারণ। পূজা। প্রার্থনা। আচ্ছাদন। পূজাদিকালে ধানদূর্ব্বাদি দ্বারা দেবতার নির্ম্মঞ্ছন ব্যাপার। বিণ, বৃত।

বরণডালা, (প্রা) বি ; বরণ করিবার পাত্র।

বরণীয়, বিণ (বৃ-অনীয়) বরণযোগ্য। প্রার্থনীয়। শ্রেষ্ঠ।

বরণ্ড, বি, পুং ; ব্রণ, বয়স ফোড়া। বড়িশ সূত্র।

বরদ, বিণ (বর-দা-ড) অভীষ্টদাতা। বর (অভীষ্ট) দেন যিনি, উপপ। স্ত্রী,-দা।

বরদা, বি, স্ত্রী (বরদ + আপ্) ভগবতী, দুর্গা। বিণ ; অভীষ্ট দাত্রী।

বরপুত্র, বি, পুং ; দেবতার অনুগ্রহ ভাজন পুত্র, কৃতী সন্তান। বর (শ্রেষ্ঠ) যে পুত্র, কর্ম্মধা।

বরফ, (যা) বি ; তুষার।

বরম্, ব্য ; অপেক্ষাকৃত উৎকৃষ্ট।

বরযাত্রী, বি, পুং ; বরের সহচর।

বররুচি, বি, পুং ; বিক্রমাদিত্যের সভাস্থ পণ্ডিত বিং। (নবরত্ন দেখ)।

বরবর্ণিনী, বি, স্ত্রী (বরবর্ণ[উৎকৃষ্ট রং] + ইন্, অস্ত্যর্থে + ঈপ্) উত্তমা স্ত্রী। লক্ষ্মী। সরস্বতী। গৌরী।

বরাক, বিণ (বৃ-কর্ত্তৃ-ষাক) ভিক্ষু। দীন। নীচ।

বরাঙ্গ, বিণ ; শ্রেষ্ঠাঙ্গযুক্ত। বর (শ্রেষ্ঠ) হইয়াছে অঙ্গ যাহার, বহু। বি, ক্লী ; শ্রেষ্ঠাঙ্গ। বর (শ্রেষ্ঠ) যে অঙ্গ, কর্ম্মধা।

বরাঙ্গনা, বি, স্ত্রী ; উত্তমা স্ত্রী। বরা (শ্রেষ্ঠা) যে অঙ্গনা (স্ত্রী), কর্ম্মধা।

বরাটক, বি, পুং ; কপর্দ্দক, কড়ি।

বরাদ্দ, (যা) পরিমাণ।

বরাভয়, বি, ক্লী ; আশীর্ব্বাদ ও ভয়রাহিত্য। বর ও অভয়, দ্বন্দ্ব।

বরাবর, (যা) বি ; সমীপ। ঠিক।

বরারোহা, বি, স্ত্রী ; উত্তমা স্ত্রী।

বরাহ, বি, পুং (বর-আ-হন্-কর্ত্তৃ-ড) শূকর। বিষ্ণুর অবতারবিং।

শাস্ত্রে কথিত আছে যে, প্রলয়কালে পৃথিবী জলমগ্না হইলে, বিষ্ণু বরাহরূপ ধারণ করিয়া দংষ্ট্রাদ্বারা তাহার উদ্ধার সাধন করেন। স্ত্রী,-হী।

বরিষণ, (প্রা) বৃষ্টিপাত, বর্ষণ।

বরিষা, (প্রা), প্রাবৃট্‌কাল, বর্ষা।

বরিষ্ঠ, (উরু [মহৎ]+ইষ্ঠ)
বরীয়ান্ (য়স্) (ঐ+ঈয়সু) বিণ ; শ্রেষ্ঠতম। স্ত্রী,-ষ্ঠা,-য়সী।

বরুণ, বি, পুং ; জলাধিপতি দেবতাবিং। স্ত্রী,-ণানী। ক্লী ; জল।

বরূথ, বি, ক্লী (বৃ-উথন্) বর্ম্ম, সাঁজোয়া। ঢাল।

বরূথিনী, বি, স্ত্রী (বরূথ+ইন্) সেনা। [বরণীয়।

বরেণ্য, বিণ (বৃ-কর্ম্ম-এণ্য) শ্রেষ্ঠ।

বরেন্দ্র, বি, পুং ; দেবরাজ, ইন্দ্র।

বরেন্দ্রী, বরেন্দ্রভূমি, বি, স্ত্রী ; গৌড় দেশ।

বর্গ, বি, পুং (বৃজ্-ঘঞ্) সজাতীয় সমূহ, যেমন—ক-বর্গ, মনুষ্যবর্গ। দল। গ্রন্থ-পরিচ্ছেদ। সমান অঙ্কদ্বয়ের পূরণ, যেমন—২×২=৪। (প্রা) একতা।

বর্গক্ষেত্র, বি, ক্লী ; যে চতুর্ভুজ ক্ষেত্রের চারিবাহু পরস্পর সমান (square)।

বর্গমূল, বি, ক্লী ; যে সমান দুই রাশি পরস্পর গুণিত হইলে একটী গুণফল হয়, তাহাদের প্রত্যেক রাশি উক্ত গুণফলের বর্গমূল, যেমন—তিন, তিনের দ্বারা গুণিত হইয়া "৯" হয়, অতএব "৩" নয়ের বর্গমূল (square root)।

বর্গীয়, বর্গ্য, বিণ (বর্গ+ীয়, ষ্য) বর্গসম্বন্ধীয়।

বর্গীয় বর্ণ, বি, পুং ; ক হইতে ম পর্য্যন্ত ২৫ বর্ণ।

বর্চ্চঃ (স্), বি, ক্লী (বর্চ্চ-অস্) তেজঃ। শুক্র। রূপ। পুরীষ। মল।

বর্জ্জন, বি, ক্লী (বৃজ্-ভাবে-অনট্) ত্যাগ। বিণ,-র্জ্জিত।

বর্জ্জনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) পরিত্যাজ্য। বধ্য।

বর্জ্জিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) পরিত্যক্ত। বি,-র্জ্জন।

বর্ণ, বি, পুং (বৃ-কর্ম্ম-ন) ব্রাহ্মণাদি জাতি। শুক্লপীতাদি রঙ্। খ্যাতি। উৎকর্ষ। স্তব। স্বর্ণ। পুং, ক্লী ; রূপ। ভেদ। অক্ষর। অ, আ, ক, খ প্রভৃতি অক্ষর।

বর্ণক, বি, পুং, ক্লী (বর্ণ+কণ্) বিলেপন-দ্রব্য। চন্দন। অঙ্গরাগ। পুং (বর্ণ-ণক) স্তুতিপাঠক।

বর্ণজ্ঞান, বি, ক্লী ; অ, আ প্রভৃতি অক্ষরের বোধ।

বর্ণজ্ঞানশূন্য, বিণ ; অক্ষর জ্ঞান রহিত, নিরক্ষর। ৩য়াতৎ।

{ **বর্ণন**, বি, ক্লী (বর্ণ-ভাবে-অনট্)
বর্ণনা, বি, স্ত্রী (ঐ-অন + আপ) গুণকথন। স্তুতি। বিস্তার করিয়া কথন। বিবরণ। রঞ্জন, রঙ্ করণ। বিণ,-র্ণিত।

বর্ণনাতীত, বিণ ; যাহার বর্ণনা করিতে পারা যায় না। ৬ষ্ঠী তৎ।

বর্ণনীয়, বর্ণিতব্য, বিণ (বর্ণ-অনীয়, তব্য) বর্ণন যোগ্য।

বর্ণমাতা, বি, স্ত্রী ; লেখনী, কলম।

বর্ণমালা, বি, স্ত্রী ; জাতিমালা। অক্ষরসমূহ, যেমন—অ, আ, ক, খ প্রভৃতি।

বর্ণসঙ্কর, বি, পুং ; মিশ্র জাতি।

বর্ণিত, বিণ (বর্ণ-ক্ত) ব্যাখ্যাত। প্রশংসিত। বিবৃত। রঞ্জিত। বি,-র্ণন,-র্ণনা।

বর্ণী (র্ণিন্), বি, পুং (বর্ণ + ইন্) ব্রহ্মচারী। চিত্রকর। লেখক। স্ত্রী,-র্ণিনী।

বর্ত্তন, বি, ক্লী (বৃত্-ভাবে-অনট্) জীবিকা, বৃত্তি। (বর্ত্তি-ভাবে-অনট্) স্থাপন। পেষণ। বিণ (বৃত্-কর্ত্তৃ-অন) বৃত্তিযুক্ত। বর্ত্তমান। বি, পুং ; বামন। ক্লী ; বেতন। বর্ত্তুল। তুলার পাঁইজ।

বর্ত্তনী, বি, স্ত্রী ; বর্ত্ম, পথ। তর্কুপিণ্ড, তুলার পাঁইজ।

বর্ত্তমান, বিণ (বৃত্-কর্ত্তৃ-শান) বিদ্যমান, উপস্থিত। স্থিতিশীল। বি, পুং ; প্রারব্ধ ও অসমাপ্ত কাল।

{ **বর্ত্তি**, (বৃত্-কর্ত্তৃ-ই)
বর্ত্তিকা, (বর্ত্তি + কণ্ + আপ্)
বর্ত্তী, (বর্ত্তি + ঈপ্) বি, স্ত্রী ; বাতি। দীপদশা, সলিতা। তূলি।

বর্ত্তিত, বিণ (বর্ত্তি-ক্ত) স্থাপিত। সম্পাদিত।

বর্ত্তিষ্ণু, বিণ (বৃত্-ইষ্ণু) স্থিতিশীল।

বর্ত্তী (ত্তিন) বিণ (বৃত্-ণিন্) স্থিতিশীল। স্ত্রী,-র্ত্তিনী।

বর্ত্তুল, বিণ (বৃত্ কর্ত্তৃ-উল) গোলাকার। স্থূল। বি, পুং ; বাঁটুল। কলায় বিং।

বর্ত্ম (ন্) বি, ক্লী (বৃত্-কর্ত্তৃ-মন্) পথ।

বর্দ্ধক, বিণ (বৃধ্-ণক) বৃদ্ধিকারক। (বর্দ্ধ-ণক) ছেদক।

বর্দ্ধন, বি, ক্লী (বৃধ্-ভাবে-অনট্) বৃদ্ধি, উন্নতি। (বর্দ্ধ-ভাবে-অনট্) ছেদন। (বার্দ্ধি-ভাবে-অনট্) বাড়ান। বিণ (বর্দ্ধি-কর্ত্তৃ-অন) বৃদ্ধিকারক।

বৰ্দ্ধমান, বিণ (বৃধ্-কর্তৃ-শান) যাহা বাড়িতেছে, বৃদ্ধিশীল। বি, পুং ; দেশ বিং। মৃৎপাত্র বিং, শরাব। এরণ্ড।

বর্দ্ধিত, বিণ (বর্দ্ধি-কর্ম্ম-ক্ত) বৃদ্ধি প্রাপিত। পূরিত। বি.-র্দ্ধন।

বৰ্দ্ধিষ্ণু, বিণ (বৃধ্-কর্তৃ-ইষ্ণু) বৃদ্ধিশীল।

বর্ম্ম (র্ম্মন্), বি, ক্লী (বৃ-করণ-মন) সাঁজোয়া। পুং ; ক্ষত্রিয়ের উপাধি।

বর্ম্মিত, বিণ (বর্ম্মন্+ইত, যুক্তার্থে) বর্ম্মযুক্ত।

বর্ম্মী (র্ম্মিন), বিণ (বর্ম্মন্+ইন্) বর্ম্মধারী।

বর্ব্বর, বি, পুং (বৃ-কর্তৃ-বরচ্) প্রাকৃত ব্যক্তি, পামর। নীচ-জাতি।

বর্ব্বূর, বি, পুং ; বাবলা গাছ।

বর্ষ, বি,পুং, ক্লী (বৃষ্ কর্তৃ-অন্) বৎসর। (ভাবে-অল্) বৃষ্টি। (অধি-অল) জম্বুদ্বীপের অংশ বিং, যেমন—ভারতবর্ষ। কিং-পুরুষ বর্ষ, ইত্যাদি।

বর্ষণ,বি,ক্লী(বৃষ্-ভাবে-অনট্)বৃষ্টি।

বর্ষণোন্মুখ, বিণ ; বর্ষণোদ্যত। ৭মীতৎ।

বর্ষপর্ব্বত,বি,পুং ; হিমালয়, হেম-কূট, নিষধ, মেরু, শ্বেত, নীল, শৃঙ্গী, এই সপ্তপর্ব্বত। বর্ষের (জম্বুদ্বীপের) পর্ব্বত, ৬ষ্ঠীতৎ।

বর্ষমাণ,বিণ (বৃষ-শান) যে বর্ষণ করিতেছে।

বর্ষবর,বি, পুং; নপুংসক খোজা।

বর্ষবৃদ্ধি,বি,স্ত্রী; জন্মতিথি। অতি-বৃষ্টি।

বর্ষা, বি,স্ত্রী (বর্ষ+আপ্) প্রাবৃট কাল,শ্রাবণ ভাদ্র,এই দুই মাস।

বর্ষাত্যয়, বি, পুং ; শরৎকাল। বর্ষার অত্যয় (নাশ), ৬ষ্ঠীতৎ।

বর্ষা প্লাবিত,বিণ; বর্ষার জলদ্বারা ব্যাপ্ত। ৩য়াতৎ।

বর্ষাভূ,বি,পুং,স্ত্রী (বর্ষা-ভূ-কিপ্) মণ্ডূক, ভেক। পুং ; কেঁচো। ইন্দ্রগোপকীট।

বর্ষীয়ান্(য়স্), (বৃদ্ধ+ঈয়স্, অতিশয়ার্থে)
বর্ষিষ্ঠ, (ঐ+ইষ্ঠ ; বৃদ্ধস্থানে বর্ষ; বিণ ; অতিবৃদ্ধ। স্ত্রী,-য়সী,-ষ্ঠা।

বর্ষুক,বিণ(বৃষ্-উক)বর্ষণশীল।

বর্ষোপল, বি,পুং ; শিল, করকা। বর্ষের (বৃষ্টির) উপল (প্রস্তর), ৬ষ্ঠীতৎ।

বর্ষ্ম (র্ষ্মন্), বি, ক্লী (বৃষ্-কর্তৃ-মন্) পাষাণ। পরিমাণ।

বর্হ, বি, ক্লী ; ময়ূরপুচ্ছ। পত্র।

বর্হিঃ (স্), বি, পুং (বৃহ-ইস্) অগ্নি। দীপ্তি। যজ্ঞ। পুং, ক্লী ; কুশ।

{ বর্হিণ, (বর্হ+ইনন্) বি,পুং ;
বর্হী (র্হিন্), (ঐ+ইন্) ময়ূর।
বর্হিষদ্,বি,পুং ; পিতৃলোক বিং।
বল, বি,ক্লী(বল-ভাবে-অল্)শক্তি, সামর্থ্য। সার। (করণ-অল্)দেহ। রূপ। শুক্র। পল্লব। সৈন্য। পুং (কর্ত্তৃ-অন্) বলরাম। দৈত্যবিং। বায়স।
বলদ, (প্রা) বলীবর্দ্দ, দামড়া। নির্ব্বোধ।
বলজ,বি,ক্লী; ক্ষেত্র। শস্য। যুদ্ধ। পুরদ্বার। পুং; ধান্যের রাশি।
বলদৃপ্ত, বিণ ; সামর্থ্য থাকায় গর্ব্বযুক্ত। তন্নাতং।
বলদেব, বলভদ্র, বলরাম, } বি,পুং ; শ্রীকৃষ্ণের বৈমাত্রেয় জ্যেষ্ঠ ভ্রাতা।
বলপূর্ব্বক, ক্রিবিণ ; বল সহকারে। বল হইয়াছে পূর্ব্বে যাহাতে, বহু।
বলভি, বি, স্ত্রী ; "বড়ভি" দেখ।
বলয়, বি, পুং, ক্লী (বল-অয়ন্) করভূষণ, বালা।
বলয়িত,বিণ(বলয়+ইত) বেষ্টিত, ঘেরা।
বলবত্তা, বি, স্ত্রী (বলবৎ+তা, ভাবার্থে) বলশালিতা।
বলবান্(বৎ), বিণ (বল+বতু, অস্ত্যর্থে) বলশালী। স্ত্রী,-বতী। বি, বলবত্তা।
বলশালী (লিন্), বিণ (বল+শালিন্, অস্ত্যর্থে ; অথবা বল-শাল্-ণিন্) বলবান্। স্ত্রী,-লিনী।
বলবিন্যাস, বি, পুং ; ব্যূহরচনা। সেনা সন্নিবেশ।
{ বলাক, বি, পুং (বল-অক-অন্)
বলাকা, বি, স্ত্রী (বলাক+স্ত্রী-আপ্) এক প্রকার ক্ষুদ্র জাতীয় বক।
বলাৎকার, বি,পুং; জোর করা। বলপূর্ব্বক সতীত্ব নাশ।
বলাধান, বিণ ; সবল, বলিষ্ঠ। বি, ক্লী ; বল সঞ্চার। সৈন্য-সমাবেশ।
বলাহক, বি, পুং (বারি-বহ-কর্ত্তৃ-ণক) মেঘ। পর্ব্বত। নাগবিং। দৈত্য বিং।
বলি, বি, পুং (বল-ই) কর, রাজস্ব। পূজা। পূজোপহার। দৈত্যরাজ বিং। ভূতযজ্ঞ, জীব-গণকে খাদ্য দান। স্ত্রী,-লি, -লী, জরাবশতঃ শ্লথ চর্ম্ম। উদরাদি অঙ্গে তরঙ্গিত মাংস। গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংস বিং। ভঙ্গী।
বলিত, বিণ (বলি+ত, যুক্তার্থে) জরা-বিশ্লথ চর্ম্মবিশিষ্ট।
বলিদান, বি, ক্লী ; দেবোদ্দেশে পশু বধ। পূজোপহার প্রদান।
বলিপুষ্ট, বি, পুং ; কাক। বলি-

দ্বারা পুষ্ট, তন্নাতৎ।

বলিত্ত, বিণ (বলি+ত, যুক্তার্থে) "বলিত" দেখ।

বলিভুক্ (জ্), বি, পুং (বলি-ভুজ্-ক্বিপ্) কাক।

বলিমুখ, বি, পুং ; বানর। বলি-যুক্ত (শ্লথ চর্ম্মবিশিষ্ট) হইয়াছে মুখ যাহার, বহু।

বলিষ্ঠ, বিণ (বলবৎ+ইষ্ঠ, অতি-শয়ার্থে) অত্যন্ত বলবান্।

বলিহারি, (পদ্যে) বলিতে হারি মানা অর্থাৎ যাহা বলা যায়না।

বলী (লিন্), বিণ (বল+ইন্, অস্ত্যর্থে) বলশালী। স্ত্রী,-লিনী। বি, পুং ; মহিষ। বৃষ। উষ্ট্র। শূকর।

বলীয়ান্ (য়স্), বিণ (বলবৎ+ঈয়স্) অত্যন্ত বলবান্। স্ত্রী,-য়সী।

বলীবর্দ্দ, বি, পুং (বল-বৃধ্-কর্ত্তৃ-অন্) বলদ। বৃষ।

{ বল্ক, বি, ক্লী (বল-কর্ত্তৃ-ক)
{ বল্কল, বি, পুং, ক্লী (ঐ-কল) বাকল, গাছের ছাল। মাছের আঁইস।

বল্গা, বি, স্ত্রী (বল্গ [গমন]-করণ-অল্+আপ্) মুখরজ্জু, লাগাম।

বল্গা-হরিণ, বি, পুং ; সুমেরু প্রদেশস্থ হরিণ বিং (Rein deer)। [ঐ দেশের লোকেরা এই হরিণের মুখে ঘোড়ার ন্যায় লাগাম দিয়া গাড়ী টানায়।]

বল্গিত, বি,ক্লী; অশ্বের গতি বিং, প্লুত গতি। লম্ফন। হস্তপদাদির আস্ফালন।

বল্গু, বিণ (বল-গুক্) মনোহর।

{ বল্মিক, (বল-কর্ত্তৃ-মিক)
{ বল্মীক, (ঐ-মীক) বি, পুং,ক্লী; উইয়ের ঢিপি।

বল্লকী, বি, স্ত্রী ; বীণা ; বাদ্যযন্ত্র বিং। শল্লকী বৃক্ষ।

বল্লভ, বিং পুং (বল্ল-কর্ত্তৃ-অভচ্) প্রিয়। প্রণয়ী। বিং পুং; পতি। নায়ক। উত্তম অশ্ব। স্ত্রী,-ভা।

বল্লরি(রী), বি, স্ত্রী (ঐ-অরি) লতা। মঞ্জরী।

বল্লব, বি, পুং, (বল্ল [ভক্ষ্যবস্তু] -বা-ড) সূপকার, পাচক। গোপ। ভীমসেন। স্ত্রী,-বী।

বল্লি(ল্লী), বি, স্ত্রী (বল্ল-কর্ত্তৃ-ই) লতা। পৃথিবী।

বল্লু(ল্লূ)র, বি, ক্লী (বল্ল-উর,উর) বন। অকৃষ্ট ক্ষেত্র। নির্জ্জন স্থান। কুঞ্জ। মঞ্জরী। বিণ; উষর। গহন।

বল্বজ, বি, পুং ; উলপ তৃণ, উলু খড়। (সংস্কৃতে ইহা বহুবচনান্ত ব্যবহৃত হয়)।

বব, বি, পুং ; করণ বিং।

বশ, বিণ (বশ্-অন্) আয়ত্ত, অধীন। বি, ক্লী (ঐ-অল্) অধীনতা। পুং, ক্লী; ইচ্ছা।

বশংবদ, বিণ (বশ-বদ-কর্তৃ-খ) মিষ্ট ভাষী। বশবর্ত্তী। অনুগত।

বশগ, বিণ (বশ-গম্-ড) বশবর্ত্তী। [প্রযুক্ত।

বশতঃ, ব্য (বশ+তস্) হেতু,

বশতা, বি, স্ত্রী (বশ+তা, ভাবার্থে) অধীনতা।

বশতাপন্ন, বিণ; অধীন, বশবর্ত্তী। বশতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ।

বশবর্ত্তী(র্ত্তিন্), বিণ (বশ-বৃত্-কর্তৃ-গিন্) বশীভূত, অধীন। স্ত্রী,-র্ত্তিনী।

বশা, বি, স্ত্রী; কন্যা। নারী। বন্ধ্যা স্ত্রী। বন্ধ্যাগবী। হস্তিনী।

{ বশিতা, বি, স্ত্রী (বশিন্+তা)
বশিত্ব বি, ক্লী (ঐ+ত্ব) }
ঈশ্বরের ঐশ্বর্য্য বিং, সকলকে বশ করিবার ক্ষমতা। বশবর্ত্তিতা। স্বাধীনতা।

বশিষ্ঠ, বসিষ্ঠ, বি, পুং (বশিন্ [জিতেন্দ্রিয়] +ইষ্ঠ, অতিশয়ার্থে) মুনি বিং, সূর্য্যবংশীয় রাজগণের কুল পুরোহিত।

বশী(শিন্), বিণ (বশ+ইন্, অস্ত্যর্থে) জিতেন্দ্রিয়। বশবর্ত্তী। স্ত্রী,-শিনী।

বশীকরণ, বি,ক্লী; আয়ত্তকরণ।

বশীকৃত, বিণ (বশ+চ্বি=বশী-কৃ-ক্ত) যাহাকে বশ করা গিয়াছে, আয়ত্তীকৃত।

বশীভূত, বিণ (ঐ-ভূ-ক্ত) বশতাপন্ন, বাধ্য।

বশ্য, বিণ (বশ+য্য) বশবর্ত্তী।

বশ্যতা, বি, স্ত্রী (বশ্য+তা, ভাবার্থে) অধীনতা।

বষ্কয়, বি,পুং, (বষ্ক-অয়ন্) এক বর্ষীয় গোবৎস।

বষ্কয়ণী, বষ্কয়িণী, বি, স্ত্রী; চির-প্রসূতা গবী,যে গাভীর অনেক বাছুর হইয়াছে।

বসতি, বি, স্ত্রী (বস্-অধি-অতি) বাসস্থান। রাত্রি। (ভাবে-অতি) বাস।

বসন, বি, ক্লী (বস্-করণ-অনট্) বস্ত্র। (ভাবে-অনট্) আচ্ছাদন। (প্রা) উপবেশন।

বসনভূষণ, বি, ক্লী; বস্ত্রালঙ্কার। দ্বন্দ্ব।

বসন্ত, বি, পুং (বস্-অন্ত) ঋতু বিং, চৈত্র বৈশাখ মাস। রাগ বিং। রোগ বিং।

বসন্ত ঘোষ, } বি,পুং; পিক,
বসন্ত ঘোষী, } কোকিল।

বসন্তদূত, বি, পুং; কোকিল। আম্র বৃক্ষ।

বসন্ত-সখ, বি, পুং; কামদেব।

বসন্ত হইয়াছে সখা যাহার, বহু। [যাত্রা।

বসন্তোৎসব, বি, পুং; দোল

বসা, বি, স্ত্রী (বস-ণ্ড + আপ্) মেদঃ, চর্ব্বি।

বসান, বিণ (বস্-শান) পরিধান কর্ত্তা।

বসিষ্ঠ, বি, পুং; "বশিষ্ঠ" দেখ।

বসু, বি,ক্লী (বস্-উ) ধন। রত্ন। জল। স্বর্ণ। পুং; সূর্য্য। অগ্নি। শিব। কিরণ। রাজা। কুবের। সাধু। অষ্ট গণ দেবতা। (অষ্ট-বসু দেখ)

বসুদেব, বি, পুং; শ্রীকৃষ্ণের পিতা।

বসুধা, (বসু[ধন]-ধা-ড + আপ্)
বসুন্ধরা, (ঐ-ধৃ-খ + আপ্)
বসুমতী, (বসু + মতু + ঈপ্)
বি, স্ত্রী; পৃথিবী।

বসুধাধিপ, বি, পুং; ভূপতি, রাজা। ৬ষ্ঠীতৎ।

বসুধারা, বি, স্ত্রী; আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে ভিত্তিগাত্রে প্রদত্ত ঘৃতধারা। কুবের পুরী।

বসুসেন, বি, পুং; কর্ণ, অঙ্গ রাজ। বসু (ধন) হইয়াছে সেনা (সৈন্য) যাহার, বহু। অর্থাৎ যিনি ধন দান করিয়া সকলকে বশীভূত করিয়াছিলেন।

বস্তি, } বি, স্ত্রী; নাভির অধো-
বস্তী } ভাগ। বসতি।

বস্তু, বি, ক্লী (বস্-কর্ত্তৃ-তুন্) দ্রব্য, পদার্থ। বৃত্তান্ত। সত্য।

বস্তুতঃ, ব্য (বস্তু + তস্) ফলতঃ, বাস্তবিক।

বস্ত্র, বি, ক্লী (বস্-করণ-ত্র) বসন, কাপড়।

বস্ত্রগৃহ, বি, ক্লী; পটমণ্ডপ, তাঁবু। বস্ত্রদ্বারা নির্ম্মিত গৃহ, মধ্যপদলোপী কর্ম্মধা।

বস্ন, বি, ক্লী (বস্-ন) ধন। দ্রব্য। বেতন। বস্ত্র। ত্বক্। মূল্য। পুং; ক্রয়।

বস্নসা, বি, স্ত্রী; শরীরস্থ সূক্ষ্ম-নাড়ী, স্নায়ু।

বহ, বিণ (বহ-কর্ত্তৃ-অন্) বহন কর্ত্তা। বি, পুং; বাহন। ঘোটক। পথ। বায়ু। বৃষের স্কন্ধদেশ। বাহু।

বহন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) বহিয়া যাওয়া। লইয়া যাওয়া। ধারণ।

বহনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) বহন যোগ্য।

বহমান, বিণ (ঐ-কর্ত্তৃ-শান) যাহা প্রবাহিত হইতেছে।

বহর, (প্রা) জলোপরি ভাসমান নৌকাশ্রেণী, পোতসমূহ।

বহল, বি, পুং (বহ-অলন্)

পোত, নৌকা। ক্লী ; ভেলা। বিণ ; কঠিন, দৃঢ়। বহুল, অনেক।

বহা, বি, স্ত্রী ; নদী।

বহিঃ (স্), ব্য ; বাহির।

বহিঃস্থ, বিণ (বহিস্-স্থা-ড) বাহিরে স্থিত।

বহিত্র, বি, ক্লী (বহ-ইত্র) জলযান, নৌকাদি। ক্ষেপণী, দাঁড়।

বহিরঙ্গ, বি, ক্লী ; বাহ্য অঙ্গ। বিণ ; অনাত্মীয়।

বহিরাবরণ, বি, ক্লী বাহিরের আচ্ছাদন।

বহিরিন্দ্রিয়, বি, ক্লী ; বাহ্যেন্দ্রিয়, অন্তঃকরণ ভিন্ন সমুদায় ইন্দ্রিয়। বহিঃ যে ইন্দ্রিয়, কর্ম্মধা।

বহির্গত, বিণ (বহিঃ-গম্-ক্ত) যে বাহির হইয়াছে, নির্গত। বি, -মন।

বহির্গমন, বি, ক্লী ; নির্গমন, বাহিরে যাওয়া।

বহির্জগৎ, বি, ক্লী ; দৃশ্যমান সংসার। মধ্যপদলোপী কর্ম্মধা।

বহির্দ্বার, বি, ক্লী ; বাহিরের দরজা, ফটক। মধ্যপদলোপী কর্ম্মধা।

বহির্বাণিজ্য, বি, ক্লী ; ভিন্ন দেশের সহিত ক্রয় বিক্রয় কারবার। বহিঃ (বাহিরে) বাণিজ্য, ৭মীতৎ।

বহির্ভূত, বিণ (বহিস্-ভূ-ক্ত) বহির্গত, নিষ্ক্রান্ত।

বহির্মুখ, বিণ ; বিমুখ, পরাঙ্মুখ। বাহ্যবিষয়াসক্ত। বহিঃ (বাহিরে) মুখ যাহার, বহু।

বহির্বাটী, বি, স্ত্রী ; বাহির বাড়ী। মধ্যপদলোপী কর্ম্মধা।

বহির্বাস, বি, পুং ; সন্ন্যাসী প্রভৃতির কৌপীনের আবরক বস্ত্রখণ্ড। বহিঃ (বাহ্য) বাস (বস্ত্র), কর্ম্মধা।

বহিষ্করণ, বি, ক্লী (বহিস্-কৃ-অনট্) বাহির করিয়া দেওয়া। বিণ,-ষ্কৃত।

বহিষ্কৃত, বিণ (ঐ-ক্ত) দূরীকৃত।

বহিষ্ক্রান্ত, বিণ (বহিস্-ক্রম্-ক্ত) দূরীকৃত, বিতাড়িত।

বহু, বিণ (বন্হ-কু) অনেক, অধিক। স্ত্রী,-হ্বী।

বহুকালীন,বিণ; অনেক কালের।

বহুজ্ঞ, বিণ (বহু-জ্ঞা-ড) বহুদর্শী, অভিজ্ঞ। বি,-জ্ঞতা।

বহুড়ী, (যা) বধূ, বৌ।

বহুদর্শন, বি, ক্লী ; অভিজ্ঞতা।

বহুদর্শিতা, বি, স্ত্রী (বহুদর্শিন্+তা, ভাবার্থে) অভিজ্ঞতা, অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে।

বহুদর্শী (র্শিন্), বিণ (বহু-দৃশ্-কর্ত্তৃ-ণিন্) অভিজ্ঞ। স্ত্রী,

-র্শিনী। বি,-র্শিতা।

বহুতিথ, বিণ (বহু+তিথট্) অধিক পরিমাণ।

বহুধা, ব্য (বহু+ধাচ্) বহুপ্রকার। অনেকবার।

বহুপ্রদ, বিণ; দানবীর, অতিশয় দাতা।

বহুপ্রসবিনী, **বহুপ্রসূ**, } বিণ; অনেক সন্তান প্রসব কারিণী।

বহুভাষিতা, বি, স্ত্রী; বাচালতা।

বহুভাষী (ষিন্), বিণ (বহু-ভাষ্-কর্ত্তৃ-ণিন্) যে অনেক কথা বলে, বাচাল। স্ত্রী,-ষিণী।

বহুমত, বিণ; অতিশয় আদৃত।

বহুমান, বি, ক্লী; অতিশয় সম্মান। কর্ম্মধা।

বহুমানাস্পদ, বিণ; অতিশয় সম্মানের পাত্র। ৬ষ্ঠীতৎ।

বহুমূল্য, বিণ; অতিশয় মূল্যবান্, মহার্ঘ।

বহুরূপী (পিন্), বিণ (বহুরূপ+ইন) নানা বেশধারী।

বহুল, বিণ (বন্হ্-কর্ত্তৃ-কুল) অনেক। কৃষ্ণবর্ণ বিশিষ্ট। বি, পুং; অগ্নি। কৃষ্ণবর্ণ। কৃষ্ণপক্ষ।

বহুলীকৃত, বিণ; বিস্তারিত।

বহুবিধ, বিণ; অনেক প্রকার। বহু হইয়াছে বিধা (প্রকার) যাহার, বহু।

বহুব্রীহি, বি, পুং; যে সমাসে সমস্যমান পদদ্বয়ের অর্থ না বুঝাইয়া অন্য পদার্থকে প্রধান-রূপে বুঝায়।

বহুশঃ, ব্য, ক্রিবিণ (বহু+চশস্) অনেকবার। অনেক প্রকার।

বহ্নি, বি, পুং (বহ-কর্ত্তৃ-নি) অগ্নি।

বহ্বায়াস, বি, পুং; অনেক চেষ্টা। বহু যে আয়াস, কর্ম্মধা।

বহ্বাশী, বিণ (বহু-অশ-ণিন্) বহুভোজী। বহু আকাঙ্ক্ষা বিশিষ্ট।

বা, ব্য; পক্ষান্তর, কিম্বা। বিকল্প। বিতর্ক। সাদৃশ্য। সমুচ্চয়। পাদপূরণ। নিশ্চয়।

বাইন, (প্রা) মৎস্য বিং।

বাইশ, (প্রা) বি; বাশি, সূত্রধরের কুঠার বিং। দ্বাবিংশতি সংখ্যা, ২২।

বাউবা (প্রা) ক্ষিপ্ত, পাগল।

বাঁ, (প্রা) বাম, সব্য।

বাঁচন, (প্রা) জীবনধারণ।

বাঁচান, (প্রা) জীবন রক্ষা করা।

বাঝা, (প্রা) বন্ধ্যা।

বাঁট, (প্রা) বণ্টক। পশুর স্তন। খড়্গাদির মুষ্টি।

বাঁটন, (প্রা) বিভাগ করণ।

বাঁটুল, (প্রা) বর্ত্তুল, গোলাকার ক্ষুদ্র বস্তু।

বাট্টা, (প্রা) সুদ, বৃদ্ধি।
বাঁদর, (প্রা) বানর, শাখামৃগ।
বাঁধ, (প্রা) সেতু। আলি। আল-বাল। বন্ধন।
বাঁধন, (প্রা) বন্ধন, বাঁধা।
বাঁশ, (প্রা) বংশ, বেণু।
বাঁশী, (প্রা) বংশী, মুরলী।
বাকল, (প্রা) বল্কল, বৃক্ষত্বক্।
বাক্ (চ্), বি, স্ত্রী (বচ্-কর্ম্ম-ক্বিপ্) বাক্য, বচন।
বাক্‌চাতুর্য্য, বি,ক্লী; কথার ছল। কথার ভঙ্গী। ৬ষ্ঠীতৎ।
বাক্‌পটু, বিণ; সদ্বক্তা, বাগ্মী। ৭মীতৎ। বি,-টুতা।
বাক্‌রোধ, বি, পুং; কণ্ঠস্বর রুদ্ধ হওয়া।
বাক্‌শক্তি, বি, স্ত্রী; কথা বলিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ।
বাক্‌শক্তি রহিত, বাক্‌শক্তি হীন } বিণ; কথা বলিবার শক্তি রহিত, মূক, বোবা। ৩য়াতৎ।
বাক্‌সিদ্ধি, বি, স্ত্রী; বাক্যবিষয়ে সিদ্ধি, অর্থাৎ যাহা বলে তাহাই সত্য হয় এইরূপ ক্ষমতা।
বাক্য, বি, ক্লী (বচ্-কর্ম্ম-ঘ্যণ্) কথা, বচন। পরস্পর আকাঙ্ক্ষাযুক্ত পদসমষ্টি।
বাক্য পরম্পরা, বি, স্ত্রী; বচন-সমূহ। ৬ষ্ঠীতৎ।
বাক্যবাণ, বি, পুং; মর্ম্মান্তিক কথা। বাক্যরূপ বাণ (শর), রূপক।
বাক্য ব্যয়, বি, পু; অধিক কথা বলা। ৬ষ্ঠীতৎ।
বাক্যসুধা, বি, স্ত্রী; বচনামৃত, সুমিষ্ট কথা। বাক্য রূপ সুধা, রূপক।
বাক্যস্ফূর্ত্তি, বি, স্ত্রী; বাক্যের স্ফুরণ। ৬ষ্ঠীতৎ।
বাক্যালাপ, বি,পুং; কথাবার্ত্তা।
বাক্যাংশ, বি, ক্লী; কর্ত্তা ও সমাপিকা ক্রিয়াবিহীন পদসমষ্টি (phrase)।
বাখান, (প্রা, পদ্যে) ব্যাখ্যা করা, প্রশংসা।
বাগ, (প্রা) দিক্। (যা) বাগান।
বাগর, বি, পুং; প্রতিবন্ধ, বাধা। পণ্ডিত। বীর। শাণ।
বাগাড়ম্বর, বি,পুং; কথার জাঁক-জমক, বাক্‌ছটা। ৬ষ্ঠীতৎ।
বাগান, বাগিচা, (যা) উদ্যান।
বাগারু, বিণ (বাচ্-ঋ-উ) আশা-হন্তা, যে ব্যক্তি আশা দিয়া নিরাশ করে।
বাগিন্দ্রিয়, বি, ক্লী; মুখ, বদন। বাক্ সাধন ইন্দ্রিয়, মধ্যপদলোপী কর্ম্মধা।
বাগীশ, বাগীশ্বর,বি,পুং (বাক্+ঈশ,ঈশ্বর) বাচস্পতি, সদ্বক্তা। বৃহস্পতি। ব্রহ্মা। ৬ষ্ঠীতৎ।

বাগীশা, বাগীশ্বরী, বি, স্ত্রী (বাক্ + ঈশা, ঈশ্বরী) সরস্বতী। ৬ষ্ঠীতৎ।

বাগুণ, (প্রা) বার্ত্তাকু।

বাগুরা, বি, স্ত্রী (বা-করণ-উর + আপ্) জাল, ফাঁদ।

"তুমি বঞ্চনার অভিলাষে ভালবাসার বাগুরা বিস্তার করিয়াছ," (নিভৃতচিন্তা)

বাগুরিক, বি, পুং (বাগুরা + ষ্ণিক) ব্যাধ, নিষাদ।

বাগেশ্বরী, বি, স্ত্রী (বাক্ + ঈশ্বরী) সরস্বতী। ৬ষ্ঠীতৎ।

বাগ্‌জাল, বি, ক্লী; বাগাড়ম্বর।

বাগ্‌দত্তা, বিণ; বিবাহের পূর্ব্বে যে কন্যাকে বাক্যদ্বারা দান করা যায়। ৩য়াতৎ।

বাগ্‌দান, বি, ক্লী; বিবাহ স্থিরীকরণার্থ অগ্রে বাক্য দ্বারা দান। ৩য়াতৎ।

বাগ্‌দেবী, বি, স্ত্রী; সরস্বতী।

বাগ্মী (গ্মিন্), বিণ (বাচ্ + মিন্, অস্ত্যর্থে) বাক্‌পটু, বক্তা। স্ত্রী, -গ্মিনী।

বাগ্‌যুদ্ধ, বি, পুং; পরস্পর তর্কাতর্কি। ৩য়াতৎ।

বাগ্বিতণ্ডা, বি, স্ত্রী; তর্কবিতর্ক। ৩য়াতৎ।

বাগ্‌বিদগ্ধ, বিণ; বাক্ চতুর, বাক্য রসিক। স্ত্রী, -গ্ধা। বি, বাগ্‌-বৈদগ্ধ।

বাগ্‌বিধি, বি, স্ত্রী; ভাষার বিশেষ রীতি (Idiom)।

বাগ্‌-বৈদগ্ধ, বি, ক্লী; বাক্ চাতুর্য্য, রসিকতা।

বাঘ, (প্রা) ব্যাঘ্র, শার্দ্দূল।

বাঙ্গলা, বাঙ্গালা, (প্রা) বঙ্গদেশ। বঙ্গভাষা। গৃহ বিং।

বাঙ্‌নিষ্ঠা, বি, স্ত্রী; সত্যবাদিতা। বাক্য সংযম। ৭মীতৎ।

বাঙ্‌নিষ্পত্তি, বি, স্ত্রী (বাক্ + নিষ্পত্তি) কথা বলা।

বাঙ্‌ময়, বিণ (বাচ্ + ময়ট্) বাক্যাত্মক। বি, ক্লী; অলঙ্কার বা কাব্যশাস্ত্র। বক্তৃতা। বাক্যজনিত পাপ।

বাচক, বিণ (বচ্ বা বাচি-ণক) বোধক, অর্থপ্রকাশক। কথক। পুরাণাদি-পাঠক।

বাচন, বি, ক্লী (বাচি-অনট্) কথন। পঠন।

বাচনিক, বিণ (বচন + ষ্ণিক) বাক্যদ্বারা নিষ্পাদিত, মৌখিক।

বাচস্পতি, বিণ; সদ্বক্তা, বাগ্মী। বি, পুং; বৃহস্পতি।

বাচাট, বাচাল, বিণ (বাচ্-আট, আল) বাবদূক, যে অকারণে অনেক কথা কয়।

বাচিক, বিণ (বাচ্ + ষ্ণিক) বাক্যনিষ্পন্ন, বাচনিক।

বাচ্য, বিণ (বচ্,-ঘ্যণ্) বক্তব্য।

নিন্দনীয়। বোধ্য।
বাছন, (প্রা) নির্ব্বাচন।
বাছা, বাছনি,(প্রা) বাৎসল্যের ধন, শিশু। মনোনীত করণ।
বাছুর, (প্রা) গো-বৎস।
বাজ, বি, পুং (বজ্-ঘঞ্) বেগ। ক্লী ; ঘৃত। অন্ন। যজ্ঞ। বারি। (প্রা) বজ্র,অশনি। শ্যেন পক্ষী।
বাজন, বাজা, (প্রা) শব্দ হওন।
বাজনা, (প্রা) বাদ্য। উদ্ভিদ্ বিং।
বাজপেয়, বি,পুং, ক্লী ; যজ্ঞ বিং। বাজ (ঘৃত) পেয় হয় যাহাতে, বহু।
বাজী (জিন্), বি, পুং (বাজ [বেগ] + ইন্) অশ্ব,ঘোটক। বাণ। পক্ষী। (প্রা) কুহক, ভেল্কী। পণ।
বাজীকর, (প্রা) ভেল্কীকারক, কুহকী।
বাঞ্ছনীয়,বিণ (বান্ছ-কর্ম্ম-অনীয়) অভিলষণীয়।
বাঞ্ছা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ+ আপ্) অভিলাষ, ইচ্ছা। বিণ, -ঞ্ছিত।
বাঞ্ছা-কল্পতরু,বি,পুং ; যে বৃক্ষের নিকট যাহা চাওয়া যায়,তাহাই পাওয়া যায়। বাঞ্ছা-পূরক যে কল্পতরু, মধ্যপদলোপী কর্ম্মধা।
বাঞ্ছিত, বিণ (বান্ছ-কর্ম্ম-ক্ত) অভিলষিত। বি,-প্লা।

বাট, বি, পুং (বট-ঘঞ্) পথ, রাস্তা। আবৃত স্থান। (প্রা) ভাগ, অংশ।
বাটন, (প্রা) বণ্টন। পেষণ।
বাটপাড়, (প্রা) দস্যু।
বাটা, বাট্টা, (প্রা) সুদ। তাম্বুল-পাত্র বিং।
বাটিকা, বাটী, বি স্ত্রী ; বাড়ী।
বাড়ব, বি, পুং (বড়বা + ষ্ণ) বাড়বাগ্নি। ব্রাহ্মণ।
বাড়বাগ্নি, (বড়বাগ্নি + ষ্ণ) } বি,
বাড়বানল (বড়বানল + ষ্ণ) } পুং
সমুদ্রস্থ ঘোটকীর মুখাগ্নি।

কথিত আছে যে, শিবের ক্রোধানল মদনকে ভস্মীভূত করিয়া সৃষ্টিনাশের উপক্রম করিলে, ব্রহ্মা তাহাকে ঘোটকীরূপে পরিণত করেন এবং জগতের মঙ্গলার্থ ইহাকে সমুদ্র-গর্ভে প্রবেশিত করিয়া রাখেন।

বাড়ী, (প্রা) বাটী, আলয়।
বাণ, বি, পুং (বণ-ঘঞ্) শর। দৈত্য বিং।
বাণলিঙ্গ, বি, ক্লী ; নর্ম্মদা-নদী-সম্ভূত শিবলিঙ্গ বিং।
বাণবার, বি,পুং, ক্লী (বাণ-বারি-ষণ্) বর্ম্ম, সাঁজোয়া।
বাণিজ, বি, পুং (বণিজ + ষ্ণ, স্বার্থে) বণিক্। বাড়বাগ্নি।
বাণিজ্য, বি, ক্লী (বণিজ্ + ষ্য) ক্রয়বিক্রয়, ব্যবসায়।

বাণিজ্যপোত, বি, পুং ; ব্যবসায় সম্বন্ধীয় জাহাজ। বাণিজ্য সম্বন্ধীয় পোত, মধ্যপদলোপী কর্ম্মধা।

বাণিজ্যবায়ু, বি, পুং ; যে বায়ু ঈশান ও অগ্নি কোণ হইতে প্রবাহিত হয়।

এই বায়ু-প্রবাহের আনুকুল্যে সমুদ্র পথে জাহাজাদি পরিচালন পূর্ব্বক দেশ দেশান্তরে বাণিজ্য করার সুবিধা হয় বলিয়া ইহাকে বাণিজ্য বায়ু বলা হয়।

বাণি, বি, স্ত্রী (বণ-করণ-ইঞ্) বস্ত্র বয়ন যন্ত্র বিং, বাপদণ্ড। (ভাবে-ইঞ্) বস্ত্রাদি বপন।

বাণী, বি, স্ত্রী (বণ-কর্ত্তৃ-ইঞ্) সরস্বতী। (কর্ম্ম-ইঞ্) বাক্য।

বাত, বি. পুং (বা-ক্ত) বায়ু। রোগ বিং। বিণ ; গত।

বাতপ্রমী, বাতমজ, বাতমৃগ } বি, পুং ; বায়ুরন্যায় দ্রুতগামী হরিণ।

বাতাপি, বি, পুং ; অসুর বিং। (প্রা) নেবু বিং।

বাতায়ন,বি,ক্লী ; গবাক্ষ,জানালা। বাতের (বায়ুর) অয়ন (গমন) হয় যদ্দ্বারা, বহু।

বাতাস, (প্রা) বায়ু, অনিল।

বাতাহত, বাতাভিহত } বিণ ; ঝটিকাদ্বারা আঘাত প্রাপ্ত। তন্নাতৎ।

"বাতাভিহতা কদলীর ন্যায় ভূতল শায়িনী হইলেন।" (সীতার বনবাস)

বাত্তি,বি,পুং ; বর্ত্তিকা। সলিতা।

বাতিক, বিণ (বাত+ষ্ণিক) বায়ুজনিত। বি,পুং ; রোগ বিং।

বাতিল, (যা) পণ্ড, নিষ্ফল।

বাতুল, বাতূল, বিণ (বাত+উল) বায়ুরোগগ্রস্ত, পাগল।

বাতোন্মূলিত, বিণ; ঝটিকা দ্বারা উৎপাটিত। তন্নাতৎ।

বাত্যা, বি, স্ত্রী (বাত+য+আপ্) প্রবল বায়ু, ঝড়।

বাত্যাকুল, বিণ ; ঝটিকাহত। বাত্যাদ্বারা আকুল, তন্নাতৎ।

বাৎসল্য, বি, ক্লী (বৎসল+ষ্ণ্য, ভাবার্থে) স্নেহ। রস বিং।

বাথান, (প্রা) বি ; গোষ্ঠ, গোঠ, কাষ্ঠাদি দ্বারা বেষ্টিত অনাবৃত পশুশালা।

বাদ, বি, পুং (বদ্-ঘঞ্) বাক্য। যথার্থ বিচার। বিতর্ক। (প্রা) ত্যাগ করা।

বাদক, বিণ (বাদি-ণক) বাদ্য-কর। স্ত্রী,-দিকা।

বাদন, বি, ক্লী (ঐ-অনট্) বাজান। বাদ্য।

বাদপ্রতিবাদ, বি, পুং ; তর্ক-বিতর্ক। দ্বন্দ্ব।

বাদ বিতণ্ডা, বি,স্ত্রী; বাদানুবাদ।

বাদরায়ণ, বি, পুং (বদরী+ষ্ণায়ন) ব্যাসদেব।

বাদরায়ণি, বি, পুং (বাদরায়ণ [ব্যাস]+ষ্ণি, অপত্যার্থে) শুকদেব।

বাদল, (প্রা) দুর্দ্দিন, বাদলা।

বাদানুবাদ, বি, পুং; তর্ক বিতর্ক। দ্বন্দ্ব।

বাদাম, (প্রা) নৌকার পাইল।

বাদিত, বিণ (বাদি-ক্ত) ধ্বনিত, শব্দিত। বি,-দন।

বাদিত্র, বি, ক্লী (ঐ-ইত্র) বাদ্যযন্ত্র।

বাদী, বিণ (বদ-ণিন্) বক্তা। ফরিয়াদী। স্ত্রী,-দিনী।

বাদুড়, (প্রা) পক্ষীজাতীয় এক প্রকার প্রাণী বিং।

বাদ্য, বি, ক্লী (বাদি-য) বাজনা।

বাদ্যকর, বি, পুং; বাদ্যকারী।

বাদ্যভাণ্ড, বি,ক্লী; বাদ্যযন্ত্রসমূহ।

বাধ, বি, পুং (বাধ্-ঘঞ্) বাধা, ব্যাঘাত। উপদ্রব। পীড়া। (ঐ-অন্) বাধক, নিবারক।

বাধক, বিণ (ঐ-ণক) বাধা-জনক। বি, পুং; রোগ বিং।

বাধন, বি, ক্লী (ঐ-অনট্) বাধা।

বাধা, বি,স্ত্রী (ঐ-অল্) ব্যাঘাত। প্রতিবন্ধক। নিষেধ। উপদ্রব। বিণ,-ধিত।

বাধিত, বিণ (ঐ-ক্ত) আবদ্ধ। বশীভূত। বি,-ধ,-ধা।

বাধির্য্য, বি, ক্লী (বধির+ষ্ণ্য) বধিরতা।

বাধ্য, বিণ (বাধ্ ঘ্যণ্) বশীভূত। নিবারণযোগ্য। বি,-তা।

বাধ্যতা, বি, স্ত্রী (বাধ্য+তা) বশ্যতা।

বান, বি, ক্লী (বন [অরণ্য। জল]+ষ্ণ,সমূহার্থে) বনসমূহ। বন্যা, জলপ্লাবন। (বন+ষ্ণ, ভবার্থে) বন্য, বন সম্বন্ধীয়। (বা-অনট্) গমন। বিণ; শুষ্ক।

বানপ্রস্থ, বি, পুং (বন-প্র-স্থা-কর্ত্তৃ-ড+ষ্ণ) তৃতীয়াশ্রম। বিণ; তৃতীয়াশ্রমী।

বানর, বি, পুং (বান [বনসমূহ]-রম্-কর্ত্তৃ-ড) কপি। বা (সদৃশ) নর, নিপাতিত কর্ম্মধা।

'বা' শব্দের অর্থ সদৃশ; যথা—ইববন্বা-যথেত্যাস্তাঃ শব্দা ঔপম্য বাচকাঃ। অর্থাৎ ইব, বৎ, বা, যথা প্রভৃতি শব্দ উপমাবাচক।

বানরেন্দ্র, বি,পুং; বালি। সুগ্রীব। হনুমান্। বানরগণের মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ।

বানীর, বি, পুং; বেতস বৃক্ষ।

বান্ত, বিণ (বম্-ক্ত) উদ্গীর্ণ।

বান্দা, (যা) দাস, ভৃত্য।

বান্দী, বাঁদি, (যা) দাসী।

বান্ধব, বি, পুং (বন্ধু+ষ্ণ, স্বার্থে)

বন্ধু, মিত্র। জ্ঞাতি।

"উৎসবে ব্যসনে চৈব
দুর্ভিক্ষে শত্রুসঙ্কটে।
রাজদ্বারে শ্মশানেচ
যস্তিষ্ঠতি স বান্ধবঃ॥"

বাপ, বি, পুং (বপ-ঘঞ্) বস্ত্রাদি বয়ন। রোপণ। মুণ্ডন, ক্ষৌর। (হি) জনক, পিতা।

বাপি (পী), বি, স্ত্রী (বপ-অধি-ইঞ্) সরোবর, দীঘি।

বাপিত, বিণ (বাপি-ক্ত) বয়ন কৃত। রোপিত। মুণ্ডিত।

বাপু, (প্রা) স্নেহসূচক সম্বোধন, বৎস।

বাবৎ, বাবদ, (যা) দরুণ, হেতু।

বাম, বিণ (বা-মন্) দক্ষিণেতর, সব্য, বাঁ। সুন্দর। যেমন—বামলোচনা। প্রতিকূল। বক্র। বি, পুং ; শিব, মহাদেব।

বামদেব, বি, পুং ; শিব। মুনিবিং।

বামন, বিণ (বামি-অন) খর্ব্ব, বেঁটে। নীচ। বি, পুং ; দক্ষিণ দিগ্‌গজ। বিষ্ণুর পঞ্চম অবতার।

বামনয়না } বিণ ; চারুনেত্রা।
বামলোচনা } বাম (সুন্দর) হই য়াছে নয়ন বা লোচন যাহার (যে স্ত্রীর), বহু।

বামলুর, বি, পুং (বাম-লু-রক্) বল্মীক, উই এর ঢিপি।

বামা, বি, স্ত্রী ; নারী। লক্ষ্মী।

বামাচার, বি, পুং (বাম (বেদ-বিরুদ্ধ) + আচার) তন্ত্রোক্ত মদ্যমাংসাদি সেবন-রূপ আচার।

বামাচারী } বিণ ; তন্ত্রোক্ত
বামমার্গী } বামাচারানুসারে কার্য্যকারী।

বামী, বি, স্ত্রী; ঘোটকী। গর্দ্দভী। শৃগালী। হস্তিনী।

বামেতর, বিণ ; দক্ষিণ, ডাইন। বাম হইতে ইতর (ভিন্ন), ৎমীতৎ।

বামোরু, বিণ, স্ত্রী ; সুন্দর উরু যুক্তা (স্ত্রী)। বাম (সুন্দর) উরু যাহার (যে স্ত্রীর), বহু।

বায়, বি, পুং (বে-ঘঞ্) বস্ত্রাদি বপন। বিণ, উত। (প্রা, পদ্যে) বাতাস।

"আনন্দময় ফুল আর ফল
তুলিছে আনন্দ বায়,"

{ বায়বীয়, (বায়ু + ঈয়) বিণ; বায়ু
{ বায়ব্য, (ঐ + ষ্য) সম্বন্ধীয়।

বায়স, বি, পুং (বয়-অসচ্) কাক। স্ত্রী, -সী।

বায়ু, বি, পুং (বা-কর্ত্তৃ-উণ্) বাতাস।

বায়ুকোণ, বি, পুং ; উত্তর পশ্চিম কোণ।

বায়ু-নিষ্কাশন-যন্ত্র, বি, ক্লী ; যদ্দ্বারা কোন বস্তুর আভ্যন্তরীণ

বায়ুকেসম্পূর্ণরূপে বাহির করা যায়। (Air-Pump).

বায়ুপুত্র, বি, পুং ; হনুমান্। ভীম। ৬ষ্ঠীতৎ।

বায়ুপ্রবাহ, বি,পুং ; বায়ুস্রোতঃ।

{ বায়ুভক্ষ, (বায়ু ভক্ষ-অন্)
{ বায়ুভুক্ (জ্) (ঐ-ভুজ্-কিপ্)
বি, পুং ; সর্প। বিণ ; বায়ুভক্ষণকারী।

বায়ুমানযন্ত্র, বি, ক্লী ; যদ্দ্বারা বায়ুর পরিমাণ নিরূপণ করা যায় (Barometer).

বায়ুসখ, বি, পুং ; অগ্নি। বায়ু হইয়াছে সখা (মিত্র) যাহার, বহু।

বার্, বি, ক্লী (বারি-কিপ্) জল।

বার, বি, পুং (বৃ-ঘঞ্) বাসর, রবি, সোম প্রভৃতি। অবসর। পালা, পর্য্যায়। সমূহ। ক্ষণ। জল। দ্বার। ক্লী ; নিবারণ।

বারক, বিণ (বারি+ণক) বারণ কর্ত্তা, নিবারক। স্ত্রী, -রিকা।

বারকোষ, (প্রা) কাষ্ঠনির্ম্মিত পাত্র বিং।

বারণ, বি, ক্লী (বারি-ভাবে-অনট্) নিষেধ। পুং (কর্ত্তৃ-অন) হস্তী।

বারণাবত, বি, পুং (বারণ+বতু, অস্ত্যর্থে+ষ্ণ) মহাভারতোক্ত নগর বিং, (বর্ত্তমান এলাহাবাদ)।

বারণীয়, বিণ (বারি-অনীয়) নিবারণযোগ্য।

বারনারী, বারবধূ, বারবনিতা, বারস্ত্রী, বারবিলাসিনী, বারযোষিৎ, } বি, স্ত্রী ; গণিকা, বেশ্যা। বারের (অনেকের) নারী, ইত্যাদি। ৬ষ্ঠীতৎ।

বারয়িতা (তৃ), বিণ (বারি-তৃন্) নিবারক। স্ত্রী,-য়িত্রী।

বারবাণ, বি, পুং, ক্লী ; বর্ম্ম, সাঁজোয়া। বার (নিবারণ) হয় বাণ যদ্দ্বারা, বহু।

বারবেলা, বি, স্ত্রী ; শুভকার্য্যাদিতে নিষিদ্ধ প্রত্যেক বারের প্রহরার্দ্ধ সময় বিং।

বারংবার(ম্), ব্য ; পুনঃ পুনঃ।

বারাঙ্গনা, বি,স্ত্রী (বার+অঙ্গনা) বেশ্যা। "বারনারী" দেখ।

বারাণসী, বি, স্ত্রী ([বার=যে বারণ করে+অনস্=জন্ম] যে পুনর্জ্জন্ম বারণ করে ; অথবা [বর [শ্রেষ্ঠ]+অনস্ [জল]+ষ্ণ+ঈপ্] যে গঙ্গার উপর আছে; অথবা [বরণা+অসী+ষ্ণ+ঈপ্] যে বরণা ও অসী, এই নদীদ্বয়ের মধ্যস্থলে অবস্থিত) কাশী।

বারাণ্ডা, (প্রা) গৃহের বাহিরের প্রকোষ্ঠ।

বারান্তর, বি, ক্লী (বার + অন্তর) অন্ত সময়। নিত্য সং।

বারি, বি,ক্লী (বারি [আবরণকৃ]-কর্ত্তৃ-ইঞ্) জল। (অধি-ইঞ্) গজবন্ধন স্থান। (করণ-ইঞ্) গজবন্ধন রজ্জু।

বারিচর, বিণ ; জলচর (জন্তু)। বি, পুং ; মৎস্য। বারিতে (জলে) চরে যে, উপ।

বারিজ, বিণ (বারি-জন্-ড) জলজাত। বি, ক্লী ; পদ্ম।

বারিত, বিণ (বারি-ক্ত) নিবারিত। বি,-রণ।

বারিদ, বি, পুং (বারি-দা-কর্ত্তৃ-ড) মেঘ।

বারিধি, বি, পুং (ঐ-ধা-অধি-কি) সমুদ্র।

বারিনাথ, বি, পুং ; বরুণ। সমুদ্র। মেঘ।

বারিনিধি, বি, পুং (বারি-নি-ধা-কি) সমুদ্র, জলধি।

বারিরাশি, বি, পুং ; সমুদ্র। ষষ্ঠীতৎ। [মেঘ।

বারিবাহ, বারিবাহন, বি, পুং ;

বারিশ, বি, পুং (বারি-শী-ড) বিষ্ণু, নারায়ণ।

বারীন্দ্র, বারীশ, বি, পুং (বারি + ইন্দ্র, ঈশ) সমুদ্র। বরুণ।

বারুণি, বি, পুং (বরুণ + ষ্ণি) অগস্ত্য।

বারুণী, বি, স্ত্রী ; পশ্চিম দিক্। দূর্ব্বা। মদিরা বিং। শতভিষা নক্ষত্র। ঐ নক্ষত্র যুক্ত চৈত্র কৃষ্ণত্রয়োদশী।

বারেন্দ্র, বি, পুং (বরেন্দ্র + ষ্ণ, ইদমর্থে) বরেন্দ্র দেশীয় ব্রাহ্মণ।

বারেন্দ্রী, বি, স্ত্রী ; বরেন্দ্রভূমি, রাজসাহী বিভাগের অংশ বিং।

বার্ণিক, বিণ (বর্ণ + ষ্ণিক, কুশলার্থে) লিপিকর, লেখক।

বার্ত্ত, বি, ক্লী (বৃত্তি + ষ্ণ) আরোগ্য, স্বাস্থ্য। কুশল। পটুতা। বিণ ; সুস্থ। মনোহর। পটু।

বার্ত্তা, বি, স্ত্রী (বার্ত্ত + আপ্) সংবাদ। বৃত্তান্ত। বৃত্ত। জনশ্রুতি। কৃষিগোরক্ষণাদি।

বার্ত্তাকী,বার্ত্তাকু,বি,স্ত্রী ; বেগুণ।

বার্ত্তাবহ, বি, পুং (বার্ত্তা-বহ-অন্) দূত। বিণ ; সংবাদবাহক।

{ বার্দ্ধক, (বৃদ্ধ + কণ্) বি, ক্লী;
{ বার্দ্ধক্য, (বার্দ্ধক + ষ্ণ্য, স্বার্থে) বৃদ্ধাবস্থা।

{ বার্দ্ধুষি, (বৃদ্ধি + ষ্ণি, নি)
{ বার্দ্ধুষিক, (বার্দ্ধুষি + কণ, স্বার্থে) বিণ ; বৃদ্ধিজীবী, সুদখোর।

বার্ষিক, বিণ (বর্ষ + ষ্ণিক)

সাংবৎসরিক, বৎসর সম্বন্ধীয়। (বর্ষা+ষ্ণিক) বর্ষাকালীন। স্ত্রী,-কী।

বার্ষ্ণেয়, বিণ (বৃষ্ণি+ষ্ণেয়, অপত্যার্থে) বৃষ্ণি বংশজাত।

বার্হস্পত্য, বিণ (বৃহস্পতি+ষ্ণ্য) বৃহস্পতি সম্বন্ধীয়। বি, ক্লী; বৃহস্পতি প্রণীত শাস্ত্র। নীতি-শাস্ত্র।

বাল, বি, পুং (বল-কর্ত্তৃ-ণ) বালক, ১৬ বৎসর পর্য্যন্ত বয়স্ক। পঞ্চমবর্ষীয় হস্তী। অশ্ব শাবক। কেশ। বিণ; নূতন। মূর্খ।

বালক, বি, পুং (বাল+কণ্) শিশুপুত্র। অজ্ঞ। অঙ্গুরীয়ক। বলয়। স্ত্রী,-লিকা।

বালখিল্য, বি, পুং; অঙ্গুষ্ঠপ্রমাণ ষাটি হাজার মুনি।

বালগ্রহ, বি, পুং; বালকদিগের পীড়াদায়ক উপগ্রহ।

বালগোপাল, বি, পুং; শ্রীকৃষ্ণের মূর্ত্তি বিং।

বালচাপল্য, বি, ক্লী; বালকের চঞ্চলতা।

বালধি, বি, পুং (বাল-ধা-কি) পুচ্ছ। চামর।

বালপাশ্যা, বি, স্ত্রী (বালপাশ [কেশ গুচ্ছ] ষ্ণ্য+আপ্) সিঁতি।

বালব, বি, পুং; একাদশ করণের অন্তর্গত দ্বিতীয় করণ।

বালবিধবা, বি, স্ত্রী; বালিকা-বস্থায় পতিহীনা। বালে (বা-লিকা কালে) বিধবা, ৭মীতৎ।

বালব্যজন, বি, ক্লী; চামর। বাল (কেশ) নির্ম্মিত যে ব্যজন, মধ্যপদলোপী কর্ম্মধা।

বালসুলভ, বিণ; বালকোচিত।

বালভাস্কর } বি, পুং; বালার্ক,
বালসূর্য্য } নবোদিত ভানু। কর্ম্মধা।

বালা, বি, স্ত্রী (বাল+আপ্) বালিকা। হস্তালঙ্কার বিং, বলয়। হরিদ্রা। নারিকেল।

বালাই, বি; বিপত্তি, আপদ্।

বালাখানা, (যা) ইষ্টকাদি নির্ম্মিত উচ্চ গৃহ।

বালার্ক, বি,পুং; নবোদিতসূর্য্য। বাল যে অর্ক, কর্ম্মধা।

বালার্ক-কিরণ, বি, পুং } প্রাতঃ-
বালার্ক-দ্যুতি, বি, স্ত্রী } সূর্য্যের কিরণ। ৬ষ্ঠীতৎ।

বালি (লী), বি, পুং ; কিষ্কিন্ধ্যাধিপতি কপিরাজবিং। বালুকা।

বালিকা, বি,স্ত্রী (বালক + আপ্) শিশুকন্যা। বালুকা।

বালিশ, বি, ক্লী ; উপাধান। বিণ ; অজ্ঞান, মূর্খ।

বালুকা, বি,স্ত্রী ; সিকতা, বালি।

বালুকাময়, বিণ (বালুকা + ময়ট্) বালুকাপূর্ণ, সৈকত।

বালেন্দু, বি, পুং ; নবচন্দ্র, শুক্ল দ্বিতীয়ার চাঁদ। বাল যে ইন্দু কর্ম্মধা।

বাল্মীক,(বল্মীক[উই-ঢিপি] + ষ্ণ)
বাল্মীকি, (ঐ + ষ্ণি, জাতার্থে)
বি,পুং ; রামায়ণপ্রণেতামহর্ষি।

ইনি যৌবনে রত্নাকর নামে দস্যু ছিলেন। পরে নারদের উপদেশানুসারে দস্যুবৃত্তি পরিত্যাগ পূর্ব্বক ষষ্টি সহস্র বৎসর একাসনে বসিয়া রাম নাম জপ করেন। এই সময় ইহাঁর সর্ব্বশরীর বল্মীকে সমাচ্ছন্ন হয়। পরে তপস্যায় সিদ্ধিলাভ করিয়া বল্মীক [উই-ঢিপি] হইতে সমুত্থিত হওয়ায় ইনি বাল্মীকি নামে খ্যাত হন।

বাল্য, বি ক্লী (বাল + ষ্ণ্য) বাল্যকাল, শৈশব।

বাল্যকাল, বি,পুং ; শৈশবকাল।

বাল্যবন্ধু
বাল্যসুহৃৎ } বি, পুং ; বাল্যকালের মিত্র। ষষ্ঠীতৎ।

বাবদূক, বিণ (বদ-যঙ্লুক্-কর্ত্তৃ-ঊক) বাচাল, বহুভাষী। বি,-কতা।

"উল্লিখিতরূপ চপলচিত্ত লোকেরাই সমাজে বাবদূক বলিয়া পরিচয় পায়,"
(প্রভাত চিন্তা)

বাষ্প, বি, পুং (বা-প) নেত্রজল, অশ্রু। কণ্ঠবারি। উষ্মা। সূক্ষ্ম জল-কণা।

বাষ্পগদ্গদ্স্বরে, ক্রিবিণ ; হর্ষ শোকাদিজনিত কণ্ঠরোধ হেতু জড়িত বাক্যে। বহু।

বাষ্পপোত, বি, পুং ; কলের জাহাজ। বাষ্প চালিত যে পোত, মধ্যপদলোপী কর্ম্মধা।

বাষ্পযন্ত্র, বি, ক্লী ; ধূমার কল। মধ্যপদলোপী কর্ম্মধা।

বাষ্পযান, বি, পুং ; বাষ্পচালিত শকটাদি। মধ্যপদলোপী কর্ম্মধা।

বাষ্পরথ,
বাষ্প শকট } বি, পুং ; রেল-গাড়ী। বাষ্প

চালিত যে রথ বা শকট, মধ্য-পদলোপী কর্ম্মধা।

বাষ্পবারি, বি, ক্লী; অশ্রু, নয়ন-জল।

বাষ্পাকুল, বিণ; অশ্রুপূর্ণ। বাষ্প দ্বারা আকুল, ৩য়াতৎ।

বাষ্পীয়, বিণ (বাষ্প + ঈয়, ইদমর্থে) বাষ্পসম্বন্ধীয়।

বাষ্পীয়পোত, বি, পুং; কলের জাহাজ। বাষ্পীয় (বাষ্পচালিত) যে পোত, কর্ম্মধা।

বাষ্পীয় যন্ত্র, বি, ক্লী; ধুয়ার কল। বাষ্পীয় (বাষ্পচালিত) যে যন্ত্র, কর্ম্মধা।

বাষ্পীয় যান, বি, পুং; "বাষ্পযান" দেখ। বাষ্পীয় (বাষ্প চালিত) যে যান, কর্ম্মধা।

বাষ্পীয় রথ, } বি,পুং রেলগাড়ী
বাষ্পীয় শকট, } বাষ্পীয় (বাষ্পচালিত) যে রথ বা শকট, কর্ম্মধা।

বাস, বি, পুং (বস্-ভাবে-ঘঞ্) স্থিতি। (অধি-ঘঞ্) বাসস্থান। গৃহ। (করণ-ঘঞ্) বস্ত্র,কাপড়। (বাস্ কর্ত্তৃ-অন্) সুগন্ধ।

বাসঃ (স্), বি, ক্লী (বাসি-করণ-অস্) বস্ত্র।

বাসক,বি,পুং; একরকম গাছ।

বাসক সজ্জা,বি,স্ত্রী; যে নায়িকা বেশভূষা করিয়া নায়কের আগমন প্রতীক্ষা করে। বাসজন্য সজ্জা (বেশভূষা) হইয়াছে যাহার (যে স্ত্রীর), বহু।

বাস-গৃহ, বি, ক্লী; শয়নাগার। মধ্যগৃহ। ৬ষ্ঠীতৎ; অথবা বাসের নিমিত্ত গৃহ, ৪র্থীতৎ।

বাসতেয়, বিণ (বসতি + ঢেয়) বাসযোগ্য।

বাসন, বি, ক্লী (বাস-অনট্) সুগন্ধীকরণ। (বাসি-অনট্) বস্ত্র। (বস-অনট্) বাসস্থান। (প্রা) থালা, ঘটী প্রভৃতি।

বাসনা, বি, স্ত্রী (বস-ভাবে-অন-আপ) প্রত্যাশা। স্মৃতিজনক সংস্কার। জ্ঞান।

বাসন্তী, বি, স্ত্রী (বসন্ত + ষ্ণ +

ঈপ্) নবমল্লিকা। মাধবীলতা। বনদেবতা বিং। দুর্গা।

বাসর, বি, পুং, ক্লী (বাসি-অরন্) দিবস। বরকন্যার বিবাহ রাত্রির শয়ন-গৃহ।

বাসরসজ্জা, বি, স্ত্রী; মিলন-সজ্জা,নায়কাকাঙ্ক্ষিণী নায়িকার বেশ ভূষা।

বাসব, বি, পুং (বসু[ধন]+ষ্ণ) যিনি ধনবিশিষ্ট; অথবা (বস্-অব) যিনি স্বর্গে বাস করেন, ইন্দ্র।

বাসিত, বিণ (বাস-ক্ত) সুগন্ধী-কৃত। (বাসি-ক্ত) পর্য্যুষিত, বাসি।

বাসী(সিন্), বিণ (বস-ণিন্) বাসকারী। স্ত্রী,-সিনী।

বাসুকি, বি, পুং; সর্পরাজ।

বাসুদেব, বি, পুং (বসুদেব+ষ্ণ, অপত্যার্থে) শ্রীকৃষ্ণ।

বাসু, বি, স্ত্রী; নাট্যোক্তিতে বালিকা।

বাসোপযোগী, বিণ (বাস+উপ-যোগী) বাসযোগ্য। ৬ষ্ঠীতৎ।

{ **বাস্তব**, (বস্তু+ষ্ণ) বিণ; সত্য, **বাস্তবিক**, (ঐ+ষ্ণিক) যথার্থ।

বাস্তব্য, বিণ (বাসি-তব্য) বাসযোগ্য।

বাস্তু, বি, পুং, ক্লী (বস-অধি-তুণ্) বসতবাটী।

বাহ, বিণ (বহ-কর্ত্তৃ ঘঞ্) বাহক। বি, পুং; বায়ু। অশ্ব। মহিষ। বৃষ।

বাহক, বিণ (ঐ-ণক) বহন-কারী। বি, পুং; সারথি। স্ত্রী,-হিকা।

বাহন, বি, ক্লী (বাহি-করণ-অনট্) যান,হস্তী, অশ্ব প্রভৃতি।

বাহাদুর, (যা) বীরপুরুষ। উপাধি বিং, যেমন—রায় বাহাদুর।

বাহার, (যা) বি; সৌন্দর্য্য, শোভা।

বাহিত, বিণ (বাহি-ক্ত) চালিত। প্রাপিত। প্রবাহিত।

বাহিনী, বি, স্ত্রী (বহ-কর্ত্তৃ-ণিন্ +ঈপ্) নদী। বিণ;বহনকর্ত্রী। বি, স্ত্রী (বাহ [অশ্ব]+ইন্, অস্ত্যর্থে+ঈপ্) সেনা। ৮১ হস্তী, ৮১ রথ, ২৪৩ অশ্ব, ৪০৫

পদাতি এতৎসংখ্যক সেনা।

বাহিনীপতি, বি, পুং; সমুদ্র।

বাহির, (প্রা) বহির্দ্দেশ।

বাহী (হিন্), বিণ (বহ-ণিন্) বহনকারী।

বাহু, বি, পুং (বহ্-উন্) ভুজ।

বাহুমূল, বি, ক্লী; কক্ষ, বগল।

বাহুযুদ্ধ, বি, ক্লী; মল্লযুদ্ধ।

বাহুল্য, বি, ক্লী (বহুল+ষ্ণ্য) আধিক্য।

বাহুবলদৃপ্ত, বিণ; ভুজবলে গর্ব্বিত। ৬ষ্ঠী ও তস্নাতৎ।

বাহ্য, বিণ (বহিস্+ষ্ণ্য) বহিঃস্থিত। (বহ-ঘ্যণ্) বহন-যোগ্য।

বাহ্যজ্ঞান, বি, ক্লী; শব্দস্পর্শাদি বিষয় বোধ। কর্ম্মধা।

বাহ্যদৃষ্টি, বি, স্ত্রী; সাংসারিক বিষয়ে দৃষ্টি।

বাহ্যমান, বিণ (বাহি-শান) যাহা বহন করা যাইতেছে।

বাহ্যেন্দ্রিয়, বি, ক্লী; "বহিরিন্দ্রিয়" দেখ।

বাহ্লি(হ্লী)ক, বি, পুং; তাতারের অন্তর্গত বল্খ্ প্রদেশ। তদ্দেশীয় অশ্ব।

বি, ব্য; উপসর্গ বিং, বিশেষ, অভাব, ঈষৎ, নিশ্চয়, নিগ্রহ, গতি, নিন্দা, হেতু, প্রভেদ, পরিভব, বৈপরীত্য, বিরোধ, বৈরূপ্য প্রভৃতি অর্থের বোধক। বি, পুং; পক্ষী।

বিউনী, (প্রা) বেণী, কেশবন্ধন বিং।

বিংশ, বিণ (বংশতি+ডট্) বিংশতির পূরণ।

বিংশক, বি, ক্লী (ঐ-ডক) ২০ সংখ্যা।

বিংশতি, বি, স্ত্রী; ২০ সংখ্যা।

বিংশতিতম, বিণ (বিংশতি+তমট্) বিংশতির পূরণ।

বিকচ, বিণ (বি-কচ্-কর্ত্তৃ-অন্) বিকসিত। (বি+কচ) কেশ-রহিত।

বিকট, বিণ; বিকৃত। ভীষণ। বিশাল।

বিকটাকৃতি, বি, স্ত্রী; বিকটমূর্ত্তি কর্ম্মধা। বিণ; ভয়ঙ্কর আকার বিশিষ্ট। বহু।

বিকথন, বিণ (বি-কথ-অন) আত্মশ্লাঘা কারী। (ঐ-অনট্) আত্মশ্লাঘা।

বিকম্পিত, বিণ (বি-কম্প-ক্ত) সাতিশয় কম্পিত।

বিকর্ত্তন, বি, পুং; সূর্য্য। অর্কবৃক্ষ।

বিকর্ম্ম, বি, ক্লী; দুষ্কর্ম্ম। বি (নিষিদ্ধ) যে কর্ম্ম, কর্ম্মধা।

বিকর্ম্মকৃৎ, বিণ; মন্দকর্ম্মকারী।

বিকল, বিণ (বি + কলা) কলাহীন। রহিত। বিহ্বল। অবশ। অসমর্থ। অসম্পূর্ণ।

বিকলাঙ্গ, বিণ; হীনাঙ্গ, কাণা, খোঁড়া প্রভৃতি। বিকল হইয়াছে অঙ্গ যাহার, বহু।

বিকলেন্দ্রিয়, বিণ; যাহার হস্তপদাদি কোন ইন্দ্রিয় অবশ হইয়াছে। বিকল হইয়াছে ইন্দ্রিয় যাহার, বহু।

বিকল্প, বি, পুং (বি-কৢপ-অল্) ভ্রম। সংশয়। পক্ষান্তর। ভেদবুদ্ধি। বিভিন্ন কল্পনা। বিবিধ কল্পনা।

বিকল্পিত, বিণ; বিবিধরূপে কল্পিত। সন্দিগ্ধ।

বিকশিত, (বি-কশ্-কর্ত্তৃ-ক্ত)
বিকসিত, (ঐ-কস্-ক্ত) বিণ; প্রস্ফুটিত। ব্যক্ত। বি,-কাশ, -কাস।

বিকস্বর, বিণ (ঐ-বর) বিকাশশীল।

বিকান, (প্রা) বিক্রীত হওন।

বিকার, বি, পুং (বি-কৃ-ঘঞ্) প্রকৃতির অন্যথাভাব। অস্বাস্থ্য। বিণ,-কৃত।

বিকারগ্রস্ত, বিণ; অস্বাভাবিক্ অবস্থাযুক্ত। ৩য়াতৎ।

বিকারী (রিন্), বিণ; বিকারযুক্ত। পরিবর্ত্তনশীল।

বিকার্য্য, বিণ (বি-কৃ-ঘ্যণ্) বিকারযোগ্য।

বিকাল, বি, পুং; অপরাহ্ণ, বৈকাল।

বিকাশ (স), বি, পুং (বি-কশ্, কস-ভাবে-ঘঞ্) প্রকাশ। প্রস্ফুটন। উল্লাস। বিজন। গোপন।

বিকাশ (স) ন, বি, ক্লী (ঐ-অনট্) প্রস্ফুটন। প্রকাশ।

বিকাশী (সী), বিণ-(বি-কাশ (স)-কর্ত্তৃ-ণিন্) বিকাশশীল। প্রফুল্ল। [পক্ষী।

বিকির, বি, পুং (বি-কৃ-ক)

বিকিরণ, বি, ক্লী (ঐ-অনট্) বিক্ষেপণ, ছড়ান। বিণ,-কীর্ণ।

বিকীর্ণ, (ঐ-ক্ত) বিক্ষিপ্ত, ছড়ান। বিস্তৃত। বি,-কিরণ।

বিকুণ্ঠ, বি, ক্লী ; "বৈকুণ্ঠ" দেখ।

বিকুণ্ঠিত, বিণ্ (বি-কুন্ঠ-ক্ত) কুণ্ঠীকৃত, ভোঁতা।

বিকৃত, বিণ (ঐ-কৃ-ক্ত) বিকার-প্রাপ্ত। বিকল। রুগ্ন। ঘৃণিত। বি,-কৃতি,-কার।

বিকৃতাবস্থা, বি, স্ত্রী ; পরিবর্ত্তিত দশা। কর্ম্মধা।

বিকৃতি, বি, স্ত্রী (বি-কৃ-ক্তি) বিকার, প্রকৃতির অন্যথাভাব। পীড়া।

বিকৃতিপ্রাপ্ত, বিণ ; বিকার যুক্ত। ২য়া তৎ।

বিকৃষ্ট, বিণ (বি-কৃষ্-ক্ত) আকৃষ্ট। উদ্ধৃত। বি,-কর্ষণ।

বিক্রম, বি, পুং (বি-ক্রম-অল্) পরাক্রম। চরণ ; যেমন—ত্রিবিক্রম। বিণ,-ক্রমী,-ক্রান্ত।

বিক্রমাদিত্য, বিক্রমার্ক — বি, পুং ; উজ্জয়িনীর প্রসিদ্ধ নৃপতি। বিক্রমে আদিত্য, অর্ক (সূর্য্য), ৭মীতৎ।

বিক্রমী বিণ (বিক্রম+ইন্) বিক্রমশালী, পরাক্রান্ত।

বিক্রয়, বি, পুং (বি-ক্রী-অল্) মূল্য গ্রহণপূর্ব্বক প্রদান, বেচা। বিণ,-ক্রীত।

বিক্রয়ী, বিণ, (ঐ-ণিন্) বিক্রেতা।

বিক্রান্ত, বিণ (বি-ক্রম্-ক্ত) বিক্রমশালী, পরাক্রান্ত। "ঐরূপ বিক্রান্ত অথচ বিনীত এবং ধর্ম্মানুগত," (নিভৃত চিন্তা)

বিক্রীত, বিণ (ঐ-ক্রী-ক্ত) যাহা বিক্রয় করা হইয়াছে। বি,-ক্রয়।

বিক্রেতা, বিণ(ঐ-তৃন্) বিক্রয়-কারী। স্ত্রী,-ত্রী। [যোগ্য।

বিক্রেয়, বিণ (ঐ-য) বিক্রয়-

বিক্লব, বিণ (বি-ক্লব-কর্ত্তৃ-অন্) বিবশ। কিংকর্ত্তব্যবিমূঢ়। বি,বৈক্লব্য। বি, পুং (ঐ-ভাবে অল্) জড়তা। ব্যাকুলতা।

বিক্ষত, বিণ (বি-ক্ষণ-ক্ত) আহত। ক্ষয়প্রাপ্ত।

বিক্ষিপ্ত, বিণ (বি-ক্ষিপ্-ক্ত) বিস্তারিত, ছড়ান। ত্যক্ত। বি,-ক্ষেপ।

বিক্ষুব্ধ, বিণ (বি-ক্ষুভ-ক্ত) বিচলিত। বি,-ক্ষোভ।

বিক্ষেপ, বি, পুং (বি-ক্ষিপ্-অল্) নিক্ষেপ। বিস্তার। ত্যাগ। সঞ্চালন।

বিক্ষোভ, বি, পুং (বি-ক্ষুভ-অল্) চাঞ্চল্য। ক্ষোভ, দুঃখ। বিণ,-ক্ষুব্ধ।

বিখ্যাত, বিণ (বি-খ্যা-ক্ত) প্রসিদ্ধ। বি,-তি।

বিগণন, বি, ক্লী } ঋণাদি
বিগণনা, বি, স্ত্রী } পরিশোধ।

বিগত, বিণ (বি-গম্-ক্ত) অতীত। প্রস্থিত। নষ্ট।

বিগতশ্রী, বিণ; যার সৌন্দর্য্য নষ্ট হইয়াছে। বহু।

বিগতস্পৃহ, বিণ; স্পৃহাশূন্য, আকাঙ্ক্ষা রহিত। বহু।

বিগর্হিত বিণ (বি-গর্হ-কর্ম্ম-ক্ত) নিন্দিত। নিষিদ্ধ। দূষিত। বি,-র্হণ,-র্হণা।

বিগলিত, বিণ (ঐ-গল্-কর্ত্তৃ-ক্ত) ক্ষরিত। স্খলিত।

বিগাঢ, বিণ (ঐ-গাহ-কর্ত্তৃ-ক্ত) স্নাত। কঠিন। প্রবৃদ্ধ।

বিগীত, বিণ (ঐ-গৈ-কর্ম্ম-ক্ত) নিন্দিত। বি,-গান।

বিগুণ, বিণ; গুণহীন। বিকৃত।

বিগূঢ, বিণ (বি-গুহ-ক্ত) গুপ্ত। নিন্দিত।

বিগ্র, বিণ; বিকল নাসিক, খাঁদা।

বিগ্রহ, বি, পুং; মূর্ত্তি। শরীর। সমাস বাক্য। বিভাগ। বিস্তার। পুং, ক্লী; যুদ্ধ। বিবাদ।

বিঘটন, বি,ক্লী (বি-ঘট অনট্) বিশ্লেষ, ভাগকরণ। ব্যাঘাত। বিরোধ। বিকাশ।

বিঘটিত, বিণ (ঐ-ঘটি-ক্ত) বিশ্লিষ্ট। ব্যাহত। রচিত।

বিঘ।

বিঘট্টন, বি, ক্লী (ঐ-ঘট্ট-অনট্) অভিঘাত। সঞ্চালন। আলোড়ন। "রাজা ও সমাজ লইয়া বিঘট্টনের পর বিঘট্টন হইয়া যায়," (নিভৃত চিন্তা) বিশ্লেষ। ব্যাঘাত। দৃঢ় সংযোগ। বিণ,-ট্টিত।

বিঘট্টিত, বিণ (ঐ-ক্ত) সঞ্চালিত। মথিত। বিশ্লেষিত। অভিহত।

বিঘত, (প্রা) দ্বাদশ অঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত।

বিঘা, (প্রা) ২০ কাঠা, কুড়া।

বিঘূর্ণন, বি, ক্লী (বি-ঘূর্ণ-অনট্) আবর্ত্তন। বিণ,-র্ণিত।

বিঘূর্ণিত, বিণ (ঐ-ক্ত) আবর্ত্তিত। [ঘোষণা করা।

বিঘোষণ, বি,ক্লী (বি-ঘুষ-অনট্)

বিঘ্ন, বি, পুং (বি-হন্-করণ-ক) বাধা, ব্যাঘাত।

বিঘ্নকারী, বিণ (বিঘ্ন-কৃ-কর্ত্তৃ-ণিন্) ব্যাঘাতকারী।

বিঘ্ননাশক, বিঘ্ননাশন, বিঘ্নবিনাশক, বিঘ্নবিনাশন, } বি,পুং; গণেশ। ৬ষ্ঠীতৎ।

বিঘ্নরাজ, বি, পুং ; গণেশ।

বিঘ্নহর,-হারী, বিণ; বিঘ্ননাশক। বি, পুং ; গণেশ।

বিচক্ষণ, বিণ (বি-চক্ষ-অন) দক্ষ। বিদ্বান্। জ্ঞানী।

বিচয়, বি, পুং ; চয়ন। একত্রীকরণ। অন্বেষণ।

বিচলিত, বিণ (বি-চল-কর্ত্তৃ-ক্ত) চঞ্চল। স্খলিত।

বিচার, বি, পুং (বি-চর্-ভাবে-ঘঞ্) যাথার্থ্য-নিরূপণ।

বিচারক, বিণ (ঐ-চারি-কর্ত্তৃ-ণক) বিচার কর্ত্তা।

বিচার কর্ত্তা, বি, পুং ; বিচারক। ৬ষ্ঠী তৎ। স্ত্রী,-র্ত্রী।

বিচারক্ষম, বিণ ; বিচার সমর্থ। বিচারে ক্ষম, ৭মী তৎ।

বিচারালয়, বি, পুং ; ধর্ম্মাধিকরণ। ৬ষ্ঠী তৎ।

বিচারিত, বিণ (বি-চারি-ক্ত) মীমাংসিত। বিবেচিত।

বিচার্য্য, বিণ (ঐ-ঘ্যণ্) বিচার যোগ্য।

বিচালি, (প্রা) খড়, তৃণ।

বিচি, বীচি, বি, পুং, স্ত্রী ;

ঢেউ, তরঙ্গ। আঁঠি।

বিচিকিৎসা, বি, স্ত্রী (বি-কিৎ-সন্-ভাবে-অ-আপ্) সংশয়।

বিচিত্র, বিণ (বি-চিত্র-কর্ম্ম অল্) নানাবর্ণযুক্ত। সুন্দর। আশ্চর্য্য। বি, ক্লী ; নানাবর্ণ।

বিচিত্রবর্ণ, বিণ ; মনোহর বর্ণ বিশিষ্ট। বহু।

বিচিন্ত্যমান, বিণ (বি-চিন্তি-কর্ম্ম-শান) যাহা বিশেষরূপে চিন্তা করা হইতেছে।

বিচেতন, বিণ ; চেতনাশূন্য। অবিবেকী। বি (বিগত) হইয়াছে চেতনা যাহার, বহু।

বিচেতাঃ (তস্) বিণ ; উৎ-কণ্ঠিত চিত্ত। বি (বিপরীত) হইয়াছে চেতঃ (মনঃ) যাহার, বহু।

বিচেয়, বিণ (বি-চি-য) অন্বেষণ যোগ্য।

বিচেষ্টিত, বি, ক্লী (বি-চেষ্ট ক্ত) ব্যাপার, ক্রিয়া। অঙ্গ পরি-বর্ত্তন, লুণ্ঠন। বিণ ; অন্বেষিত। চেষ্টাহীন।

বিচ্ছিত্তি, বি, স্ত্রী (বি-ছিদ্-ক্তি) বিচ্ছেদ। অঙ্গরাগ। বিণ, -চ্ছিন্ন।

বিচ্ছিন্ন, বিণ (ঐ-ক্ত) বিভক্ত। ছিন্নভিন্ন। বি,-চ্ছিত্তি, চ্ছেদ।

বিচ্ছুরিত, বিণ (বি-ছুর-কর্ম্ম-ক্ত) অনুলিপ্ত। রঞ্জিত।

বিচ্ছেদ, বি, পুং (বি-ছিদ্-ভাবে-অল্) বিরহ। অভাব। বিভাগ।

বিচ্যুত, বিণ (ঐ-চ্যু-কর্ত্তৃ-ক্ত) স্খলিত। ভ্রষ্ট। বি,-তি।

বিছা, (প্রা) বি ; বৃশ্চিক।

বিছান, (প্রা) বিস্তৃত করণ।

বিছানা, (প্রা) বি ; শয্যা।

বিজন, বিণ ; নির্জ্জন, উপাংশু। বি (নাই) জন যাহাতে, বহু।

বিজন কান্তার, বিজন বিপিন, } জনশূন্য অরণ্য। কর্ম্মধা।

বিজয়, বি, পুং (বি-জি-ভাবে-অল্) জয়। বি, পুং (ঐ-কর্ত্তৃ-অন্) অর্জ্জুন।

বিজয়বৈজয়ন্তী, বি, স্ত্রী ; বিজয় পতাকা।

বিজয়া, বি, স্ত্রী ; উমা। উমার সখী বিং। আশ্বিন শুক্লা

দশমী। সিদ্ধি। হরীতকী।

বিজয়ী, বিণ (বিজয়+ইন্, অস্ত্যর্থে) জয়যুক্ত। স্ত্রী,-য়িনী।

বিজয়োন্মত্ত, বিণ; জয়লাভে সাতিশয় হৃষ্ট [বিদ্যুৎ।

বিজলি, বিজুলি, (প্রা, পদ্যে)

বিজাতি, বি, স্ত্রী; ভিন্নজাতি।

বিজাতীয়, বিণ (বি [ভিন্ন]+জাতি+নীয়, সম্বন্ধার্থে) ভিন্ন ধর্ম্মাক্রান্ত। উৎকট; যেমন- বিজাতীয় ঘৃণা।

বিজিগীষা, বি, স্ত্রী (বি-জি-সন্-ভাবে-অ+স্ত্রীআপ্) জয়েচ্ছা। বিণ,-ষু।

বিজিগীষু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) জয়েচ্ছু। বি,-ষা।

বিজিঘৃক্ষু, বিণ (বি-গ্রহ-সন্-কর্ত্তৃ-উ) যুদ্ধ করিতে ইচ্ছুক।

বিজিত, বিণ (বি-জি-কর্ম্ম-ক্ত) পরাভূত, পরাস্ত। বি,-জয়।

বিজিহ্ম, বিণ; কুটিল, বক্র। শূন্য। অপ্রসন্ন।

বিজৃম্ভণ, বি, ক্লী (বি-জৃম্ভ-ভাবে-অনট্) বিকাশ। বিস্তার। ইচ্ছা। হাইতোলা। বিণ,-ম্ভিত।

বিজৃম্ভিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বিস্তারিত। ব্যাপ্ত। (ঐ-কর্ত্তৃ-ক্ত) বিকাশিত।

বিজেতা (তৃ) বিণ (বি-জি-কর্ত্তৃ-তৃন্) জয়কর্ত্তা। স্ত্রী,-ত্রী।

বিজেয়, বিণ (ঐ-কর্ম্ম-য) জয় করিবার যোগ্য।

বিজ্ঞ, বিণ (বি-জ্ঞা-কর্ত্তৃ-ড) জ্ঞানী। প্রাজ্ঞ। প্রবীণ। নিপুণ। বি,-তা।

বিজ্ঞতা, বি, স্ত্রী (বিজ্ঞ+তা, ভাবার্থে) পাণ্ডিত্য।

বিজ্ঞপ্তি, (বি-জ্ঞপ-ক্তি)
বিজ্ঞাপ্তি, (ঐ-জ্ঞাপি-ক্তি) বি, স্ত্রী; বিজ্ঞাপন।

বিজ্ঞাত, বিণ (বি-জ্ঞা-ক্ত) বিদিত। বিখ্যাত। বি,-জ্ঞান।

বিজ্ঞান, বি, ক্লী (ঐ-অনট্) জ্ঞান। পদার্থের তত্ত্ব-নির্ণায়ক শাস্ত্র। (Science).

বিজ্ঞানবিৎ, বিণ (বিজ্ঞান-বিদ্-ক্বিপ্) বিজ্ঞানশাস্ত্রজ্ঞ।

বিজ্ঞাপন, বি, ক্লী (বি-জ্ঞাপি-অনট্) জানান, নিবেদন।

বিজ্ঞাপনী, বি, স্ত্রী, (বিজ্ঞাপন+ ঈপ্) জ্ঞাপনপত্রী।

বিজ্ঞাপিত, বিণ (বি-জ্ঞাপি-ক্ত) যাহা জানান হইয়াছে।

বিজ্ঞেয়, বিণ (ঐ-জ্ঞা-য) জানিবার যোগ্য।

বিট্ (শ্), বি, পুং (বিশ্-কিপ্) বৈশ্যজাতি। মনুষ্য। স্ত্রী; কন্যা। বিষ্ঠা।

বিট, বি, পুং (বিট-ক) ধূর্ত্ত। লম্পট। লবণ বিং।

বিটঙ্ক, বি, পুং, ক্লী; পাযবাব খোপ।

বিটপ, বি, পুং, ক্লী (বিট-কর্ত্তৃ-কপন্) শাখা, ডাল। পল্লব।

বিটপী, বি, পুং (বিটপ+ইন্, অস্ত্যর্থে) বৃক্ষ, তরু।

বিটল, বিণ; ধূর্ত্ত, শঠ।

বিড়ঙ্গ, বি, পুং, ক্লী; ঔষধ বিং।

বিড়ম্বন, বি, ক্লী (বি-ডন্ব-অনট্)
বিড়ম্বনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) ক্লেশ, যন্ত্রণা। বিণ, -ম্বিত। [ক্লেশিত।

বিড়ম্বিত, বিণ (ঐ-ক্ত)

বিড়া, (প্রা) তাম্বূল বীটিকা। আটি, গোছা।

বিড়াল, বি, পুং (বিড-কর্ত্তৃ-কালন্) মার্জ্জার। স্ত্রী,-লী।

বিড়ালতপস্বী, বি, পুং; ভণ্ড-তপস্বী। ধূর্ত্ত।

বিতং, (প্রা) বৃত্তান্ত, বিবরণ।

বিতংস, বি, পুং (বি-তন্স-করণ অল্) পক্ষিবন্ধন রজ্জু, জাল. ফাঁদ প্রভৃতি।

বিতণ্ডা, বি, স্ত্রী (বি-তন্ড-অ+আপ্) বৃথাতর্ক। মিথ্যা বিচার।

বিতত, বিণ (বি-তন্-ক্ত) বিস্তৃত, ব্যাপ্ত। বি,-তি।

বিততি, বি, স্ত্রী (ঐ-ক্তি) বিস্তৃতি।

বিতথ, বিণ; অসত্য, মিথ্যা।

বিতরণ, বি, ক্লী (বি-তৃ-ভাবে-অনট্) বণ্টন। বিলান। বিণ,-বিত।

বিতর্ক, বি, পুং (বি-তর্ক-অল্) বাদানুবাদ। সন্দেহ। অনুমান। আলোচনা।

বিতল, বি, ক্লী; দ্বিতীয়

পাতাল।

বিতস্তি, বি, পুং, স্ত্রী (বি-তস-ক্তি) দ্বাদশাঙ্গুলি পরিমাণ, বিঘৎ।

বিতান, বি, পুং, ক্লী (বি-তন-কর্ম্ম-ঘঞ্) চন্দ্রাতপ। তাঁবু। যজ্ঞ। সমূহ। (ভাবে-ঘঞ্) বিস্তার। বিণ ; তুচ্ছ। শূন্য।

বিতৃষ্ণ, বিণ ; তৃষ্ণারহিত, নিস্পৃহ। বি (বিগত) হইয়াছে তৃষ্ণা যাহার। বহু। বি, ষ্ণা।

বিতৃষ্ণা, বি, স্ত্রী ; অনিচ্ছা। অরুচি।

বিৎ, বিণ (বিদ-ক্বিপ্) বেত্তা, যে জানে ; যেমন—বিজ্ঞান বিৎ। [ইহার স্বতন্ত্র প্রয়োগ নাই]।

বিত্ত, বি, ক্লী (বিদ্-কর্ম্ম-ক্ত ; ধন, সম্পত্তি। বিণ ; বিখ্যাত। জ্ঞাত। লব্ধ। [৭মীতৎ।

বিত্তশাঠ্য, বি, ক্লী ; কৃপণতা।

বিত্তি, বি, স্ত্রী (বিদ্-ক্তি) জ্ঞান। লাভ। খ্যাতি।

বিত্রপ, বিণ (বি+ত্রপা [লজ্জা]) লজ্জা রহিত। বহু।

বিত্রস্ত, বিণ (বি-ত্রস্-ক্ত) ত্রাসযুক্ত, অত্যন্তভীত। বি, -ত্রাস।

বিদগ্ধ, বিণ (বি-দহ-কর্ত্তৃ-ক্ত) রসিক। চতুর। পণ্ডিত। স্ত্রী,-গ্ধা।

বিদর্ভ, বি, পুং ; বেরার প্রদেশ, বড় নাগপুর। বি (নাই) দর্ভ (কুশ) যেখানে, বহু।

কুশাঘাতে অনৈক ঋষি কুমারের মৃত্যু হওয়ায়, উক্ত ঋষির অভিশাপে এই দেশে দর্ভ (অর্থাৎ কুশ) জন্মেনা বলিয়া বিদর্ভ নাম হইয়াছে।

বিদলিত, বিণ (বি-দল-ক্ত) মর্দ্দিত। বিদারিত।

বিদায়, বি, পুং (বি-দা-ঘঞ্) গমনানুমতি, ছুটী।

বিদায়গ্রহণ, বি, ক্লী ; বিদায় লওয়া। ৬ষ্ঠীতৎ।

বিদার, বি, পুং (বি-দৄ-ঘঞ্) বিদারণ, চিরণ। বিণ,-দীর্ণ।

বিদারক, বিণ (ঐ-ণক) বিদীর্ণ কারক। স্ত্রী,-রিকা।

বিদারণ, বি, ক্লী (বি-দারি-অনট্) বিদীর্ণ করণ, চিরণ।

বিণ,-রিত।

বিদারিত, বিণ (ঐ-ক্ত) যাহা বিদীর্ণ করা হইয়াছে। বি, -রণ।

বিদিক্ (শ্), বি, স্ত্রী (বি-দিশ্-ক্বিপ্) দুইদিকের মধ্যবর্ত্তী কোণ, অগ্নি, নৈঋত, বায়ু, ঈশান।

বিদিত, বিণ (বিদ্-কর্ম্ম-ক্ত) জ্ঞাত। বিখ্যাত। বি, ক্লী (ভাবে-ক্ত)জ্ঞান। লাভ। খ্যাতি।

বিদীর্ণ, বিণ (বি-দৄ-ক্ত) চেরা, ভিন্ন। ভগ্ন। বিস্তীর্ণ।

বিদুর, বিণ (বিদ্-কুর) জ্ঞানী। বি, পুং ; যুধিষ্ঠিরাদির পিতৃব্য।

বিদুষী, বিণ, স্ত্রী (বিদ্বস্+ঈপ্) বিদ্যাবতী। পুং,-দ্বান্।

বিদুষ্মতী, বিণ (বিদ্বস্+মতু, অস্ত্যর্থে) পণ্ডিতবতী।

বিদূর, বি, ক্লী ; অতিদূর। পুং ; বৈদূর্য্যমণি। বিণ ; অতিদূরবর্ত্তী।

বিদূরিত, বিণ (বিদূর+ণিচ্=বিদূরি (নামধাতু)-ক্ত) দূরীকৃত।

বিদূষক, বি, পুং (বি-দূষি-ণক) নাট্যে—যে অঙ্গভঙ্গী আদি দ্বারা সকলকে হাসায়, ভাঁড়। বিণ ; নিন্দুক।

বিদেশ, বি, পুং ; ভিন্নদেশ, দেশান্তর। বি (ভিন্ন) যে দেশ, নিত্য।

বিদেশী, (বিদেশ+ইন্, নিবাসার্থে)
বিদেশীয়,(ঐ+ঈয়, ইদমর্থে)
বিণ ; ভিন্নদেশবাসী। বৈদেশিক। স্ত্রী,-শিনী,-য়া।

বিদেহ, বি, পুং ; বিহারদেশ। জনকরাজা। বিণ ; দেহহীন। বি (নাই) দেহ যাহার, বহু। স্ত্রী,-হা, মিথিলা। আহত।

বিদ্ধ, বিণ (ব্যধ-ক্ত) ছিদ্রিত।

বিদ্যমান, বিণ (বিদ [থাকা]-কর্ত্তৃ-শান) বর্ত্তমান, উপস্থিত।

বিদ্যমানতা (বিদ্যমান+তা)
বিদ্যমানত্ব (ঐ+ত্ব)বর্ত্তমানতা।

বিদ্যা, বি, স্ত্রী (বিদ-ক্যপ্+আপ্) যদ্দ্বারা ধর্ম্মাধর্ম্ম জানা

যায়, অধ্যয়নাদি-জনিত জ্ঞান। তত্ত্বজ্ঞান। শাস্ত্র।

বিদ্যাচণ, (বিদ্যা+চণ, খ্যাতার্থে)
বিদ্যাচুঞ্চু, (ঐ+চুঞ্চু) বিদ্যা-দ্বারা খ্যাত।

বিদ্যাদেবী, বি, স্ত্রী ; সরস্বতী।

বিদ্যাধন, বি, ক্লী ; বিদ্যারূপ-ধন। রূপক কর্ম্মধা।

বিদ্যাধর, বি, পুং ; দেবযোনি বিং। স্ত্রী,-রী। [অনুরক্ত।

বিদ্যানুরাগী, বিণ ; লেখাপড়ায়

বিদ্যাভ্যাস, বি, পুং ; বিদ্যা-শিক্ষা। ৬ষ্ঠীতৎ।

বিদ্যামন্দির, বিদ্যালয়, } বি, পুং ; পাঠ-শালা, টোল প্রভৃতি।

বিদ্যার মন্দির, আলয়, ৬ষ্ঠীতৎ।

বিদ্যারত্ন, বি, ক্লী ; বিদ্যারূপ রত্ন। রূপক কর্ম্মধা।

বিদ্যারম্ভ, বি, পুং ; লেখাপড়া-আরম্ভ, হাতে খড়ি। ৬ষ্ঠীতৎ।

বিদ্যার্থী, বিণ (বিদ্যা-অর্থ-ণিন্) ছাত্র। বিদ্যার অর্থী (প্রার্থী), ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-র্থিনী।

বিদ্যাবত্তা, বি, স্ত্রী (বিদ্যাবৎ+তা) পাণ্ডিত্য।

বিদ্যাবান্, (বৎ) বিণ (বিদ্যা+বতু, অস্ত্যর্থে) বিদ্বান্। স্ত্রী, -বতী।

বিদ্যাসাগর, বি, পুং ; বিদ্যার সমুদ্রস্বরূপ অর্থাৎ সমুদ্রের ন্যায় গভীর বিদ্যাসম্পন্ন। ৬ষ্ঠীতৎ। উপাধি বিং।

বিদ্যুৎ, বি, স্ত্রী (বি-দ্যুত-কর্ত্তৃ-ক্কিপ্) তড়িৎ।

বিদ্যাহীন, বিণ ; মূর্খ। বিদ্যা-দ্বারা হীন (শূন্য), ৩য়াতৎ।

বিদ্যুতালোক, বি, পুং ; তাড়িতালোক। (Electric light).

বিদ্যুদ্বেগে, ক্রি বিণ ; বিদ্যুতের ন্যায় অতিশয় দ্রুতবেগে। বহু।

বিদ্যুন্মালা, বি, স্ত্রী ; বিদ্যুৎ-সমূহ। বিদ্যুতের মালা, ৬ষ্ঠীতৎ।

বিদ্যুল্লতা, বি, স্ত্রী ; সৌদা-মিনী। বিদ্যুৎরূপা লতা, রূপক কর্ম্মধা।

বিদ্যোৎসাহী (হিন্) বিণ ; শিক্ষোন্নতি বিষয়ে যত্নশীল।

বিদ্যার উৎসাহী, ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-হিনী।

বিদ্রব, বিদ্রাব, বি, পুং ; ক্ষরণ, গলন। পলায়ন। ভয়।

বিদ্রাবিত, বিণ (বি-দ্রাবি-ক্ত) গলিত। বিতাড়িত।

বিদ্রুত, বিণ (ঐ-দ্রু-ক্ত) দ্রবীভূত। পলায়িত।

বিদ্রুম, বি, পুং ; রত্ন বিং, প্রবাল। নবপল্লব, কিশলয়।

বিদ্রূপ, (প্রা) ঠাট্টা, তামাসা।

বিদ্রূপাত্মক, বিণ ; পরিহাস-পূর্ণ। বিদ্রূপ হইযাছে আত্মা যাহার, বহু।

বিদ্রোহ, বি, পুং (বি দ্রুহ-ভাবে-অল্) অনিষ্টাচরণ। বিদ্বেষ। বিণ,-হী।

বিদ্রোহী, বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) অনিষ্টকারক। স্ত্রী,-হিণী।

বিদ্বৎকল্প, বিণ (বিদ্বস্+কল্প, অল্পার্থে) অল্প বিদ্বান্।

বিদ্বৎকুলতিলক, বিণ ; জ্ঞানী-দিগের মধ্যে শ্রেষ্ঠ। ৬ষ্ঠীতৎ।

বিদ্বত্তম, বিণ (বিদ্বস্+তম, বহুর মধ্যে একের উৎকর্ষার্থে) সর্ব্বশ্রেষ্ঠ বিদ্বান্।

বিদ্বত্তর, বিণ (ঐ+তর, দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে) দুয়ের মধ্যে অধিক বিদ্বান্।

বিদ্বান্ (দ্বস্) বিণ (বিদ [জানা] কর্ত্তৃ-শতৃস্থানে কস্থ আদেশ) পণ্ডিত, জ্ঞানী। স্ত্রী,-দুষী।

বিদ্বিষ্ট, বিণ (বি-দ্বিষ্-কর্ম্ম-ক্ত) বিদ্বেষভাজন। বি,—দ্বেষ।

বিদ্বেষ, বি, পুং (বি-দ্বিষ্-অল্)
বিদ্বেষণ, বি, ক্লী (ঐ-অনট্)
শক্রতা। ঈর্ষ্যা। বিণ, দ্বিষ্ট—

বিদ্বেষভাজন, বিণ, বিদ্বেষের পাত্র। ৬ষ্ঠীতৎ।

বিদ্বেষক, (বি-দ্বিষ্-ণক)
বিদ্বেষী, (ঐ-ণিন্) } বিণ ;
বিদ্বেষ্টা, (ঐ-তৃন্)
বিদ্বেষকারী। স্ত্রী,-ষিকা,-ষিণী,-ষ্টী।

বিধ, বি, পুং (বি-ধা-ড)
বিধা, বি, স্ত্রী (ঐ-ড+আপ্)
প্রকার, রকম। সাদৃশ্য। নিয়ম। গজগ্রাস। বেতন।

বিধর্ম্ম, বি, পুং ; বিরুদ্ধ ধর্ম্ম।

বিধর্ম্মী, বি, পুং ; অধার্ম্মিক। স্বধর্ম্মত্যাগী।

বিধবা, বিণ ; স্বামিহীনা। বিবস্ত্রা। বি (নাই) ধব (পতি বা বস্ত্র)যাহার (যে স্ত্রীর), বহু।

বিধাতা (তৃ), বি, পুং (বি-ধা-কর্ত্তৃ-তৃন্) ব্রহ্মা। দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্ত্তা। বিণ ; বিধান কর্ত্তা। স্ত্রী,-ত্রী।

বিধান, বি, ক্লী (বি-ধা-ভাবে-অনট্) বিধি, নিয়ম। নির্ম্মাণ।

বিধায়ক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) বিধান কর্ত্তা, নিয়মকারী। কারক। স্ত্রী,-য়িকা।

বিধায়ী, বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) বিধায়ক। স্ত্রী,-য়িনী।

বিধি, বি, পুং (বি-ধা-ভাবে-কি) বিধান। নিয়ম। ক্রম। অনুষ্ঠান। নিয়োগ। (কর্ত্তৃ-কি) বিধাতা, ব্রহ্মা। (করণ-কি ; শাস্ত্র। উপায়। দৈব, ভাগ্য। (কর্ম্ম-কি) প্রকার। আচার।

বিধিৎসা, বি, স্ত্রী (বি-ধা-সন্-অ+আপ্) বিধানেচ্ছা। বিণ,-সু, বিধানেচ্ছু।

বিধিপূর্ব্বক, ক্রিবিণ, নিয়মানুসারে। বিধি হইয়াছে পূর্ব্বে যাহার, বহু। [শাস্ত্রমত।

বিধিবৎ, ব্য ; যথাবিধি,

বিধিবদ্ধ, বিণ ; নিয়মবদ্ধ। ৩য়াতৎ।

বিধিলিপি, বি, স্ত্রী ; বিধাতার লিখন, অদৃষ্ট। ৬ষ্ঠীতৎ।

বিধিবিড়ম্বনা, বি, স্ত্রী ; দৈব দুর্ব্বিপাক।

বিধু, বি, পুং (ব্যধ্ [বিদ্ধ কৃ] -কর্ত্তৃ-কু) বিরহীকে বিদ্ধ করে যে, চন্দ্র। কর্পূর।

বিধুত, বিধূত, বিণ (বি-ধু [ধূ]-কর্ম্ম-ক্ত) ত্যক্ত। কম্পিত। দূরীকৃত।

বিধুন্তুদ, বি, পুং (বিধু-তুদ্ [পীড়াদে] কর্ত্তৃ-খশ্) চন্দ্রগ্রাসী রাহু গ্রহ।

বিধুমুখ, বি, ক্লী, চন্দ্রের ন্যায় মনোহর বদন। মধ্যপদ লোপী কর্ম্মধা। বিণ ; চন্দ্র সদৃশ মনোহর মুখ বিশিষ্ট। বহু। স্ত্রী,-খী।

বিধুর, বিণ (বি-ধুর্‌,-অ) ভীত। অসমর্থ। দুঃখিত। কাতর। স্ত্রী,-রা। "পতিবিয়োগ-বিধুরা" (প্রভাতচিন্তা)। বি, ক্লী ; কষ্ট। বৈকল্য।

বিধূনন, বি, ক্লী ; কম্পন।

বিধূনিত, বিন (বি ধূনি ক্ত) কম্পিত। ত্যক্ত। বি,-নন।

বিধেয়, বিণ (বি-ধা-য)কর্ত্তব্য, উচিত। বিধানযোগ্য, বাধ্য।

বিধ্বংস, বি,পুং (বি-ধ্বন্‌স্‌-অল্‌) উচ্ছেদ, বিনাশ। বিণ,-ধ্বস্ত।

বিধ্বংসী, বিণ (ঐ-ণিন্‌) বিনাশশীল। বিনাশকারী। স্ত্রী,-সিনী।

বিধ্বস্ত, বিণ (ঐ-ক্ত) বিনষ্ট। বি,-ধ্বংস।

বিনত, বিণ (বি-নম্‌-কর্ত্তৃ-ক্ত) অবনত, নম্র। শিক্ষিত।

বিনতি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) নম্রতা। অনুনয়।

বিনম্র, বিণ (ঐ-কর্ত্তৃ-রক্‌) অবনত। বিনয়ী। স্ত্রী,-ম্রা।

বিনম্রবদনে, ক্রিবিণ ; অবনত মুখে। বিনম্র হইয়াছে বদন যাহাতে, বহু

বিনয়, বি, পুং (বি-নী-ভাবে অল্‌) নম্রতা। সুশীলতা।

বিনয়গ্রাহী, বিণ ; বিনীত। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-হিণী।

বিনয়চ্ছন্ন, বিণ ; বিনয়বিহীন। "বিনয়চ্ছন্ন গর্ব্ব সম্পদের দিনেই সুন্দর দেখায়।" (প্রভাত চিন্তা)

বিনয়ন, বি, ক্লী (বি-নী-অনট্‌) অপনয়ন,। শিক্ষা। মোচন।

বিনয়নম্র, বিণ ; বিনয়দ্বারা নত অর্থাৎ কোমল ভাবাপন্ন। ৩য়াতৎ। বি,-তা।

বিনয়নম্রবচনে, ক্রিবিণ ; কোমল বাক্যে। বিনয়দ্বারা নম্র, ৩য়া তৎ, বিনয়নম্র বচন যাহাতে, বহু।

বিনয়াবনত বিণ (বিনয়+ অবনত) "বিনয়নম্র" দেখ। ৩য়াতৎ।

বিনয়ী (য়িন্‌), বিণ (বিনয়+ ইন্‌, অস্ত্যর্থে) বিনীত, নম্র। স্ত্রী,-য়িনী।

বিনশন, বি, ক্লী ; কুরুক্ষেত্র। বিনাশ।

বিনশ্বর, বিণ (বি-নশ্-বর) অনিত্য, বিনাশশীল। স্ত্রী,-রী।

বিনষ্ট, বিণ (ঐ-ক্ত) নাশ প্রাপ্ত। বি,-নাশ।

বিনা, ব্য ; ব্যতীত, ছাড়া।

বিনান, (প্রা) কেশ-বিন্যাস।

বিনামা, (প্রা) উপানৎ, জুতা।

বিনায়ক, বি, পুং (বি-নী-কর্ত্তৃ-ণক) গণেশ। শিক্ষক।

বিনাশ, বি, পুং (বি-নশ্ ঘঞ্) ধ্বংস। বিণ,-নষ্ট।

বিনাশক, বিণ (ঐ-ণক) সংহারক।

বিনাশন, বি, ক্লী (বি-নাশ-অনট্) বিনাশ। (ঐ-অন) বিনাশকারী।

বিনাশিত, বিণ (ঐ-ক্ত) নাশ-প্রাপিত।

বিনাশী, বিণ (ঐ-ণিন্) বিনাশক। (বিনাশ+ইন্, শীলার্থে) বিনাশশীল, নশ্বর। স্ত্রী,-শিনী।

বিনাশোন্মুখ, বিণ ; নষ্টপ্রায়। বিনাশের নিমিত্ত উন্মুখ, ৪র্থীতৎ।

বিনিঃসরণ, বি, ক্লী (বি-নির্-সৃ অনট্) বহির্গমন।

বিনিঃসৃত, বিণ (ঐ-ক্ত) বহির্গত।

বিনিগমক, বিণ ; প্রতিপাদক। সংশয় নিবারক। ব্যবচ্ছেদক।

বিনিগমনা, বি, স্ত্রী ; ব্যবচ্ছেদন। নিশ্চয়ের উপায়।

বিনিদ্র, বিণ ; নিদ্রারহিত। বিকসিত। বি (নাই) নিদ্রা যাহার, বহু।

বিনিময়, বি, পুং (বি-নি-মী-ভাবে-অল্) পরিবর্ত্ত, বদল।

বিনিয়োগ, বি, পুং (বি-নি-যুজ্-ভাবে-ঘঞ্) নিয়োগ। প্রয়োগ। অর্পণ। প্রেরণ।

বিনির্গত, বিণ (বি-নির্-গম্-কর্ত্তৃ-ক্ত) বহির্গত, নিঃসৃত।বি,-মন

বিনির্গমন, বি, ক্লী ; বহির্গমন।

বিনির্জ্জিত, বিণ (বি-নির্-জি-কর্ম্ম-ক্ত) পরাভূত।

বিনির্ণয়, বি, পুং (ঐ-নী-ভাবে-অল্) অবধারণ। বিণ,-র্ণীত।

বিনির্ম্মুক্ত, বিণ (ঐ-মুচ্-কর্ম্ম-ক্ত) মুক্ত।

বিনিবৃত্ত, বিণ (বি-নি-বৃত্-ক্ত) নিরস্ত। প্রত্যাগত।

বিনিবেশিত, বিণ (বি-নি-বেশি-কর্ম্ম-ক্ত) বিন্যস্ত। সংস্থাপিত। প্রবেশিত। বি,-শন।

বিনীত, বিণ (বি-নী-কর্ম্ম-ক্ত) বিনয়ী। শান্ত।

বিনীতভাবে, ক্রিবিণ ; নম্রভাবে। বহু।

বিনেতা (তৃ), বিণ (ঐ-কর্ত্তৃ-তৃন্) নিয়মকর্ত্তা। শিক্ষক। স্ত্রী,-ত্রী।

বিনোদ, বি, পুং (বি-নুদ-ভাবে-অল্)
বিনোদন, বি, ক্লী (ঐ-অনট্) } আমোদিত করণ। অপনয়ন, দূরীকরণ। প্রবোধ দেওয়া। বিহার।

বিনোদিত, বিণ (বি-নোদি-কর্ম্ম-ক্ত) আমোদিত।

বিনোদী, বিণ (বিনোদ+ইন্) আনন্দদায়ক। স্ত্রী,-দিনী।

বিন্দু, বি, পুং (বিদ্-উ) তরল দ্রব্যের কণা, ফোঁটা। চিহ্ন। অনুস্বার। ভ্রূমধ্য। যাহার অবস্থিতি আছে কিন্তু দৈর্ঘ্য, বিস্তার, বেধ কিছুই নাই।

বিন্দুবিসর্গ, বি, পুং ; কিঞ্চিন্মাত্র।

বিন্দুসরঃ, বি, ক্লী ; তিব্বত দেশস্থ সরোবর বিং।

বিন্ধ্য, বি, পুং (বি-ধ্যৈ-ক) ভারতবর্ষস্থ পর্ব্বত বিং।

বিন্ধ্যবাসিনী, বি, স্ত্রী ; ভগবতী।

বিন্ধ্যাচল, বি, পুং ; বিন্ধ্য-পর্ব্বত। বিন্ধ্য নামক অচল, মধ্যপদলোপী কর্ম্মধা।

বিন্যস্ত, বিণ (বি-নি-অস-কর্ম্ম-ক্ত) যথাক্রমে স্থাপিত। রচিত। বি,-ন্যাস।

বিন্যাস, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) স্থাপন। রচনা।

বিপক্ষ, বি, পুং ; বিরুদ্ধ পক্ষ। শত্রু। বি (বিরুদ্ধ) যে পক্ষ, কর্ম্মধা।

বিপক্ষতা, বি, স্ত্রী ; শত্রুতা। প্রতিকূলতা।

বিপঞ্চী, বি, স্ত্রী (বি-পঞ্চি-অন্+ঈপ্) বীণা।

বিপণ, বি, পুং (বি-পণ-অল্)
বিপণন, বি, ক্লী (ঐ-অনট্)
বিক্রয়।

বিপণি, বি, পুং, স্ত্রী (বি-পণ্-ই) পণ্য-বীথিকা, শ্রেণীবদ্ধ দোকান। হাট, বাজার।

বিপৎ (দ্), বি, স্ত্রী (বি-পদ্-ক্বিপ্) বিপত্তি, আপদ্। মরণ।

বিপত্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) বিপদ্। দুর্ভাগ্য। বিনাশ।

বিপত্তিকাল, বি, পুং; বিপদের সময়। ৬ষ্ঠীতৎ।

বিপত্নীক, বিণ; যাহার স্ত্রী মরিয়া গিয়াছে। বি (বিগত) হইয়াছে পত্নী যাহার, বহু।

বিপথ, বি, পুং, ক্লী; কুপথ, মন্দপথ। বি (বিরুদ্ধ) যে পথ, কর্ম্মধা।

বিপথগামী, বিণ; কুপথগামী, অন্যায় আচরণকারী। স্ত্রী, -মিনী।

বিপদাপন্ন, বিণ; বিপদ্গ্রস্ত। বিপদকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ।

বিপদুদ্ধার, বি, পুং; বিপদ্‌মোচন, সঙ্কট হইতে পরিত্রাণ। ৫মীতৎ।

বিপন্ন, বিণ (বি-পদ্-কর্ত্তৃ-ক্ত) বিপদ্গ্রস্ত।

বিপরিণত, বিণ (বি-পরি-নম্-ক্ত) বিপর্য্যস্ত। পরিবর্ত্তিত।

বিপরিণাম, বি, পুং (ঐ-ঘঞ্) বিপর্য্যয়। পরিবর্ত্তন।

বিপরীত, বিণ (বি-পরি-ই-কর্ত্তৃ-ক্ত) বিরুদ্ধ, উল্টা। প্রতিকূল। বি, বৈপরীত্য, বিপর্য্যয়।

বিপর্য্যয়, বি, পুং (ঐ-ভাবে অল্) বৈপরীত্য। ব্যতিক্রম। বিণ, বিপরীত।

বিপর্য্যস্ত, বিণ (বি-পরি-অস্-কর্ম্ম-ক্ত) বিপর্য্যয়প্রাপ্ত। ব্যতিক্রান্ত, উল্টাপাল্টা। বি, -র্য্যাস।

বিপর্য্যাস, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) বৈপরীত্য। ব্যতিক্রম। বিণ,-র্য্যস্ত।

বিপশ্চিৎ, বি, পুং (বি-প্র-চি-ক্বিপ্) পণ্ডিত, জ্ঞানী।

বিপাক, বি, পুং (বি-পচ্-ঘঞ্) পরিণাম। পরিপাক। পক্বতা। ভোগ। কর্ম্মের বিসদৃশ ফল, দুর্গতি।

"আমরা আপনারাই বিপাকবদ্ধ ও ভোগমুক্ত হইয়া আপনা হইতে দূরে পড়িয়াছি।" (নিভৃত চিন্তা)

বিপাটন, বি, ক্লী (বি-পাটি-অনট্) বিদারণ। বিণ,-টিত॥

বিপাদিকা, বি, স্ত্রী; চরণের দোষ বিং, পা ফাটা। প্রহেলিকা।

বিপিন, বি, ক্লী (বেপ-কর্ত্ত-ইন) বন, অরণ্য।

বিপিন বিহারী, বি, পুং; শ্রীকৃষ্ণ। বিণ; যে বনে বিচরণ করে।

বিপুল, বিণ (বি-পুল-ক) বৃহৎ, প্রকাণ্ড। মহৎ। বি,-লতা।

বিপুলা, বি, স্ত্রী; পৃথিবী।

বিপ্র, বি, পুং (বি-প্রা-কর্ত্ত-ড) ব্রাহ্মণ।

বিপ্রকর্ষ, বি, পুং (বি-প্র কৃষ্-অল্) দূরত্ব।

বিপ্রকর্ষণ, বি, ক্লী (ঐ অনট্) বিশ্লেষণ, দূরবর্ত্তী হওয়া। শক্তি বিং, যে শক্তি দ্বারা পরমাণু সকল পরস্পর দূরবর্ত্তী হয়। বিণ,-কৃষ্ট।

বিপ্রকীর্ণ, বিণ (ঐ-কৄ-ক্ত) ইতস্ততঃ বিক্ষিপ্ত।

বিপ্রকৃষ্ট, বিণ (বি প্র-কৃষ-ক্ত) দূরবর্ত্তী।

বিপ্রতিপত্তি, বি, স্ত্রী; বিরোধ, বিরুদ্ধ জ্ঞান; বিণ,-পন্ন।

বিপ্রলব্ধ, বিণ (বি-প্র-লভ্-কর্ম্ম-ক্ত) প্রতারিত। বি,-লম্ভ।

বিপ্রলব্ধা, বি, স্ত্রী; নায়িকা বিং, যে নায়িকা সঙ্কেত স্থানে গমন পূর্ব্বক নায়কের অদর্শনে হতাশ হয়।

বিপ্রলম্ভ, বি, পুং (বি-প্র-লভ-ভাবে—ঘঞ্) প্রতারণা। বিরহ। বিবাদ। বিণ,-লব্ধ।

বিপ্রলাপ, বি, পুং (বি-প্র-লপ্ ঘঞ্) অনর্থক বিবাদ। অসঙ্গত কথা। [তৎ।

বিপ্রবর, বিণ; দ্বিজশ্রেষ্ঠ। ৭মী

বিপ্রিয়, বিণ (বি-প্রী-ক)

অপ্রিয়। বি, ক্লী ; অপকার।

বিপ্লব, বি, পুং (বি-প্লু-অল্) বিদ্রোহ। উপদ্রব। বিপদ্। বিণ,-প্লুত।

বিপ্লাব, বি, পুং (ঐ-ঘঞ্) জল প্লাবন।

বিপ্লুত, বিণ (ঐ-ক্ত) উপদ্রুত। বিহ্বল। বি, ক্লী, জলপ্লাবন।

বিফল, বিণ ; নিষ্ফল, বৃথা। বি (নাই) ফল যাহাতে, বহু।

বিফলতা, বি, স্ত্রী ; নিষ্ফলতা।

বিভক্ত, বিণ (বি-ভঞ্জ-ক্ত) পৃথক্ কৃত।

বিভক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) বিভাগ। ব্যাকরণে (প্রত্যয় বিং।

বিভব, বি, পুং (বি-ভূ-করণ-অল্) ধন, সম্পত্তি। (ভাবে-অল্) প্রভুত্ব। মাহাত্ম্য। সামর্থ্য। মুক্তি।

বিভবশালী, বিণ ; ঐশ্বর্য্যশালী।

বিভা, বি, স্ত্রী (বি-ভা-ভাবে-ঙ+আপ্) দীপ্তি, প্রভা।

বিভাকর, বি, পুং (বিভা-কৃ-কর্ত্তৃ-ট) সূর্য্য। অগ্নি।

বিভাগ, বি, পুং (বি-ভজ-ঘঞ্) অংশ।

বিভাজক, বিণ (ঐ-ণক) বিভাগ কারী।

বিভাজ্য, বিণ (ঐ-ঘ্যণ্) বিভাগ যোগ্য।

বিভাজ্যতা, বি, স্ত্রী ; জড় পদার্থের যে গুণ থাকাতে উহা নানা ভাগে বিভক্ত করা যায়। (Divisibility)

বিভাত, বি, ক্লী (বি-ভা-ক্ত) প্রভাত।

বিভাব, (বি-ভূ-ঘঞ্) পরিচয়। কাব্য নাটকাদিতে বর্ণিত শোক ক্রোধাদি স্থায়ী ভাবের কারণকে বিভাব কহে ; উহা দুই প্রকার— উদ্দীপন ও আলম্বন।

বিভাবন, বি, ক্লী (বি-ভাবি-অনট্) চিন্তন। বিবেচনা।

বিভাবনা, বি, স্ত্রী ; বিবেচনা। অনুভব। কাব্যালঙ্কার বিং, যে স্থলে কারণ ব্যতিরেকে কার্য্যোৎপত্তি হয়।

বিভাবরী, বি, স্ত্রী (বি-ভা-কর্ত্তৃ-ক্বনিপ্+ঈপ্) রাত্রি। হরিদ্রা।

বিভাবস্থ, বি, পুং ; সূর্য্য। অগ্নি। বিভা (প্রভা) হইয়াছে বস্থ (ধন) যাহার, বহু।

বিভাষা, বি, স্ত্রী ; বিকল্প, ইচ্ছানুরূপ কল্পনা।

বিভাসিত, বিণ (বি-ভাস্-ক্ত) দীপিত। প্রকাশিত।

বিভিন্ন, বিণ (বি-ভিদ্-ক্ত) বিভক্ত, পৃথক্ ভূত। বিদীর্ণ। বি,-ন্নতা,-ভেদ।

বিভিন্নতা, বি স্ত্রী ; পার্থক্য।

বিভীতক, বি, পুং ; বহেড়া গাছ।

বিভীষণ, বিণ (বি-ভীষি-কর্ত্ত-অন) ভয়ঙ্কর। বি, পুং ; রাবণের কনিষ্ঠ ভ্রাতা।

বিভীষিকা, বি, স্ত্রী (ঐ-ণক+আপ্) ভয় প্রদর্শন।

বিভু, বি, পুং (বি-ভূ-কর্ত্ত-ডু) প্রভু। পরমেশ্বর। বিণ ; সমর্থ।

বিভুগুণগান, বি, ক্লী ; শ্রীভগবানের মহিমা কীর্ত্তন। ২ বার ৬ষ্ঠীতৎ।

বিভূতি, বি, স্ত্রী (বি-ভূ-ক্তি) ভস্ম, ছাই। সম্পত্তি। অণিমাদি অষ্টৈশ্বর্য্য।

বিভূতিভূষণ, বি, পুং ; শিব। বিভূতি (ভস্ম) হইয়াছে ভূষণ যাহার, বহু।

বিভূষণ, বি, ক্লী (বি-ভূষ্-অনট্) শোভা। অলঙ্কার। বিণ ; ভূষণ হীন।

বিভূষিত, বিণ (ঐ-ক্ত) শোভিত।

বিভৃত, বিণ ; (বি ভৃ-কর্ম্ম-ক্ত) পালিত। ধৃত।

বিভেদ, বি, পুং ; প্রভেদ। বিভাগ। বিদারণ।

বিভোর, (প্রা) বিণ ; বিহ্বল, আত্মহারা।

বিভ্রম, বি, পুং (বি-ভ্রম্-অল্) ভ্রান্তি। বিজৃম্ভণ। স্ত্রীলোকের বিলাস বিং। ত্বরা প্রযুক্ত অস্থানে ভূষণাদি-বিন্যাস। বিণ,-ভ্রান্ত।

বিভ্রাট্ (জ্), বিণ ; দীপ্তিশালী। শোভাযুক্ত। (প্রা) বি ; বিপদ্। গোলযোগ।

বিভ্রান্ত, বিণ (বি-ভ্রম্-ক্ত)

ভ্রমযুক্ত। ত্বরান্বিত। বি-,ভ্রম।

বিমনস্ক, বিমনাঃ — বিণ; অন্যমনস্ক। উদ্বিগ্ন চিত্ত। বি (বিচলিত) হইয়াছে মনঃ যাহার, বহু।

বিমনায়মান, বিণ (বিমনস্ + ক্যঙ্ = বিমনায় (নামধাতু) কর্ত্তৃ-শান) উদ্বিগ্ন চিত্ত।

বিমর্দ্দ, বি, পুং (বি-মৃদ্-অল্) বিমর্দ্দন, বি, ক্লী (ঐ অনট্) পেষণ। চূর্ণন। ঘর্ষণ। মন্থন।

বিমর্দ্দিত, বিণ (ঐ-ক্ত) পিষ্ট। চূর্ণিত। ঘৃষ্ট। মথিত।

বিমর্ষ, বিণ (বি-মৃষ্-অন্) অপ্রসন্ন উদ্বিগ্ন। বি, পুং (ঐ-অল্) অপ্রসন্নতা। উদ্বেগ। বিতর্ক। বিচার। বিবেচনা।

বিমর্ষভাবে, ক্রিবিণ; বিষণ্ণ ভাবে। বিমর্ষের ভাব আছে যাহাতে, বহু।

বিমল, বিণ; নির্ম্মল। শুভ্র। সুন্দর। বি (নাই) মল যাহাতে, বহু। স্ত্রী,-লা।

বিমলানন্দ, বি, পুং; নির্ম্মল আনন্দ। সুখদুঃখবিরহিত আনন্দ, ব্রহ্মানন্দ। কর্ম্মধা।

বিমাতা, বি, স্ত্রী,; মাতৃ-সপত্নী, সৎমা। বি (ভিন্না) যে মাতা, কর্ম্মধা।

বিমান, বি, পুং, ক্লী (বি-মা-অনট্ বা মন্-ঘঞ্) দেবরথ। ব্যোমযান। রাজ প্রাসাদ। সিংহাসন।

বিমাননা, বি, স্ত্রী; অবমাননা।

বিমার্গ, বি, পুং; কুপথ। কদাচার। বি (বিরুদ্ধ) যে মার্গ (পথ), কর্ম্মধা। (বি-মৃজ্-করণ-ঘঞ্) সম্মার্জ্জনী।

বিমিশ্র, বিণ; মিশ্রিত।

বিমুক্ত, বিণ (বি-মুচ্-ক্ত) মুক্তিপ্রাপ্ত। পরিত্যক্ত। বি,-ক্তি,-মোচন।

বিমুখ বিণ; পরাঙ্মুখ। বি (বিরুদ্ধ) হইয়াছে মুখ যাহার, বহু।

বিমুগ্ধ, বিণ (বি-মুহ্-ক্ত) মোহ প্রাপ্ত। বি,-মোহ, -মোহন।

বিমুগ্ধ চিত্ত, বিণ; মুগ্ধ হৃদয়।

বহু। ক্রিবিণ,-ক্তে. মুগ্ধহৃদয়ে।
বিমূঢ়, বিণ (বি-মুহ্-ক্ত) অজ্ঞান, মূর্খ।
বিমৃষ্য কারী (রিন্) বিণ বিমৃষ্য-কৃ-কর্ত্তৃ-ণিন্ (যে বিবেচনা পূর্ব্বক কার্য্যকরে। স্ত্রী,-রিণী। বি,- রিতা।
বিমোচন, বি, ক্লী (বি-মুচ্-অনট্) মুক্তি। বিণ,-মুক্ত।
বিমোহন, বি. ক্লী (বি-মোহি-ভাবে-অনট্) মুগ্ধ করণ। বিণ ঐ-কর্ত্তৃ-অন) মুগ্ধ কারী।
বিমোহিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) মোহপ্রাপিত। (বিমোহ+ইত) মোহপ্রাপ্ত, বিমুগ্ধ।
বিম্ব, বি, পুং, ক্লী (বী-কর্ত্তৃ-ব, ম্ আগম, ঈ-হ্রস্ব) চন্দ্র ও সূর্য্য মণ্ডল। প্রতি বিম্ব। জল বুদ্বুদ। ক্লী ; তেলাকুচাফল।
বিম্বা, বিম্বিকা, বি, স্ত্রী ; তেলাকুচালতা।
বিম্বাধর, বি, পুং ; বিম্বসদৃশ রক্তিম অধর। মধ্যপদলোপী কর্ম্মধা। বিণ ; বিম্বতুল্য রক্তিম অধর বিশিষ্ট। বিম্ব সদৃশ অধর যাহার, বহু।
বিম্বাধরা, বিণ, স্ত্রী ;তেলাকুচাফলের ন্যায় রক্তিম অধর বিশিষ্টা। বহু।
বিম্বিত, বিণ (বিম্ব+ইত) প্রতি বিম্বিত, প্রতি ফলিত।
বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ, বিণ ; তেলাকুচাফলের ন্যায় রক্তবর্ণ ওষ্ঠ বিশিষ্ট। বিম্বের ন্যায় রক্তবর্ণ হইযাছে ওষ্ঠ যাহার, বহু। বি, পুং ; বিম্ব ফলের ন্যায় লাল ওষ্ঠ। মধ্যপদ লোপী কর্ম্মধা।
বিয়ৎ, বি, ক্লী (বি-যম্-ক্বিপ্) আকাশ।
বিয়দ্গঙ্গা, বি, স্ত্রা ; স্বর্গ গঙ্গা, মন্দাকিনা। বিয়ৎস্থ (আকাশস্থ) যে গঙ্গা, মধ্যপদলোপী কর্ম্মধা।
বিয়াল্লিশ, (প্রা) সংখ্যা বিং, ৪২।
বিযুক্ত, বিণ ; বিচ্ছিন্ন। বিরহিত।
বিয়োগ, বি, পুং (বি-যুজ্-

ঘঞ্) বিচ্ছেদ, অভাব।
বিয়োগী, বিণ ; বিচ্ছেদ প্রাপ্ত।
বিয়োজিত, বিণ (বি-যোজি-ক্ত) বিরহিত, পৃথক্ কৃত।
বিরক্ত, বিণ (বি-রন্জ-ক্ত) ত্যক্ত। বৈরাগ্য যুক্ত। অননুরক্ত। বি-রাগ,-ক্তি।
বিরক্তি বি, স্ত্রী (ঐ-ক্তি) বিরাগ। অনিচ্ছা। বিণ, ক্ত।
বিরক্তিকর, বিণ ; অপ্রীতিকর।
বিরচন, বি, ক্লী (বি-রচ্-অনট্) নির্ম্মাণ, গঠন।
বিরচিত, বিণ (ঐ-ক্ত) নির্ম্মিত। প্রণীত। বর্ণিত। বিন্যস্ত। গ্রথিত।
বিরত, বিণ (বি-রম্-কর্ত্তৃ-ক্ত) ক্ষান্ত। বি,-রাম,-রতি।
বিরতি, বি স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) নিবৃত্তি। বিণ,-রত।
বিরল, বিণ (বি-রা-কর্ত্তৃ-কলন্ স্বল্প। নির্জ্জন। অনিবিড়, ফাঁক ফাঁক। শিথিল।
বিরস, বিণ ; রসহীন। বিস্বাদ। বি (নাই) রস যাহাতে, বহু।
বিরহ, বি, পুং (বি-রহ্-ভাবে অল্) বিচ্ছেদ। অভাব। বিণ,-হিত,-হী।
বিরহিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ত্যক্ত। বিহীন। বি,-রহ।
বিরহী, (হিন্,) বিণ (বিরহ + ইন্, অস্ত্যর্থে) বিচ্ছেদযুক্ত। স্ত্রী,-হিণী।
বিরাগ, বি, পুং (বি-রন্জ্ ঘঞ্ (বৈরাগ্য। বিরক্তি। বিণ ; রাগহীন, বৈরাগী। বি (নাই) রাগ যাহার, বহু।
বিরাগ ভাজন, বিণ ; বিরক্তির পাত্র। ৬ষ্ঠীতৎ।
বিরাগী, (গিন্), বিণ ; বিষয় বাসনা শূন্য। স্ত্রী,-গিণী।
বিরাজ, (বি-রাজ্-অল্)
বিরাট্, (ঐ-ক্বিপ্) বি পুং ; সর্ব্ব ব্যাপী পুরুষ, পরমেশ্বর। ক্ষত্রিয়। শোভা।
বিরাজমান, বিণ (বি-রাজ্-কর্ত্তৃ-শান) শোভমান।
বিরাজিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) শোভিত। প্রকাশিত।
বিরাট, বি, পুং ; বগুড়া জেলার

উত্তরস্থ দেশ বিং। ঐ দেশের রাজা।

বিরাধ, বি, পুং ; অপরাধ। অপকার। রাক্ষস বিং। বিণ,-রাদ্ধ। [৯২।

বিরানব্বই, (প্রা) সংখ্যা বিং,

বিরাম, বি পুং (বি রম্-ভাবে-ঘঞ্) বিশ্রাম। নিবৃত্ত। শেষ। ব্যাকরণে—পরবর্ণা ভাব। বিণ, বিরত।

বিরাল, বি, পুং (বিড়-কর্ত্তৃ-কালন্) মার্জ্জার, বিড়াল।

বিরাব, বি, পুং (বি-রু-ঘঞ্) শব্দ।

বিরিঞ্চি, বি, পুং (বি-রচ্-কর্ত্তৃ-ইন্, নি) ব্রহ্মা। বিষ্ণু।

বিরুদ, বি, পুং, ক্লী ; গদ্যপদ্য ময়ী স্তুতি।

বিরুদ্ধ, বিণ (বি-রুধ-কর্ম্ম-ক্ত) বিপরীত, উল্টা। বিদ্বিষ্ট। বি,-রোধ।

বিরুদ্ধাচরণ, বি, ক্লী ; শত্রুতা-চরণ। কর্ম্মধা। বিণ,-চারী।

বিরূঢ়, বিণ (বি-রুহ-ক্ত) অঙ্কুরিত। জাত।

বিরূপ, বিণ ; কুরূপ। বি (নিন্দিত) হইয়াছে রূপ যাহার, বহু প্রতিকূল।

বিরূপাক্ষ, বি, পুং ; শিব। বি-রূপ (কুৎসিত) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাঁহার, বহু।

বিরেচক, বিণ (বি-রিচ্-ণক) মল ভেদক।

বিরেচন, বি, ক্লী (ঐ-অনট্) মল নিঃসরণ। বিণ (ঐ-অন) মল নিঃসারক।

বিরোধ, বি, পুং (বি-রুধ্-অল্) অনৈক্য। শত্রুতা। বিণ, রুদ্ধ।

বিরোধী, বিণ (ঐ-ণিন্) বি-রুদ্ধ। শত্রু। স্ত্রী, ধিনী।

বিল, বি, ক্লী ; গর্ত্ত। গুহা। জলা ভূমি, বিল্ল, পুং ; উচ্চৈঃ-শ্রবা অশ্ব।

বিলক্ষ, বিণ (বি-লক্ষ-অন্) লজ্জিত। বিস্মিত।

বিলক্ষণ, বিণ ; অসাধারণ। অত্যন্ত। বিভিন্ন। বি (নাই) লক্ষণ (চিহ্ন) যাহার, বহু। ব্য ; বেস। বি, বৈলক্ষণ্য।

বিলগ্ন, বিণ ; সংলগ্ন।

বিলঙ্ঘন, বি, ক্লী (বি-লন্‌ঘ অনট্) উল্লঙ্ঘন. অতিক্রম। বিণ,-ঙ্ঘিত।

বিলঙ্ঘিত, বিণ (ঐ-ক্ত) উল্লঙ্ঘিত।

বিলজ্জ, বিণ ; নির্লজ্জ। বহু।

বিলম্ব, বি পুং (বি লন্‌ব-অল্) গৌণ। ঝুলন। বিণ,-ম্বিত।

বিলম্বিত, বিণ (ঐ-ক্ত) লম্বমান। (বিলম্ব+ইত, যুক্তার্থে।) বিলম্বযুক্ত, অশীঘ্র। বি, ক্লী ; মধ্যম নৃত্য।

বিলম্বী (ম্বিন্) বিণ (ঐ-ণিন্) লম্বমান। বিলম্বকারী। স্ত্রী, -ম্বিনী।

বিলয়, বি, পুং (বি-লী-ভাবে -অল্) ধ্বংস। প্রলয়। বিণ, -লীন।

বিলসন্ (ৎ) বিণ ; বিলাসী। শোভমান্।

{ বিলসন, (বি লস্-অনট্)
বিলসিত, (ঐ-ক্ত) বি ক্লী ;
বিলাস। শোভা। স্ফুরণ।

বিলসিত, বিণ (ঐ-ক্ত) শোভিত। "ভক্তি অথবা প্রীতি যদি মুখচ্ছবিতে বিলসিত রহে" (নিভৃত চিন্তা)।

বিলাতী, (যা) ইউরোপীয়।

বিলান (প্রা) বিতরণ।

বিলাপ, বি, পুং (বি-লপ্-ভাবে-ঘঞ্) খেদোক্তি।

বিলাপী বিণ (ঐ-কর্ত্তৃ ণিন্) বিলাপকারী। স্ত্রী,-পিনী।

বিলাস, বি, পুং (বি-লস্-ভাবে-ঘঞ্) লীলা। শোভা। ক্রীড়া। আমোদ। অঙ্গভঙ্গী, হাবভাবাদি। স্ফুরণ। বিণ, -সী।

বিলাসপর, } বিণ ;
বিলাস পরায়ণ, } সৌখীন, আমোদ প্রমোদে রত। বিলাসে পর বা পরায়ণ (আসক্ত), ৭মীতৎ। স্ত্রী, -রা,-ণা।

বিলাসভবন, বি, ক্লী ; আমোদ প্রমোদের নিমিত্ত নির্ম্মিত গৃহ। ৪র্থীতৎ।

বিলাসিনী, বিণ ; বিলাস শালিনী। পুং,-লাসী।

বিলাসী (সিন্), বিণ (বি-লস্-কর্ত্তৃ-ণিন্ অথবা বিলাস + ইন্) বিলাসপরায়ণ, বাবু। স্ত্রী,-সিনী।

বিলিখন, বি, ক্লী ; খনন। আঁচড়ান।

বিলীন, বিণ (বি-লী কর্ত্তৃ-ক্ত) লয় প্রাপ্ত। বিনষ্ট। বি,-লয়।

বিলুপ্ত, বিণ (বি-লুপ-কর্ত্তৃ বা কর্ম্ম-ক্ত) লোপ প্রাপ্ত। অন্তর্হিত। বি,-লোপ।

বিলেখন, বি, ক্লী (বি-লিখ্-অনট্) খনন। বিদারণ।

বিলেপ, বি, পুং (বি লিপ্-ভাবে-অল্)
বিলেপন, বি, ক্লী (ঐ-অনট্) মাখান।

(করণ-অল্) (করণ-অনট্) লেপনদ্রব্য, চন্দনাদি।

বিলোকন, বি, ক্লী (বি-লোক-ভাবে-অনট্) দর্শন।

বিলোকিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দৃষ্ট।

বিলোড়ন, বি, ক্লী (বি লুড়-অনট্) আলোড়ন, মন্থন। বিণ,-ড়িত।

বিলোড়িত, বিণ (ঐ-লোড়ি-ক্ত) আলোড়িত, মথিত।

বিলোপ, বি, পুং (বি-লুপ্-ভাবে-অল্) ধ্বংস। বিণ,-লুপ্ত।

বিলোভন, বি, ক্লী ; লোভ প্রদর্শন। লোভের বস্তু।

বিলোম, বিণ ; প্রতিকূল। উল্‌টা।

বিলোমজ, বিণ ; নীচজাতি পুরুষের ঔরসে উচ্চ জাতি নারীর গর্ভজাত (সন্তান)।

বিলোল, বিণ (বি-লুল্-অন্) চঞ্চল। অতিলোভী।

বিলোল দৃষ্টি, বি, স্ত্রী ; চঞ্চল দৃষ্টি। স্পৃহাযুক্ত কটাক্ষ। কর্ম্মধা।

বিল্ব, বি, পুং (বিল-কর্ম্ম-বন্) বেল গাছ। ক্লী ; বেল।

বিল্ল, বি ; বিল, জলা।

বিবক্ষা, বি, (স্ত্রী বি-বচ্-সন্-ভাবে-অ) বলিবার ইচ্ছা। বিণ,-ক্ষু।

বিবক্ষিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা বলিতে ইচ্ছা করা হইয়াছে।

বিবক্ষু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) বলিতে ইচ্ছু।

বিবৎসা, বি, স্ত্রী (বি-বস্-সন্-অ) বাস করিতে ইচ্ছা। বিণ, বৎসহীনা।

বিবদমান, বিণ (বি-বদ-শান) কলহ বা বিবাদে নিযুক্ত।

বিবমিষা, বি, স্ত্রী (বম-সন্-অ) বমনেচ্ছা।

বিবর, বি, ক্লী (বি বৃ-কর্ম্ম-অল্) ছিদ্র। দোষ।

বিবরণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) বৃত্তান্ত। ব্যাখ্যা, বর্ণনা। বিণ,-বৃত।

বিবরণী, বি, স্ত্রী; বিবরণ। ব্যাখ্যান পুস্তিকা।

বিবর্জ্জন, বি, ক্লী (বি-বৃজ্-অনট্) ত্যাগ, বিসর্জ্জন।

বিবর্ণ, বিণ; বিকৃতবর্ণ মলিন। নীচজাতীয়। বি (বিকৃত) হইয়াছে বর্ণ যাহার, বহু। বি,-তা।

বিবর্ত্ত, বি, পুং (বি-বৃত্-অল্) পরিণাম। পরিবর্ত্ত। নৃত্য। ঘূর্ণন। ভ্রমণ। সমূহ। বিণ, -বৃত্ত।

বিবর্ত্তবাদ, বি, পুং; পদার্থের ক্রম-পরিণতি বিষয়ক বৈজ্ঞানিক মত।

বিবর্ত্তন, বি, ক্লী (বি-বৃত্-অনট্) প্রত্যাবর্ত্তন। পরিবর্ত্তন। ঘূর্ণন। বিণ,-বৃত্ত।

বিবর্ত্তিত, বিণ (বি-বর্ত্তি-ক্ত) প্রত্যাবর্ত্তিত। পরিবর্ত্তিত। ঘূর্ণিত। অপনীত।

বিবর্দ্ধন, বি, ক্লী (বি-বর্দ্ধি-অনট্) বিশেষরূপে বাড়ান। (বৃধ্-অনট্) সম্যক্ বৃদ্ধি। (বর্দ্ধ-অনট্) ছেদন।

বিবশ, বিণ; অবশ। অবাধ্য। বিহ্বল।

বিবসন, বিবস্ত্র, } বিণ; বস্ত্রহীন, উলঙ্গ। বি (নাই) বসন, বস্ত্র যাহার, বহু। স্ত্রী,-না,-স্ত্রা।

বিবস্বান্ (স্বৎ), বি, পুং

(বি-বস-ভাবে-ক্বিপ্ + বতু) সূর্য্য। দেবতা।

বিবাদ, বি, পুং (বি-বদ্-ভাবে-ঘঞ্) ঝগড়া, কলহ।

বিবাদী, বিণ (বি-বদ-ণিন্) বিবাদকারী। প্রতিবাদী। স্ত্রী,-দিনী।

বিবাসন, বি, ক্লী (বি-বাসি-ভাবে-অনট্) নির্ব্বাসন, দেশান্তরী করণ। বিণ,-সিত।

"এইরূপে দুর্নিবার সীতা-বিবাসন শোকে একান্ত অভিভূত হইয়া" (সীতার বনবাস)

বিবাসিত, বিণ (ঐ কর্ম্ম-ক্ত) নির্ব্বাসিত। বি,-সন।

বিবাহ, বি, পুং (বি-বহ-ভাবে-ঘঞ্) পরিণয়, উদ্বাহ।

বিবাহিত, বিণ (বি-বাহি-কর্ম্ম-ক্ত) পরিণীত।

বিবিক্ত, বিণ (বি-বিচ্-কর্ত্তৃ-ক্ত) বিজন, নির্জ্জন। পবিত্র। সম্পর্কশূন্য।

বিবিক্ষা, বি, স্ত্রী ; প্রবেশেচ্ছা। বিণ,-ক্ষু।

বিবিক্ষু, বিণ ; প্রবেশেচ্ছু।

বিবিধ, বিণ ; নানা প্রকার। বি (বহু) হইয়াছে বিধা (প্রকার) যাহার, বহু।

বিবীত, বি, পুং ; বহুতৃণযুক্ত সুবিস্তৃত গোমহিষাদির চরিবার স্থান। [দেবতা।

বিবুধ, বি, পুং ; পণ্ডিত।

বিবৃত, বিণ (বি-বৃ-ক্ত) বর্ণিত। বিস্তৃত। প্রকাশিত। বি,-তি, বিবরণ।

বিবৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) বিবরণ। প্রকাশ। বিস্তার। ব্যাখ্যা। বিণ,-ত।

বিবৃত্ত, বিণ (বি-বৃত-ক্ত) ঘূর্ণিত। পরাবৃত্ত। লুণ্ঠিত। বি,-ত্তি,-বর্ত্তন।

"চিত্ত তখনই ঘৃণায় বিবৃত্ত হইয়া ফিরিয়া আসে।" (নিভৃত চিন্তা)

বিবৃত্তি, বি, স্ত্রী ; চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন। বিণ,-ত্ত।

বিবৃদ্ধ, বিণ (বি-বৃধ্-ক্ত) বৃদ্ধিপ্রাপ্ত। বি,-দ্ধি।

বিবেক, বি, পুং (বি-বিচ্ [বিচার ক্র, পৃথক্ ক্র] -ভাবে -ঘঞ্) বৈরাগ্য। তত্ত্ব-

জ্ঞান। বিবেচনা। (পাশ্চাত্য-মতে) মনের যে বৃত্তিদ্বারা ভাল মন্দের পার্থক্য জ্ঞান জন্মে (conscience)

বিবেকবুদ্ধি, বি, স্ত্রী ; তত্ত্বজ্ঞান যুক্তা বুদ্ধি। মধ্যপদলোপী কর্ম্মধা।

বিবেকী, বিণ (বিবেক+ইন্, অস্ত্যর্থে) তত্ত্বজ্ঞানী। বৈরাগ্য সম্পন্ন। স্ত্রী,-কিনী। বি,-কিতা।

বিবেচক, বিণ (বি-বিচ্-কর্ত্তৃ-ণক) বিবেচনাকারী। স্ত্রী,-চিকা।

বিবেচন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্)
বিবেচনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) অনুধাবন। বিচার।

বিবেচনীয়, (বি-বিচ্-অনীয়)
বিবেচ্য, (ঐ-য) বিণ ; বিবেচনা-যোগ্য।

বিবেচিত, বিণ (বি-বেচি-কর্ম্ম-ক্ত) বিচারিত। চিন্তিত।

বিবোধ, বি, পুং
বিবোধন, বি, ক্লী } উদ্বোধ। প্রবোধ। জাগরণ।

বিব্রত, (প্রা) বিণ ; অস্থির, ব্যাকুল।

বিব্বোক, বি, পুং ; স্ত্রীলোকের ভাব বিং, অভিমত বস্তু প্রাপ্তিতেও গর্ব্বহেতু তাহাতে অনাদর।

বিশ, বি, পুং ; মনুষ্য। বৈশ্য-জাতি। ক্লী ; মৃণাল। (প্রা) সংখ্যা বিং, ২০।

বিশঙ্ক, বিণ (বি+শঙ্কা) শঙ্কা রহিত, নির্ভয়। বহু।

বিশদ, বিণ (বি-শদ্-অন্) স্পষ্ট। শুভ্র। নির্ম্মল।

বিশর, বি, পুং (বি-শৃ-অল্) বধ। বিণ,-শীর্ণ।

বিশল্যকরণী, বি, স্ত্রী ; ঔষধ-লতা বিং, যাহাতে শল্যব্যথা নিবারিত হয়।

বিশসন, বি, ক্লী (বি-শস্-অনট্) বধ। বিণ,-শস্ত।

বিশাখা, বি, স্ত্রী ; নক্ষত্র বিং। গোপী বিং।

বিশাম্পতি, বি, পুং ; রাজা। বিশ শব্দের ষষ্ঠীর বহুবচনে বিশাম্ [মনুষ্যদিগের] পতি, অলুক্ ৬ষ্ঠীতৎ।

বিশারদ, বিণ (বিশাল-দা-কর্ত্তৃ-ড) পণ্ডিত। দক্ষ। শ্রেষ্ঠ। প্রসিদ্ধ।

বিশাল, বিণ (বিশ-কর্ত্তৃ কালন্) বৃহৎ। বিস্তৃত।

বিশালা, বি, স্ত্রী ; উজ্জয়িনী নগরী।

বিশালাক্ষ, বি, পুং ; শিব। বিণ ; দীর্ঘনেত্র, সুলোচন। বিশাল (বৃহৎ) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু। স্ত্রী,-ক্ষী।

বিশালাক্ষী, বি, স্ত্রী ; ভগবতী। বিণ ; দীর্ঘ নেত্রা, সুলোচনা। বহু।

বিশিখ, বি, পুং ; শর, বাণ। বি (বিশিষ্ট) হইয়াছে শিখা যাহার, বহু। বিণ ; শিখা-রহিত।

বিশিষ্ট, বিণ (বি শিষ-কর্ত্তৃ-ক্ত) যুক্ত। অতিশয়। বিলক্ষণ। শিষ্ট। খ্যাত। উত্তম। বি,-শেষ।

বিশীর্ণ, বিণ (বি-শৄ-ক্ত) কৃশ। শুষ্ক। জীর্ণ। বিশ্লিষ্ট।

বিশুদ্ধ, বিণ (বি-শুধ্-ক্ত) নির্ম্মল। পবিত্র। নির্দ্দোষ। বি,-দ্ধতা,-দ্ধি।

বিশুদ্ধাত্মা (ত্মন্), বিণ ; নির্ম্মল চেতাঃ, অকপট হৃদয়। বহু।

বিশুদ্ধি, বি, স্ত্রী ; নির্ম্মলতা। পবিত্রতা। নির্দ্দোষতা। বিণ, -শুদ্ধ।

বিশুষ্ক, বিণ (বি-শুষ্-ক্ত) শুষ্ক, নীরস। ম্লান।

বিশৃঙ্খল, বিণ ; শৃঙ্খলারহিত, উল্টাপাল্টা। নিয়ম বহির্ভূত। বি (নাই) শৃঙ্খলা যাহার, বহু। বি,-লতা,-লা।

বিশৃঙ্খলা, বি, স্ত্রী ; শৃঙ্খলা-রাহিত্য।

বিশেষ, বি, পুং (বি-শিষ-অল্) প্রভেদ। প্রকার। আধিক্য। বিণ ; অধিক। ভিন্ন।

বিশেষক, বিণ (বি-শেষি-ণক) প্রভেদক। বি, ক্লী ; তিলক।

বিশেষজ্ঞ, বিণ (বিশেষ-জ্ঞা-ড) কোন বিষয়ে যে সবিশেষ জানে, অভিজ্ঞ।

বিশেষণ, বি, ক্লী (বি-শিষ্-অনট্) যদ্দ্বারা পদার্থের গুণ বাঅবস্থা প্রকাশ পায়। চিহ্ন।

বিশেষতঃ, ব্য, ক্রিবিণ (বিশেষ +তস্) বিশেষরূপে। অধিকন্তু।

বিশেষোক্তি, বি, স্ত্রী ; কাব্যালঙ্কার বিং, যেখানে কারণ সত্বেও কার্য্যের অভাব দৃষ্ট হয়।

বিশেষ্য, বিণ ; যাহাকে বিশেষ করা যায়, সংজ্ঞাবাচক পদ।

বিশোধন, বি, ক্লী ; সংশোধন। বিণ,-ধিত।

বিশ্রব্ধ, বিণ (বি-শ্রন্ভ-ক্ত) বিশ্বস্ত। নিঃশঙ্ক। অধিক। শান্ত। গাঢ়।

কোথাও বীণার মোহন নিস্বন ও
বিশ্রব্ধ বক্তৃতার প্রাণপ্রদ সান্ত্বনা।
(নিভৃত চিন্তা)

বি,-শ্রম্ভ।

বিশ্রম্ভ, বি, পুং (ঐ অল্) বিশ্বাস। প্রীতি, অনুরাগ। বিণ,-শ্রব্ধ।

বিশ্রম্ভালাপ, বি, পুং ; প্রীতিপূর্ণ কথোপকথন। মধ্যপদলোপী কর্ম্মধা।

বিশ্রম্ভী, বিণ (বিশ্রম্ভ+ইন্, অস্ত্যর্থে) বিশ্বাসী। প্রণয়ী। স্ত্রী,-ম্ভিণী।

বিশ্রবাঃ (বস্), বি, পুং ; মুনি বিং। বহু।

বিশ্রান্ত, বিণ (বি-শ্রম্-ক্ত শ্রান্তিরহিত। শ্রান্তিযুক্ত। নিবৃত্ত। বি,-ন্তি,-শ্রাম।

বিশ্রাম, বি, পুং (বি-শ্রম্-ভাবে-ঘঞ্) শ্রমাপনোদন, বিরাম। বিণ, -শ্রান্ত।

বিশ্রাব, বি, পুং (ঐ-শ্রু-ঘঞ্) খ্যাতি। বিণ, শ্রুত।

বিশ্রী, বিণ ; শ্রীহীন, কুৎসিত। বি (নাই) শ্রী (শোভা) যাহার, বহু।

বিশ্রুত, বিণ (বি-শ্রু-কর্ম্ম-ক্ত) বিখ্যাত। জ্ঞাত। বি,-তি,

বিশ্রাব।

বিশ্রুতি, বি. স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) খ্যাতি, প্রসিদ্ধি। বিণ,-শ্রুত।

বিশ্লথ, বিণ; শিথিল, ঢিলা।

বিশ্লিষ্ট, বিণ (বি-শ্লিষ্-কর্ত্তৃ-ক্ত) পৃথক্ ভূত, বিচ্ছিন্ন। বি,-শ্লেষ।

বিশ্লেষ, বি, পুং (ঐ-ভাবে-অল্) বিচ্ছেদ। বিণ,-শ্লিষ্ট।

বিশ্ব, বি, ক্লী (বিশ্-অধি-কন্) জগৎ, ব্রহ্মাণ্ড। বিণ; সর্ব্ব।

বিশ্বকর্ম্মা (র্ম্মন্), বি, পুং; দেবশিল্পী। ঈশ্বর। বিশ্ব হইযাছে কর্ম্ম যাহার বহু।

বিশ্বচরাচর, বি, পুং; সমুদায় স্থাবর জঙ্গম। বিশ্ব (সমস্ত) যে চরাচব, কর্ম্মধা।

বিশ্বজনীন, বিণ (বিশ্বজন [সর্ব্বজন] + ঈন, হিতার্থে, সম্বন্ধার্থে) সর্ব্বজন হিতকর। সর্ব্বজনসম্বন্ধীয়।

বিশ্বজিৎ, বিণ (বিশ্ব-জি-ক্বিপ্) ভুবন বিজয়ী। বি, পুং; যজ্ঞ বিং, যে যজ্ঞে দক্ষিণা-স্বরূপ সর্ব্বস্ব দান করিতে হয়।

বিশ্বদেব, বি, পুং; অগ্নি।

বিশ্বনাথ, বি, পুং; শিব। জগদীশ্বর। ৬ষ্ঠী তৎ।

বিশ্বপা, বি, পুং (বিশ্ব-পা-কর্ত্তৃ-ক্বিপ্) বিশ্বের পালন কর্ত্তা, পরমেশ্বর।

বিশ্বপাতা (তৃ), বিণ; বিশ্বের পালন কর্ত্তা। ৬ষ্ঠী তৎ।

বিশ্বপ্রেম, বি, ক্লী; জগদ্ব্যাপী প্রেম অর্থাৎ মনুষ্য হইতে পশুপক্ষী প্রভৃতি পর্য্যন্ত জগতেব সকলেব প্রতিই ভালবাসা। বিশ্বব্যাপী যে প্রেম, মধ্যপদলোপী কর্ম্মধা।

বিশ্বপ্রেমিক, বিণ (বিশ্বপ্রেম + ইকন্, যুক্তার্থে) যিনি বিশ্ব-জগতের সকলকেই ভাল-বাসেন। (Philanthropist)

বিশ্বম্ভর, বি, পুং (বিশ্ব-ভৃ-কর্ত্তৃ-খ) বিষ্ণু। স্ত্রী,-রা, পৃথিবী।

বিশ্বরূপ, বি, পুং; বিষ্ণু, ব্রহ্ম। বিশ্বই হইয়াছে রূপ যাহার, বহু। [৬ষ্ঠীতৎ।

বিশ্ববঞ্চক, বিণ; সাতিশয় ধূর্ত্ত।

বিশ্ববিদ্যালয়, বি, পুং; যেস্থানে

সর্ব্বপ্রকার বিদ্যা আলোচিত হইয়া থাকে। [University] বিশ্ব (সর্ব) যে বিদ্যা, কর্ম্মধা, তাহার আলয়, ৬ষ্ঠীতৎ।

বিশ্ববিধাতা (তৃ), বি, পুং; বিশ্বের সৃষ্টি কর্ত্তা, পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ।

বিশ্ববিমোহন, বিণ; সকলের মোহকারী। ৬ষ্ঠীতৎ।

বিশ্ববিশ্রুত, বিণ; জগদ্বিখ্যাত। বিশ্বে বিশ্রুত, ৭মীতৎ।

বিশ্বব্যাপী, বিণ; সর্ব্বব্যাপী। স্ত্রী,-পিনী।

বিশ্বব্রহ্মাণ্ড, বি, পুং; সমগ্র জগৎ। বিশ্ব (সমস্ত) যে ব্রহ্মাণ্ড, কর্ম্মধা।

বিশ্বশ্রবাঃ (বস্), বি, পুং; মুনি বিং। বিশ্বব্যাপী শ্রবঃ (খ্যাতি) যাহার, বহু।

বিশ্বসংসার, বি, পুং; সমগ্র জগৎ। কর্ম্মধা।

বিশ্বসন, বি, ক্লী (বি-শ্বস্-অনট্) বিশ্বাস।

বিশ্বসিত, বিণ (ঐ-ক্ত) বিশ্বাসী।

বিশ্বসৃক্ (জ্), (বিশ্ব-সৃজ্-কর্ত্তৃ ক্বিপ্)
বিশ্বস্রষ্টা, বি, পুং; জগতের সৃষ্টি কর্ত্তা, ব্রহ্মা।

বিশ্বস্ত, বিণ (বি-শ্বস্-কর্ম্ম-ক্ত) বিশ্বাসের পাত্র।

বিশ্বামিত্র, বি, পুং; মুনি বিং।

বিশ্বাস, বি, পুং (বি-শ্বস্-ভাবে-ঘঞ্) প্রত্যয়। শ্রদ্ধা। বিণ, -শ্বাসী,-শ্বাস্য,-শ্বস্ত।

বিশ্বাসঘাতক, বি, পুং; যে বিশ্বাসের স্থলে অবিশ্বাসের কার্য্য করে। ৬ষ্ঠী তৎ। বি,-কতা।

বিশ্বাসভাজন, বিণ; বিশ্বাসের পাত্র। ৬ষ্ঠীতৎ।

বিশ্বাস যোগ্য, বিণ; বিশ্বাসের উপযুক্ত। ৬ষ্ঠীতৎ।

বিশ্বাসী, বিণ (বিশ্বাস+ইন্, অস্ত্যর্থে) বিশ্বাসকারী। বিশ্বস্ত। স্ত্রী,-সিনী।

বিশ্বাস্য, বিণ (বি-শ্বস্-কর্ম্ম-ঘ্যণ্) বিশ্বাস যোগ্য।

বিশ্বেশ, বিশ্বেশ্বর, বি, পুং; জগদীশ্বর। শিব। বিশ্বের ঈশ

বা ঈশ্বর, ৬ষ্ঠীতৎ।
বিষ, বি, পুং,ক্লী (বিষ-ক) গরল।
বিষকুম্ভ, বি, পুং; বিষপূর্ণ-কলসী। বিষপূর্ণ কুম্ভ, মধ্যপদ-লোপী কর্ম্মধা।
বিষঘ্ন, বিণ (বিষ-হন্-টক্) বিষ নাশক।
বিষণ্ণ, বিণ (বি-সদ-কর্ত্তৃ-ক্ত) বিমর্ষ, বিষাদযুক্ত। বি,-ণ্ণতা, -ষাদ।
বিষণ্ণমুখ, বিষণ্ণবদন, } বি, ক্লী; মলিন বদন। কর্ম্মধা। বিণ; মলিন মুখ যুক্ত। বহু।
বিষদ, বি, পুং; মেঘ।
বিষদন্ত, বি, পুং; সর্প। বিষ আছে দন্তে যাহার, বহু। বিষস্রাবী দন্ত। কর্ম্মধা।
বিষদৃষ্টি, বি, স্ত্রী; বিষবৎ জ্বালাময় দৃষ্টি। মধ্যপদলোপী কর্ম্মধা।
বিষধর, বি, পুং; সর্প।
বিষম, বিণ; উন্নতানত, বন্ধুর। অযুগ্ম, বিযোড়। দারুণ। বি (না) সম (সমান), নিত্য।
বিষমরাশি, যে রাশি দুই সমান ভাগে বিভক্ত হইতে পারেনা, যেমন—১, ৩, ৫, ৭ প্রভৃতি।
বিষয়, বি, পুং (বি-সি [বন্ধন কৃ]-কর্ত্তৃ-অল্) যে জীবকে মায়া-পাশে বন্ধন করে, ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ; শব্দ, স্পর্শ, রূপ, রসাদি ভোগ্য বস্তু। ধন-সম্পত্তি। আধার। বর্ণনীয় পদার্থ। বিণ,-য়ী।
বিষয়ক, বিণ; বিষয় সম্বন্ধীয়।
বিষয় কর্ম্ম, বি, ক্লী; সাংসারিক কার্য্য।
বিষয়বুদ্ধি, বি, স্ত্রী; সাংসারিক [জ্ঞান।
বিষয়-বাসনা, বি, স্ত্রী; ভোগা-ভিলাষ। ৬ষ্ঠীতৎ।
বিষয়াসক্ত, বিণ; ভোগসুখে অনুরক্ত। ৭মীতৎ। বি,-ক্তি।
বিষয়ী, বিণ (বিষয়+ইন্, অস্ত্যর্থে) বিষয়াসক্ত। স্ত্রী, -য়িণী।
বিষবৎ, বিণ; বিষতুল্য।
বিষবৈদ্য, বি, পুং; যে বিষ-নাশক মন্ত্র জানে, ওঝা।
বিষহরা, বিষহরী, বি, স্ত্রী; মনসাদেবী।
বিষাক্ত, বিণ; বিষ মিশ্রিত। বিষ দ্বারা অক্ত, ৩য়া তৎ।
বিষাণ, বি, ক্লী (বিষ [ব্যাপা] -কর্ত্তৃ-কান) পশুশৃঙ্গ। গজদন্ত। শূকর দন্ত। বিণ,-ণী।
বিষাণী, বিণ (বিষাণ+ইন্, অস্ত্যর্থে) শৃঙ্গী।
বিষাদ, বি, পুং (বি-সদ্-ভাবে-

ঘঞ্) দুঃখ। জড়তা। বিণ, -ষণ।

বিষাদসাগর, বি, পুং; সমুদ্রবৎ অপরিসীম দুঃখ। বিষাদরূপ সাগর, রূপক।

বিষাদিত, বিণ (বিষাদ+ইত) দুঃখিত।

বিষাদী, বিণ (বিষাদ+ইন্) বিষাদ যুক্ত। স্ত্রী,-দিনী।

বিষুব, বিষুবৎ, বি, ক্লী; যে সময় দিবা রাত্রি সমান হয়, সূর্য্যের মেষ ও তুলা সংক্রান্তি।

বিষুব-রেখা, বি, স্ত্রী; নিরক্ষ-রেখা, এই রেখায় সূর্য্য উপস্থিত হইলে দিবারাত্রি সমান হয়। (Equator)

বিষ্কম্ভ, বিষ্কুম্ভ, বি, পুং; যোগ বিং। প্রতিবন্ধ। অর্গল। নাট্যাঙ্গ বিং।

বিষ্টপ, বি, ক্লী (বিষ-কর্ত্তৃ-টপক্) জগৎ।

বিষ্টব্ধ, বিণ (বি-স্তন্ভ-কর্ম্ম-ক্ত) প্রতিবদ্ধ। বি,-স্ত।

বিষ্টম্ভ, বি, পুং (ঐ-ভাবে-অল্) প্রতিবন্ধ। রোধ। বিণ,-ব্ধ।

বিষ্টর, বি, পুং (বি-স্তৃ-কর্ম্ম-অল্) কুশাসন। কুশমুষ্টি। আসন। (কর্ত্তৃ-অন্) বৃক্ষ।

বিষ্টি, বি, স্ত্রী; বিনা বেতনে শ্রম, বেগার। বেতন।

বিষ্ঠা, বি, স্ত্রী (বি-স্থা ড) পুরীষ, মল।

বিষ্ণু, বি, পুং (বিষ্-[ব্যাপিয়া থাকা]-কর্ত্তৃ-ণুক্)-যিনি বিশ্ব ব্যাপিয়া আছেন, নারায়ণ।

বিষ্ণুপদী, বি, স্ত্রী; গঙ্গা। সংক্রান্তি বিং।

বিষ্ণুপ্রিয়া, বি,স্ত্রী; লক্ষ্মী, শ্রী চৈতন্য দেবের ঘরণী। ৬ষ্ঠীতৎ।

বিষ্ণুরাত, বি, পুং (বিষ্ণু-রা [দান ক্র]-কর্ম্ম ক্ত) পরীক্ষিৎ।

বিস, বি, ক্লী (বি-সো-ড) মৃণাল।

বিসংবাদ, বি, পুং; বিরোধ। বেমিল। বৈলক্ষণ্য।

বিসংবাদী, বিণ (বি-সম-বদ্-কর্ত্তৃ-ণিন্) বিরুদ্ধ বাদী। কর্কশভাষী। স্ত্রী,-দিনী।
"ছিন্নতার বীণার মত নিত্য বিসংবাদিনী।" (প্রভাত চিন্তা)

বিসদৃশ, বিণ; বিপরীত, বিরুদ্ধ। নিত্য।

বিসর, বি, পুং; বিস্তার। সমূহ। বিণ,-সৃত।

বিসরণ, বি, ক্লী; বিস্তার। বিণ,-সৃত।

বিসর্গ, বি, পুং (বি-সৃজ্-ঘঞ্) ত্যাগ। দ্বিবিন্দুবর্ণ (:)।

বিসর্জ্জন, বি, ক্লী (বি-সৃজ্-ভাবে-অনট্) পরিত্যাগ। দান। প্রতিমাদি জলসাৎ

করণ। বিণ, বিসৃষ্ট।
বিসর্জ্জনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) পরিত্যাজ্য।
বিসর্জ্জিত, বিণ ; পরিত্যক্ত।
বিসর্প, বি,পুং (বি-সৃপ্-অল্)
বিসর্পণ, বি, ক্লী (ঐ-অনট্)
প্রসরণ, বিস্তৃত হওন।
বিসর্পী, বিণ (ঐ-ণিন্) ব্যাপনশীল।
বিসার, বি, পুং (বি-সৃ [সরা]-ভাবে-ঘঞ্) বিস্তার। প্রবাহ। উৎপত্তি। বিণ, -সৃত,-সারী।
বিসারিত, বিণ (বি-সারি-কর্ম্ম-ক্ত) বিস্তারিত।
বিসারী, বিণ (বি-সৃ-কর্ত্তৃ-ণিন্) ব্যাপক। স্ত্রী-রিণী।
বিসূচিকা, বি, স্ত্রী ; ওলাউঠা।
বিসৃত, বিণ (বি-সৃ-ক্ত) ব্যাপ্ত।
বিসৃষ্ট, বিণ (ঐ-সৃজ্-ক্ত) নিক্ষিপ্ত। ত্যক্ত। প্রেরিত। বি,-সর্জ্জন।
বিস্ত, বি, পুং, ক্লী (বিস-কর্ম্ম-ক্ত) মোহর। একভরি স্বর্ণ। এক তোলা।
বিস্তর, বি পুং (বি-স্তৃ-অল্) প্রচুর। সমূহ। বাক্ প্রপঞ্চ।
বিস্তার, বি, পুং (ঐ-ঘঞ্) ব্যাপ্তি। ওসার, চৌড়া। বিণ,-স্তৃত।
বিস্তারিত, বিণ (বি-স্তারি-ক্ত) প্রসারিত, ছড়ান।
বিস্তীর্ণ, (বি-স্তৃ-ক্ত) বিণ ;
বিস্তৃত, (ঐ-স্তৃ-ক্ত) ব্যাপ্ত। বিশাল।
বিস্তৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) বিস্তার। বিণ,-স্তৃত।
বিস্পষ্ট বিণ ; সুস্পষ্ট, ব্যক্ত।
বিস্ফারিত, বিণ (বি-স্ফারি-কর্ম্ম-ক্ত) বিস্তারিত। কম্পিত। ধ্বনিত।
বিস্ফারিত নেত্র, বি, ক্লী ; বিস্তৃত নয়ন। কর্ম্মধা। বিণ ; বিস্তৃত নয়ন বিশিষ্ট। বহু।
বিস্ফুরিত, বিণ (বি-স্ফুর্-ক্ত) স্ফূর্ত্তিযুক্ত। চঞ্চল। কম্পিত।
বিস্ফুলিঙ্গ, বি, পুং ; অগ্নি-কণা।
বিস্ফোট,-টক, বি, পুং ; ব্রণ বিং।
বিস্ময়, বি, পুং (বি-স্মি-ভাবে-অল্) আশ্চর্য্য। বিণ,-স্মিত।
বিস্ময়কর,
বিস্ময় জনক, বিণ ; আশ্চর্য্য জনক। ৬ষ্ঠীতৎ।
বিস্ময় বিস্ফারিত নেত্র,বি, ক্লী ; আশ্চর্য্য হেতু বিস্তৃত চক্ষুঃ। বিণ ; তদ্রূপ চক্ষুর্বিশিষ্ট।

অর্থাৎ বিস্ময়হেতু বিস্ফারিত (প্রসারিত) নেত্র যাহার, ৩য়া তৎ, বহু। ক্রিবিণ,-ত্রে। বহু।

বিস্ময়ান্বিত, বিণ ; আশ্চর্য্যান্বিত। বিস্ময় দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়া তৎ।

বিস্ময়াপন্ন, বিণ ; বিস্মিত। বিস্ময়কে আপন্ন (প্রাপ্ত), ২য়া তৎ।

বিস্ময়াবহ, বিণ (বিস্ময় আ-বহ-কর্ত্তৃ-অন্) আশ্চর্য্যজনক।

বিস্ময়াবিষ্ট, বিণ ; বিস্ময়ে অভিভূত। ৩য়াতৎ।

বিস্মরণ, বি, ক্লী, (বি [না] স্মৃ-ভাবে-অনট্) বিস্মৃতি, ভুলিয়া যাওয়া। বি,-স্ময়।

বিস্মিত, বিণ (বি-স্মি-কর্ত্তৃ-ক্ত) আশ্চর্য্যান্বিত। বি,-স্ময়।

বিস্মৃত, বিণ (বি [না]-স্মৃ-কর্ত্তৃ-ক্ত) বিস্মৃতিযুক্ত। (ঐ-কর্ম্ম-ক্ত) স্মৃতিবহির্ভূত। বি, -স্মরণ,-স্মৃতি।

বিস্মৃতি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) বিস্মরণ। বিণ,-স্মৃত।

বিস্বাদ, বিণ ; স্বাদহীন। বহু।

বিস্রস্ত, বিণ (ঐ-ক্ত) পতিত। ক্ষরিত। বি,-স্রংস।

বিস্রুত, বিণ (বি-স্রু-কর্ত্তৃ-ক্ত) ক্ষরিত। ভ্রষ্ট। বি,-স্রুতি।

বিস্রুতি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) ক্ষরণ। ভ্রংশ। বিণ, -স্রুত।

বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, বি, পুং (বিহায়স্ [আকাশ]-গম্-কর্ত্তৃ-খ, নি) পক্ষী। শর, বাণ।

বিহঙ্গরাজ, বি, পুং পক্ষিশ্রেষ্ঠ, গরুড়। ৬ষ্ঠীতৎ।

বিহত, বিণ (বি-হন্-ক্ত) বিকলীকৃত। আহত।

বিহনে, (প্রা, পদ্যে) ব্যতিরেকে।

বিহরণ, বি, ক্লী ; বিহার। ভ্রমণ।

বিহসিত, বি, ক্লী ; মধুর হাস্য।

{ বিহায়ঃ (য়স্), (বি-হায়ি-কর্ত্তৃ-অস্)
বিহায়স, (বিহায়স্+স্ক, স্বার্থে) আকাশ।

বিহার, বি, পুং (বি-হৃ-ভাবে -ঘঞ্) ভ্রমণ। ক্রীড়া, কেলি। (অধি-ঘঞ্) ক্রীড়াভূমি। বৌদ্ধমঠ। বিণ,-রী।

বিহারী (রিন্), বিণ (বি হৃ-কর্ত্তৃ ণিন্) ভ্রমণকারী। বিহার কারী। স্ত্রী,-রিণী।

বিহিত, বিণ (বি-ধা-কর্ম্ম-ক্ত) অনুষ্ঠিত। উচিত। বি,-ধান, বিধি।

বিহীন, বিণ (বি-হা-কর্ম্ম-ক্ত) বিরহিত, বর্জ্জিত।

বিহ্বল, বিণ (বি-হ্বল-কর্ত্তৃ-অন্) বিবশ। শোকাদি দ্বারা অভিভূত। চেতনা শূন্য। বি, লতা।

বীক্ষণ, বি, ক্লী (বি-ঈ-ক্ষ-ভাবে অনট্) দর্শন। বিণ, -ক্ষিত।

বীক্ষিত, বিণ (ঐ কর্ম্ম-ক্ত) দৃষ্ট। বি,-ক্ষণ।

বীচি, বি, পুং, স্ত্রী (বে [বয়ন কৃ] কর্ম্ম-ডীচি) তরঙ্গ, ঢেউ। দীপ্তি। বীজ।

বীচিভঙ্গ, বি, পুং ; ঢেউউঠা। ৬ষ্ঠীতৎ।

বীচিমালা, বি, স্ত্রী ; তরঙ্গ-সমূহ।

বীচিমালী, বি, পুং (বীচি-মালা+ইন্, অস্ত্যর্থে) সমুদ্র। সূর্য্য।

বীচি বিক্ষুব্ধ, } বিণ ; তরঙ্গ হেতু চঞ্চল। ৩য়াতৎ।
বীচি বিক্ষোভিত }

বীচিবিক্ষেপ, বি, পু ; তরঙ্গ বিস্তার। ৬ষ্ঠীতৎ।

বীজ, বি, ক্লী (বি-জন্-অপা-ড) শস্যাদির বীচি। কারণ। শুক্র। অঙ্কুর। অঙ্কবিদ্যা বিং। মন্ত্র।

বীজকোষ, বি, পুং ; বীজাধার, পুষ্পের যে অংশে বীজ থাকে। ৬ষ্ঠীতৎ।

বীজগণিত, বি, ক্লী ; অঙ্কশাস্ত্র বিং। (Algebra).

বীজন, বি, ক্লী (বীজ্-ভাবে -অনট্) ব্যজন, বাতাস করা। (করণ-অনট্) পাখা, চামরাদি। বিণ, বীজিত।

বীটি, বীটিকা, বি, স্ত্রী ; সজ্জিত তাম্বূল।

বীণা, বি, স্ত্রী (বী [ব্যাপ্তহ]-কর্ত্তৃ-ণক্+আপ্) বাদ্য যন্ত্র বিং।

বীণাপাণি, বি, স্ত্রী ; সরস্বতী। বীণা আছে পাণিতে (হস্তে) যাঁহার, বহু।

বীণাবিনিন্দিত, বিণ ; বীণার শব্দ অপেক্ষা সুমধুর। বীণা (বীণাধ্বনি) হইয়াছে বিনিন্দিত যৎকর্তৃক, বহু।

বীত, বিণ (বি-ই-ক্ত) বিগত। পরিত্যক্ত। (বী-ক্ত) ব্যাপ্ত। বি,-ন্তি।

বীতংস, বি, পুং (বি-তনস্-করণ-অল্) মৃগ পক্ষী ধরণার্থ যন্ত্র, ফাঁদ। [বহু।

বীতনিদ্র, বিণ ; নিদ্রা রহিত।

বীতরাগ, বিণ ; আসক্তিশূন্য। বীত (বিগত) হইয়াছে রাগ (অনুরাগ) যাহার, বহু।

বীতশ্রদ্ধ, বিণ ; শ্রদ্ধাশূন্য, ভক্তি-হীন। বীত (বিগত) হইয়াছে শ্রদ্ধা যাহার, বহু।

বীতস্পৃহ, বিণ ; স্পৃহাশূন্য, নিস্পৃহ। বীত (বিগত) হইয়াছে স্পৃহা (আকাঙ্ক্ষা) যাহার, বহু। বি,-হতা।

বীতি-হোত্র, বি, পুং ; অগ্নি। সূর্য্য।

বীথি, বীথিকা, বীথী, বি, স্ত্রী ; শ্রেণী, সারি। উভয় পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ। পথ। দৃশ্য কাব্য বিং।

বীপ্সা, বি, স্ত্রী (বি-আপ্-সন্-ভাবে-অ + আপ্) এক সময়ে ব্যাপিয়া থাকিবার ইচ্ছা।

বীভৎস,বিণ (বধ্-সন্-কর্ম্ম-ঘঞ্) জুগুপ্সিত, অতিঘৃণ্য। বি, পুং ; রস বিং, জুগুপ্সা যে রসের প্রধান ভাব।

বীর,বিণ (বীর্ [বিক্রম প্রকাশ করা]-কর্ত্তৃ-অন্) শূর, বিক্রম-শালী। বি, পুং ; রস বিং। বি,-তা,-ত্ব।

বীরকুলর্ষভ, বি, পুং ; বীরগণের মধ্যে শ্রেষ্ঠ। বীরের কুল, তাহার মধ্যে ঋষভ (শ্রেষ্ঠ), ৬ষ্ঠী ও ৭মীতৎ।

বীরকেশরী, বি, পুং ; বীরশ্রেষ্ঠ। বীর কেশরী (সিংহ) প্রায়, উপমি কর্ম্মধা।

বীরচূড়ামণি, বিণ ; শূরশ্রেষ্ঠ, বীরগণের শিরোভূষণ স্বরূপ। বীরের চূড়া, তাহার মণি (মণি-স্বরূপ), দুইবার ৬ষ্ঠীতৎ।

বীরতা,বীরত্ব,বি স্ত্রী (বীর + তা, ত্ব, ভাবার্থে) শূরত্ব, পরাক্রম।

বীরনারী, বি, স্ত্রী ; বীর্য্য সম্পন্না রমণী। বীরা যে নারী, কর্ম্মধা।

বীরপণা, বি, স্ত্রী ; বীরত্ব।

বীরপ্রসবিনী, বীরপ্রসূ, বীরসূ } বি, স্ত্রী ; বীরপুত্রের জননী। ৬ষ্ঠীতৎ।

বীরভদ্র, বিণ ; বীরশ্রেষ্ঠ। বীরগণের মধ্যে ভদ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি, পুং ; শিবের অনুচর বিং।

বীরবর, বীরশ্রেষ্ঠ, বিণ ; প্রধান বীর। ৭মীতৎ।

বীরসিংহ, বি,পুং ; বীর কেশরী, শ্রেষ্ঠবীর। উপমি কর্ম্মধা।

বীরা, বি, স্ত্রী ; পতিপুত্রবতী নারী।

বীরাঙ্গনা, বি, স্ত্রী ; বীরনারী, বীর্য্যবতী রমণী। বীরা যে অঙ্গনা (স্ত্রী), কর্ম্মধা।

বীরাসন, বি, ক্লী ; উপবেশন বিং, দুই উরুদেশে দুই পদতল সংস্থাপন পূর্ব্বক উপবেশন।

বীরুৎ, বি, স্ত্রী (বি-রুহ-ক্বিপ্) লতা।

বীরেশ, বীরেশ্বর, বি, পুং ; শূরশ্রেষ্ঠ। ৭মীতৎ।

বীর্য্য, বি, ক্লী (বীর+ষ্ণ্য, ভাবার্থে) শৌর্য্য,বল। তেজঃ। শুক্র।

বীর্য্যবান্, বিণ (বীর্য্য+বতু, অস্ত্যর্থে) বলশালী, তেজস্বী। স্ত্রী,-বতী।

বীর্য্যশালী, বিণ (বীর্য্য+শালিন্, অস্ত্যর্থে) বীর্য্যবান্, তেজস্বী। স্ত্রী,-লিনী।

বীবর, বি, পুং ; জন্তু বিং। [(Beaver)।

বুক, (প্রা) বক্ষঃস্থল, হৃদয়।

বুজন (প্রা) মুদিত হওন।

বুঝন, (প্রা) হৃদয়ঙ্গম করণ।

বুট, (প্রা) কলাই বিং, ছোলা।

বুড়ি, (প্রা) পাঁচগণ্ডা, ২৫।

বুদ্ধ, বি, পুং (বুধ্-ক্ত) বিষ্ণুর অবতার বিং। বিণ ; জাগরিত। জ্ঞাত।

বুদ্ধি,বি,স্ত্রী (ঐ-ক্তি) জ্ঞান, বোধ।

বুদ্ধিজীবী, বিণ (বুদ্ধি-জীব্-ণিন্) বুদ্ধিমান্, জ্ঞানী। স্ত্রী,-বিনী।

বুদ্ধিভ্রংশ, বি, পুং ; বুদ্ধিনাশ।

বুদ্ধিমান্, বিণ (বুদ্ধি+মতু, অস্ত্যর্থে) জ্ঞানী, পণ্ডিত। স্ত্রী,-মতী।

বুদ্ধিবৃত্তি, বি, স্ত্রী ; জ্ঞানেন্দ্রিয়, মনের যে বৃত্তি দ্বারা সর্ব্ববিষয় বিবেচনা করা যায়।

বুদ্বুদ, বি, পুং ; জলবিম্ব।

বুধ, বি, পুং (বুধ্-ক) পণ্ডিত। গ্রহ বিং। [বপন।

বুনট, বুনন, (প্রা) বস্ত্র নির্ম্মাণ,

বুনানি, (প্রা) বুনট, বাইন।

"উহার বুনানি এরূপ সুকুমার ও সুসূক্ষ্ম যে," (ভারতী)

বুভুক্ষা, বি, স্ত্রী (ভুজ্-সন্-ভাবে-অ+আপ্) ভোজনেচ্ছা,ক্ষুধা। বিণ,-ক্ষিত।

বুভুক্ষিত, বিণ (বুভুক্ষা+ইত) ক্ষুধিত।

বুভুক্ষু, বিণ (ভুজ্-সন্-কর্ত্তৃ-উ) ক্ষুধিত। বি,-ক্ষা।
বুভুৎসা, বি, স্ত্রী (বুধ্-সন্-ভাবে-অ+আপ্) বুঝিবার ইচ্ছা। জ্ঞানেচ্ছা।
বুলান, (প্রা) হস্তাবর্ত্তন।
বুলি, (প্রা) কথা, ভাষা।
বৃংহন, বি, ক্লী (বৃন্হ-অনট্) পোষণ, বর্দ্ধন। (ঐ-অন) পোষক।
বৃংহিত, বি, ক্লী (ঐ-ক্ত) হস্তীর গর্জ্জন। বিণ; বর্দ্ধিত। পুষ্ট।
বৃক, বি, পুং (বৃক-কর্ত্তৃ-ক) নেক্ড়ে বাঘ। জঠরাগ্নি বিং। কাক। শৃগাল।
বৃকোদর, বি, পুং; দ্বিতীয় পাণ্ডব, ভীম। বৃক (বৃকনামক অগ্নি) আছে উদরে যাহার, বহু। অথবা বৃকের (ব্যাঘ্রের) ন্যায় উদর যাহার, বহু।
বৃক্ষ, বি, পুং (বৃক্ষ[বেষ্টনকৃ]-কর্ত্তৃ-অন্, অথবা বৃশ্চ [ছেদনকৃ] কর্ম্ম-সক্) তরু, গাছ।
বৃক্ষক, বি, পুং; ক্ষুদ্রবৃক্ষ।
বৃক্ষবাটিকা, বি, স্ত্রী; উপবন। নিকুঞ্জ। বাগান-বাড়ী। বৃক্ষের বাটিকা (বাড়ী), ৬ষ্ঠীতৎ; অর্থাৎ বৃক্ষসমাচ্ছন্ন থাকায় যাহা বাটীর ন্যায় প্রতীয়মান হয়। অথবা, বৃক্ষ(সমাকীর্ণ) বাটিকা, মধ্যপদলোপি কর্ম্মধা। "উহার কোথাও বৃক্ষবাটিকা, কোথাও বিলাসবন," (নিভৃত চিন্তা)।
বৃত, বিণ (বৃ-কর্ম্ম-ক্ত) কৃতবরণ, কর্ম্মকরণার্থ নিযুক্ত। আচ্ছাদিত। প্রার্থিত। বি, বরণ, বৃতি।
বৃতি, বি, স্ত্রী (ঐ-করণ-ক্তি) বেষ্টন, বেড়া। (ভাবে-ক্তি) বরণ। আচ্ছাদন।
বৃত্ত, বিণ (বৃত-কর্ত্তৃ-ক্ত) বর্ত্তুল, গোলাকার। অতীত। জাত। (কর্ম্ম-ক্ত) নিযুক্ত। অভ্যস্ত। অধীত। বি, ক্লী (ভাবে-ক্ত) চরিত্র। অনুষ্ঠান। গোলাকার ক্ষেত্র। (Circle).
বৃত্তান্ত, বি, পুং; বিবরণ। বার্ত্তা। বৃত্ত (জাত) হয় অন্ত যাহা হইতে, বহু।
বৃত্তি, বি, স্ত্রী (বৃত-ভাবে-ক্তি) স্থিতি। প্রবৃত্তি। জীবন। ব্যাপার। ভোজন। ব্যবহার। স্বভাব। মানসিক ধর্ম্ম। ব্যাখ্যান। বর্ণরচনা। ক্রিয়া। (করণ-ক্তি) জীবিকা। ব্যবসায়।
বৃত্তিভোগী, বিণ; বার্ষিকাদি দ্বারা জীবিকা নির্ব্বাহকারী।
বৃত্র, বি, পুং; অসুর বিং। শত্রু।
বৃত্রহা, বি, পুং (বৃত্র-হন্-ক্বিপ্) ইন্দ্র।
বৃথা, ব্য; নিষ্ফল, অনর্থক।

বৃদ্ধ, বিণ (বৃধ্-ক্ত) প্রাচীন। জ্যেষ্ঠ। স্ত্রী,-দ্ধা।
বৃদ্ধত্ব,বি,ক্লী (বৃদ্ধ+ত্ব) বার্দ্ধক্য।
বৃদ্ধপ্রপিতামহ,বি, পুং ; প্রপিতামহের পিতা। স্ত্রী,-হী,প্রপিতামহের মাতা।
বৃদ্ধপ্রমাতামহ, বি, পুং ; প্রমাতামহের পিতা। স্ত্রী,-হী, প্রমাতামহের মাতা।
বৃদ্ধি, বি, স্ত্রী (বৃধ্-ক্তি) বর্দ্ধন। উন্নতি। সুদ। বিণ,-দ্ধ।
বৃদ্ধিজীবী (বিন্),(বৃদ্ধি [সুদ] -জীব-কর্ত্তৃ-ণিন্) সুদখোর। স্ত্রী,-বিনী।
বৃদ্ধিশ্রাদ্ধ, বি, ক্লী ; আভ্যুদয়িক শ্রাদ্ধ। ৪র্থীতৎ।
বৃদ্ধ্যাজীব, বি, পুং ; বার্দ্ধুষিক, সুদখোর। বৃদ্ধি (সুদ) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু।
বৃন্ত, বি, ক্লী (বৃ-কর্ম্ম-ক্ত) ফলপুষ্পাদির বোঁটা।
বৃন্তচ্যুত, বিণ ; বোঁটা হইতে পতিত। ৫মীতৎ।
বৃন্দ, বি, ক্লী (বৃণ-দ) সমূহ।
বৃন্দা, বি, স্ত্রী ; রাধার সখী বিং। রাধা।
বৃন্দারক, বি, পুং ; দেবতা। বিণ ; শ্রেষ্ঠ।
বৃন্দাবন, বি, ক্লী ; প্রসিদ্ধ তীর্থ বিং। বৃন্দার (রাধার) বন, ৬ষ্ঠীতৎ।
বৃন্দাবনচন্দ্র, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
বৃন্দিষ্ঠ, বিণ (বৃন্দারক+ইষ্ঠ) অতি সুন্দর। অতি শ্রেষ্ঠ।
বৃশ্চিক, বি, পুং ; বিছা। ৮ম রাশি। অগ্রহায়ণ মাস।
বৃষ, বি, পুং (বৃষ-কর্ত্তৃ-ক) ষাঁড়। ২য় রাশি। ধর্ম্ম। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ।
বৃষণ, বি, পুং (বৃষ-অন) মুষ্ক।
বৃষধ্বজ, বি, পুং ; শিব।
বৃষভ, বি, পুং ; বৃষ, ষাঁড়।
বৃষল, বি, পুং ; রাজা চন্দ্রগুপ্ত। শূদ্র। অশ্ব। বিণ ; পাপিষ্ঠ।
বৃষলী, বি, স্ত্রী ; বন্ধ্যা। শূদ্রা।
বৃষ বাহন, } বি, পুং ; শিব।
বৃষাঙ্ক, } বৃষ হইয়াছে বাহন বা অঙ্ক (চিহ্ন) যাঁহার, বহু।
বৃষোৎসর্গ, বি, পুং ; শ্রাদ্ধ বিং। বৃষের হয় উৎসর্গ যাহাতে, বহু।
বৃষ্টি,বি,স্ত্রী (বৃষ্-ক্তি) মেঘ হইতে জল পতন, বর্ষণ। বিণ,-ষ্ট।
বৃষ্ণি, বি, পুং ; যদুবংশ।
বৃষ্য, বিণ (বৃষ+ষ্য) বীর্য্যকর।
বৃহৎ, বিণ (বৃহ-অৎ) বড়। শ্রেষ্ঠ। স্ত্রী,-তী।
বৃহতী, বি, স্ত্রী ; বীণা বিং। বাক্য। উত্তরীয় বস্ত্র। ক্ষুদ্র

বার্ত্তাকী।

বৃহন্নলা, বি, স্ত্রী; ক্লীবরূপী অর্জ্জুন।

বৃহস্পতি, বি, পুং; দেবগুরু। গ্রহ বিং। বৃহতীর (বাক্যের) পতি, ৬ষ্ঠীতৎ।

বেঁজী (প্রা) বি; নকুল।

বেইমান, (যা) অধার্ম্মিক।

বেওয়া, (যা) পতিপুত্রহীনা নারী। [প্রবাহ। ত্বরা।

বেগ, বি, পুং (বিজ্-ঘঞ্)

বেগবান্, বিণ (বেগ+বতু, অস্ত্যর্থে) বেগবিশিষ্ট, দ্রুতগামী। স্ত্রী,-বতী।

বেগম (যা) রাজ্ঞী, রাজমহিষী।

বেগার, (প্রা) বিনা বেতনে কর্ম্মকরা।

বেগুন, (প্রা) বার্ত্তাকু।

বেঙ্, (প্রা) ভেক, দর্দ্দুর।

বেচা, (প্রা) বিক্রয় করা।

বেটা, (যা) তনয়, পুত্র।

বেড়ন, (প্রা) চতুর্দ্দিকে বেষ্টন।

বেড়া, (প্রা) বৃতি, বেষ্টন।

বেড়ান, (প্রা) ভ্রমণ, পর্য্যটন।

বেড়ী, (প্রা) শৃঙ্খল।

বেণি (ণী), বি, স্ত্রী; শ্রেণী। জলপ্রবাহ। বিন্যস্ত কেশপাশ।

বেণীমাধব, বি, পুং; প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবমূর্ত্তি বিং।

বেণু, বি, পুং (বেণ-উ) বাঁশ। বংশী, মুরলী।

বেতন, বি, ক্লী; মাহিয়ানা।

বেতনভোগী, বিণ; বেতন গ্রহণ-কারী।

বেতস, বি, পুং; বেতগাছ।

বেতাল, বি, পুং; শিবানুচর বিং। ভূত বিং। দ্বারপাল।

বেত্তা (ত্তৃ), বিণ (বিদ্-তৃন্) যে জানে। পরিণেতা, বিবাহ কর্ত্তা। স্ত্রী,-ত্রী।

বেত্র, বি, পুং; বেতগাছ। বেতের যষ্টি।

বেত্রাঘাত, বি, পুং; বেত্রদ্বারা প্রহার। ৩য়াতৎ।

বেত্রাসন, বি, ক্লী; বেত্র নির্ম্মিত আসন, মোরা প্রভৃতি।

বেদ, বি, পুং; (বিদ্ [জানা] করণ-অল্) ধর্ম্ম ও ব্রহ্ম প্রতিপাদক শাস্ত্র, উহা ঋক্ যজুঃ সাম অথর্ব্বভেদে চারি প্রকার।

বেদন, বি, ক্লী } অনুভব। ব্যথা।
বেদনা, বি, স্ত্রী } বিবাহ।

বেদনাজনক, বিণ; যন্ত্রণাদায়ক।

{ বেদজ্ঞ, বেদপারগ,
{ বেদবিৎ, বিণ; বেদবেত্তা।

বেদমাতা, বি, স্ত্রী; গায়ত্রী।

বেদব্যাস, বি, পুং (বেদ-বি-আ-অস্ ঘঞ্) বেদ-বিভাগকর্ত্তা মুনি বিং, দ্বৈপায়ন।

বেদাঙ্গ, বি, ক্লী; শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—বেদের এই ছয় অবয়বগ্রন্থ।

বেদানা, (যা) দাড়িম্ব।

বেদান্ত, বি, পুং ; বেদব্যাস প্রণীত দর্শনশাস্ত্র। উপনিষৎ।

বেদান্তী, বি, পুং ; বেদান্ত মতাবলম্বী পণ্ডিত।

বেদি, বেদিকা, বেদী, বি, স্ত্রী ; মঞ্চ। যজ্ঞাদি সাধনার্থ পরিষ্কৃত ভূমি। মৃত্তিকাদি নির্ম্মিত চতুরস্র ভিত্তি।

বেদিত, বিণ (বেদি-ক্ত) জ্ঞাপিত। নিবেদিত।

বেদোক্ত, বিণ ; বেদে কথিত।

বেদ্য, বিণ (বিদ্-ঘ্যণ্) জ্ঞাতব্য।

বেধ, বি, পুং (বিধ্-ঘঞ্) ছিদ্রকরণ। গভীরতা। বস্তুর (পুরু) পরিমাণ।

বেধক, বিণ (ঐ-ণক) বিদ্ধকারক।

বেধনী, বি, স্ত্রী ; বেধনাস্ত্র।

বেধাঃ (ধস্), বি, পুং (বি-ধা-কর্ত্তৃ-অস্) বিধাতা, ব্রহ্মা।

বেধ্য, বিণ (বিধ্-ঘ্যণ্) বিঁধিবার যোগ্য, লক্ষ্য।

{ **বেপথু,** বি, পুং (বেপ-ভাবে-অথু)
{ **বেপন,** বি, ক্লী (ঐ-অনট্) কম্প।

বেপমান, বিণ (ঐ-কর্ত্তৃ-শান) কম্পমান।

বেম, বি, পুং ; বস্ত্রাদিবয়ন যন্ত্রবিং, মাকু।

বেল, (প্রা) বিল্বফল। পুষ্প বিং।

বেলা, বি, স্ত্রী (বেল-কর্ত্তৃ-অন্ + আপ্) সময়। তীর, তট। সীমা। জোয়ার ভাটা।

বেশ, বেষ, বি, পুং ; সজ্জা, বস্ত্রালঙ্কারাদি দ্বারা ভূষা।

বেশন্ত, বি, পুং ; পল্বল, ক্ষুদ্র-জলাশয়।

বেশভূষা, বি, স্ত্রী ; অলঙ্কারাদি-ধারণ, সাজসজ্জা।

বেশবিন্যাস, বি, পুং ; সাজসজ্জা করণ। ৬ষ্ঠীতৎ।

বেশী, বেসি, (প্রা) বিণ ; অধিক, অতিরিক্ত।

বেশ্ম (ন্), বি, ক্লী (বিশ-অধিমন্) গৃহ, নিকেতন।

বেশ্ম, বি, ক্লী ; বেশ্মালয়।

বেশ্যা, বি, স্ত্রী (বেশ + ষ্য + আপ্) বারনারী।

বেষ্টন, বি, ক্লী (বেষ্ট-অনট্) বৃতি, বেড়া। পরিধি। উষ্ণীষ। প্রদক্ষিণ।

বেষ্টিত, বিণ (ঐ-ক্ত) আবৃত, ঘেরা।

বেসন, বি, ক্লী ; ডাইলের চূর্ণ, ব্যাসম।

বেসরকারী, (যা) সরকারী সম্পর্করহিত।

বেহালা, (প্রা) বাদ্যযন্ত্র বিং।
বৈ, ব্য ; বিনা, ব্যতীত।
বৈকর্ত্তন, বিণ (বিকর্ত্তন+ষ্ণ) সূর্য্যবংশীয়। বি, পুং ; কর্ণ।
বৈকল্য, বি, ক্লী (বিকল+ষ্ণ্য) বিকলতা।
বৈকাল, বি, পুং (বিকাল+ষ্ণ) অপরাহ্ণ, শেষ বেলা।
বৈকুণ্ঠ, বি, ক্লী (বিকুণ্ঠ+ষ্ণ) বিষ্ণুর পুরী। পুং ; বিষ্ণু।
বৈকুণ্ঠধাম, বি,ক্লী ; বিষ্ণু লোক। বৈকুণ্ঠই ধাম, কর্ম্মধা।
বৈক্লব্য, বি, ক্লী (বিক্লব+ষ্ণ্য) বিকলতা। কাতরতা।
বৈখরী, বি, স্ত্রী ; বাঙ্ময়ীভাষা।
বৈখানস, বি, পুং ; বানপ্রস্থ, বনবাসী।
বৈগুণ্য, বি, ক্লী (বিগুণ+ষ্ণ্য) বৈকল্য। দোষ। প্রতিকূলতা।
বৈচিত্র্য, বি, ক্লী (বিচিত্র+ষ্ণ্য, ভাবার্থে) সৌন্দর্য্য। নানারূপতা। চমৎকারিত্ব। বিভিন্নতা।
বৈজয়ন্ত, বি, পুং (বিজয়ন্ত+ষ্ণ, ইদমর্থে) ইন্দ্রালয়। ইন্দ্রের ধ্বজা।
বৈজয়ন্তী, বি, স্ত্রী (বৈজয়ন্ত+ঈপ্) পতাকা। সিঁড়ি। আজানুলম্বিত মালা বিং। [বৈলক্ষণ্য।
বৈজাত্য, বি, ক্লী ; বিজাতীয়তা।
বৈজিক, বিণ (বীজ+ষ্ণিক) বীজসম্বন্ধীয়। বি, পুং; পরমাত্মা
বৈজ্ঞানিক, বিণ (বিজ্ঞান+ষ্ণিক) বিজ্ঞানবিৎ। বিজ্ঞানসম্বন্ধীয়।
বৈঠক, (প্রা) সভা, অধিবেশন।
বৈতনিক, বিণ (বেতন+ষ্ণিক) বেতনভোগী।
বৈতরণি (ণী),বি,স্ত্রী ; প্রেতনদী।
বৈতানিক, বিণ (বিতান+ষ্ণিক) যজ্ঞীয়। বি, পুং ; যজ্ঞীয় অগ্নি।
বৈতালিক, বি, পুং (বিতাল+ষ্ণিক) স্তুতি পাঠক। বোধকর (বোধ+কর=যে করে) অর্থাৎ যে রাজাকে গীতবাদ্যাদি দ্বারা জাগ্রত করে।
বৈদগ্ধ, বি, ক্লী (বিদগ্ধ+ষ্ণ)
বৈদগ্ধী, বি, স্ত্রী (বৈদগ্ধ+ঈপ্) রসিকতা। চতুরতা। পাণ্ডিত্য।
বৈদর্ভ, বিণ (বিদর্ভ+ষ্ণ) বিদর্ভ দেশীয়। বি, পুং ; বিদর্ভরাজ।
বৈদর্ভী, বি, স্ত্রী (বিদর্ভ+ষ্ণ+ঈপ্) দময়ন্তী। রুক্মিণী। রচনা সুমিষ্ট এবং সমাসহীন বা স্বল্প সমাসযুক্ত হইলে, তাহাকে কাব্যের বৈদর্ভী রীতি বলা যায়।
বৈদান্তিক, বিণ (বেদান্ত+ষ্ণিক) বেদান্তশাস্ত্রজ্ঞ।
বৈদিক, বিণ (বেদ+ষ্ণিক) বেদবিহিত। বি, পুং ; বেদজ্ঞ ব্রাহ্মণ। [কৃষ্ণপীতবর্ণ মণি বিং।
বৈদূর্য্য, বি, ক্লী (বিদূর+ষ্ণ)

বৈদেশিক, বিণ (বিদেশ + ষ্ণিক) ভিন্ন দেশীয়।

বৈদেহ, বি, পুং (বিদেহ + ষ্ণ) বিদেহ দেশের রাজা।

বৈদেহী, বি, স্ত্রী (বিদেহ + ষ্ণ, অপত্যার্থে + ঈপ্) সীতা।

বৈদ্য, বি, পুং (বেদ + ষ্ণ্য বা বিদ্যা + ষ্ণ) চিকিৎসক। বিদ্বান্

বৈদ্যক, বি, ক্লী; চিকিৎসাশাস্ত্র।

বৈদ্যনাথ, বি, পুং ; শিব। দেশ বিং, আধুনিক দেওঘর।

বৈদ্যুত, বৈদ্যুতিক, বিণ (বিদ্যুত + ষ্ণ, ষ্ণিক) বিদ্যুৎসম্বন্ধীয়।

বৈধ, বিণ (বিধি + ষ্ণ) বিধি-সিদ্ধ, ন্যায়সঙ্গত।

বৈধব্য, বি, ক্লী (বিধবা + ষ্ণ্য) পতিহীনতা।

বৈধেয়, বিণ (বিধেয় + ষ্ণ) মূর্খ।

বৈনতেয়, বি,পুং (বিনতা + ষ্ণেয়, অপত্যার্থে) গরুড়। অরুণ।

বৈপরীত্য, বি, ক্লী (বিপরীত + ষ্ণ্য) বিরুদ্ধতা।

বৈভব, বি, ক্লী (বিভু + ষ্ণ, ভাবার্থে) ঐশ্বর্য্য। মহিমা। সামর্থ্য।

বৈমাত্র, বৈমাত্রেয়, বিণ (বিমাতৃ + ষ্ণ, ষ্ণেয়) বিমাতার পুত্র। স্ত্রী,-ত্রী,-ত্রেয়ী।

বৈমুখ্য, বি, ক্লী (বিমুখ + ষ্ণ্য) বিমুখ হওয়া।

বৈয়াকরণ, বিণ (ব্যাকরণ + ষ্ণ) ব্যাকরণসম্বন্ধীয়। ব্যাকরণবেত্তা

বৈয়াত্য, বি, ক্লী (বিযাত + ষ্ণ্য) নির্লজ্জতা। ঔদ্ধত্য।

বৈয়াসক,-সিক, বিণ (ব্যাস + ষ্ণ, ষ্ণিক) বেদব্যাসকৃত। বেদব্যাস সম্বন্ধীয়।

বৈয়াসকি, বি, পুং (ব্যাস + ষ্ণি) ব্যাসের তনয়, শুকদেব।

বৈর, বি,ক্লী (বীর + ষ্ণ,ভাবার্থে) শত্রুতা।

বৈরকার, বিণ ; শত্রুতাকারী।

বৈর নির্য্যাতন, বৈর শোধন } বি, ক্লী; শত্রুতার প্রতিশোধ।

বৈরসাধন, বি, ক্লী; শত্রুতা-সাধন। ৬ষ্ঠীতৎ।

বৈরস্য, বি, ক্লী (বিরস + ষ্ণ্য) বিরসতা।

বৈরাগী, বিণ (বিরাগ + ষ্ণ = বৈরাগ + ইন্, অস্ত্যর্থে) বিষয় বাসনাশূন্য, বিবেকী। স্ত্রী,-গিণী

বৈরাগ্য, বি, ক্লী (বিরাগ + ষ্ণ্য) বিবেক, সংসারে অনাসক্তি।

বৈরাগ্য সঞ্চার, বৈরাগ্যোদয় } বি, পুং; সংসারে ঔদাস্যের আবির্ভাব, বিবেকোদয়। ৬ষ্ঠীতৎ।

বৈরিতা, বি, স্ত্রী ; শত্রুতা।

বৈরী (রিন্), বি, পুং (বৈর +

ইন্, অস্ত্যর্থে) শক্র।

বৈরূপ্য, বি, ক্লী (বিরূপ + ষ্ণ্য) বিরূপতা, বিকৃতি।

বৈরোচন,-চনি, বি, পুং (বিরোচন + ষ্ণ, ষ্ণি, অপত্যার্থে) বলিরাজা।

বৈলক্ষণ্য, বি, ক্লী (বিলক্ষণ + ষ্ণ্য) প্রভেদ।

বৈলক্ষ্য, বি, ক্লী (বিলক্ষ + ষ্ণ্য) বৈলক্ষণ্য। লজ্জা। বিস্ময়।

বৈবর্ণ্য, বি, ক্লী (বিবর্ণ + ষ্ণ্য) বিবর্ণতা। মালিন্য।

বৈবস্বত, বি, পুং (বিবস্বৎ + ষ্ণ) সপ্তম মনু। শনি। যম।

বৈবাহিক, বিণ (বিবাহ + ষ্ণিক) বিবাহসম্বন্ধীয়। বি, পুং ; পুত্র বা কন্যার শ্বশুর। স্ত্রী,-কী।

বৈশম্পায়ন, বি, পুং ; যজুর্ব্বেদ কর্ত্তা মুনি বিং।

বৈশাখ, বি, পুং (বৈশাখী + ষ্ণ) মাস বিং। (বিশাখা + ষ্ণ) মন্থন দণ্ড।

বৈশিষ্ট্য, বি, ক্লী (বিশিষ্ট + ষ্ণ্য) বিশিষ্টতা। বৈলক্ষণ্য।

বৈশেষিক, বি, ক্লী (বিশেষ + ষ্ণিক) কণাদমুনি প্রণীত দর্শন শাস্ত্র। বিণ ; তৎশাস্ত্রবেত্তা।

বৈশ্য, বি, পুং (বিশ্ [বৈশ্য] + ষ্ণ্য, স্বার্থে) তৃতীয়বর্ণ বণিক্ প্রভৃতি। স্ত্রী,-শ্যা (জাতিঅর্থে) -শ্যী (পত্নী অর্থে)।

বৈশ্রবণ, বি, পুং (বিশ্রবস্ + ষ্ণ, নি) বিশ্রবা মুনিপুত্র, কুবের। রাবণ।

বৈশ্বানর, বি,পুং (বিশ্বনর + ষ্ণ, ইদমর্থে) অগ্নি।

বৈষম্য, বি, ক্লী (বিষম + ষ্ণ্য) বিষমত্ব, অসমানতা।

বৈষয়িক, বিণ (বিষয় + ষ্ণিক) বিষয়সম্বন্ধীয়।

বৈষ্ণব, বিণ (বিষ্ণু + ষ্ণ) বিষ্ণুভক্ত। বিষ্ণুসম্বন্ধীয়। স্ত্রী,-বী।

বৈসাদৃশ্য, বি, ক্লী (বিসদৃশ + ষ্ণ্য, ভাবার্থে) বৈষম্য।

বোঁটা, (প্রা) বি ; বৃন্ত।

বোকা, (প্রা) বিণ ; নির্ব্বোধ।

বোঝা, (প্রা) বি ; ভার, মোট।

বোঢ়ব্য, বিণ (বহ-তব্য) বহন যোগ্য।

বোঢ়া (ঢৃ), বিণ (ঐ-তৃন) বহন কর্ত্তা। পরিণেতা।

বোদ্ধা (দ্ধৃ), বিণ (বুধ-তৃন্) জ্ঞাতা।

বোধ, বি, পুং (ঐ-অল্) জ্ঞান। জাগরণ।

বোধক, বিণ (বোধি-ণক) জ্ঞাপক, সূচক। স্ত্রী,-ধিকা।

বোধগম্য, বিণ ; জ্ঞানগম্য। তত্ত্বাভৎ।

বোধন, বি, ক্লী (বোধি-ভাবে-

অনট্) জ্ঞাপন। জাগান। উদ্দীপন। বিণ -ধিত।
বোধিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) জ্ঞাপিত। জাগরিত। উদ্দীপিত।
বোধিসত্ত্ব, বি, পুং ; বুদ্ধদেব। বোধি (সমাধি বিং) হইয়াছে সত্ত্ব যাঁহার, বহু।
বোনন, বোনা, (প্রা) বপন।
বোয়া, (প্রা) গুণ, থলিয়া।
বোল, (প্রা) বাক্য, কথা।
বোবা, (প্রা) বিণ ; মূক, বাক্ শক্তিহীন।
বৌ, বৌড়ী, (প্রা) বধূ, স্নুষা।
বৌদ্ধ, বি, পুং (বুদ্ধ+ষ্ণ) বুদ্ধমতাবলম্বী, নাস্তিক।
ব্যংসক, বিণ (বি-অন্‌স-ণক) ধূর্ত্ত। প্রতারক।
ব্যক্ত, বিণ (বি-অন্‌জ-ক্ত) প্রকাশিত। স্পষ্ট।
ব্যক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) প্রকাশ। লোক, জন। বস্তু। বিণ,-ক্ত।
ব্যক্তিগত, বিণ ; কোন এক ব্যক্তি সম্বন্ধীয়।
ব্যগ্র, বিণ ; ব্যাকুল। আগ্রহযুক্ত। বি (বিশিষ্টরূপ) অগ্র, নিত্য। স্ত্রী,-গ্রা। বি,-গ্রতা।
ব্যগ্রতা, বি স্ত্রী (ব্যগ্র+তা) ব্যাকুলতা। আগ্রহ।
ব্যঙ্গ, (প্রা) বিদ্রূপ, ঠাট্টা।
ব্যঙ্গোক্তি, বি, স্ত্রী ; শ্লেষবাক্য।
ব্যজন, বি, ক্লী (বি-অজ-ভাবে-অনট্) বাতাস করা। (করণ-অনট্) তালবৃন্ত, পাখা।
ব্যঞ্জক, বিণ (বি-অন্‌জ-কর্ত্তৃ-ণক) প্রকাশক। সূচক। স্ত্রী, -ঞ্জিকা।
ব্যঞ্জন, বি,ক্লী (ঐ-ভাবে-অনট্) প্রকাশন। (করণ-অনট্) চিহ্ন। হলবর্ণ। তরকারী।
ব্যঞ্জনা, বি, স্ত্রী ; শব্দের তাৎপর্য্যার্থ বোধক শক্তি বিং।
ব্যতিকর, বি, পুং (বি-অতি-কৃ-অল্) সম্পর্ক। মিলন। সমূহ।
ব্যতিক্রম, বি, পুং (ঐ-ক্রম্-অল) উল্লঙ্ঘন। বৈপরীত্য। বিণ,-ক্রান্ত।
ব্যতিরিক্ত, বিণ (ঐ-রিচ্-ক্ত) ভিন্ন। ব্যতীত। অতিরিক্ত। বি,-রেক।
ব্যতিরেক, বি, পুং (ঐ-রিচ্-ঘঞ্) বিনা। অভাব। ভেদ। কাব্যালঙ্কার বিং। বিণ,-রিক্ত। অ, রেকে, ব্যতীত, বিনা।
ব্যতিব্যস্ত, বিণ ; অত্যন্ত ব্যাকুল।
ব্যতিরেকী, বিণ ; প্রভেদক।
ব্যতি (তী) হার, বি, পুং (বি-

অতি-হৃ-ঘঞ্) পরিবর্ত্ত। বিনিময়, বদল। পরস্পর একরূপ ক্রিয়া করণ।

ব্যতীত, বিণ (বি-অতি-ই-ক্ত) বিগত। অতিক্রান্ত। ভিন্ন, ছাড়া। বি,-ত্যয়।

ব্যত্যয়, (বি-অতি-ই-অল্)
ব্যত্যাস, (ঐ-অস-ঘঞ্) বি, পুং; ব্যতিক্রম, অন্যথা। বৈপরীত্য।

ব্যথা, বি, স্ত্রী (ব্যথ্-ঙ) বেদনা। দুঃখ। বিণ,-থিত।

ব্যথিত, বিণ (ঐ-ক্ত) দুঃখিত।

ব্যপদেশ, বি, পুং (বি-অপ-দিশ্-করণ-অল্) ছল, অছিলা। নাম। কুল। (ভাবে-অল্) নামোল্লেখ। কথন।

ব্যপনয়ন, বি, ক্লী; ত্যাগ। প্রত্যাখ্যান। বিণ,-নীত।

ব্যপরোপণ, বি, ক্লী; নামান, অবতারণ। অপসারণ। বিণ,-পিত।

ব্যপাকৃত, বিণ (বি-অপ-আ-কৃ-ক্ত) নিরাকৃত। অস্বীকৃত।

ব্যপাশ্রয়, বি, পুং (ঐ-শ্রি-অল্) আশ্রয়, অবলম্বন।

ব্যপেত, বিণ (বি-অপ-ই-ক্ত) অপগত, দুরীভূত।

ব্যভিচার, বি, পুং (বি-অভি-চর্-ভাবে-ঘঞ্) কুক্রিয়া, পাপাচরণ। অন্যথাচরণ। বিণ,-রী।

ব্যভিচারী (রিন্), বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) কুক্রিয়াসক্ত। অন্যথাচারী। স্ত্রী,-রিণী, ভ্রষ্টা, অসতী।

ব্যয়, বি, পুং (বি-ই-অল্) খরচ। নাশ। বিণ,-য়িত।

ব্যয়কুণ্ঠ, বিণ; কৃপণ। ব্যয়ে কুণ্ঠা যাহার, বহু।

ব্যয়সাধ্য, বিণ; অর্থব্যয় দ্বারা সাধনীয়। তদ্ভিন্ন।

ব্যয়সাপেক্ষ, বিণ; ব্যয়সাধ্য।

ব্যয়িত, বিণ (বি-অয়্-ক্ত) যাহা ব্যয় করা হইয়াছে। বি, ব্যয়।

ব্যয়ী, বিণ (ব্যয়+ইন্) ব্যয়শীল।

ব্যর্থ, বিণ; নিষ্ফল। বি (নাই) অর্থ (প্রয়োজন) যাহাতে, বহু।

ব্যলীক, বি, ক্লী (বি-অল-ঈকন্) মনোদুঃখ। লজ্জা। অপরাধ। পুং; লম্পট। বিণ; অপ্রিয়। মিথ্যা।

ব্যবকলন, বি, পুং (বি-অব-কল্-অনট্) বিয়োজন। বিণ,-লিত, বিয়োজিত।

ব্যবচ্ছিন্ন, বিণ (ঐ-ছিদ্-ক্ত) ভিন্ন, বিভক্ত। বি,-চ্ছেদ।

ব্যবচ্ছেদ, বি, পুং (ঐ-ছিদ্-অল্) বিভাগ। বিশেষ করণ। শরবৃষ্টি। নির্দ্ধারণ। বিণ, -চ্ছিন্ন।

ব্যবধা, বি, স্ত্রী (বি-অব-ধা-ঙ)
ব্যবধান, বি, ক্লী (ঐ-অনট্)
ব্যবধি, বি, পুং (ঐ-কি) অন্তর, দূরত্ব। অন্তরাল। আচ্ছাদন। তিরোধান। বিণ,-হিত।

ব্যবধায়ক, বিণ (বি-অব-ধা-কর্ত্তৃ-ণক) ব্যবধান কর্ত্তা। আচ্ছাদক।

ব্যবসায়, বি, পুং (বি-অব-সো-করণ-ঘঞ্) বাণিজ্য। উপজীবিকা, পেশা। (ভাবে-ঘঞ্) উদ্যোগ। যত্ন। অনুষ্ঠান। বিণ, -সিত,-সায়ী।

ব্যবসায়ী, বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) বাণিজ্যকারী। উদ্যোগী। অনুষ্ঠানকারী। স্ত্রী,-য়িনী।

ব্যবসিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) উদ্যত। চেষ্টিত। (কর্ম্ম-ক্ত) অভিপ্রেত। অনুষ্ঠিত। বি,-সায়।

ব্যবস্থা, বি, স্ত্রী (বি-অব-স্থা-ঙ) শাস্ত্রীয় বিধি। নিয়ম। স্থিতি। স্থিরতা। পৃথক্ পৃথক্ স্থাপন। বিণ,-স্থিত।

ব্যবস্থাপক, বিণ, (বি-অব-স্থাপি কর্ত্তৃ-ণক) বিধিদায়ক। নিয়ম কারক। সংস্থাপক। স্ত্রী, -পিকা।

ব্যবস্থাপন, বি, ক্লী, (ঐ-ভাবে-অনট্) বিধি স্থাপন। নির্দ্ধারণ। আইন প্রণয়ন। বিণ,-পিত।

ব্যবস্থাপিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) নিয়ম পূর্ব্বক স্থাপিত। নির্দ্ধারিত। বি,-পন।

ব্যবস্থিত, বিণ (বি-অব-স্থা-কর্ম্ম-ক্ত) স্থিরীকৃত। নিয়মিত। পৃথক্কৃত। (কর্ত্তৃ-ক্ত) স্থিত। বি,-স্থা।

ব্যবহর্ত্তা, বিণ (বি-অব-হৃ-কর্ত্তৃ-তৃন্) ব্যবহার কর্ত্তা। বিচারক, জজ। স্ত্রী,-র্ত্ত্রী।

ব্যবহার, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) আচরণ। প্রথা, রীতি। মোকদ্দমা। আইন। বিণ,-হৃত।

ব্যবহারজ্ঞ, বিণ (ব্যবহার-জ্ঞা-ড) প্রাপ্ত ব্যবহার, সাবালক।

ব্যবহার দর্শন, বি, ক্লী; বিচার করণ।

ব্যবহারদর্শী, বি, পুং; বিচার কর্ত্তা, জুরি।

ব্যবহারাজীব, বি, পুং; আইন ব্যবসায়ী, উকিল প্রভৃতি। ব্যবহার (আইন) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু।

ব্যবহারিক, বিণ (ব্যবহার+ ষ্ণিক) ব্যবহার সিদ্ধ।

ব্যবহার্য্য, বিণ (বি-অব-হৃ-কর্ম্ম-ঘ্যণ্) ব্যবহার যোগ্য।

ব্যবহিত, বিণ (বি-অব-ধা-কর্ম্ম-ক্ত) অন্তরিত। আচ্ছাদিত।

ব্যবহৃত, বিণ (বি-অব-হৃ-কর্ম্ম-ক্ত) আচরিত। বি,-হার।

ব্যষ্টি, বি, স্ত্রী (বি-অশ্‌-ক্তি) পৃথক্‌, ভিন্ন ভিন্ন ।

ব্যসন, বি, ক্লী (বি-অস্‌-ভাবে-অনট্‌) বিপদ্‌ । দুঃখ । পাপ । নাশ । ভ্রংশ । নেসা । ১৮প্রকার কামজ ও কোপজ দোষ ; যথা—মৃগয়া, অক্ষ (দ্যূতক্রীড়া), দিবা-নিদ্রা, পরীবাদ (পরনিন্দা), পরস্ত্রীসঙ্গ, মদ্যপান, ক্রীড়া, নৃত্য, গীতবাদ্য ও বৃথা ভ্রমণ, এই দশ প্রকার কামজ দোষ এবং দুষ্টতা, দৌরাত্ম্য, ক্ষতি, দ্বেষ, ঈর্ষা, প্রতারণা, কটূক্তি ও নিষ্ঠুরাচরণ, এই আট প্রকার কোপজ দোষ । বিণ,-নী ।

ব্যসনাসক্ত, বিণ ; কুক্রিয়ারত ।

ব্যসনী, বিণ (ব্যসন+ইন্‌) বিপদ্‌গ্রস্ত । কুক্রিয়াসক্ত ।

ব্যস্ত, বিণ (বি-অস-কর্ত্তৃ-ক্ত) ব্যাকুল । বিস্তৃত । বিভক্ত । বিপরীত । বি, ব্যাস ।

ব্যস্তসমস্ত, বিণ ; অতিব্যগ্র ।

ব্যাকরণ, বি, ক্লী (বি-আ-কৃ-করণ-অনট্‌ । শব্দ-ব্যুৎপাদক শাস্ত্র ।

ব্যাকুল, বিণ; কাতর। উৎকণ্ঠিত। বি (বিশিষ্টরূপ) আকুল, নিত্য । স্ত্রী,-লা । বি,-লতা ।

ব্যাকৃত, বিণ (বি-আ-কৃ-কর্ম্ম-ক্ত) ব্যাখ্যাত ।

{ব্যাখ্যা, বি, স্ত্রী (বি-আ-খ্যা-ঙ)
ব্যাখ্যান, বি, ক্লী (ঐ-অনট্‌) অর্থপ্রকাশ । কথন । বিবরণ । বিণ,-খ্যাত ।

ব্যাখ্যাত, বিণ (ঐ-ক্ত) যাহা ব্যাখ্যা করা হইয়াছে । বিবৃত । কথিত । বি,-খ্যা,-খ্যান ।

ব্যাঘাত, বি, পুং (বি-আ-হন্‌-ঘঞ্‌) প্রতিবন্ধ, বিঘ্ন । আঘাত । বিণ,-হত ।

ব্যাঘ্র, বি, পুং (বি-আ-ঘ্রা [ঘ্রাণ লওয়া]-কর্ত্তৃ-ড) বাঘ, শার্দ্দূল। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ, যেমন—পুরুষব্যাঘ্র ইত্যাদি । স্ত্রী,-ঘ্রী ।

ব্যাজ, বি, পুং (বি-অজ্‌-ঘঞ্‌) গৌণ, বিলম্ব । বিঘ্ন । ছল । টাকার সুদ ।

ব্যাজস্তুতি, বি, স্ত্রী ; কপট প্রশংসা । নিন্দাদ্বারা স্তুতি ও স্তুতিদ্বারা নিন্দারূপ কাব্যালঙ্কার বিং ।

ব্যাজোক্তি, বি, স্ত্রী; ছল করিয়া বলা । কাব্যালঙ্কার বিং ।

ব্যাদান, বি, ক্লী (বি-আ-দা-ভাবে-অনট্‌) বিস্তার । বিণ, ব্যাত্ত । [নিষাদ ।

ব্যাধ, বি, পুং (ব্যধ-কর্ত্তৃ-ণ)

ব্যাধি, বি, পুং (বি-আ-ধা-কি) রোগ, পীড়া । বিণ,-ধিত ।

ব্যাধিগ্রস্ত, বিণ ; রোগযুক্ত । তন্নাতৎ ।

ব্যাধিত, বিণ (ব্যাধি+ইত) পীড়িত। [বায়ু।
ব্যান, বি, পুং ; সর্ব্বশরীর ব্যাপী
ব্যাপক, বিণ (বি-আপ্-ণক) বিস্তীর্ণ। আচ্ছাদক। স্ত্রী,-পিকা।
ব্যাপন, বি, ক্লী (ঐ-অনট্) ব্যাপ্তি। বিণ,-প্ত।
ব্যাপাদন, বি, ক্লী ; অনিষ্ট চিন্তা। বধ। বিণ,-দিত।
ব্যাপাদিত, বিণ ; বিনাশিত।
*ব্যাপার, বি,পুং (বি-আ-পৃ-ঘঞ) কার্য্য। নিয়োগ। ব্যবসায়। বিণ,-পৃত,-রী।
ব্যাপী (পিন্), বিণ (বি-আপ্-কর্ত্তৃ-ণিন্) ব্যাপক। স্ত্রী,-পিনী।
{ ব্যাপৃত, (বি-আ-পৃ-কর্ত্তৃ-ক্ত)
ব্যাপারিত, (ব্যাপার+ইত) বিণ ; নিযুক্ত। বি,-পার।
ব্যাপ্ত, বিণ (বি-আপ-কর্ম্ম-ক্ত) বেষ্টিত। বিস্তারিত। পরিপূরিত। আচ্ছন্ন। (কর্ত্তৃ-ক্ত) ব্যাপ্তিযুক্ত। প্রসিদ্ধ। বি,-প্তি,-পন।
ব্যাপ্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) ব্যাপন, সর্ব্বত্র স্থিতি। বিণ,-প্ত।
ব্যাপ্য, বিণ (বি-আপ-কর্ম্ম-য) ব্যাপনযোগ্য।
ব্যাম, বি, পুং ; দুইটী বাহু দুই পার্শ্বভাগে সম্পূর্ণ বিস্তৃত করিলে এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ, বাঁও।
ব্যামিশ্র, বিণ ; মিশ্রিত।
ব্যায়ত, বিণ, বিস্তৃত। দীর্ঘ।
ব্যায়াম, বি, পুং (বি-আ-যম্-ঘঞ) শারীরিক শ্রম,ভ্রমণাদি।
ব্যাল, বি,পুং (বি-আ-অড়্-কর্ত্তৃ-অন্) সর্প। হিংস্রজন্তু। বিণ ; ক্রূর। হিংস্র। অপকারী। স্ত্রী,-লী।
ব্যালগ্রাহ,-গ্রাহী, বি, পুং ; আহিতুণ্ডিক, সাপুড়ে।
ব্যালমৃগ, বি, পুং ; চিতা বাঘ।
ব্যাবক্রোশী, বি, স্ত্রী ; পরস্পর আক্রোশ।
ব্যাবর্ত্তন, বি, ক্লী (বি-আ-বৃত-অনট্) পরাঙ্মুখ হওয়া, ফেরা। (ঐ-বর্ত্তি-অনট্) ফিরান,পরাঙ্মুখী করণ। বিণ,-র্ত্তিত।
ব্যাবৃত্ত, বিণ (বি-আ-বৃত-ক্ত) নিবৃত্ত। খণ্ডিত। নিবারিত।
ব্যাবৃত্তি, বি,স্ত্রী (ঐ-ক্তি) নিবৃত্তি। নিষেধ। খণ্ডন।
ব্যাস, বি, পুং (বি-অস-কর্ত্তৃ-ঘঞ্) বেদবিভাগ কর্ত্তা মুনি বিং। (করণ-ঘঞ্) গোলবস্তুর মধ্য রেখা। বিস্তার। সমাস বাক্য। (ভাবে-ঘঞ্) বিভাগ।
ব্যাসক্ত, বিণ (বি-আ-সন্জ-ক্ত) অত্যাসক্ত। সংলগ্ন। বি,-সঙ্গ।

"কন্দুকলীলাতেই ব্যাসক্ত থাকিতেন," (প্রভাতচিন্তা)

ব্যাসঙ্গ, বি, পুং (ঐ-ঘঞ্) অত্যাসক্তি।

ব্যাহত, বিণ (বি-আ-হন্-ক্ত) ব্যর্থ। নিষিদ্ধ। বিফলীকৃত।

ব্যাহার, বি, পুং (বি-আ-হৃ-ঘঞ্) উক্তি। কথন।

ব্যাহৃত, বিণ (ঐ-ক্ত) উক্ত।

ব্যাহৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) উক্তি।

ব্যুৎক্রম, বি, পুং ; ব্যতিক্রম।

ব্যুৎপত্তি, বি, স্ত্রী (বি-উৎ-পদ-ভাবে-ক্তি) জ্ঞান। শাস্ত্রে বিশেষরূপ সংস্কার। শব্দের প্রকৃতিপ্রত্যয়াদি বিভাজন। বিণ,-পন্ন।

ব্যুৎপন্ন, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) শাস্ত্রজ্ঞান সম্পন্ন। বি,-পত্তি।

ব্যুৎপাদক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) ব্যুৎপত্তিজনক। স্ত্রী,-দিকা।

ব্যুৎপাদ্য, বিণ (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) ব্যুৎপত্তিলভ্য।

ব্যূঢ়, বিণ (বি-বহ-কর্ত্তৃ-ক্ত) বিবাহিত। বিপুল। বিন্যস্ত। প্রশস্ত। স্ফীত। সংহত।

ব্যূহ, বি, পুং (বি-উহ-ভাবে-অল্) যুদ্ধার্থ সৈন্যরচনা। সমূহ।

ব্যোম, বি, পুং (বো[আচ্ছন্নকৃ]-কর্ত্তৃ-মন্) আকাশ।

ব্যোমকেশ, বি, পুং ; গঙ্গাধর, শিব। ব্যোমে (আকাশে) কেশ যাঁহার, বহু।

গঙ্গাধারণকালে হরের জটাসমূহ আকাশময় পরিব্যাপ্ত হইয়াছিল বলিয়া তাঁহার নাম ব্যোমকেশ্।

ব্যোমচর, বিণ ; আকাশে বিচরণকারী। বি, পুং ; খেচর, পক্ষী। গ্রহ নক্ষত্রাদি।

ব্যোমচারী, বিণ; আকাশ বিহারী। বি, পুং ; দেবতা। পক্ষী। গ্রহ-নক্ষত্রাদি।

ব্যোমযান, বি, ক্লী ; বিমান, দেবযান। বেলুন। ৬ষ্ঠীতৎ।

ব্রজ, বি, পুং (ব্রজ-অধি-অল্) মথুরা সমীপস্থ গোকুল গ্রাম। গোষ্ঠ। পথ। (কর্ম্ম অল্) সমূহ।

ব্রজধাম, বি, ক্লী ; বৃন্দাবন। ব্রজনামক ধাম, মধ্যপদলোপী কর্ম্মধা।

ব্রজনাথ, ব্রজেন্দ্র, ব্রজমোহন, ব্রজরাজ, ব্রজবল্লভ, ব্রজেশ্বর } বি, পুং ; শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।

ব্রজবাসী, বিণ ; বৃন্দাবনে বাস কারী। স্ত্রী,-সিনী।

ব্রজবিহারী, বি, পুং ; শ্রীকৃষ্ণ।

ব্রজাঙ্গনা, বি, স্ত্রী ; ব্রজবাসিনী রমণী। ব্রজের অঙ্গনা, ৬ষ্ঠীতৎ।

ব্রজেশ্বরী, বি, স্ত্রী ; শ্রীরাধা। ৬ষ্ঠীতৎ।

ব্রজ্যা, বি, স্ত্রী (ব্রজ-ভাবে-ক্যপ্ +আপ্) পর্য্যটন।

ব্রণ, বি, পুং, ক্লী ; স্ফোটক। ফোড়া।

ব্রত, বি, পুং, ক্লী (বৃ-কর্ম্ম-অতচ্) পুণ্যজনক বা পাপক্ষয়কর কর্ম্ম, চান্দ্রায়ণ প্রভৃতি নিয়ম।

ব্রততি (তী), বি, স্ত্রী (বৃত [থাকা]-কর্ত্তৃ-অতি) লতা। (ভাবে-অতি) বিস্তার।

ব্রতী (তিন্), বিণ (ব্রত+ইন্, অস্ত্যর্থে) যে ব্রত করে, নিয়ম পালন কারী। স্ত্রী,-তিনী।

ব্রতোদ্যাপন, বি,ক্লী ; ব্রতসাঙ্গ। ব্রতের উদ্যাপন, ৬ষ্ঠীতৎ।

ব্রহ্ম (ন্), বি, ক্লী (বৃন্হ-কর্ত্তৃ-মন্) পরমাত্মা, পরমেশ্বর। বেদ। বেদজ্ঞান। তপস্যা।

ব্রহ্মচর্য্য, বি, ক্লী (ব্রহ্মন্-চর-ভাবে-য) ব্রহ্মচারীর ধর্ম্ম, মৈথুনাভাব।

ব্রহ্মচর্য্যাশ্রম, বি, পুং ; চতুরাশ্রমের প্রথম আশ্রম। ব্রহ্মচারীর ধর্ম্ম। ব্রহ্মচর্য্যই আশ্রম, কর্ম্মধা।

ব্রহ্মচারী, বি, পুং (ব্রহ্মন্-চর্-ণিন্) প্রথমাশ্রমী। উপনয়নের পর গুরু গৃহে বেদাধ্যয়নকারী দ্বিজ। স্ত্রী,-রিণী।

ব্রহ্মজীবী, বি, পুং ; বেদজীবী, বেতন গ্রহণ পূর্ব্বক বেদপাঠকারী দ্বিজ।

ব্রহ্মজ্ঞান,বি, ক্লী ; ব্রহ্মকে জানা, আত্মতত্ত্বজ্ঞান।

ব্রহ্মণ্য, বি, ক্লী (ব্রহ্মন্+ষ্ণ্য) ব্রহ্মত্ব। ব্রহ্মতেজঃ। পুং ;বিষ্ণু। শনিগ্রহ। বিণ ; ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রহ্মতালু, বি; ক্লী ; ব্রহ্ম রন্ধ্র।

ব্রহ্মতীর্থ, বি, ক্লী ; পুষ্কর তীর্থ। অঙ্গুষ্ঠের মূলদেশ।

ব্রহ্মদৈত্য, বি, পুং ; প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ। [বিং।

ব্রহ্মপুত্র, বি, পুং ; নদবিং। তীর্থ

ব্রহ্মযজ্ঞ, বি, পুং ; বেদের অধ্যয়ন ও অধ্যাপনাদি। [ভাগ।

ব্রহ্মরন্ধ্র, বি, ক্লী ; শিরোমধ্য

ব্রহ্মর্ষি, বি, পুং ; বশিষ্ঠাদি ব্রাহ্মণ ঋষি ব্রহ্মন্ (ব্রাহ্মণ) অথচ ঋষি, কর্ম্মধা।

ব্রহ্মর্ষিদেশ, বি, পুং ; কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল ও শূরসেন—এই দেশ চতুষ্টয়।

ব্রহ্মলোক, বি,পুং ; সপ্তলোকের সর্ব্বোপরিস্থ লোক।

ব্রহ্মবন্ধু, বি, পুং ; অধম ব্রাহ্মণ।

ব্রহ্মবর্চ্চস, বি, ক্লী ; ব্রহ্মতেজঃ।

ব্রহ্মবাদী, বিণ ; বেদান্তমতাবলম্বী। বেদাধ্যায়ী।

ব্রহ্মসাযুজ্য, বি, ক্লী ; ব্রহ্মসহ যোগ। ব্রহ্মস্বরূপ।

ব্রহ্মসাবর্ণি, বি, পুং ; দশম মনু।
ব্রহ্মসূত্র,বি,ক্লী ; যজ্ঞসূত্র,পৈতা।
ব্রহ্মস্ব, বি, ক্লী ; ব্রাহ্মণের ধন।
ব্রহ্মা (হ্মন্), বি, পুং (বৃন্‌হ-কর্ত্তৃ-মন্) বিধাতা, সৃষ্টিকর্ত্তা। ব্রাহ্মণ।
ব্রহ্মাণ্ড, বি,ক্লী ; জগৎ। ৬ষ্ঠীতৎ।
ব্রহ্মারণ্য, বি, ক্লী ; বেদ পাঠের স্থান।
ব্রহ্মোত্তর, বিণ (ব্রহ্মন্ + উত্তর) ব্রাহ্মণের ভোগের নিমিত্ত যে ভূমি দান করা যায়।
ব্রাত, বি, পুং ; দল, সমূহ। শ্রমজীবী। ক্লী ; শ্রম। মজুরি।
ব্রাতীন,বিণ ; শ্রমজীবী। মজুর। ব্রতনিষ্ঠ।
ব্রাত্য, বিণ ; দশ সংস্কারহীন। সাবিত্রী-পতিত।
ব্রাত্যস্তোম, বি, পুং ; ব্রাত্যদোষ নাশার্থ যজ্ঞ বিং।
ব্রাহ্ম, বি, ক্লী ; অঙ্গুষ্ঠের মূলভাগ বিণ ; ব্রহ্মনিষ্ঠ। ব্রহ্ম সম্বন্ধীয়।
ব্রাহ্মণ, বি, পুং (ব্রহ্মন্ + ষ্ণ) শ্রেষ্ঠবর্ণ, বিপ্র। স্ত্রী,-ণী।
ব্রাহ্মণ্য, বি, ক্লী ; ব্রাহ্মণত্ব। পুং; শনিগ্রহ।
ব্রাহ্মণব্রুব, বি, পুং ; অপকৃষ্ট ব্রাহ্মণ।
ব্রাহ্ম মুহূর্ত্ত,বি, পুং; সূর্য্যোদয়ের পূর্ব্ববর্ত্তী দুই দণ্ড কাল।
ব্রাহ্মিকা, বি, স্ত্রী ; ব্রহ্মনিষ্ঠা।
ব্রাহ্মী, বি, স্ত্রী ; ব্রহ্মশক্তি, মাতৃকা বিং।
ব্রীড়া, বি, স্ত্রী (বীড়্-ভাবে-অ + আপ্) লজ্জা। বিণ,-ড়িত।
ব্রীড়িত, ব্রীডান্বিত, বিণ ; লজ্জিত।
ব্রীডাবনত, বিণ ; লজ্জায় নম্র। ৩য়াতৎ।
ব্রীহি, বি, পুং (ব্রী-হি) ধান্য।

শ।

শ, বি, ক্লী ; ত্রিংশ ব্যঞ্জনবর্ণ। শুভ। পুং ; শিব। শস্ত্র।
শংসন, বি, ক্লী (শন্‌স্-ভাবে-অনট্) কথন। সূচন। প্রশংসা। ইচ্ছা। গ্রহণ। বিণ,-সিত।
শংসিত, বিণ (-কর্ম্ম-ক্ত) কথিত। অনুষ্ঠিত। প্রশংসিত। বাঞ্ছিত। হিংসিত। গৃহীত। বি,-সন।
শংসী (সিন্), বিণ (-কর্ত্তৃ-ণিন্) কথক। সূচক। স্ত্রী,-সিনী।

শক, বি, পুং (শক্-কর্ত্তৃ-অন্) শালিবাহন রাজা। তৎপ্রবর্ত্তিত অব্দবিং। জাতিবিং। দেশবিং।
শকট, বি, পুং, ক্লী (ঐ-অটন্) গাড়ি। পুং; অসুর বিং।
শকটী, **শকটিকা**, বি, স্ত্রী; ক্ষুদ্রগাড়ি।
শকরকন্দ, বি, পুং; মিষ্ট আলু।
শকল, বি, ক্লী (শক্-কলচ্) ত্বক্। শল্ক, আঁইস। পুং, ক্লী; খণ্ড, অংশ। [মাছ।
শকলী (লিন্), বি, পুং; মৎস্য,
শকাব্দ, বি, পুং } শক নামক
শকাব্দা, বি, স্ত্রী } নৃপতির প্রচলিত বৎসর। শক (শালিবাহন রাজা) প্রবর্ত্তিত যে অব্দ (বৎসর), কর্ম্মধা।
শকার, বি, পুং; রাজার রক্ষিতা স্ত্রীর ভ্রাতা।
শকারি, বি, পুং (শক + অরি) বিক্রমাদিত্য রাজা।
শকুন, বি, পুং (শক্-কর্ত্তৃ উন) পক্ষী বিং, গৃধ্র। ক্লী; শুভাশুভসূচক চিহ্ন।
শকুনি, বি, পুং (ঐ-উনি) পক্ষী। গৃধ্র। কৌরবদিগের মাতুল।
শকুন্ত, **শকুন্তি**, বি,পুং (ঐ-উন্ত, উন্তি) পক্ষী। ভাস পক্ষী।
শকুন্তলা, বি, স্ত্রী (শকুন্ত [পক্ষী] -লা[রক্ষাক্] -কর্ম্ম-ড + আপ্) দুষ্মন্ত রাজমহিষী, মহর্ষি বিশ্বামিত্রের ঔরসে অপ্সরা মেনকার গর্ভজাত কন্যা।

মেনকা সদ্যোজাতা কন্যাকে পরিত্যাগ করিয়া স্বর্গে গমন করিলে, একটি শকুন্ত (পক্ষী) স্বীয় পক্ষাচ্ছাদনে ইহাকে রক্ষা করিয়াছিল। শকুন্ত কর্ত্তৃক রক্ষিতা হইয়াছিল বলিয়া এই কন্যার পালক পিতা কণ্ব ঋষি ইহার নাম শকুন্তলা রাখিয়াছিলেন।

শকুল, বি, পুং (শক্-কর্ত্তৃ-উল) শোল মাছ।
শকৃৎ, বি, ক্লী (শক্-কর্ত্তৃ-ঋৎ) পুরীষ, বিষ্ঠা। [সমর্থ।
শক্ত, বিণ (ঐ-ক্ত) কঠিন।
শক্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) বল, সামর্থ্য। ক্ষমতা। প্রকৃতি। অস্ত্র বিং। স্ত্রী-দেবতা। প্রভাবজ, উৎসাহজ, মন্ত্রজ এই ত্রিবিধ রাজশক্তি। শব্দাদির বৃত্তি বিং, এই শব্দদ্বারা এইরূপ অর্থের প্রতীতি হউক, এইরূপ ইচ্ছা, ইহা তিন প্রকার, যথা— অভিধা, লক্ষণা, ব্যঞ্জনা।
শক্তিধর, **শক্তিমান্**, **শক্তিশালী**, } বিণ; বলবান্, শক্তিযুক্ত।
শক্তু, বি, পুং, ক্লী (শচ্-কর্ত্তৃ-তুন্) যবাদি-চূর্ণ, ছাতু।

"চৈত্রবায়ু তাড়িত শক্তুর ন্যায়", (প্রভাত চিন্তা)

শক্তৃ, বি, পুং ; বশিষ্ঠ মুনির জ্যেষ্ঠপুত্র।

শক্য, বিণ (শক্-কর্ম্ম-য) সাধ্য, যাহা করিতে পারা যায়।

শক্র, বি, পুং (ঐ-কর্ত্তৃ-র) ইন্দ্র। কুটজ বৃক্ষ। [কীট বিং।

শক্র গোপ, বি, পুং ; রক্তবর্ণ

শক্রজিৎ, বি, পুং (শক্র-জি-কর্ত্তৃ-ক্বিপ্) ইন্দ্রজিৎ, মেঘনাদ।

শক্রধনুঃ (স্), বি, ক্লী ; ইন্দ্রধনু, রামধনুক। ৬ষ্ঠীতৎ।

শঙ্কর, বি, পুং (শম [শুভ]-কৃ-কর্ত্তৃ-ট) শিব। শঙ্করাচার্য্য। বিণ ; মঙ্গলকর। স্ত্রী,-রী।

শঙ্কর-শব্দ, বি, ক্লী ; যে শব্দের বিভিন্ন অংশ ভিন্ন ভিন্ন ভাষা হইতে গৃহীত (Hybrids) ; যথা—আপিলেশ্বরী, গরমিল, নন-সেলাই ইত্যাদি।

শঙ্করী, বি, স্ত্রী (শঙ্কর+ঈপ্) শিবানী। বিণ ; শুভদায়িনী।

শঙ্কা, বি, স্ত্রী (শন্ক-ভাবে অ+আপ্) ভয়। সন্দেহ। আশঙ্কা। বিণ,-ঙ্কিত।

শঙ্কিত, বিণ (শঙ্কা+ইত, যুক্তার্থে) ভীত। সন্দিগ্ধ। বি,-ঙ্কা।

শঙ্কু, বি, পুং (শন্ক-অপা-উ) শল্যাস্ত্র। গোঁজ, খোঁটা। ঘড়ির কাঁটা। দ্বাদশাঙ্গুলি পরিমাণ যষ্টি। পণ্ডিত বিং।

শঙ্কুপট্ট, বিং, পুং ; ঘড়ির দণ্ড পলাদি-চিহ্নিত শঙ্কু দণ্ডের আধার (Dial)।

শঙ্কুলা, বি, স্ত্রী ; গুবাকচ্ছেদক অস্ত্র, যাঁতি।

শঙ্খ, বি, পুং, ক্লী (শম্-কর্ত্তৃ-খ) শাঁখা। পুং ; ললাটাস্থি। নিধি বিং। সংখ্যা বিং।

শঙ্খকার, বি, পুং ; শাঁখারি।

শঙ্খিনী, বি, স্ত্রী ; চতুর্ব্বিধ স্ত্রী-মধ্যে স্ত্রী বিং।

শঙ্খী, বি, পুং (শঙ্খ+ইন্) বিষ্ণু। সমুদ্র। বিণ ; শঙ্খযুক্ত।

শচি (চী), বি, স্ত্রী (শচ্-কর্ত্তৃ-ই) ইন্দ্রাণী।

শচীমাতা, বি, স্ত্রী ; বিষ্ণুর অবতার শ্রীচৈতন্য দেবের মাতা।

শচীপতি, বি, পুং ; দেবরাজ, ইন্দ্র।

শজারু, (প্রা) বি ; স্বনাম প্রসিদ্ধ জন্তু বিং, শল্লকী। [বৃক্ষ।

শজিনা, (প্রা) বি ; শোভাঞ্জন

শটা, বি, স্ত্রী (শট্-অন্+আপ্) জটা। সিংহাদির কেশর।

শটি (টী), বি, স্ত্রী ; সুগন্ধ মূল বিং। বন আদা। [বাসি।

শটিত, বিণ (শট্-ক্ত) পর্য্যুষিত,

শঠ, বিণ (শঠ্-কর্ত্তৃ-অন্) ধূর্ত্ত।

শঠতা, বি, স্ত্রী (শঠ+তা, ভাবার্থে) ধূর্ত্ততা।

শণ, বি,পুং; বৃক্ষ বিং, শণগাছ।
শণ্ডা, (গ্রা) বিণ; মূর্খ অথচ বলশালী। গোঁয়ার।
শণ্ডিল, বি, পুং; মুনি বিং।
শত, বি, ক্লী (শো-ডতচ্) ১০০ সংখ্যা।
শতক, বি, ক্লী (শত+কণ্) ১০০ সংখ্যা। বিণ; শতসংখ্যা-বিশিষ্ট। [পর্ব্বত বিং।
শতকুম্ভ, বি, পুং; স্বর্ণখনি
শতকোটি, বি, পুং; বজ্র। শত হইয়াছে কোটি (ধারা) যাহার, বহু।
শতক্রতু, বি, পুং; দেবরাজ, ইন্দ্র। শত হইয়াছে ক্রতু (যজ্ঞ) যাহার, বহু।
শতচ্ছদ, বি, পুং; শতদল পদ্ম।
শততম, বিণ (শত+তমট্) শত সংখ্যার পূরণ।
শতদল, বি, পুং; একশত দল বিশিষ্ট পদ্ম। শত হইয়াছে দল (পাপ্‌ড়ি) যাহার, বহু।
শতদ্রু (দ্রূ), বি, স্ত্রী (শত-দ্রু-কু) পঞ্জাবের অন্তর্গত নদী বিং। বশিষ্ঠদেব পুত্রশোকে কাতর হইয়া গলদেশে শীলাবন্ধন পূর্ব্বক এই নদীতে ঝম্প প্রদান করিয়াছিলেন বলিয়া ভয়ে ইহা শতধা ধাবিত হইয়াছিল, সেইজন্য ইঁহার নাম শতদ্রু হইয়াছে।
শতধা, ব্য (শত+ধাচ্) শত প্রকার। শতবার।
শতপত্র, বি, ক্লী; পদ্ম। বহুব্রী। পুং; ময়ূর।
শতভিষা, বি, স্ত্রী; নক্ষত্র বিং।
শতমখ, } ইন্দ্র। শত হইয়াছে মখ, মন্যু (যজ্ঞ) যাঁহার, বহু।
শতমন্যু, }
শতমারী (রিন্), বি, পুং; উত্তম বৈদ্য।
শতমুখী, বি, স্ত্রী; সম্মার্জ্জনী, ঝাড়ু। শতমুখবিশিষ্ট,শতধারা-সমন্বিত।

"শতমুখী ভাগীরথীর ন্যায়",
(নিভৃত চিন্তা)।

শতরঞ্চ, (যা) বি; ক্রীড়া বিং।
শতশঃ ক্রিবিণ (শত+শস্) শত শত করিয়া। শতবার।
শতানন্দ, বি, পুং; ঋষি বিং, মহর্ষি গৌতমের ঔরসে অহল্যার গর্ভজাত, ইনি জনক রাজার পুরোহিত ছিলেন।
শতায়ুঃ, বিণ (শত+আয়ুস্) শতবর্ষজীবী। বহুব্রী।
শতাব্দী, বি, স্ত্রী; শতবর্ষব্যাপী কাল। (Century)। শত অব্দ (বৎসর), দ্বিগু।
শত্রু, বি, পুং (শদ্-কর্ত্তৃ-রু) বিপক্ষ, অরি। বি,-তা।
শত্রুঘ্ন, বি, পুং (শত্রু-হন্-কর্ত্তৃ-টক্) শ্রীরামচন্দ্রের সর্ব্বকনিষ্ঠ ভ্রাতা। বিণ; শত্রুনাশক।

শক্রতা, বি, স্ত্রী (শক্র+তা, ভাবার্থে) বিপক্ষতা, বৈরিতা।
শক্রতাচরণ, বি, ক্লী; বিপক্ষতা-চরণ। [সপ্তম গ্রহ।
শনি, বি, পুং (শো-কর্ত্তৃ-অনিক্)
শনৈঃ (স্), ব্য (শন্-কর্ত্তৃ-ঐস্) অল্পে অল্পে, ক্রমে ক্রমে।
শনৈঃ শনৈঃ, ব্য ; ক্রমে ক্রমে।
শনৈশ্চর, বি, পুং (শনৈস্-চর্-কর্ত্তৃ-অন্) শনিগ্রহ।
শপথ, বি, পুং (শপ্-ভাবে-অথন্) দিব্য। প্রতিজ্ঞা।
শপ্ত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অভি-শাপ গ্রস্ত।
শফ, বি. ক্লী (শমি-অন্) গো প্রভৃতির খুর। বৃক্ষমুল।
শফর, (যা) বিদেশ।
শফরী, বি, স্ত্রী (শফ্-রা-কর্ত্তৃ-ড+ঈপ্) প্রোষ্ঠী মৎস্য, পুঁঠি মাছ।
শফরী আম, (প্রা) বি; পেয়ারা।
শম্, ব্য (শী-ডম্) কল্যাণ। সুখ।
শম, বি, পুং (শম্-ভাবে-অল্) শান্তি, অন্তঃকরণের স্থিরতা। অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ। মনঃ-সংযম। বিণ, শান্ত।
শমতা,বি,স্ত্রী ; উপশম, নিবৃত্তি।
শমন, বি, পুং (শমি-কর্ত্তৃ-অন) কৃতান্ত, যম। ক্লী (ভাবে-অনট্) শান্তি। দমন।
শময়িতা, বিণ (ঐ-কর্ত্তৃ-তৃন্) নিবারক। বিনাশক। স্ত্রী,-ত্রী।
শমল, বি, ক্লী (শম্-কল) শকৃৎ, বিষ্ঠা।
শমি (মী), বি, ক্লী (শমি-ইন্) শাঁই গাছ। বৃক্ষ বিং।
শমিত, বিণ (ঐ-ক্ত) দমিত। বিনাশিত। বি,-মন।
শমীক, বি, পুং (শম্-কর্ত্তৃ-ঈকন্) ঋষি বিং।
শমীগর্ভ, বি, পুং ; অগ্নি।
শম্পা, বি, স্ত্রী (শম্-পা-কর্ত্তৃ-ড +আপ্) বিদ্যুৎ।
শম্ব, বি, পুং (শম্ব-অন্) বজ্র। মুষলাদির অগ্রস্থিত লোহ-মণ্ডল।
শম্বর, বি, পুং (শম্ব-কর্ত্তৃ-অরন্) অসুর বিং। ক্লী ; জল।
শম্বরারি, বি, পুং ; প্রদ্যুম্ন। ভক্তীতৎ।
শম্বল, বি, পুং (শম্ব-কর্ম্ম-কল) পাথেয়, পথ খরচ। [শামুক।
শম্বু (ম্বূ), বি, পুং (শম্-উ,উ)
শম্বুক (ম্বূক), বি, পুং (শম্বু+কণ্, স্বার্থে) শামুক।
শম্ভল, বি, পুং ; মোরাদাবাদের অন্তর্গত গ্রাম বিং।
শম্ভু, বি, পুং (শম্-ভূ-অপা-ডু) যাঁহা হইতে মঙ্গল হয়, শিব।
শম্ভুজি, বি, পুং ; শিবজির জ্যেষ্ঠপুত্র।

শয়, বি, পুং (শী-অল্) হস্ত, কর। শয্যা। চিতা। শয়ন। বিণ (ঐ-অন্) শয়নকারী।

শয়তান, (যা) বিণ ; দুষ্ট। ধূর্ত্ত। বি ; ঈশ্বর-শত্রু।

শয়ন, বি, ক্লী (শী-ভাবে-অনট্) শোয়া। নিদ্রা। (ঐ-অধি) শয্যা।

শয়নকক্ষ, বি, পুং
শয়নগৃহ, বি, ক্লী
শয়নমন্দির বি, ক্লী
শয়নাগার, বি, পুং
} শয়নগৃহ, শুইবার ঘর। শয়নের নিমিত্ত কক্ষ, গৃহ প্রভৃতি, ৪র্থীতৎ।

শয়ান, বিণ (শী-কর্ত্তৃ-শান) যে শয়ন করিয়া আছে।

শয়ালু, বিণ (ঐ-আলু) নিদ্রা-শীল।

শয়িত, বিণ (ঐ-ক্ত) যে শয়ন করিয়াছে। নিদ্রিত।

শয্যা, বি, স্ত্রী (ঐ-অধি-ক্যপ্) বিছানা।

শয্যাগত, বিণ ; শয্যাশায়ী। উত্থানশক্তি রহিত। ২য়াতৎ।

শয্যাশায়ী, বিণ ; শয্যাগত। উত্থানশক্তি রহিত। স্ত্রী,-য়িনী।

শর, বি, পুং (শৃ-করণ-অল্) বাণ। নলখাগ্ড়া গাছ। (ঐ-কর্ম্ম) দধিদুগ্ধের সার ভাগ।

শরজন্মা(ন্মন্) বি,পুং; কার্ত্তিকেয়। শর বনে জন্ম যাহার, বহু।

শরজাল, (প্রা) বি ; নিক্ষিপ্ত বাণ-সমূহ।

শরট, বি, পুং (শৃ-অটন্) কৃকলাস, কাঁকলাস।

শরণ, বি, ক্লী (শৃ-ভাবে-অনট্) রক্ষা। আশ্রয়। (ঐ-কর্ত্তৃ-অন) রক্ষক।

শরণাগত,
শরণাপন্ন,
} বিণ, আশ্রিত, রক্ষাপ্রার্থী। শরণে আগত, ৭মীতৎ অথবা শরণকে আগত, আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ।

শরণার্থী (র্থিন্), বিণ ; আশ্রয় প্রার্থী। শরণের অর্থী (প্রার্থী), ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-র্থিনী।

শরণি(ণী), বি, স্ত্রী (শৃ-অনি) পথ।

শরণ্য, বিণ (শরণ+ষ্ণ্য) রক্ষাকর্ত্তা। আশ্রয় দাতা। স্ত্রী, -ণ্যা। বি, ক্লী ; আশ্রয়।

শরণ্যু, বি, পুং (শৃ-অন্যু) আশ্রয় দাতা।

শরৎ(দ্), বি, স্ত্রী (শৃ-কর্ত্তৃ-অদ্) ঋতু বিং, আশ্বিন কার্ত্তিক মাস।

শরদিন্দু, বি, পুং (শরৎ+ইন্দু) শরৎকালের চাঁদ। ৬ষ্ঠীতৎ।

শরদিন্দুনিভ, বিণ ; শরৎকালীন চন্দ্রসদৃশ। শরৎকালের ইন্দু শরদিন্দু, তাহার নিভ (সদৃশ), ৬ষ্ঠীতৎ।

শরদিন্দুনিভাননন, বি, ক্লী; শরৎকালীন চন্দ্রের ন্যায় মনোহর মুখ। [শরদিন্দুনিভ দেখ] ; শরদিন্দুনিভ যে আনন (মুখ), কর্ম্মধা। বিণ; শরৎ কালীন চন্দ্রেরন্যায় মনোহর মুখ বিশিষ্ট। [শরদিন্দুনিভানন দেখ]; শরদিন্দুনিভ আনন (মুখ) যাহার, বহু। স্ত্রী,-না।

শরদিন্দুবিনিন্দিত, বিণ; শরদিন্দুও যাহার নিকট নিন্দিত হয় অর্থাৎ শরৎকালীন চন্দ্র অপেক্ষাও সুন্দর ও মনোহর। শরদিন্দু বিনিন্দিত যৎকর্ত্তৃক, বহু।

শরধি, বি, পুং (শর ধা-কি) বাণাধার, তূণীর।

শরভ, বি, পুং (শৃ-অভচ্) অষ্টপাদ মৃগ বিং। করি শাবক। উষ্ট্র। বানর বিং। শলভ।

শরম, (যা) বি; ব্রীড়া, লজ্জা।

শরব্য, বি, ক্লী (শরু[বাণ]+ষ্ণ্য) বাণের লক্ষ্য। নিশানা।

শরসন্ধান, বি, ক্লী; বাণনিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। [৩য়াতৎ।

শরাঘাত, বি, পুং; বাণ প্রহার।

শরাব, বি, পুং (শর [দধি প্রভৃতির সার]-অব্-অন্) মৃৎপাত্র বিং, সরা।

শরাসন, বি, ক্লী (শর-অস্ [ক্ষেপণক্ক]-করণ-অনট্) যাহা দ্বারা শরনিক্ষেপ করা যায়, ধনুক।

শরীর, বি, ক্লী (শৃ-কর্ম্ম-ঈরন্) যে রোগাদি দ্বারা শীর্ণ হয়, দেহ, কায়।

শরীরী, বি, পুং (শরীর+ইন্) দেহী, জীব। জীবাত্মা।

শরু, বি, পুং (শৃ-উ) বাণ। বজ্র। ক্রোধ।

শর্করা, বি, স্ত্রী (শৃ-কর্ত্তৃ-করন্+আপ) চিনি। খাবরা। কাঁকর। খণ্ড।

শর্ম্মা (র্ম্মন্), বি, পুং (শৃ-মন্) ব্রাহ্মণের উপাধি। ক্লী; কল্যাণ। সুখ।

শর্ম্মিষ্ঠা, বি, স্ত্রী; যযাতি রাজার কনিষ্ঠা ভার্য্যা, দৈত্যপতি বৃষ পর্ব্বের দুহিতা।

শর্ব্ব, বি, পুং (শর্ব্ব্-অন্) শিব।

শর্ব্বরী, বি, স্ত্রী (শৃ-কর্ত্তৃ-বরন্+ঈপ্) রজনী, রাত্রি।

শর্ব্বাণী, বি, স্ত্রী (শর্ব্ব+ঈপ্) পার্ব্বতী।

শলভ, বি, পুং (শল্-অভচ্) পতঙ্গ, ফড়িঙ্। পঙ্গপাল।

শলাকা, বি, স্ত্রী (শ্রৈ-আক্+আপ্) শলা। শিক। কণ্টক। তূলি, কাঠি প্রভৃতি।

{ শল্ক, (শল্-কর্ত্তৃ-ক)
শল্কল, (ঐ-কলন্) বি, ক্লী; মৎস্যাদির আঁইস। ত্বক্।

শল্য, বি, পুং, ক্লী (শল্-য) শঙ্কু, শেল। ক্লী; বাণ। পুং; মদ্রদেশের নৃপ বিং।

শল্যোদ্ধার, বি, পুং; প্রোথিত বাণাদির উত্তোলন। বাস্তুভূমি হইতে মনুষ্যাদির অস্থি উঠাইয়া ফেলা। [ত্বক্।

শল্লক, বি, ক্লী; শল্ক, আঁইস।

শল্লকী, বি, স্ত্রী (শল্ল+কণ্+ঈপ্) শজারু। বাবলা গাছ।

শব, বি, পুং, ক্লী (শব্-কর্ত্তৃ-অন্) মৃতদেহ। ক্লী; জল।

শবর, বি, পুং (শব-রা-ড) ব্যাধ। চণ্ডাল জাতি। শিব। ক্লী; জল। স্ত্রী,-রী।

শবল, বিণ (শব্-কলন্) নানা বর্ণবিশিষ্ট।

শবব্যবচ্ছেদ, বি, পুং; শবদেহ কর্ত্তন। (Post mortem)।

শব্দ, বি, পুং (শব্দ্-অল্) শ্রবণেন্দ্রিয় গ্রাহ্য পদার্থ, ধ্বনি। অর্থবোধক এক বা একাধিক বর্ণ।

শব্দপ্রবৃত্তি, বি, স্ত্রী; চতুর্ব্বিধ বাঙ্নিষ্পত্তি, যথা—বৈখরী, মধ্যমা, পশ্যন্তী, সূক্ষ্মা।

শব্দভেদী (দিন্) বিণ (শব্দ-ভিদ্-ণিন্) শব্দানুসারে বিদ্ধকারী (বাণবিং)।

শব্দশক্তি, বি, স্ত্রী; শব্দের অর্থ বোধক বৃত্তি, অভিধা, লক্ষণা প্রভৃতি।

শব্দায়মান, বিণ (শব্দ+ক্যঙ্=শব্দায় নামধাতু-কর্ত্তৃ-শান) যে শব্দ করিতেছে। স্ত্রী,-না।

শব্দিত, বিণ (শব্দ্-কর্ম্ম-ক্ত) ধ্বনিত।

শশ, শশক, বি, পুং (শশ্ [লাফিয়া লাফিয়া যাওয়া] -কর্ত্তৃ-অন্, কণ্) খরগোস। চন্দ্রের লাঞ্ছন।

শশধর, বি, পুং (শশ-ধৃ-কর্ত্তৃ-অন্) চন্দ্র। কর্পূর। [চন্দ্র।

শশভৃৎ, বি, পুং (-ভৃ-কিপ্)

শশলাঞ্ছন, বি, পুং; চন্দ্র।

শশবিষাণ, বি, ক্লী; শশকের শৃঙ্গ। (নিতান্ত অসম্ভব বিষয়ের উদাহরণ প্রদর্শন কালে ইহা প্রযুক্ত হয়।)

"তাহাদের অভিধানে ভদ্রতা, পবিত্রতা ও সারল্য প্রভৃতি শব্দ আকাশকুসুম বা শশবিষাণের ন্যায় অর্থশূন্য"
কালীপ্রসন্ন ঘোষ।

শশব্যস্ত, বিণ; অতিশয় ব্যস্ত। শশবৎব্যস্ত, মধ্যপদলোপী কর্ম্মধা।

শশা, (প্রা) বি; ফল বিং।

শশাঙ্ক, বি, পুং ; চন্দ্র। কর্পূর। শশ হইয়াছে অঙ্ক (চিহ্ন) যাহার, বহু।

শশিকলা, বি, স্ত্রী ; চন্দ্রকলা। শশীর কলা (অংশ), ৬ষ্ঠীতৎ।

শশিভূষণ, বি, পুং ; শিব। শশী (চন্দ্র) হইয়াছে ভূষণ যাঁহার, বহু।

শশিশেখর, বি, পুং ; শিব। শশী আছে শেখরে (চূড়ায়) যাঁহার, বহু।

শশী(শিন্), বি, পুং (শশ+ইন্, অস্ত্যর্থে) চন্দ্র। কর্পূর।

শশ্বৎ, ব্য (শশ্-বৎ) সর্ব্বদা।

শষ্কুলী, বি, স্ত্রী ; কর্ণের ছিদ্র।

শষ্প, বি, ক্লী (শস্-কর্ম্ম-প) নবতৃণ, নূতন ঘাস।

শষ্পবীথি, বি, ক্লী ; নূতন ঘাস-যুক্ত পথ।

শষ্পশয্যা, বি, স্ত্রী ; নবতৃণরূপ বিছানা। শষ্পরূপ শয্যা,রূপক।

শষ্পাবৃত, বিণ ; নূতন তৃণদ্বারা আচ্ছাদিত। ৩য়াতৎ।

শস্তা, (প্রা) বিণ ; সুলভ।

শস্ত্র, বি, ক্লী (শস্-করণ-ষ্ট্রন্) আয়ুধ, প্রহরণ।

[অস্ত্র ও শস্ত্রের পার্থক্য এই যে—যাহা হস্তে রাখিয়া প্রহার করা যায় তাহা শস্ত্র, যেমন খড়্গাদি ; আর যাহা ক্ষেপণ করা যায় তাহা অস্ত্র, যেমন—কোঁচ, বল্লম প্রভৃতি।]

শস্ত্রজীবী (শস্ত্র+জীবিন্)
শস্ত্রাজীব (শস্ত্র+আজীব=জীবিকা) বি, পুং ; সৈনিক।

শস্ত্রপাণি, বি, পুং ; শস্ত্রধারী। শস্ত্র আছে পাণিতে (হস্তে) যাহার, বহু।

শস্য, বি, ক্লী (শস্-কর্ম্ম-য) ফসল, ধান্য, গোধুম প্রভৃতি। শাঁস।

শস্যক্ষেত্র, বি, ক্লী ; শস্যভূমি, ফসলের ক্ষেত। ৬ষ্ঠীতৎ।

শস্যশ্যামল, বিণ ; ধান্যাদি শস্যের গাছ দ্বারা শ্যামবর্ণ। ৩য়াতৎ। স্ত্রী,-লা।

শস্যাগার, বি,পুং ; ফসল রাখিবার [গৃহ।

শাক, বি,পুং (শক+ষ্ণ) কোন রাজার রাজত্বারম্ভ বা অন্যবিধ কোন সুপ্রসিদ্ধ ঘটনা অবলম্বন করিয়া যে বৎসর গণনা করা হয়, যেমন—সম্বৎ, শকাব্দা, প্রভৃতি। সেগুন গাছ। দ্বীপ বিং। পুং, ক্লী (শক্-ঘঞ্) বৃক্ষের পত্র মূলাদি।

শাকটায়ন, বি, পুং (শকট+ষ্ণায়ন) শাব্দিক মুনি বিং।

শাকান্ন, বি, ক্লী ; শাকভাত। শাক যুক্ত অন্ন, মধ্যপদলোপী কর্ম্মধা।

শাকুনিক, বি,পুং (শকুন+ষ্ণিক) পক্ষী হন্তা, ব্যাধ বিং।

শাকুন্তলের, বি,পুং (শকুন্তলা + ঞের) শকুন্তলার পুত্র, ভরত রাজা।

শাক্ত, বিণ (শক্তি + ষ্ণ) তান্ত্রিক, শক্তির উপাসক। স্ত্রী,-ক্তী।

শাক্য, শাক্যমুনি, শাক্যসিংহ, } বি,পুং ; বৌদ্ধমত প্রবর্ত্তক মুনিবিং, বুদ্ধ দেব।

শাখা, বি,স্ত্রী (শাখ্-কর্ত্ত-অন্ + আপ্) বিটপ, গাছের ডাল। বেদের অংশ বিং। বাহু। গ্রন্থ-পরিচ্ছেদ।

শাখানগর, বি,ক্লী ; বৃহৎনগরের নিকটস্থ ক্ষুদ্র নগর।

শাখামৃগ, বি,পুং ; বানর, কপি।

শাখী, বি, পুং (শাখা + ইন্, অস্ত্যর্থে) বৃক্ষ, তরু।

শাট, বি, পুং, শাটী, বি, স্ত্রী } ধুতি, শাড়ী।

শাড়া, (প্রা) শব্দ। স্পন্দ। উত্তর।

শাড়ী, (প্রা) স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র।

শাঠ্য, বি,ক্লী(শঠ + ষ্ণ্য,ভাবার্থে) শঠতা, ধূর্ত্ততা।

শাণ, বি, ক্লী (শণ + ষ্ণ) শণ-সূত্র নির্ম্মিত বস্ত্র। পুং (শো-ণ) ঘর্ষণ যন্ত্র। কষ্টি পাথর।

শাণিত, বিণ (শাণি-কর্ম্ম-ক্ত) তীক্ষ্ণীকৃত, ধার দেওয়া।

শাণ্ডিল্য, বি,পুং (শণ্ডিল + ষ্ণ্য, অপত্যার্থে) গোত্র-প্রবর্ত্তক মুনি বিং, ইনি ভক্তিসূত্র নামক গ্রন্থ রচনা করিয়া ভক্তিপথ প্রদর্শন করিয়াছেন।

শাতকুম্ভ, বি, ক্লী (শতকুম্ভ [পর্ব্বত বিং] + ষ্ণ, ভবার্থে) স্বর্ণ।

শাত্রব, বি, ক্লী (শত্রু + ষ্ণ) শত্রুতা। পুং ; শত্রু।

শাদ, বি,পুং (শো-দ) নবতৃণ। পঙ্ক। [শুভ্র।

শাদা, (প্রা) বিণ ; শ্বেতবর্ণ,

শাদ্বল, বিণ (শাদ [শষ্প, নবতৃণ] + বল, অস্ত্যর্থে) নবতৃণ দ্বারা হরিদ্বর্ণ (স্থান)।

শান, বি,ক্লী (শো-অনট্) তীক্ষ্ণ-করণ। পুং ; ঘর্ষণ যন্ত্র। কষ্টি-পাথর।

শান্ত, বিণ (শম্-কর্ত্ত-ক্ত) শমগুণ বিশিষ্ট, স্থিরচিত্ত। জিতেন্দ্রিয়। শিষ্ট। ধীর, ঠাণ্ডা। নিবৃত্ত। বি, পুং; কাব্যের রস বিং, সুখ দুঃখ রাগ দ্বেষাদি পরিশূন্য শম প্রধান ভাবকে শান্তরস বলে।

শান্তনব, বি, পুং (শান্তনু + ষ্ণ, অপত্যার্থে) ভীষ্ম। [বিং।

শান্তনু, বি, পুং ; চন্দ্রবংশীয় নৃপ

শান্তভাব, বি, পুং ; স্থিরভাব, শমতা। কর্ম্মধা।

শান্তরসাস্পদ, বিণ ; শান্তরসের পাত্র। শান্তিময়, সুখ দুঃখ রাগ দ্বেষাদি বিরহিত। ৬ষ্ঠীতৎ।

"সেই শান্তরসাস্পদ পবিত্র নিকেতনে" (নিভৃত চিন্তা)

শান্তম্, ব্য ; নিবৃত্তি। বারণ।

শান্তস্বভাব, বি, পুং; ধীর প্রকৃতি। কর্ম্মধা। বিণ ; ধীর প্রকৃতি সম্পন্ন। শান্ত হইয়াছে স্বভাব যাহার, বহু। স্ত্রী,-বা।

শান্তা, বি, স্ত্রী ; ঋষ্যশৃঙ্গ মুনি-পত্নী, দশরথ তনয়া।

শান্তি, বি, স্ত্রী (শম্-ভাবে-ক্তি) চিত্তের স্থিরতা, শমগুণ। বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি। বিশ্রাম। নিবৃত্তি। মুক্তি। নিরুপদ্রবতা। মঙ্গল। বিণ,-স্ত।

শান্তিনিকেতন, বি, ক্লী ; শান্তির আলয়। শান্তিময় স্থান। ৬ষ্ঠীতৎ। [৬ষ্ঠীতৎ।

শান্তিপ্রদ, বিণ ; শান্তিদায়ক।

শান্তিপ্রিয়, বিণ ; যে উপদ্রবশূন্য হইয়া থাকিতে ভালবাসে। শান্তি হইয়াছে প্রিয় যাহার, বহু।

শান্তিভঙ্গ, বি, পুং ; শান্তিনাশ। ৬ষ্ঠীতৎ।

শান্তিময়, বিণ (শান্তি+ময়ট্) শান্তিপূর্ণ। বিঘ্নরহিত। স্ত্রী,-য়ী।

শাপ বি, পুং (শপ্-ভাবে-ঘঞ্) অভিসম্পাত। দিব্য। বিণ, শপ্ত।

শাপগ্রস্ত, বিণ ; অভিসম্পাত প্রাপ্ত। ৩য়াতৎ।

শাপভ্রষ্ট, বিণ ; অভিসম্পাত জন্য অধঃপতিত। ৩য়াতৎ।

শামলা, (যা) শালের পাগ্‌ড়ি।

শামা, (প্রা) বি ; পক্ষী বিং।

শামিল, (যা) বি ; একত্র।

শামিয়ানা, (যা) বি ; চন্দ্রাতপ, চাঁদোয়া।

শামুক, (প্রা) বি ; শম্বুক।

শামিত্র, বি, ক্লী (শামি-ইত্রন্) পশু-বধ। পশুবন্ধন। পশুবধ স্থান।

শাম্ব, বি, পুং ; শ্রীকৃষ্ণের পুত্র।

শাম্বরী, বি, স্ত্রী ; ইন্দ্রজাল বিদ্যা।

শায়ক, বি, পুং (শো-কর্ত্তৃ-ণক) বাণ। খড়্গ।

শায়িত, বিণ (শায়ি-কর্ম্ম-ক্ত) যাহাকে শয়ন করান হইয়াছে। পাতিত।

শার, বিণ (শার্-অন্) নানাবর্ণ।

শারঙ্গ, বি, পুং ; ময়ূর। চাতক-পক্ষী। ভ্রমর। হরিণ। শার (নানাবর্ণ) হইয়াছে অঙ্গ যাহার, বহু।

শারঙ্গী, (প্রা) বাদ্যযন্ত্র বিং।

{ শারদ, (শরদ্+ষ্ণ) বিণ ;
শারদীয়, (শরদ্+ণীয়) শরৎ-কালীন। স্ত্রী,-দী,-য়া।

শারদশশী, বি, পুং ; শরৎকালীন চন্দ্র। কর্ম্মধা।

শারদা, বি, স্ত্রী (শরদ্ + ষ্ণ + আপ) সরস্বতী। দুর্গা।

শারি, শারিকা, বি,স্ত্রী (শ-ইঞ, কণ্) পাশক, অক্ষগুটিকা। বীণাদিবাদন যষ্টি। সারিকা পক্ষিণী।

শারীর, (শরীর + ষ্ণ) বিণ; শরীর সম্বন্ধীয়।

শারীরিক, বিণ (ঐ + ষ্ণিক) দৈহিক। শরীর সম্বন্ধীয়।

শারীরক, বিণ (শরীর + কণ্) দেহসম্বন্ধীয়। বি,পুং; জীবাত্মা। বেদান্তসূত্র শঙ্করাচার্য্যকৃত বেদান্ত মীমাংসা ভাষ্য।

শার্ঙ্গ, বি,ক্লী (শৃঙ্গ + ষ্ণ) বিষ্ণু-ধনু। বিণ; শৃঙ্গসম্বন্ধীয়, শৃঙ্গ নির্ম্মিত

শার্ঙ্গী বি, পুং (শার্ঙ্গ + ইন্) বিষ্ণু। বিণ; ধনুর্দ্ধর।

শার্দ্দূল, বি, পুং (শৃ-কর্ত্তৃ-দূলচ) ব্যাঘ্র। (শব্দের পরবর্ত্তী হইলে শ্রেষ্ঠ।

শাল, বি, পুং (শল্ ঘঞ) শালিবাহন রাজা। মৎস্য বিং। সর্জ্জবৃক্ষ। প্রাচীর। (প্রা) পশমী বস্ত্র বিং

শালগ্রাম, বি, পুং; চক্রাকার ছিদ্রযুক্ত গণ্ডকীস্থিত শিলা-পিণ্ডরূপ বিষ্ণুর মূর্ত্তি বিং। দেশ বিং।

শালভঞ্জিকা, বি, স্ত্রী; কাষ্ঠের পুতুল।

শালা, বি, পুং (শল্-অধি-ঘঞ্ + আপ্) গৃহ। (প্রা) স্ত্রীর ভ্রাতা।

শালি, বি, পুং; ধান্য বিং।

শালিয়ানা, (যা) বিণ; বাৎসরিক।

শালিবাহন, বি, পুং; নৃপবিং। (ইহাঁর প্রবর্ত্তিত অব্দ 'শক' নামে খ্যাত।)

শালী(লিন্), বিণ (শাল্-কর্ত্তৃ-ণিন্) যুক্ত, বিশিষ্ট। শোভমান। স্ত্রী,-লিনী। (প্রা) স্ত্রীরভগিনী।

শালীন, বিণ (শালা + ঈনঞ্) সলজ্জ। বিনীত। বি,-তা।

শালু(লূ)ক, বি, ক্লী (শাল্ উক, ঊক) পদ্মাদির মূল।

শালূর, বি, পুং (ঐ-ঊর) ভেক।

শালোত্তর, বি, ক্লী; পাণিনি মুনির গুরুর আশ্রম।

শালোত্তরীয়, বি পুং (শালোত্তর + ঈয়) পাণিনি, প্রসিদ্ধ বৈয়াকরণ। কথিত আছে যে, পাণিনি নির্ব্বুদ্ধিতা হেতু গুরুগৃহ হইতে বিতাড়িত হইয়া শিবারাধনায় বিদ্যালাভ করেন।

শাল্মলি(লী), বি, পুং, স্ত্রী; শিমুল গাছ। সপ্তদ্বীপের এক দ্বীপ।

শাল্ব, বি, পুং (শাল্-ব) নৃপ বিং। দেশ বিং।

শাব, (শব্-কর্ত্তৃ-ষঞ্) বি, পুং ;
শাবক, (শাব + কণ্, স্বার্থে) বাচ্চা, ছানা।

শাবর, বি, ক্লী (শবর + ষ্ণ) মৃগচর্ম্ম। শবরপণ্ডিতকৃত ভাষ্যগ্রন্থ। পুং ; লোধ্রবৃক্ষ। পাপ। বিণ; শবর সম্বন্ধীয়।

শাব্দিক, বিণ (শব্দ + ষ্ণিক) শব্দশাস্ত্রজ্ঞ।

শাবল, (প্রা) বি ; খন্তা বিং।

শাবুদ, (যা) বি ; প্রমাণ, সাক্ষ্য।

শাশ্বত (শশ্বৎ [সদা] + ষ্ণ, স্থিতার্থে)
শাশ্বতিক (শশ্বৎ + ষ্ণিক) বিণ ; নিত্য, চিরস্থায়ী, সনাতন।

শাসক, বিণ (শাস-কর্ত্তৃ-ণক) শাসন কর্ত্তা।

শাসন, বি, ক্লী (ঐ ভাবে-অনট্) দমন। আজ্ঞা। উপদেশ। (ঐ-করণ) সনন্দ। শস্ত্র। (ঐ কর্ম্ম-) রাজদত্ত ভূমি। বিণ,-সিত।

শাসনতন্ত্র, বি, ক্লী ; রাজ্যশাসন-প্রণালী। ৬ষ্ঠীতৎ।

শাসনদণ্ড, বি, ক্লী ; শাসন কার্য্য। ৬ষ্ঠীতৎ।

শাসন-প্রণালী, বি, স্ত্রী, শাসন-তন্ত্র, রাজ্য-শাসনের রীতি। ৬ষ্ঠীতৎ।

শাসনহর, বি, পুং ; রাজদূত।

শাসনীয়, (শাস্-কর্ম্ম-অনীয়)
শাস্য, (ঐ-ষ্যণ্) বিণ ; শাসন-যোগ্য।

শাসিত, বিণ (ঐ-ক্ত) দমিত। দণ্ডিত। প্রতিপালিত। বি,-সন।

শাসিতা, শাস্তা, বিণ (ঐ-কর্ত্তৃ-তৃন্) শাসন কর্ত্তা স্ত্রী,-ত্রী,-স্ত্রী।

শাস্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) দণ্ড। যন্ত্রণা।

শাস্ত্র, বি, ক্লী (ঐ-করণ ত্র) দেবতা বা ঋষিপ্রণীত গ্রন্থ, বেদ-স্মৃতি-পুরাণাদি।

শাস্ত্রকার, বিণ (শাস্ত্র-কৃ-ষণ্) শাস্ত্র প্রণেতা।

শাস্ত্রজ্ঞ, (শাস্ত্র-জ্ঞা-কর্ত্তৃ-ড)
শাস্ত্রদর্শী, (ঐ দৃশ্-ণিন্)
শাস্ত্রবিদ (ঐ-বিদ্-কিপ্) বিণ ; শাস্ত্রজ্ঞান সম্পন্ন, বিদ্বান্।

শাস্ত্রানুমোদিত, বিণ ; শাস্ত্রসম্মত। ৩য়াতৎ।

শাস্ত্রী, বিণ (শাস্ত্র + ইন্ জ্ঞাতার্থে) শাস্ত্রজ্ঞ, বিদ্বান্।

শাস্ত্রীয়, (শাস্ত্র + ঈয়) বিণ ; শাস্ত্র
শাস্ত্রোক্ত, (শাস্ত্র + উক্ত) সম্মত।

শিঁথি, (প্রা) বি ; সীমন্ত।

শিংশপা, বি, স্ত্রী ; শিশুগাছ।

শিউলি, (প্রা) শেফালিকা পুষ্প।

শিকড়, (প্রা) বি ; বৃক্ষাদির মূল।

শিকল, (প্রা) বি ; শৃঙ্খল, নিগড়।

শিকার, (যা) বি ; মৃগয়া।

শিকারী, (বা) বিণ; মৃগয়াকারী।
শিক্‌,(প্রা) বি; দীর্ঘ লৌহশলাকা।
শিক্থ, শিক্থক, বি,ক্লী; মোম।
শিক্ষক, বিণ (শিক্ষি-কর্ত্তৃ-ণক) শিক্ষাদাতা। শাসন কর্ত্তা। স্ত্রী,-ক্ষিকা।
শিক্ষণ, বি, ক্লী (শিক্ষ্ [শিখা]-ভাবে-অনট্) শিক্ষা। অভ্যাস। (ঐ শিক্ষি [শিখান]-অনট্) শিখান। পড়ান। বিণ,-ক্ষিত।
শিক্ষণীয়, বিণ (শিক্ষ্-[শিখা]-কর্ম্ম-অনীয়) শিক্ষাযোগ্য। (ঐ-শিক্ষি [শিখান]-অনীয়) শিখাইবারযোগ্য।
শিক্ষয়িতা(তৃ), বিণ (শিক্ষি-কর্ত্তৃ-তৃন্) শিক্ষক। স্ত্রী,-ত্রী।
শিক্ষায়ত্রী, বিণ,স্ত্রী; "শিক্ষয়িতা" দেখ।
শিক্ষা, বি, স্ত্রী (শিক্ষ্-ভাবে-অ + আপ্) অধ্যয়ন। উপদেশ। অভ্যাস। দমন। বেদাঙ্গ গ্রন্থ বিং।
শিক্ষাপ্রণালী, বি, স্ত্রী ; শিক্ষার রীতি। ৬ষ্ঠীতৎ।
শিক্ষার্থী(থিন্), বিণ, পুং ; শিক্ষা লাভেচ্ছু। স্ত্রী,-থিনী।
শিক্ষিত, বিণ (শিক্ষ-কর্ম্ম-ক্ত বা শিক্ষা + ইত, যুক্তার্থে) শিক্ষা-প্রাপ্ত, কৃতবিদ্য। বি,-ক্ষা,-ক্ষণ।
শিখণ্ড, শিখণ্ডক, বি, পুং (শিখা-অম্-ড, কণ্) ময়ূরপুচ্ছ। শিখা, চূড়া।
শিখণ্ডী(ণ্ডিন্),বি, পুং (শিখণ্ড + ইন, অস্ত্যর্থে) ময়ূর। দ্রুপদ রাজার পুত্র। স্ত্রী,-ণ্ডিনী।
শিখর, বি, পুং, ক্লী (শিখা + অরচ্) পর্ব্বতশৃঙ্গ। বৃক্ষাদির অগ্রভাগ। পুলক, রোমাঞ্চ।
শিখরবাসিনী, বি, স্ত্রী ; পার্ব্বতী, দুর্গা।
শিখরী(রিন্), বি, পুং (শিখর + ইন্, অস্ত্যর্থে) পর্ব্বত। বৃক্ষ।
শিখা, বি, স্ত্রী (শী-খ + আপ্) চূড়া, অগ্রভাগ। আগুণের শীষ। কিরীট। শিরোমধ্যস্থ কেশগুচ্ছ, টিকী।
শিখাবল, বি, পুং (শিখা + বল) ময়ূর।
শিখিধ্বজ, বি, পুং ; কার্ত্তিকেয়। শিখী (ময়ূর) হইয়াছে ধ্বজ (চিহ্ন) যাঁহার, বহু। ধূম, ধূঁয়া।
শিখিবাহন, বি, পুং ; কার্ত্তিকেয়। শিখী (ময়ূর) হইয়াছে বাহন যাঁহার, বহু।
শিখী(খিন্), বি, পুং (শিখা + ইন্ , অস্ত্যর্থে) ময়ূর। অগ্নি। বাণ। কেতুগ্রহ। স্ত্রী,-খিনী।
শিঙ্গা, (প্রা) শৃঙ্গ। বাদ্যযন্ত্র বিং।

শিঞ্জ, বি, পুং (শিন্‌জ্‌-ভাবে-অল্‌)
শিঞ্জা, বি, স্ত্রী (ঐ-অ + আপ্‌)
শিঞ্জিত, বি, ক্লী (ঐ-ক্ত)
অব্যক্ত শব্দ। ভূষণ ধ্বনি। জ্যা, ধনুকের ছিলা। বিণ; মুখর, শব্দায়মান।

শিঞ্জিনী, বি, স্ত্রী (শিন্‌জ্‌-কর্ত্তৃ-ণিন্‌ + ঈপ্‌) নূপুর। ধনুকেরছিলা।

শিত, বিণ (শো-কর্ম্ম-ক্ত) শাণিত। ক্ষীণ, দুর্ব্বল।

শিতি, বিণ (শি-কর্ত্তৃ-তিক্‌) কৃষ্ণবর্ণ। শুক্লবর্ণ।

শিতিকণ্ঠ, বি, পুং; নীলকণ্ঠ, শিব। ময়ূর। শিতি (কৃষ্ণবর্ণ) হইয়াছে কণ্ঠ যাঁহার, বহু।

শিতিবাসাঃ(সস্‌), বি, পুং; নীলাম্বর, বলরাম। বহুব্রী।

শিথিল, বিণ (শ্লথ্‌-কিল) শ্লথ, আল্‌গা, ঢিলা। ক্লান্ত। অলস। বি,-তা, শৈথিল্য। [বিং।

শিনি, বি, পুং; যদুবংশীয় নৃপ

শিপ্রা, বি, স্ত্রী; নদী বিং।

শিফা, বি, স্ত্রী (শী-ফক্‌) তন্তুবিশিষ্ট শিকড়, ঝুরি।

শিম, (প্রা), বি; শিম্বী। শিমগাছ।

শিমুল, (প্রা) বি; শাল্মলী বৃক্ষ।

শিম্বিকা, শিম্বী, বি, স্ত্রী; শীম গাছ। শীম।

শিয়র, (প্রা) বি; যে দিকে শয়ন কারীর মস্তক থাকে।

শিয়াল, (প্রা) বি; শৃগাল, জম্বুক।

শির, শিরঃ(স্‌), বি, ক্লী (শ্রি-কর্ম্ম-ক, অস্‌) মাথা, মস্তক। অগ্রভাগ। সৈন্যের অগ্রবর্ত্তীদল।

শিরসিজ, বি, পুং (শিরসি-জন্‌-ড) মাথার চুল, কেশ।

শিরস্ক,(শিরস্‌-কৈ-কর্ত্তৃ-ড)বি,ক্লী;
শিরস্ত্র,(ঐ-ত্রৈ-ড)উষ্ণীষ, পাগ্‌ড়ী,
শিরস্ত্রাণ, (ঐ-অনট্‌) টুপী।

শিরা, বি,স্ত্রী (শৃ-ক) নাড়ী,ধমনী, দেহ মধ্যস্থ শোণিত প্রবাহের নালী।

শিরাল, বিণ; শিরাযুক্ত।

শিরীষ, বি, পুং (শৃ-কর্ম্ম-কীষন্‌) বৃক্ষ বিং। ক্লী; তৎপুষ্প।

শিরোগৃহ, বি, ক্লী; চন্দ্রশালা, চিলেকোঠা।

শিরোধার্য্য, বিণ; মস্তকে ধারণীয়। অতিমান্য। অবশ্য পালনীয়। শিরসি (মস্তকে) ধার্য্য, ৭মীতৎ; অথবা শিরঃ দ্বারা ধার্য্য, তৃয়াতৎ।

শিরোনাম (মন্‌), বি, ক্লী; পত্রের উপরি লিখিত নাম।

শিরোমণি, বি, পুং; মস্তকস্থ রত্নভূষণ। পণ্ডিতের উপাধিবিং। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ; যথা—বৈষ্ণবশিরোমণি।

শিরোরুহ, বি, ক্লী (শিরস্‌-রুহ্‌-ক) কেশ।

শিরোবেষ্টন, বি, ক্লী ; উষ্ণীষ, পাগ্‌ড়ী। ৬ষ্ঠীতৎ।
শিল, বি, ক্লী (শিল্-ভাবে-ক) উঞ্ছবৃত্তি, ক্ষেত্রেপতিত ধান্যাদি খুঁটিয়া লওয়া।
শিলা, বি, স্ত্রী (শিল্-ক + আপ্) প্রস্তর।
শিলাজতু, বি, ক্লী ; শৈলেয় গন্ধদ্রব্য বিং।
শিলাতল, বি, ক্লী ; প্রস্তরের উপরিভাগ।
শিলাদিত্য, বি, পুং ; নৃপ বিং, ইহাঁর আদিনাম হর্ষবর্দ্ধন।
শিলাপট্ট, বি, পুং ; চন্দনাদি পেষণ-প্রস্তর, শিলপাটা।
শিলাপুত্র, বি, পুং ; পুতো, নোড়া।
শিলারস, বি, পুং ; গন্ধদ্রব্য বিং।
শিলালিপি, বি, স্ত্রী ; প্রস্তরাদিতে খোদিত অক্ষর।
শিলাবৃষ্টি, বি. স্ত্রী ; আকাশ হইতে শিলপড়া।
শিলি, বি, পুং ; ভূর্জ্জপত্র বৃক্ষ।
শিলী, বি, স্ত্রী ; ছত্রাক। গোবরাট্। শল্য।
শিলীন্ধ্র, বি, পুং (শিলী-ধৃ খ) মৎস্য বিং। কদলী বৃক্ষ। ক্লী ; তৎপুষ্প, মোচা।
শিলীপদ, বি, পুং ; গোদ রোগ।
শিলীমুখ, বি, পুং ; ভ্রমর। বাণ।
শিলোচ্চয়, বি, পুং ; পর্ব্বত। শিলার উচ্চয় (রাশি), ৬ষ্ঠীতৎ।
শিল্প, বি, ক্লী (শিল্-ভাবে-পক্) নির্ম্মাণাদি কর্ম্ম, কারিকরি।
শিল্পকর,-কার, বিণ (শিল্প-কৃ-কর্ত্তৃ-যণ) শিল্পী, কারিকর।
শিল্পযন্ত্র, বি, ক্লী ; কল।
শিল্পলিপি, বি, স্ত্রী ; প্রস্তরাদিতে খোদিত অক্ষর।
শিল্পশালা, বি, স্ত্রী ; কারখানা-ঘর। ৬ষ্ঠীতৎ।
শিল্পী (ল্পিন্) বিণ (শিল্প + ইন্) শিল্পকর্ম্মকারী, কারিকর। মালাকার, কর্ম্মকার, শঙ্খকার, তন্তুবায়, কুম্ভকার ও কংসকার, এই ছয়। স্ত্রী,-ল্পিনী।

"মালাকারঃ কর্ম্মকারঃ
শঙ্খকারঃ কুবিন্দকঃ।
কুম্ভকারঃ কংসকারঃ
ষড়েতে শিল্পিনো নরাঃ॥"

শিব, বি, পুং (শী-অধি-বন্) শয়ন করে সকলে যাহাতে অর্থাৎ যাহাতে শেষে সকল পদার্থ বিলীন হয়, শঙ্কর, মহাদেব। ক্লী ; মঙ্গল, শুভ। সুখ। জল। বিণ ; মঙ্গলজনক।
শিবজী, বি, পুং ; মহারাষ্ট্রের প্রসিদ্ধ নৃপ বিং।
শিবচতুর্দ্দশী, বি, স্ত্রী ; ফাল্গুন মাসের কৃষ্ণ চতুর্দ্দশী।

শিবরাত্রি, বি, স্ত্রী; ফাল্গুন মাসের কৃষ্ণ চতুর্দ্দশী রাত্রি।

শিবলিঙ্গ, বি, ক্লী; শিবের প্রস্তর মৃত্তিকাদিময় মূর্তি।

শিবা, বি, স্ত্রী; শিবানী, দুর্গা; শৃগালী। হরীতকী।

শিবানী, বি, স্ত্রী (শিব+ঈপ, পত্নী অর্থে) ভবানী, দুর্গা।

শিবালয়, বি, পুং; শ্মশান। শিবমন্দির। ৬ষ্ঠী তৎ।

শিবি, বি, পুং; নৃপ বিং। ভূর্জ্জ বৃক্ষ। হিংস্রজন্তু।

শিবিকা, বি, স্ত্রী (শিব+ণিচ = শিবি [নামধাতু]-কর্ত্তৃ-কণ্+আপ্) যান বিং পাল্কী।

শিবির, বি, ক্লী। শী-অধি-কির) সেনানিবেশ, ছাউনি, তাঁবু।

শিশি, (যা) কাচনির্ম্মিতপাত্র বিং।

শিশির, বি, পুং (শশ্-অধি কির) হিম। পুং, ক্লী; শীতকাল, মাঘ ফাল্গুন মাস। বিণ, শীতল।

শিশু, বি, পুং (শো-কর্ত্তৃ-উ) বালক, ১৬ বৎসরের অনধিক বয়স্ক। বৃক্ষ বিং।

শিশুক, বি, পুং (শিশু+কণ্) জলজন্তু বিং, শুশুক। বালক। শিশুগাছ।

শিশুত্ব, বি, ক্লী (শিশু+ত্ব) শৈশব, বাল্যাবস্থা।

শিশুপাল, বি, পুং; চেদিরাজবিং।

শিশুমার, বি, পুং (শিশু-মারি-ণণ্) জলজন্তু বিং, শুশুক।

শিশ্ন, বি, পুং (শশ্-নক্, নি) পুরুষোপস্থ, মেঢ্র।

শিষ্ট, বিণ (শাস্-কর্ম্ম-ক্ত) শান্ত; সুশীল। নীতিজ্ঞ। বি,-তা।

শিষ্টতা, বি, স্ত্রী (শিষ্ট+তা, ভাবার্থে) ধীরতা, নম্রতা।

শিষ্টাচার, বি, পুং; সাধুব্যবহার, ভদ্রতা। শিষ্ট যে আচার, কর্ম্মধা।

শিষ্য, বি, পুং (শাস্-কর্ম্ম-ক্যপ) ছাত্র। চেলা। বিণ; শাসনযোগ্য। উপদেশ্য।

শিহরণ (প্রা) ভয়াদিজনিত গাত্রস্পন্দন, রোমাঞ্চ হওয়া।

শীকর, বি, পুং (শীক্-কর্ত্তৃ-অরন্) জলকণা। সূক্ষ্মবৃষ্টি।

শীঘ্র, বি, ক্লী (শিন্‌ঘ-ভাবে-রক্) অবিলম্ব, ত্বরা। বিণ (ঐ-কর্ত্তৃ-) ত্বরান্বিত। ক্রি, বিণ; অবিলম্বে। বি,-তা।

শীঘ্রগ, বিণ (শীঘ্র-গম্-ড) দ্রুতগামী।

শীত, বিণ (শ্যৈ-কর্ত্তৃ-ক্ত) শীতল। বি, ক্লী; হিম ঋতু, শীতলতা।

শীতকর, শীতগু, শীতরশ্মি, শীতাংশু, } বি, পুং; চন্দ্র। কর্পূর। শীত (শীতল) হইয়াছে কর, গু, রশ্মি, অংশু (কিরণ) যাহার, বহু।

শীতল, বিণ (শীত-লা-কর্ত্তৃ ড) ঠাণ্ডা। বি, ক্লী; চন্দন। বেণার মূল। মুক্তা।
শীতলা, বি, স্ত্রী ; দেবী বি°।
শীতাদ্রি, বি,পুং; হিমালয়পর্ব্বত।
শীতাভ, শীতাভ্র, বি, পুং ; চন্দ্র।
শীতার্ত্ত, বিণ ; শীতে কাতর। শীতদ্বারা ঋত বা আর্ত্ত (পীড়িত), ওয়াতৎ।
শীৎকার, বি, পুং } 'ইস্' এই-
শীৎকৃত, বি, ক্লী } রূপ শব্দ করা, শিহরণ।
শীর্ণ, বিণ (শৄ-কর্ত্তৃ-ক্ত) কৃশ, ক্ষীণ। ছিন্ন।
শীর্ষ, বি, ক্লী (শিরস্ স্থানে শীর্ষ আদেশ) মস্তক।
শীর্ষক, বি, ক্লী (শীর্ষ+কণ্) মস্তক। উষ্ণীষ। পাগ্ড়ী।
শীল, বি, ক্লী (শীল্-করণ-অল্) চরিত্র, স্বভাব। সাধু চরিত্র। বিণ ; যুক্ত, বিশিষ্ট।
শীলন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) অভ্যাস। আলোচনা। বিণ, -লিত।
শীলবান্(বৎ), বিণ (শীল+বতু, অস্ত্যর্থে) সৎস্বভাবযুক্ত। স্ত্রী, -বতী।
শুঁড়, (প্রা) বি ; হস্তি-শুণ্ড।
শুঁড়ি, (প্রা) বি ; শুণ্ডী, মদ্য-বিক্রেতা।
শুঁয়া, (প্রা) শূক, ধান্যাদির অগ্রভাগ।
শুক, বি, পুং (শুক্-কর্ত্তৃ-ক) টিয়া পাখী। রাবণের মন্ত্রী।
শুকদেব, বি, পুং ; ঋষি বিং, ব্যাসদেবের পুত্র।
শুক্ত, বি, ক্লী ; তিক্তরসযুক্ত ব্যঞ্জন বিং। বিণ ; পবিত্র। নিষ্ঠুর।
শুক্তি, বি, স্ত্রী (শুচ্-করণ-ক্তি) ঝিনুক।
শুক্তিকা, বি, স্ত্রী ; ঝিনুক।
শুক্তিজ, বি, ক্লী (শুক্তি-জন্-ড) মুক্তা। বিণ; শুক্তি হইতে জাত।
শুক্র, বি, পুং (শুচ্-কর্ত্তৃ-রক্) গ্রহ বিং। দৈত্য গুরু ; ক্লী ; শরীরস্থ ধাতু বিং, বীর্য্য।
শুক্রাচার্য্য, বি, পুং ; দৈত্যগুরু, ভার্গব।
শুক্ল, বি, পুং (শুচ্-কর্ত্তৃ-লক্) শ্বেতবর্ণ। বিণ ; শুভ্র, শ্বেতবর্ণ-যুক্ত। বি,-ত্ব, শুক্লিমা।
শুক্লপক্ষ, বি, পুং ; অমাবস্যার পরবর্ত্তী প্রতিপৎ হইতে পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি।
শুঙ্গ, বি, পুং ; ধান্যাদির শুঁয়া।
শুচি বিণ (শুচ্-কর্ত্তৃ-ইক্) পবিত্র, শুদ্ধ। বি, পুং ; অগ্নি। বি,-তা, শৌচ। [শুঁঠ।
শুণ্ঠি, শুণ্ঠিকা, শুণ্ঠী, বি, স্ত্রী ;

শুণ্ড, বি, পুং (শুন্-কর্ত্তৃ-ড) হাতীর শুঁড়।
শুণ্ডী, বি, পুং (শুণ্ড-ইন্) হস্তী। শুঁড়ি।
শুদ্ধ, বিণ (শুধ্-কর্ত্তৃ-ক্ত) পবিত্র। নির্ম্মল। নির্দ্দোষ। শুভ্র। স্বচ্ছ। অমিশ্রিত। কেবল। বি,-দ্ধি, শোধন।
শুদ্ধচারিণী, বিণ, স্ত্রী; পবিত্রাচার কারিণী। বিশুদ্ধচরিত্রা। (শুদ্ধ-চারী দেখ)। পুং,-চারী।
শুদ্ধচারিতা, বি, স্ত্রী (শুদ্ধচারিন্ + তা,ভাবার্থে) পবিত্রাচার।
শুদ্ধচারী(রিন্), বিণ, পুং (শুদ্ধ-চর্-কর্ত্তৃ-ণিন্) পবিত্রাচার কারী। বিশুদ্ধ চরিত্র। স্ত্রী, -রিণী। বি,-রিতা।
শুদ্ধাচার, বি, পুং; পবিত্র আচরণ। কর্ম্মধা। বিণ; পবিত্র আচার সম্পন্ন। বহু।
শুদ্ধাচারী, বিণ, পুং (শুদ্ধাচার + ইন্) পবিত্র আচার সম্পন্ন। স্ত্রী,-রিণী।
শুদ্ধান্ত, বি, পুং (শুদ্ধ + অন্ত) অন্তঃপুর। অন্তঃপুর-স্ত্রী।
শুদ্ধি, বি, স্ত্রী (শুধ্-ভাবে-ক্তি) শুদ্ধতা। নির্ম্মলতা। পবিত্রতা। বিণ,-দ্ধ। [পিতা।
শুদ্ধোদন, বি, পুং; বুদ্ধদেবের
শুধরণ, (প্রা) বি; সংশোধন।
শুধু, (প্রা) ক্রিবিণ; শুদ্ধ, কেবল।
শুন, বি, পুং (শুন্-কর্ত্তৃ-ক) কুক্কুর।
শুনক, বি, পুং (শুন + কণ্) মুনি বিং। কুক্কুর।
শুনঃশেফ, বি, পুং, মুনি বিং, মুনিবর ঋচিকের পুত্র।
শুনি(নী), বি, পুং, স্ত্রী (শুন্-ইক্) কুক্কুর।
শুভ, বি, ক্লী (শুভ্-কর্ত্তৃ-ক) কল্যাণ, মঙ্গল। সুখ। বিণ; মঙ্গল দায়ক।
শুভকর, শুভঙ্কর, বিণ (শুভ-কৃ-কর্ত্তৃ-ট) মঙ্গলকারক। স্ত্রী,-রী।
শুভঙ্কর, বি, পুং; স্বনামখ্যাত বঙ্গীয় গণিতজ্ঞ। বীরভূম জিলায় কায়স্থ বংশে ইঁহার জন্ম।
শুভদ, বিণ (শুভ-দা-ড) মঙ্গল-দায়ক।
শুভদৃষ্টি, বি, স্ত্রী; মঙ্গলজনক দৃষ্টি। কর্ম্মধা।
শুভমুহূর্ত্ত, বি, পুং ক্লী; শুভজনক অত্যল্প সময়। কর্ম্মধা।
শুভাকাঙ্ক্ষা, বি, স্ত্রী; মঙ্গল-কামনা। ৬ষ্ঠীতৎ।
শুভাকাঙ্ক্ষী, বিণ পুং (শুভ-আ-কান্ক্ষ-ণিন্) কল্যাণকামী। স্ত্রী,-ঙ্ক্ষিণী।
শুভাগমন, বি, ক্লী; কল্যাণকর আগমন। কর্ম্মধা।

শুভানুধ্যান, বি, ক্লী; মঙ্গল চিন্তা। ষষ্ঠীতৎ।

শুভানুধ্যায়ী, বিণ (শুভ-অনু-ধ্যৈ-কর্ত্তৃ-ণিন্) মঙ্গলপ্রার্থী। স্ত্রী, -য়িনী।

শুভানুষ্ঠান, বি, ক্লী; মঙ্গলজনক কার্য্য। কর্ম্মধা।

শুভ্র, বি, পুং (শুভ্-কর্ত্তৃ রক্) শ্বেতবর্ণ। ক্লী; রৌপ্য। বিণ; শ্বেতবর্ণ যুক্ত।

শুভ্রাংশু, বি, পুং; চন্দ্র। কর্পূর। শুভ্র হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু।

শুম্ভ, বি, পুং; অসুর বি', নিশুম্ভের ভ্রাতা।

শুল্ক, বি, পুং, ক্লী (শুল্ক্-অল্) মাসুল, কর। মূল্য। পণ, বাজি। বিবাহের পণ। যৌতুক।

{শুশ্রূষণ, বি, ক্লী (শ্রু-সন্-অনট্,
শুশ্রূষা, (ঐ-অ+আপ্) সেবা, পরিচর্য্যা। শ্রবণেচ্ছা। বিণ, -শ্রূষু।

শুশ্রূষু, বিণ (শ্রু-সন্-কর্ত্তৃ-উ) শ্রবণেচ্ছু। সেবক।

শুষির, বি, ক্লী (শুষ্-কর্ত্তৃ-কিরচ্) ছিদ্র, গর্ত্ত। বংশ্যাদি-বাদ্য। পুং; মূষিক। বিণ; সচ্ছিদ্র।

শুষ্ক, বিণ (ঐ-ক্ত) শুক্‌না, রসহীন। শীর্ণ। বি,-তা।

শুষ্ম (ষ্মন্), বি, ক্লী (ঐ-মন্) তেজঃ। বল। পুং; অগ্নি

শূক, বি, পুং ক্লী (শো-কর্ত্তৃ-উকক্) শস্যাদির সূক্ষ্মাগ্র, শুঁয়া।

শূককীট, বি, পুং; শুঁয়াপোকা।

শূকধান্য, বি, ক্লী; সূক্ষ্মাগ্র শস্য, যবগোধূমাদি।

শূকর, বি, পুং (শূ [অনুকরণশব্দ] -কৃ-কর্ত্তৃ ট) বরাহ। স্ত্রী,-রী।

শূদ্র, বি, পুং (শুচ্ রক্) চতুর্থবর্ণ। স্ত্রী, (জাতিঅর্থে)-দ্রা; (পত্নী অর্থে)-দ্রী।

শূদ্রা, বি, স্ত্রী; শূদ্রজাতীয়া স্ত্রী।

শূদ্রী, বি, স্ত্রী; শূদ্রপত্নী।

শূনা, বি, স্ত্রী; বধ্যভূমি।

শূন্য, বিণ (শূনা+য) নির্জ্জন। রিক্ত। রহিত। বি, ক্লী; আকাশ। '০' এই চিহ্ন।

শূন্যগর্ভ, বিণ; খালি, ফাঁপা। শূন্য হইয়াছে গর্ভ (অভ্যন্তর) যাহার, বহু।

শূন্যবাদী, বি, পুং; নাস্তিক।

শূর, বি, পুং (শূর্-কর্ত্তৃ-অন্) বীর। সাহসী। সূর্য্য। যাদববিং।

শূরণ, বি, পুং; ওল প্রভৃতির মূল। [কুলা।

শূর্প, বি, পুং, ক্লী (শূ-কর্ত্তৃ-প)

শূর্পণখা, বি, স্ত্রী; রাবণের ভগিনী। শূর্পের (কুলার) ন্যায় নখ যাহার, বহু।

শূল, বি, পুং, ক্লী ; উদরজাত বেদনা রোগ বিং। ত্রিশূল।
শূলপাণি, বি, পুং ; শিব। শূল (ত্রিশূল) আছে পাণিতে (হস্তে) যাঁহার, বহু।
শূলী(লিন্), বি, পুং (শূল+ইন্, অস্ত্যর্থে) শিব।
শৃগাল, বি, পুং (সৃজ্-কর্ত্তৃ-আল,নি) শিয়াল। স্ত্রী,-লী। বিণ ; খল। নিষ্ঠুর।
শৃগালিকা, বি, স্ত্রী ; ভয়ে পলায়ন।
শৃঙ্খল, বি, পুং (শৃঙ্গ-স্খল্-করণ-অল্) শিকল, নিগড়। বেড়ী। বিণ,-লিত।
শৃঙ্খলা, বি, স্ত্রী ; রীতি, নিয়ম। (শৃঙ্খল দেখ)। বিণ,-লিত।
শৃঙ্খলিত, বিণ (শৃঙ্খল+ইত, যুক্তার্থে) শৃঙ্খলাবদ্ধ।
শৃঙ্গ, বি, ক্লী (শৄ-কর্ত্তৃ-গক্) বিষাণ, শিঙ্। পর্ব্বতের শিখর। তীক্ষ্ণ অগ্রভাগ। প্রাধান্য।
শৃঙ্গধর, বি, পুং ; পর্ব্বত, শৈল।
শৃঙ্গবের, বি,ক্লী ; গুহক চণ্ডালের পুরী।
শৃঙ্গাট,-টক,-টিক, বি, ক্লী ; চতুষ্পথ, চৌরাস্তা। পানিফল।
শৃঙ্গার, বি, পুং (শৃঙ্গ-ঋ-ভাবে-ঘঞ্) আদিরস। সুরত।
শৃঙ্গী, বি,পুং (শৃঙ্গ+ইন্) মুনি বিং। পর্ব্বত। বিণ; শৃঙ্গবিশিষ্ট।
শেখর, বি, পুং (শিন্থ-কর্ত্তৃ-অরন্) শৈল-শৃঙ্গ। কিরীট।
শেফালি(লী), বি, স্ত্রী ; শিউলি ফুল বা গাছ। শেফ (শয়ন-কারী) অলি (ভ্রমর) যাহাতে, বহু।
শেফালিকা, বি, স্ত্রী (শেফালি+কণ্+আপ্) শিউলিফুল বা গাছ।
শেয়ান, (প্রা) বিণ ; চতুর। ধূর্ত্ত।
শেয়ালা, (প্রা) বি ; শেওলা, শৈবাল।
শের, (যা) বি ; ব্যাঘ্র।
শেল, (প্রা) বি ; শল্যাস্ত্র বিং।
শেবধি, বি, পুং ; কুবেরের নিধি।
শেষ, বি, পুং (শিষ্-অল্) অন্ত। নাশ। অবশেষ। নিষ্পত্তি। অনন্তনাগ। বিণ ; অবশিষ্ট। উচ্ছিষ্ট।
শেষা, বি, স্ত্রী ; পারিতোষিক রূপে দত্ত মালা।
শৈত্য, বি, ক্লী (শীত+ষ্ণ্য, ভাবার্থে) শীতলতা।
শৈথিল্য, বি, ক্লী (শিথিল+ষ্ণ্য, ভাবার্থে) শিথিলতা। আল্গা হওয়া। ঢিলামি। আলস্য। বিণ, শিথিল।
শৈল, বি, পুং (শিলা+ষ্ণ, সমূহার্থে) পর্ব্বত। বিণ ; শিলা-সম্বন্ধীয়।

শৈলজা, শৈলসুতা, বি, স্ত্রী ; পার্ব্বতী।
শৈলরাজ, বি, পুং ; হিমালয় পর্ব্বত। শৈল সমূহের মধ্যে রাজা (শ্রেষ্ঠ), ৭মীতৎ।
শৈলী, বি, স্ত্রী (শিল+ষ্ণ+ ঈপ্) কৌশল।
শৈলুষ, বি, পুং (শিলুষ+ষ্ণ) নট। ধূর্ত্ত। বিল্ববৃক্ষ।

"রঙ্গভূমির শৈলুষগণ যেরূপ মিথ্যা-কান্না কাঁদে" (ভ্রান্তি-বিনোদ)

শৈলেন্দ্র, বি, পুং ; হিমালয়। শৈলসমূহের মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ।
শৈব, বিণ (শিব+ষ্ণ) শিবভক্ত। শিবসম্বন্ধীয়।
{ শৈবল, (শী-কর্ত্তৃ-বলঞ্) { শৈবাল, (ঐ-বালঞ্) বি, পুং, ক্লী ; শেওলা।
শৈবলিনী, বি, স্ত্রী (শৈবল+ ইন্, অস্ত্যর্থে+ঈপ্) নদী।
শৈব্যা, বি, স্ত্রী (শিবি+ষ্ণ্য+ আপ্) রাজা হরিশ্চন্দ্রের মহিষী।
শৈশব, বি, ক্লী (শিশু+ষ্ণ, ভাবার্থে) বাল্যাবস্থা।
শোক, বি, পুং (শুচ্-ভাবে-ঘঞ্) ইষ্টবিয়োগজনিত দুঃখ।
শোকসন্তপ্ত, বিণ ; শোকে কাতর। ৩য়াতৎ।
শোকাকুল, বিণ ; শোকে কাতর। শোকদ্বারা আকুল, ৩য়াতৎ।
শোকাতুর, বিণ; শোকপীড়িত। ৩য়াতৎ। স্ত্রী,-রা।
শোকানল, বি, পুং; ইষ্ট বিয়োগ জন্য শোকরূপ অগ্নি। রূপক।
শোকাপনোদন, বি, ক্লী; শোক নিবারণ। শোকের অপনোদন, ৬ষ্ঠীতৎ।
শোকাবেগ, বি, পুং ; শোক জনিত মনের আবেগ। মধ্য-পদলোপী কর্ম্মধা।
শোকার্ত্ত, বিণ; শোকে পীড়িত। শোক দ্বারা ঋত বা আর্ত্ত (পীড়িত), ৩য়াতৎ।
{ শোচন, বি, ক্লী (শুচ্-ভাবে-অনট্) { শোচনা, বি, স্ত্রী (ঐ-অন+ আপ্) শোক করা।
শোচনীয়, শোচ্য, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়, য) শোকের যোগ্য।
শোণ, বি, পুং; রক্তবর্ণ। নদ বিং।
শোণিত, বি, ক্লী (শোণ+ইত, যুক্তার্থে) রক্ত। বিণ ; লালবর্ণযুক্ত।
শোণিতাক্ত, বিণ ; রক্তাক্ত, রক্তে ভিজা। ৩য়াতৎ। [বিং।
শোথ, বি, পুং (শু-থন্) রোগ
শোধক, বিণ (শোধি-ণক) শোধনকারক। স্ত্রী,-ধিকা।

শোধন, বি, ক্লী (ঐ-অনট্) শুদ্ধ-করণ। পরিষ্করণ। বিণ,-ধিত।
শোধনীয়, বিণ (ঐ-অনীয়) শোধন-যোগ্য।
শোধিত, বিণ (ঐ-ক্ত) পরিষ্কৃত, মার্জ্জিত। বি,-ধন।
শোভন, বিণ (শুভ্-কর্ত্তৃ-অন) শোভাযুক্ত, সুন্দর।
শোভা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ+আপ্) কান্তি, সৌন্দর্য্য। দীপ্তি।
শোভাকর, বিণ; সৌন্দর্য্য-কারক। ষষ্ঠীতৎ।
শোভানুভাবকতা, বি, স্ত্রী; সৌন্দর্য্য অনুভব করিবার শক্তি, সৌন্দর্য্যানুভূতি (aesthetic sense)।

"যাঁহাদিগের দয়া দুর্ব্বল, ধর্ম্মবুদ্ধি নিস্তেজ, শোভানুভাবকতা হীনপ্রভ,"
(প্রভাত চিন্তা)

শোভাঞ্জন, বি,পুং; শজিনা গাছ।
শোভাময়,বিণ (শোভা+ময়ট্) শোভাযুক্ত। স্ত্রী,-য়ী।
শোভিক, বিণ (শোভা+ষ্ণিক) সুন্দর। [শোভাযুক্ত।
শোভিত, বিণ (শোভি-ক্ত)
শোয়া, (প্রা) বি; শয়ন করা।
শোলা, (প্রা) বি; জলতৃণ বিং।
শোষ, বি, পুং (শুষ্-অল্) রসাকর্ষণ। ক্ষয়রোগ।
শোষক,বিণ (শোষি-কর্ত্তৃ-ণক) স্ত্রী,-ষিকা।
শোষণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) শুষ্ক করা। মদনের বাণ বিং। [সদৃশ।
শোষর, (প্রা, পদ্যে) সমান,
শোষিত, বিণ (শোষি-ক্ত) যাহা শোষণ করা গিয়াছে।
শৌক্ল্য, বি, ক্লী (শুক্ল+ষ্ণ্য) শুক্লতা।
শৌচ, বি, ক্লী (শুচি+ষ্ণ, ভাবার্থে) শুদ্ধি, পবিত্রতা।

"অভক্ষ্য পরিহারশ্চ
সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ।
স্বধর্ম্মেচ ব্যবস্থানং
শৌচমিত্যভিধীয়তে॥"

শৌণ্ড, বিণ (শুণ্ডা+ষ্ণ) মত্ত। অত্যাসক্ত। বিখ্যাত। যথা—দানশৌণ্ড।
শৌণ্ডিক, বি, পুং (ঐ-ষ্ণিক) শুঁড়ি জাতি।
শৌণ্ডি(ণ্ডী)র, বিণ (ঐ-ইর, ঈর) গর্ব্বিত।
শৌদ্ধোদনি, বি, পুং (শুদ্ধোদন+ষ্ণি) বৌদ্ধ বিং।
শৌনক, বি, পুং (শুনক+ষ্ণ) পুরাণবক্তা মুনি বিং।
শৌনিক, বি, পুং (শূনা+ষ্ণিক) মাংসবিক্রেতা। বিণ; মৃগয়াশীল।
শৌভ, বি ক্লী; হরিশ্চন্দ্র রাজারপুরী।

শৌরি, বি, পুং (শূর+ষ্ণি) বিষ্ণু। শনিগ্রহ।
শৌর্য্য, বি, ক্লী (শূর+ষ্ণ্য, ভাবার্থে) বিক্রম। সাহস।
শ্ম (ন্), বি, পুং (শী-মন্) শব, মৃতদেহ। ক্লী ; মুখ।
শ্মশান, বি, ক্লী (শ্মন্ [শব]-শী-অধি-শান) শবদাহস্থান।
শ্মশানভূমি, বি, স্ত্রী ; শ্মশান ক্ষেত্র। শ্মশানভূতা ভূমি, মধ্য-পদলোপী কর্ম্মধা।
শ্মশ্রু, বি, ক্লী (শ্মন্ [মুখ]-শ্রি-কর্ত্তৃ-ডুন্) গোঁপ, দাড়ী।
শ্মশ্রুরাজি, বি, স্ত্রী ; শ্মশ্রুসমূহ।
শ্মশ্রুল,বিণ (শ্মশ্রু+ল) দাঁড়ীযুক্ত।
শ্যান, বিণ (শ্যৈ-কর্ত্তৃ-ক্ত) প্রাপ্ত। শুষ্ক।
শ্যাম, বি, পুং (শ্যৈ-কর্ত্তৃ-মক্) শ্রীকৃষ্ণ। কৃষ্ণবর্ণ। হরিদ্বর্ণ, সবুজ রঙ্। মেঘ। কোকিল। শ্যামাক তৃণ। বিণ ; কৃষ্ণ ও হরিদ্বর্ণ বিশিষ্ট।
শ্যামল, বিণ (শ্যাম-লা-কর্ত্তৃ-ড) শ্যামবর্ণ বিশিষ্ট। বি,-লতা।
শ্যামসুন্দর, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
শ্যামা,বি, স্ত্রী ; দেবী বিং,কালী। দূর্ব্বা। তুলসী। প্রিয়ঙ্গুলতা। যুবতী বিং। রাত্রি। শ্যামা পাখী। যমুনানদী।
শ্যামাক, বি, পুং ; ধান্য বিং।
শ্যামিকা, বি, স্ত্রী (শ্যাম+কন্ +আপ্) শ্যামবর্ণ। মালিন্য।

"উহা শক্তিরূপ সুবর্ণের শ্যামিকা, আগুনে না পোড়াইলে,...আর কিছুতেই প্রক্ষালিত হয় না।"

(প্রভাতচিন্তা)

শ্যাল, শ্যালক, বি, পুং (শ্যৈ-কালন্, কণ্) স্ত্রীর ভ্রাতা, শালা। স্ত্রী,-লী,-লিকা।
শ্যাব, বি, পুং (শ্যৈ-বন্) কৃষ্ণ-পীতমিশ্রবর্ণ, কপিশবর্ণ। বিণ ; তদ্বর্ণযুক্ত।
শ্যেন, বি, পুং (শ্যৈ-কর্ত্তৃ-ইনচ্) বাজপক্ষী। স্ত্রী,-নী।
শ্রৎ, ব্য (শ্রী-ডৎ) শ্রদ্ধা, ভক্তি।
শ্রদ্দধান, বিণ (শ্রৎ-ধা-কর্ত্তৃ-শান) শ্রদ্ধাযুক্ত।
শ্রদ্ধা, বি, স্ত্রী (শ্রৎ-ধা-ভাবে-ঙ +আপ্) ভক্তি। ধর্ম্মকার্য্যে দৃঢ় বিশ্বাস। স্পৃহা। বিণ,-লু, শ্রদ্দধান।
শ্রদ্ধালু, শ্রদ্ধাবান্, বিণ (শ্রদ্ধা+আলু, বতু) শ্রদ্ধাযুক্ত, ভক্তি-মান্। স্ত্রী,-লু,-বতী।
শ্রম, বি, পুং (শ্রম্-ভাবে-অল্) শ্রান্তি, পরিশ্রম। কায়িক ও মানসিক গ্লানি। তপস্যা। বিণ, -মী, শ্রান্ত।
শ্রমজীবী (বিন্), বিণ (শ্রম-জীব্-কর্ত্তৃ-গিন্) যাহারা কায়িক

পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। স্ত্রী,-বিনী।

শ্রমণ, বি,পুং ; ভিক্ষু। সন্ন্যাসী। স্ত্রী,-ণা।

শ্রমবারি,বি, ক্লী ; ঘর্ম্মজল, ঘাম। শ্রমজনিত যে বারি, কর্ম্মধা।

শ্রমশীল, বিণ ; পরিশ্রমী। শ্রম হইয়াছে শীল যাহার, বহু। স্ত্রী,-লা।

শ্রমসহিষ্ণু, বিণ ; যে পরিশ্রম কষ্ট সহ্য করিতে পারে। বি,-তা (ভাবার্থে তা।)।

শ্রমসাধ্য, বিণ ; যাহা পরিশ্রম দ্বারা নিষ্পন্ন হয়। তয়াতৎ।

শ্রমী (মিন্), বিণ (শ্রম+ইন, অস্ত্যর্থে) শ্রমশীল। স্ত্রী,-মিণী।

শ্রমোপজীবী (বিন্), বিণ (শ্রম-উপ-জীব-কর্ত্তৃ ণিন্) 'শ্রমজীবী' দেখ।

{ শ্রয়, বি, পুং (শ্রি-ভাবে-অল্)
{ শ্রয়ণ, বি, ক্লী (ঐ-অনট্) আশ্রয়, অবলম্বন।

শ্রবঃ (স্), বি, ক্লী (শ্রু-করণ-অস্) কর্ণ। (ঐ-ভাবে-অস্) প্রসিদ্ধি। কীর্ত্তি।

শ্রবণ, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) শুনা। (ঐ-করণ) শ্রুতি,কর্ণ।

শ্রবণা, বি, স্ত্রী ; নক্ষত্র বিং।

শ্রবণীয়, শ্রব্য, বিণ (শ্রু-কর্ম্ম-অনীয়, য) শ্রবণযোগ্য।

শ্রবণেন্দ্রিয়,বি,ক্লী;কর্ণ। ৬ষ্ঠীতৎ।

শ্রব্যকাব্য, বি, ক্লী ; যে কাব্য শ্রোতব্য কিন্তু অভিনেতব্য নহে।

শ্রাদ্ধ, বি, ক্লী (শ্রদ্ধা+ষ্ণ) পিতৃকৃত্য।

শ্রান্ত, বিণ (শ্রম্-কর্ত্তৃ-ক্ত) শ্রমযুক্ত, ক্লান্ত। বি,-ন্তি, শ্রম।

শ্রান্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) শ্রম, ক্লান্তি। বিণ,-ন্ত।

শ্রান্তিবোধ, বি,পুং ; ক্লান্তি বোধ, শ্রম অনুভব করা।

শ্রামিক, বিণ (শ্রম+ষ্ণিক) শ্রমশীল। [আশ্রয়, স্থান।

শ্রায়, বি, পুং (শ্রি-কর্ম্ম-ঘঞ্)

শ্রাবক, বিণ (শ্রু-কর্ত্তৃ-ণক) শ্রবণ কর্ত্তা।

শ্রাবণ, বি, পুং (শ্রাবণী+ষ্ণ) মাস বিং। বিণ (শ্রবণ+ষ্ণ) শ্রবণেন্দ্রিয় জন্য (জ্ঞান)।

শ্রাবণী, বি, স্ত্রী ; শ্রাবণ মাসের পূর্ণিমা।

শ্রাবিত, বিণ (শ্রাবি-ক্ত) যাহা শুনান গিয়াছে।

শ্রাব্য, বিণ (শ্রু-কর্ম্ম-ঘ্যণ্) শুনিবার যোগ্য, শ্রোতব্য।

শ্রিত,বিণ (শ্রি-কর্ম্ম-ক্ত) আশ্রিত। সেবিত।

শ্রিতবান্ (বৎ), বিণ (শ্রি-কর্ত্তৃ-ক্তবতু) যে আশ্রয় করিয়াছে, আশ্রয় কারী। স্ত্রী,-বতী।

শ্রী, বি,স্ত্রী (শ্রি-কর্ম্ম-ক্বিপ্, নি) লক্ষ্মী। সরস্বতী। শোভা। ঐশ্বর্য্য, ধন। কীর্ত্তি। বিভূতি। বিল্ববৃক্ষ। (জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে বসে) নামের উপাধি বিং। পুং ; রাগ বিং।

শ্রীকণ্ঠ, বি, পুং ; শিব। ভবভূতির উপনাম। শ্রী (নীলবর্ণের শোভা) আছে কণ্ঠে যাহার, বহু।

শ্রীকণ্ঠপদলাঞ্ছন, বি, পুং ; উত্তর চরিত প্রভৃতি নাটক প্রণেতা,কবি ভবভূতি। শ্রীকণ্ঠ এই পদ (উপনাম) হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাঁহার, বহু।

শ্রীকর, বি, পুং (শ্রী-কৃ-কর্ত্তৃ-ট) বিষ্ণু। পণ্ডিত বিং। বিণ ; শোভাকারক।

শ্রীকান্ত,বি,পুং ; বিষ্ণু। ৬ষ্ঠীতৎ।

শ্রীখণ্ড, বি,পুং,ক্লী ; চন্দনকাষ্ঠ।

শ্রীদাম, বি,পুং ; বৃন্দাবনস্থ গোপ বিং, শ্রীকৃষ্ণের সখা।

শ্রীধর, বি, পুং (শ্রী [লক্ষ্মী] ধৃ-অন্) বিষ্ণু। [৬ষ্ঠীতৎ।

শ্রীনাথ, শ্রীপতি, বি,পুং ; বিষ্ণু।

শ্রীনিবাস, বি, পুং ; বিষ্ণু। শ্রী হইয়াছেন নিবাস (বাসস্থান) যাঁহার, বহু।

শ্রীপঞ্চমী, বি, স্ত্রী ; মাঘমাসের শুক্লা পঞ্চমী।

শ্রীফল, বি,পুং ; বিল্ববৃক্ষ। ক্লী ; ঐ ফল।

শ্রীভ্রষ্ট, বিণ ; সৌন্দর্য্যবিহীন। লক্ষ্মীছাড়া। শ্রী হইতে ভ্রষ্ট (বিচ্যুত), ৫মীতৎ।

শ্রীমান্ (মৎ), বিণ (শ্রী + মতু) শোভাযুক্ত,লক্ষ্মীবান্। স্ত্রী,-মতী।

শ্রীমুখ,বি,ক্লী ; শোভাযুক্ত বদন।

শ্রীযুক্ত (ত), বিণ ; শোভাযুক্ত, লক্ষ্মীবান্। শ্রীদ্বারা যুক্ত,৩য়াতৎ।

শ্রীরাম, বি, পুং ; ভগবানের অবতার শ্রীরামচন্দ্র।

শ্রীল, বিণ (শ্রী + ল, যুক্তার্থে) শ্রীযুক্ত।

শ্রীবৎস, বি, পুং ; বিষ্ণু। বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত্ত রোমাবলী। নৃপ বিং। শ্রীর (লক্ষ্মীর) বৎস (প্রিয়), ৬ষ্ঠীতৎ।

শ্রীবৎস লাঞ্ছন, বি, পুং ; বিষ্ণু শ্রীবৎস (দক্ষিণাবর্ত্ত রোমাবলী) হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাঁহার, বহু।

শ্রীবাস, বি, পুং ; বিষ্ণু। শ্রী হইয়াছে বাস (বাসস্থান) যাঁহার, বহু।

শ্রীশ, বি, পুং ; বিষ্ণু। শ্রীর ঈশ (নাথ), ৬ষ্ঠীতৎ।

শ্রীহর্ষ, বি, পুং ; নৈষধ-চরিত প্রণেতা কবি বিং। হর্ষবর্দ্ধনের উপনাম।

শ্রুত, বিণ (শ্রু-কর্ম্ম-ক্ত) যাহা শুনা গিয়াছে। প্রসিদ্ধ। ক্লী ; বেদ। শাস্ত্র।

শ্রুতকীর্ত্তি, বি, স্ত্রী ; শত্রুঘ্নের পত্নী, কুশধ্বজ রাজার কন্যা। শ্রুতা হইয়াছে কীর্ত্তি (যশঃ) যাঁহার, বহু।

শ্রুতবোধ, বি, ক্লী ; কালিদাস কৃত ছন্দোগ্রন্থ।

শ্রুতশালী, বিণ (শ্রুত-শাল-ণিন) শাস্ত্রজ্ঞ। স্ত্রী,-লিনী।

শ্রুতশ্রবাঃ (বস্), বি,স্ত্রী ; শিশু পালের মাতা। শ্রুত হইয়াছে শ্রবস্ (কীর্ত্তি) যাহার, বহু।

শ্রুতি, বি, স্ত্রী (শ্রু-করণ-ক্তি) কর্ণ। (ঐ-ভাবে-) শ্রবণ। (ঐ-কর্ম্ম) বেদ। বাচক শব্দ। কিংবদন্তী।

শ্রুতি কটু } বিণ;যাহা শুনিতে
শ্রুতি কঠোর } ভাল লাগেনা, দুঃশ্রাব্য।

শ্রুতিগোচর, বিণ ; শ্রবণেন্দ্রিয়ের বিষয়ীভূত, যাহা শুনা গিয়াছে। শ্রুতির (কর্ণের)গোচর,৬ষ্ঠীতৎ।

শ্রুতিধর, বিণ (শ্রুতি-ধৃ-অন্) যে শ্রবণমাত্র স্মরণ রাখিতে পারে, অতি মেধাবী। স্ত্রী,-রা।

শ্রুব, বি ক্লী } যজ্ঞে ঘৃতক্ষেপণ
শ্রুবা, বি,স্ত্রী } পাত্র।

শ্রূয়মাণ, বিণ (শ্রু-কর্ম্ম-শান) যাহা শুনা যাইতেছে।

শ্রেঢ়ী, বি, স্ত্রী , অঙ্কশাস্ত্রে গণনার রীতি বিং।

শ্রেণি (ণী), বি, স্ত্রী (শ্রি-কর্ত্তৃ-নি) পংক্তি, সারি। দল।

শ্রেণীবদ্ধ, বিণ ; পংক্তিবদ্ধ,সারিবন্দী। ৩য়াতৎ।

শ্রেণীভুক্ত,বিণ; দলের অন্তর্গত। ৬ষ্ঠীতৎ।

শ্রেয়ঃ (স্), বিণ (প্রশস্য + ঈয়সু)শ্রেষ্ঠ, প্রশস্ত। শুভজনক। বি, ক্লী ; ধর্ম্ম। মোক্ষ। মঙ্গল। সুখ। স্ত্রী,-য়সী।

শ্রেয়ঃকল্প,বিণ (শ্রেয়স্ + কল্প) অপেক্ষাকৃত শ্রেষ্ঠ। শ্রেষ্ঠতুল্য। শ্রেয়সের কল্প (তুল্য),৬ষ্ঠীতৎ।

শ্রেয়সী,বিণ,স্ত্রী; 'শ্রেয়ান্' দেখ।

শ্রেয়স্কর, বিণ (শ্রেয়স-কৃ-কর্ত্তৃ-ট) মঙ্গলজনক। স্ত্রী,-রী।

শ্রেয়ান্ (য়স্), বিণ (প্রশস্য + ঈয়সু) উত্তম, প্রশস্ত। জ্যেষ্ঠ। স্ত্রী,-য়সী।

শ্রেয়োজনক, বিণ ; শ্রেয়স্কর, মঙ্গলজনক। ৬ষ্ঠীতৎ।

শ্রেষ্ঠ, বিণ (প্রশস্য + ইষ্ঠ) অতি প্রশস্ত। জ্যেষ্ঠ। স্ত্রী,-ষ্ঠা। বি,-তা।

{ শ্রেষ্ঠতা, বি, স্ত্রী (শ্রেষ্ঠ+তা, ভাবার্থে)
শ্রেষ্ঠত্ব, বি, ক্লী (ঐ-ত্ব) প্রাধান্য। উত্তমতা।

শ্রেষ্ঠী, বি, পুং ; বণিক্ বিং, শেঠ।

শ্রোণি (ণী), বি, স্ত্রী (শ্রোণ্-কর্ত্তৃ-ই) কটিদেশ। নিতম্ব। পথ।

শ্রোণিফলক, বি, ক্লী ; কটিপ্রদেশ।

শ্রোতঃ (স্), বি, ক্লী (শ্রু-কর্ত্তৃ-অতস্) নদী প্রভৃতির বেগ, জলপ্রবাহ। (করণ-অস্) কর্ণ, কান।

শ্রোতব্য, বিণ (শ্রু-কর্ম্ম-তব্য) শ্রবণ-যোগ্য।

শ্রোতা (তৃ), বিণ (ঐ-কর্ত্তৃ-তৃন্) শ্রবণকর্ত্তা। স্ত্রী,-ত্রী।

শ্রোত্র, বি, ক্লী (ঐ-করণ-ত্র) কর্ণ, কান। (ঐ-কর্ম্ম-) বেদ।

শ্রোত্রিয়, বি, পুং (শ্রোত্র+ইয়, অধ্যয়নার্থে) বেদাধ্যায়ী ব্রাহ্মণ। বিণ ; সচ্চরিত্র।

শ্রৌত, বিণ (শ্রুতি+ষ্ণ) বেদ-বিহিত।

শ্লক্ষ্ণ, বিণ (শ্লিষ্-ক্স) সূক্ষ্ম। কৃশ। অল্প। চিক্কণ। মনোহর।

শ্লথ, বিণ (শ্লথ্-কর্ত্তৃ-অন্) শিথিল, আলগা।

{ শ্লাঘনীয়, (শ্লাঘ্-কর্ম্ম-অনীয়)
শ্লাঘ্য, (ঐ-ঘ্যণ্) বিণ ; প্রশংসনীয়। স্পৃহণীয়।

শ্লাঘা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ+আপ্) প্রশংসা।

শ্লিষ্ট, বিণ (শ্লিষ্-ক্ত) যুক্ত, সংশ্লিষ্ট। শ্লেষ যুক্ত। অনেকার্থ বোধক (বাক্য)। আলিঙ্গিত। বি,-শ্লেষ।

শ্লীপদ, বি, ক্লী ; শোথরোগ। গোদ।

শ্রীল, বিণ (শ্রী+ল) শ্রীযুক্ত, ভদ্র। বি,-তা।

শ্লেষ, বি, পুং (শ্লিষ্-ঘঞ্) সংযোগ। শব্দালঙ্কার বিং, অনেকার্থ। আলিঙ্গন। বিণ, শ্লিষ্ট। [সন্ধি।

শ্লেষ্মা (ষ্মন্), বি, পুং ; কফ,

শ্লোক, বি, পুং (শ্লোকি-কর্ম্ম-অল্) ছন্দোবদ্ধ বাক্য, পদ্য। কীর্ত্তি, যশঃ।

রামায়ণ মতে—বাল্মীকির রসনা হইতে সর্ব্বাগ্রে শোকসূচক "মা নিষাদ..." এই শ্লোক নির্গত হয় বলিয়া এই শব্দটী শোক হইতে উৎপন্ন।

শ্বঃ (স্), ব্য ; আগামী দিনে, কল্য।

{ শ্বপচ, (শ্বন্-পচ্-কর্ত্তৃ অন্)
শ্বপাক, (ঐ-ঘঞ্) বি, পুং ; চণ্ডাল।

শ্বভ্র, বি, ক্লী (শ্বভ্র্-অল্) গর্ত্ত, [ছিদ্র।

শ্ববৃত্তি, বি, স্ত্রী ; চাকরী। শ্বার (কুকুরের) বৃত্তি (ব্যবহার), ৬ষ্ঠীতৎ।

শ্বশুর, বি, পুং (আশু-অশ্-কর্ত্তৃ-উর, নি) পতি বা পত্নীর পিতা। স্ত্রী,-শ্রূ।

শ্বশ্রূ, বি, স্ত্রী (শ্বশুর+উঙ্) শাশুড়ী।

শ্বসন, বি, পুং (শ্বস্-অনট্) বায়ু। ক্লী; নিশ্বাস। জীবন।

শ্বসিত, বি. ক্লী (ঐ-ক্ত) নিশ্বাস। জীবন।

শ্বা (শ্বন্), বি, পুং (শ্বি-কর্ত্তৃ-কনিন্) সারমেয়, কুকুর। স্ত্রী, শুনী।

শ্বাগণিক, বি, পুং (শ্বগণ [কুকুর-সমূহ]+ষ্ণিক) কুকুর দ্বারা মৃগয়াকারী, ব্যাধ।

শ্বান, বি, পুং (শ্বন্+ষ্ণ,স্বার্থে) কুকুর।

শ্বাপদ, বি. পুং; হিংস্র জন্তু। শ্বার (কুকুরের) ন্যায় পদ (অর্থাৎ থাবা) যাহার, বহু।

শ্বাপদসঙ্কুল, বিণ; ব্যাঘ্রাদি হিংস্রজন্তুপূর্ণ। শ্বাপদ (ব্যাঘ্রাদি হিংস্রজন্তু) দ্বারা সঙ্কুল (পরিপূর্ণ), ৩য়াতৎ।

শ্বাস, বি, পুং (শ্বস্-ঘঞ্) নিশ্বাস বায়ু। রোগ বিং।

শ্বিত্র, বি, ক্লী (শ্বিত্-রক্) ধবল রোগ।

শ্বেত, বি, পুং (শ্বিত্-কর্ত্তৃ-অন্) শুক্লবর্ণ। পর্ব্বত বিং। দ্বীপ বিং। বিণ; শুক্লবর্ণযুক্ত, সাদা।

শ্বেতকি, বি, পুং; নৃপ বিং।

শ্বেতকেতু, বি, পুং; মুনি বিং।

শ্বেতচ্ছদ, বিণ; শুক্লবর্ণ পাখা যুক্ত। বি, পুং; হংস।

শ্বেতরক্ত, বি, পুং; শ্বেত মিশ্রিত রক্তবর্ণ, গোলাপী রং। শ্বেত দ্বারা রক্ত, ৩য়াতৎ। বিণ; তদ্বর্ণ বিশিষ্ট।

শ্বেতবাহ, বি, পুং; ইন্দ্র। অর্জ্জুন। শ্বেত হইয়াছে বাহ (অশ্ব) যাঁহার, বহু।

ষ।

ষ, বি, পুং; একত্রিংশ ব্যঞ্জনবর্ণ। কেশ। নাশ। অবশেষ। বিণ; শ্রেষ্ঠ। শোভন।

ষট্ (ষ), বি,পুং; ছয়সংখ্যা, ৬। বিণ; ছয়সংখ্যাযুক্ত।

ষট্ক, বি, ক্লী (ষষ্+কণ্,স্বার্থে) ছয় সংখ্যা।

ষট্কর্ম্ম, বি, ক্লী; ছয় প্রকার কর্ম্ম। (ষট্ কর্ম্মা দেখ)।

ষট্কর্ম্মা (র্ম্মন্), বি, পুং; যজন,

যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রহ, এই ছয় প্রকার কর্ম্মকারী ব্রাহ্মণ।

ষট্‌চক্র, বি, ক্লী; দেহমধ্যস্থ ছয় চক্র; যথা—মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূরক, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা।

ষট্‌চত্বারিংশৎ, বি, স্ত্রী; ছচল্লিশ, ৪৬।

ষটপদ, বি, পুং; ভ্রমর। ষট্ (ছয়) পদ (চরণ) যাহার, বহু।

ষট্‌ত্রিংশৎ, বি,স্ত্রী; ছত্রিশ, ৩৬।

ষট্‌পঞ্চাশৎ, বি, স্ত্রী; ছাপ্পান্ন,৫৬।

ষট্‌পদী, বি, স্ত্রী; ভ্রমরী। ছয় চরণ বিশিষ্ট ছন্দঃ।

ষট্‌প্রজ্ঞ, বিণ; ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, লোকাচার, তত্ত্বজ্ঞান, এই ছয় বিষয়ে অভিজ্ঞ। বৌদ্ধ। ষট্ (ছয়) প্রজ্ঞা যাহার, বহু।

ষড়ঙ্গ, বি, ক্লী; হস্তদ্বয়, পদদ্বয়, কটি ও মস্তক—দেহের এই ছয় অঙ্গ। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ -এই ছয় বেদাঙ্গ। আদ্য শ্রাদ্ধে—অন্নপাত্র,জলপাত্র, পীঠ, পাদুকা, ছত্র ও শয্যা, এই ছয় দ্রব্য। বিণ; ঐ ছয় অঙ্গ বিশিষ্ট।

ষড়ভিজ্ঞ, বিণ; দিব্য চক্ষুঃশ্রোত্র, পরচিত্তজ্ঞান, পূর্ব্বজন্ম স্মরণ, আত্ম-জ্ঞান, বিয়দ্‌গতি (আকাশে বিচরণ করিবার ক্ষমতা), কায়ব্যূহসিদ্ধি (যে কোন দেহ ধারণ করিবার ক্ষমতা), এই ছয় বিষয়ে অভিজ্ঞ।

ষড়শীতি, বি, স্ত্রী; ছিয়াশি,৮৬। ষট্ অধিকা অশীতি (আশি), কর্ম্মধা। সংক্রান্তি বিং।

ষড়ানন, বি, পুং; কার্ত্তিকেয়। ষট্ (ছয়) হইয়াছে আনন (মুখ) যাঁহার, বহু।

ষড়্‌ঋতু, বি, পুং; গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

ষড়্‌গুণ, বি, পুং; সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়, রাজাদিগের এই ছয়গুণ।

ষড়্‌জ, বি,পুং (ষষ্—ছয় [স্থান] -জন্-ড)তন্ত্রী কণ্ঠোত্থিতস্বর বিং। ঐ স্বর নাসিকা, কণ্ঠ, বক্ষঃস্থল, তালু, জিহ্বা ও দন্ত—এই ছয় স্থান হইতে উৎপন্ন হয় বলিয়া ইহার নাম ষড়্‌জ।

ষড়্‌ধা, ব্য (ষষ্+ধাচ্) ছয় প্রকার।

ষড়্‌ভুজ, বি,পুং; শ্রীচৈতন্যদেব। ষড়্ (ছয়) হইয়াছে ভুজ (বাহু) যাঁহার, বহু।

নীলাচলের দিগ্বিজয়ী পণ্ডিত সার্ব্বভৌম ভট্টাচার্য্য শ্রীচৈতন্যের এই ষড়্‌ভুজ মূর্ত্তি (বিভূতি) দর্শনে মুগ্ধ হন। উক্ত সার্ব্বভৌম কর্ত্তৃক প্রতিষ্ঠিত এই

শ্রীমূর্ত্তি ৮ পুরুষোত্তম ধামে জগন্নাথের মন্দিরে অদ্যাপি বিদ্যমান আছেন্।

ষড়্যন্ত্র, (প্রা) বি; চক্রান্ত, গুপ্তমন্ত্রণা।

ষড়্রস, বি, ক্লী; অম্ল, মধুর, তিক্ত, কষায়, লবণ, কটু, দ্রব্যের এই ছয় রস।

ষড়্বর্গ, বি, পুং; কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য।

ষড়্বিধ, বিণ; ছয় প্রকার।

ষণ্ড, বি, পুং (সন্-কর্ত্তৃ-ড) ষাঁড়। নপুংসক। পণ্ডিত বিং, ভক্তশ্রেষ্ঠ প্রহ্লাদের গুরু। পুং ক্লী; সমূহ। পদ্মাদির সমূহ।

ষণ্মুখ, বি, পুং; কার্ত্তিকেয়। ষট্ (ছয়) মুখ যাঁহার, বহু।

ষত্ব, বি, ক্লী; মূর্দ্ধন্য ষকার হওয়া।

ষষ্টি, বি, স্ত্রী (ষষ্ [ছয়]+দশতি) ষাটি, ৬০।

ষষ্টিতম, বিণ (ষষ্টি+তমট্, পূরণার্থে) ৬০ সংখ্যার পূরণ।

ষষ্ঠ, বিণ (ষষ্+থট্, পূরণার্থে) ৬ সংখ্যার পূরণ।

ষষ্ঠী, বি, স্ত্রী; দেবী বিং। তিথি বিং।

ষাড়্গুণ্য, বি,ক্লী (ষড়্গুণ+ষ্ণ্য, স্বার্থে) ষড়্গুণ দেখ।

ষাণ্মাতুর, বি, পুং (ষট্মাতা ইতি ষণ্মাতা, দ্বিগু; ষণ্মাতৃ+ষ্ণ, অপত্যার্থে) কার্ত্তিকেয়। কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা ও পৃথিবী—এই ছয়ের পুত্র বলিয়া এই নাম।

ষাণ্মাসিক, বিণ (ষট্ মাস ইতি ষণ্মাস, দ্বিগু; ষণ্মাস+ষ্ণিক) ষষ্ঠ মাসে কর্ত্তব্য। স্ত্রী,-কী।

ষিড়্গ, বি. পুং (সিট্-গক্) লম্পট।

ষোড়শ, বিণ (ষোড়শন্+ডট্) ১৬ সংখ্যার পূরণ।

ষোড়শ (শন্), বি, পুং; ষোল, ১৬। ষট্ অধিক দশ, কর্ম্মধা।

ষোড়শক, বি, ক্লী (ষোড়শন্+কণ্) ভূমি, আসন, ফল, জল, অন্ন, বস্ত্র, তাম্বূল, ছত্র, গন্ধ, মাল্য, দীপ, শয্যা, গো, পাদুকা, রজত, কাঞ্চন—শ্রাদ্ধাদি কালে এই ১৬ প্রকার দেয় বস্তু।

ষোড়শ-মাতৃকা, বি, স্ত্রী; ষোল সংখ্যক দেবী বিং। (মাতৃকা দেখ)।

ষোড়শাঙ্গ, বি, পুং; গুগ্গুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী ও শৈলেয়—এই ১৬ প্রকার সুগন্ধি দ্রব্য মিশ্রিত ধূপ। বিণ; ১৬ অঙ্গ বিশিষ্ট।

ষোড়শী, বি, স্ত্রী (ষোড়শ+ঈপ্)

শ্রুত মহাবিদ্যার অন্তর্গত দেবী বিং। ১৬ বর্ষীয়া যুবতী।

ষোড়শোপচার, বি, পুং ; আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, চন্দন—পূজার এই ষোল প্রকার উপকরণ। সমাহার দ্বিগু।

স।

স, দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ। বি, পুং ; বিষ্ণু। শিব। চন্দ্র। জীবাত্মা। দীপ্তি।

সই, (প্রা) বি ; সখী, সঙ্গিনী।

সইস, (যা) বি ; অশ্বপাল।

সওয়াল, (যা) প্রশ্ন।

সওদাগর, (যা) বণিক্, বাণিজ্যকারী।

সং, (প্রা) কৌতুকাবহ বেশধারী নট।

{সংক্রম, বি, পুং (সম্-ক্রম-অল্)
{সংক্রমণ, বি, ক্লী (ঐ-অনট্) গমন। সঞ্চার। সূর্য্যাদির রাশ্যন্তর প্রবেশ। সেতু, সাঁকো। বিণ,-ক্রান্ত।

সংক্রমিত, সংক্রামিত, বিণ ; প্রবেশিত। সঞ্চারিত। নিবেশিত। প্রতিবিম্বিত।

সংক্রান্ত, বিণ (সম্-ক্রম্-ক্ত) সম্বন্ধীয়। সঞ্চারিত। প্রতিবিম্বিত। বি,-ন্তি,-ক্রম,-ক্রমণ।

সংকান্তি, বি, স্ত্রী ; সূর্য্যের রাশ্যন্তর গমন। সঞ্চার।

সংক্রামক, বিণ (সম্-ক্রম-ণক) একস্থান হইতে স্থানান্তরে প্রবেশকারক। যাহা কোন বস্তুর সংস্রবে উৎপন্ন হয় ; যেমন—সংক্রামক পীড়া। স্ত্রী,-মিকা।

সংগৃহীত, বিণ (সম্-গ্রহ-ক্ত) সঙ্কলিত, আহৃত। বি,-গ্রহ,-গ্রহণ।

সংগোপন, সঙ্গোপন, বি, ক্লী (সম্-গুপ-অনট্) লুকান।

সংগোপিত, সঙ্গোপিত, বিণ (ঐ-গোপি-ক্ত) লুক্কায়িত।

{সংগ্রহ, বি, পুং (সম্-গ্রহ্-অল্)
{সংগ্রহণ, বি, ক্লী (ঐ-অনট্) সঙ্কলন, আহরণ। বিণ,-গৃহীত।

সংগ্রহীতা(তৃ), বিণ; সংগ্রহকারী। স্ত্রী,-ত্রী। [অল্) যুদ্ধ।

সংগ্রাম, বি, পুং (সংগ্রাম-ভাবে-

সংগ্রাহক, বিণ (সম্-গ্রহ-কর্ত্তৃ-ণক) সংগ্রহ কর্ত্তা।

সংজ্ঞা, বি, স্ত্রী (সম্-জ্ঞা-ঙ) চেতনা। নাম, আখ্যা। বিশেষ্য পদ। সূর্য্যপত্নী।

সংযত, বিণ (ঐ-যম্-ক্ত) কৃতসংযম। নিয়মিত। বদ্ধ। বি,-যম।

সংযতচিত্ত, সংযতাত্মা } বিণ; নিয়মিত চিত্ত, স্থির মনাঃ। বহু।

সংযতব্রত, বিণ; কৃত সংযম।

সংযতেন্দ্রিয়, বিণ; ইন্দ্রিয় জয়কারী, জিতেন্দ্রিয়। বহু।

সংযন্তা(ন্তৃ), বিণ; সংযম কারক। স্ত্রী,-ন্ত্রী।

{ সংযম, বি, পুং (সম্-যম-ভাবে-অল্), সংযমন, বি, ক্লী (ঐ-অনট্) } ইন্দ্রিয়নিগ্রহ। নিরোধ। নিয়ম, ব্রতাদির পূর্ব্বদিনে কর্ত্তব্য আচার বিং। সমাধি, ধ্যান। বিণ,-যত।

সংযমিত, বিণ (সম্-যমি-কর্ম্ম-ক্ত) দমিত। নিয়মিত। বদ্ধ।

সংযমী, বিণ (সংযম+ইন্, অস্ত্যর্থে) ইন্দ্রিয় দমন কারী। যোগী, মুনি। স্ত্রী,-মিনী।

সংযাত্রা, বি, স্ত্রী; জলপথে গমন। (Voyage)

সংযান, বি, ক্লী; মিলিত হইয়া যাওয়া। (Expedition)

সংযুক্ত,বিণ; মিলিত। বি,-যোগ।

সংযুগ, বি, পুং; যুদ্ধ।

সংযুত, বিণ; সংযুক্ত।

সংযোগ, বি, পুং; মিলন। বিণ, -যুক্ত।

সংযোজিত, বিণ (সম্-যোজি-ক্ত) সংমিলিত, একত্রিত।

সংরক্ষণ, বি, ক্লী (ঐ-রক্ষ্-অনট্) রক্ষণ। তত্ত্বাবধারণ। পরিত্রাণ।

সংরক্ষিত, বিণ (ঐ-ক্ত) রক্ষিত। প্রতিপালিত।

সংরব্ধ, বিণ (সম্-রভ-ক্ত) ক্রুদ্ধ। বেগযুক্ত। উৎসাহিত। বি,-রম্ভ।

সংরাব, বি, পুং; ধ্বনি, শব্দ।

সংরোধ, বি, পুং; নিরোধ।

সংলগ্ন, বিণ; সংযুক্ত।

সংলাপ, বি, পুং; পরস্পর

কথাবার্ত্তা।

সংবৎ,-ত্ ; বৎসর। বিক্রমাদিত্যের প্রচলিত অব্দ।

সংবৎসর, বি, পুং ; বৎসর।

সংবর, বি, ক্লী ; জল। ধন। পুং ; সেতু।

সংবরণ, বি, ক্লী ; সংগোপন। নিবারণ। বিণ,-বৃত।

সংবর্দ্ধক, বিণ ; বৃদ্ধিকারক। সম্মান কারক।

সংবর্দ্ধন, বি, ক্লী (সম্-বর্দ্ধি-ভাবে-অনট্)
সংবর্দ্ধনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) সম্মানন। বৃদ্ধি প্রাপণ, বাড়ান।

সংবর্দ্ধিত, বিণ (ঐ-কর্ম্ম ক্ত) সম্মানিত। বৃদ্ধি প্রাপিত। বি, -র্দ্ধন,-র্দ্ধনা।

সংবলিত, বিণ (সম্-বল-কর্ম্ম-ক্ত) মিলিত, মিশ্রিত। সহিত।

সংবাদ, বি, পুং, (সম্-বদ্-ঘঞ্) সন্দেশ, সমাচার। বিণ,-দী।

সংবাদপত্র, বি, ক্লী ; খবরের কাগজ। ৬ষ্ঠীতৎ।

সংবাদবাহক, বি, পুং; সন্দেশবহ, বার্ত্তাবহনকারী।

সংবাহক, বিণ ; যে গা টিপিয়া দেয়। স্ত্রী,-হিকা।

সংবাহন, বি, ক্লী ; অঙ্গমর্দ্দন, গা টেপা।

সংবিদিত, বিণ ; জ্ঞাত।

সংবিষ্ট, বিণ (সম্ বিশ্-ক্ত) শয়িত। নিবিষ্ট। বি,-বেশ।

সংবৃত, বিণ (সম্-বৃ-ক্ত) আবৃত।

সংবৃত্ত, বিণ ; সম্পন্ন। জাত।

সংবেগ, বি, পুং ; আবেগ। ভীতি। ভয়জনিত ত্বরা। বিণ,-বিগ্ন।

সংবেদন, বি, ক্লী
সংবেদনা, বি, স্ত্রী } অনুভব, বোধ।

সংবেশ, বি, পুং ; শয়ন। নিদ্রা। উপবেশন। বিণ,-বিষ্ট।

সংশপ্তক, বি, পুং ; যে সকল সৈন্য প্রতিজ্ঞা পূর্ব্বক যুদ্ধে প্রবৃত্ত হয় এবং কদাচ তাহা হইতে বিচলিত হয়না। (Forlorn-hope)। সম্ (সম্যক্) শপ্ত (প্রতিজ্ঞা) যাহার, বহু।

সংশয়, বি, পুং (সম্-শী-ভাবে-অল্) সন্দেহ। বিণ,-য়ান, -য়িত।

সংশয়াক্রান্ত, বিণ ; সন্দেহযুক্ত।

সংশয়াত্মা, বিণ ; সন্দিগ্ধ চিত্ত।

{ সংশয়ান, বিণ (সম্-শী-শান)
সংশয়ালু (ঐ-আলু)সন্দেহযুক্ত।

সংশয়ারূঢ়, বিণ (সংশয় + আরূঢ়) সন্দেহযুক্ত। [সংশয়যুক্ত।

সংশয়িত, বিণ (সংশয় + ইত)

সংশিত, বিণ (সম্-শো-ক্ত) সম্পাদিত। নির্ণীত। সুতীক্ষ্ণ, শাণিত।

সংশিতব্রত, বিণ ; যে ব্যক্তি যথা নিয়মে দেবার্চ্চনা প্রভৃতি নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান করে।

সংশোধক, বিণ ; শোধন কর্ত্তা।

সংশোধন, বি, ক্লী ; পরিষ্করণ, শুদ্ধকরণ। বিণ,-ধিত।

সংশোধিত, বিণ ; পরিষ্কৃত, শোধিত।

সংশ্রয়, বি, পুং ; আশ্রয়। ব্যাপ্তি।

সংশ্রব, বি, পুং ; সম্পর্ক। প্রতিজ্ঞা। বিণ,-শ্রুত।

সংশ্রিত, বিণ ; আশ্রিত।

সংশ্রুত, বিণ ; প্রতিজ্ঞাত।

সংশ্লিষ্ট, বিণ (সম্-শ্লিষ্-কর্ম্ম-ক্ত) সংযুক্ত। মিলিত। আলিঙ্গিত। বি,-শ্লেষ।

সংশ্লেষ, বি, পুং (ঐ-ভাবে-অল্) মিলন। সংযোগ। আলিঙ্গন। বিণ,-শ্লিষ্ট।

সংসক্ত, বিণ (সম্-সন্জ-ক্ত) সংযুক্ত। মিলিত। আসক্ত।

সংসৎ, বি, স্ত্রী ; সভা, সমিতি।

সংসর্গ, বি, পুং (সম্ সৃজ্ ঘঞ্) সম্বন্ধ। সহবাস।

সংসর্গী, বিণ (সংসর্গ + ইন্, অস্ত্যর্থে) সহবাসী। সংসর্গ বিশিষ্ট। স্ত্রী,-র্গিণী।

সংসার, বি, পুং (সম্-সৃ-অধি-ঘঞ্) জগৎ। পরিবার। মায়া-বন্ধন। বিণ,-রী।

সংসারধর্ম্ম, বি, পুং ; গার্হস্থ্য-ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ।

সংসারযাত্রা, বি, স্ত্রী ; পরিবার

প্রতিপালন। ষষ্ঠীতৎ।
সংসারবাসনা, বি, স্ত্রী ; ভোগাভিলাষ। ষষ্ঠীতৎ।
সংসারসাগর, বি, পুং ; সাগরের ন্যায় দুস্তর সংসার। রূপক।
সংসারারণ্য, বি, ক্লী ; সংসার রূপ কানন। রূপক।
সংসারার্ণব, বি, পুং ; সংসার সমুদ্র। রূপক।
সংসারাশ্রম, বি, পুং, গার্হস্থ্যাশ্রম।
সংসারাসক্তি, বি, স্ত্রী ; সাংসারিক বিষয়ে একান্ত অভিনিবেশ। বিণ,-সক্ত।
সংসারী, বিণ (সংসার+ইন্, অস্ত্যর্থে) গৃহস্থাশ্রমী। স্ত্রী, -রিণী।
সংসিক্ত, বিণ ; সম্যক্ আর্দ্র।
সংসিদ্ধ, বিণ ; সম্যক্ নিষ্পন্ন। স্বভাবসিদ্ধ। বিণ,-দ্ধি।
সংসৃষ্ট, বিণ (সম্-সৃজ্-ক্ত) সম্পৃক্ত, যুক্ত, সংসর্গবিশিষ্ট। বি,-ষ্টি।
সংসৃষ্টী (ষ্টিন্), বিণ ; একান্নবর্ত্তী।
সংস্কর্ত্তা (র্ত্তৃ), বিণ ; সংস্কার কারক। স্ত্রী,-র্ত্রী।
সংস্কার, বি, পুং (সম্-কৃ-ভাবে-ঘঞ্) শুদ্ধি। জীর্ণোদ্ধার, মেরামত। পরিষ্করণ। পূর্ব্বকৃত কর্ম্মের স্মৃতিজনক শক্তি বিং। শাস্ত্রাভ্যাস জন্য ব্যুৎপত্তি। জাতকর্ম্ম, উপনয়ন প্রভৃতি দশবিধ শুদ্ধিজনক কর্ম্ম। বিণ,-স্কৃত।
সংস্কারক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) সংস্কর্ত্তা। শোধক।
সংস্কারসাধন, বি, ক্লী ; জীর্ণোদ্ধার করণ।
সংস্কৃত, বিণ (সম্-কৃ-ক্ত) শোধিত। পরিষ্কৃত। সজ্জিত। মন্ত্রপূত। বি, ক্লী ; পবিত্র ভাষা, দেববাণী।
সংস্ক্রিয়া, বি, স্ত্রী ; সংস্কার। শোধন। বিণ,-স্কৃত।
সংস্থান, বি, ক্লী ; সঞ্চয়, যোগাড়। স্থিতি। সন্নিবেশ। বিণ,-স্থিত।
সংস্থাপক, বিণ ; স্থাপন কর্ত্তা।
সংস্থাপন, বি, ক্লী (সম্-স্থাপি-ভাবে-অনট্) স্থাপিত করা,

স্থাপনা। বিণ,-পিত।

সংস্থাপিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা স্থাপন করা হইয়াছে।

সংস্পর্শ, বি, পুং; সম্বন্ধ। সম্যক্‌স্পর্শ। বিণ,-স্পৃষ্ট।

সংস্পৃষ্ট, বিণ; সংযুক্ত।

সংস্রব, বি, পুং; সম্পর্ক।

সংহত, বিণ (সম্-হন্-ক্ত) দৃঢ়। সঞ্চিত। জমাট। মিলিত। বি,-তি।

সংহতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) মিলন। সমূহ। সঙ্ঘাত, জমাট।

সংহরণ, বি, ক্লী, (সম্-হৃ-ভাবে-অনট্) সংকোচন। সংগ্রহ। বিনাশ। বিণ,-হৃত।

সংহর্ত্তা, বিণ; সংহারকর্ত্তা। স্ত্রী,-র্ত্রী।

সংহার, বি, পুং (সম্-হৃ-ভাবে-ঘঞ্) বিনাশ। সংগ্রহ। বিণ,-হৃত। [সংহারকর্ত্তা।

সংহারক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক)

সংহিত, বিণ (সম্-ধা-ক্ত) মিলিত। সংযোজিত। বি, সন্ধান।

"সেই সংহিত শর কূপমধ্যে নিক্ষেপ করিলেন"। (রজনীগুপ্ত)

সংহিতা, বি, স্ত্রী; মম্বাদি-প্রণীত ধর্ম্মশাস্ত্র।

সংহৃত, বিণ (সম্-হৃ-ক্ত) সঙ্কিত। সংগৃহীত। সংক্ষিপ্ত। বিনাশিত। প্রত্যাকৃষ্ট। বি,-হার।

সংহ্লাদ, বি,পুং; শব্দ,গোলমাল।

সকরকন্দ, (প্রা) আলু বিং।

সকরুণ,বিণ; কৃপাযুক্ত। করুণার সহিত বিদ্যমান যে, বহু।

সকরুণভাব, বি, পুং; সদয় ব্যবহার। কর্ম্মধা।

সকরুণস্বরে, ক্রিবিণ; কাতর স্বরে। সকরুণ হইয়াছে স্বর যাহাতে, বহু।

সকল,বিণ; সমুদায়। কলাসহিত।

সকাম, বিণ; কামনাযুক্ত। কামের সহিত বর্ত্তমান যে,বহু।

সকাশ, বিণ; সমীপ, নিকট। কাশের সহিত বর্ত্তমান যে, বহু।

সকৃৎ. ব্য; একবার। বি, স্ত্রী; বিষ্ঠা।

সকৌতুক, বিণ; কৌতুকযুক্ত। কৌতুকের সহিত বর্ত্তমান যে, বহু।

সক্ত, বিণ ; আসক্ত। সংলগ্ন।

সক্তু, বি, পুং,ক্লী; শক্তু, ছাতু।

সখা (খি), বি, পুং (সহ [সমান] -খ্যা-কর্ম্ম-ইন্) যে নিজের সমান উক্ত হয়, বন্ধু, সুহৃৎ।

বন্ধু, সুহৃৎ, মিত্র ও সখা এই চারিটী শব্দের অর্থগত পার্থক্য এইরূপ নিরূপিত হইয়াছে, যথা—

"অত্যাগসহনো বন্ধুঃ
সদৈবানুমতঃ সুহৃৎ।
একক্রিয়ং ভবেন্মিত্রং
সমপ্রাণঃ সখামতঃ ॥"

অর্থাৎ যাঁহার বিচ্ছেদ সহ্য করা যায় নাতিনি বন্ধু ; যিনি সর্ব্বদা অনুগত থাকেন তিনি সুহৃদ্ ; যাঁহাদের ক্রিয়া একরূপ তাঁহারা মিত্র ; এবং যিনি প্রণয়াস্পদকে আপন প্রাণতুল্য জ্ঞান করেন তিনি সখা।

সখী, বি স্ত্রী(সখি+ঈপ্)সহচরী।

সখ্য, বি, ক্লী (সখি+য্য, ভাবার্থে) বন্ধুত্ব।

সগন্ধ, বিণ ; একবংশোৎপন্ন।

সগর, বি, পুং ; সূর্য্যবংশীয় নৃপ বিং।

সগোত্র, বিণ ; জ্ঞাতি। সমান হইয়াছে গোত্র যাহাদের, বহু।

সঙ্কট, বি, ক্লী ; বিপদ্। দুঃখ। ভিড়, জনতা। বিণ ; সঙ্কীর্ণ, অল্প প্রস্থ। নিবিড়। জনতাপূর্ণ।

সঙ্কটকাল, বি, পুং ; বিপৎকাল।

সঙ্কটাপন্ন, বিণ ; বিপদাপন্ন। ২য়া তৎ।

সঙ্কর, বি, পুং ; মিশ্রণ। অবস্কর, সম্মার্জ্জনী-ক্ষিপ্ত ধূল্যাদি।

সঙ্কর্ষণ, বি, ক্লী (সম্-কৃষ্-ভাবে-অনট্) আকর্ষণ। (কর্ত্তৃ-অন) বলরাম।

সঙ্কলন, বি, ক্লী (সম্-কল-ভাবে-অনট্) সংগ্রহ। অঙ্কযোগ। বিণ,-লিত।

সঙ্কলিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) সংগৃহীত। যোজিত। বি,-লন।

সঙ্কল্প, বি, পুং (সম্-কৃপ্-ভাবে-অল্) মনে মনে স্থির করা। অভিলাষ। বিণ,-ল্পিত।

সঙ্কল্পিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) কর্ত্তব্যরূপে স্থিরীকৃত। বাঞ্ছিত। বি,-ল্প।

সঙ্কাশ, বিণ ; সমীপ। (শব্দের

পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ।

সঙ্কীর্ণ, বিণ (সম্-কৄ-কর্ম্ম-ক্ত) অপ্রশস্ত। সঙ্কুচিত। জনতাপূর্ণ। ব্যাপ্ত। [বহু।

সঙ্কীর্ণচিত্ত, বিণ ; ক্ষুদ্রচেতাঃ।

সঙ্কীর্ণচেতাঃ,-হৃদয়, বিণ; অনুদার চিত্ত, ক্ষুদ্রমনাঃ। সঙ্কীর্ণ হইয়াছে চেতঃ, হৃদয় যাহার, বহু।

সঙ্কীর্ত্তন, **সংকীর্ত্তন** } বি, ক্লী ; গুণগান, সুন্দররূপেভগবানের গুণাদি কীর্ত্তন। বিণ,-র্ত্তিত।

সঙ্কুচিত, বিণ (সম্-কুচ্-ক্ত) মুদ্রিত। কুঞ্চিত। বি,-ঙ্কোচ, -ঙ্কোচন।

সঙ্কুল, বিণ (সম্-কুল-ক) সঙ্কীর্ণ। বহুজন সমাকীর্ণ। ব্যাপ্ত। বি, ক্লী ; জনতা, ভিড়।

সঙ্কেত, বি,পুং; চিহ্ন। গুপ্তস্থান। ইঙ্গিত।

{ **সঙ্কোচ**, বি, পুং (সম্-কুচ্-অল্) **সঙ্কোচন**, বি, ক্লী (ঐ-অনট্) সংক্ষেপ। মুদ্রণ। বিণ, সঙ্কুচিত।

সঙ্কোচশূন্য, বিণ ; লজ্জারহিত।

সঙ্ক্ষিপ্ত, বিণ (সম্-ক্ষিপ্-ক্ত) অল্পীকৃত। বি,-ঙ্ক্ষেপ।

সঙ্ক্ষেপ, বি, পুং (ঐ-অল্) অল্পীকরণ, কমান। সঙ্কোচ। বিণ,-ক্ষিপ্ত।

সঙ্ক্ষেপতঃ, ব্য ; সংক্ষিপ্তভাবে।

সঙ্ক্ষোভ, বি, পুং ; চাঞ্চল্য, অস্থিরতা। বিণ,-ক্ষুব্ধ।

সঙ্খ্য, বি, ক্লী ; যুদ্ধ।

সঙ্খ্যা, বি, স্ত্রী ; গণনা। বিণ, -খ্যাত।

সঙ্খ্যাত, বিণ ; গণিত। প্রসিদ্ধ।

সঙ্গ, বি, পুং (সন্জ-ভাবে-ঘঞ্) সংসর্গ। বিণ,-ক্ত।

সঙ্গত, বিণ (সম্-গম্-ক্ত) যুক্তিযুক্ত। মিলিত।

সঙ্গতি, বি,স্ত্রী (ঐ-ক্তি) মিলন। সংস্থান। বিণ,-ঙ্গত।

সঙ্গতিপন্ন, বিণ ; ধনশালী। সঙ্গতিকে পন্ন (প্রাপ্ত), ২য়াতৎ।

সঙ্গতিশালী, বিণ (সঙ্গতি+ শালিন্, অস্ত্যর্থে) সঙ্গতিপন্ন, ধনবান্। স্ত্রী,-লিনী।

সঙ্গতিসম্পন্ন, বিণ ; ধনশালী। ৩য়াতৎ।

সঙ্গদোষ, বি,পুং ; সংসর্গ দোষ। সঙ্গজনিত দোষ, মধ্যপদলোপী কর্ম্মধা।

সঙ্গম, বি, পুং (সম্-গম্-অল্) সংযোগ, মিলন। সম্ভোগ। বিণ, -ঙ্গত।

সঙ্গিহীন, বিণ ; সঙ্গিরহিত। তন্নাতৎ।

সঙ্গী, বিণ (সঙ্গ+ইন্, অস্ত্যর্থে) সাথী, সহচর। স্ত্রী,-ঙ্গিনী।

সঙ্গীত, বি, ক্লী (সম্-গৈ-ভাবে-ক্ত) গান।

সঙ্গীতলহরী, বি, স্ত্রী ; সঙ্গীত তরঙ্গ, তরঙ্গবৎ উত্থানপতন-শীল গীতধ্বনি।

সঙ্গীতানুরাগী, বিণ; সঙ্গীত প্রিয়, যে গীতবাদ্যাদি ভালবাসে। স্ত্রী,-গিণী।

সঙ্ঘ, বি,পুং (সম্-হন্-কর্ম্ম-ঘঞ্) সমূহ।

সঙ্ঘটন, বি, ক্লী (সম্-ঘট্-ভাবে-অনট্) সংযোগ, মিলন।

সঙ্ঘটিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) সঞ্জাত। মিলিত।

সঙ্ঘট্ট, বি, পুং } পরস্পর ঘর্ষণ। সঙ্ঘট্টন, বি, ক্লী } ঘোটন। বিণ, -ট্টিত।

{ সঙ্ঘর্ষ, বি, পুং (সম্-ঘৃষ্-অল্) সঙ্ঘর্ষণ, বি, ক্লী (ঐ-অনট্) } পরস্পর ঘর্ষণ, টক্কর। মর্দ্দন। ঘোটন। বাজিরাখা। বিণ, -ঙ্ঘৃষ্ট।

সঙ্ঘাত, বি, পুং (সম্-হন্-ভাবে-ঘঞ্) নিবিড় সংযোগ,জমাট। সমূহ। সমষ্টি। আঘাত। বিণ, সংহত। [বহু।

সচকিতে, ক্রিবিণ; চমকিতভাবে।

সচন্দন, বিণ ; চন্দনযুক্ত। চন্দনের সহিত বিদ্যমান যে, বহু।

সচরাচর, ক্রিবিণ ; প্রায়শঃ। সর্ব্বদা। বিণ ; চরাচর সহিত।

সচিব, বি, পুং (সচি-বা-কর্ত্তৃ-ড) অমাত্য, মন্ত্রী। সহায়।

সচেতন, বিণ ; চেতনাযুক্ত। চেতনার সহিত বর্ত্তমান যে, বহু।

সচেষ্ট, বিণ ; চেষ্টান্বিত। চেষ্টার সহিত বর্ত্তমান যে, বহু।

সচ্চিদানন্দ, বি,পুং ; নিত্যজ্ঞান-সুখস্বরূপ, পরব্রহ্ম। সৎ (নিত্য) ও যে চিৎ (জ্ঞান) ও সে আনন্দও সে, কর্ম্মধা।

সচ্চিন্তা, বি, স্ত্রী ; সাধু চিন্তা।

সচ্ছিদ্র, বিণ ; ছিদ্রযুক্ত। বহু।

সজল, বিণ ; জলপূর্ণ। বহু।

সজল নয়ন, } বি, ক্লী ; অশ্রু-
সজললোচন } পূর্ণ নেত্র। কর্ম্মধা। অশ্রুপূর্ণ লোচনযুক্ত। বহু।

সজলনয়নে-নেত্রে, ক্রি বিণ ; অশ্রুপূর্ণ লোচনে। সজল হইয়াছে নয়ন, নেত্র যাহাতে (যে ক্রিয়াতে), বহু।

সজাগ, (প্রা) বিণ ; জাগ্রত।

সজাতি, বি, পুং ; একজাতি। সমান যে জাতি, কর্ম্মধা।

সজাতীয়, বিণ (সজাতি + ঈয়) একজাতীয়, এক ধর্ম্মাক্রান্ত।

সজীব, বিণ ; জীবিত। জীবের (জীবনের) সহিত বিদ্যমান যে, বহু। বি,-ত্তা।

সজুঃ (স্), ব্য ; সহিত।

সজ্জ, বিণ ; সজ্জিত। ভূষিত।

সজ্জন, বি, পুং ; সাধু লোক। সৎ (সাধু) যে জন, কর্ম্মধা।

সজ্জা, বি, স্ত্রী ; সাজ, বেশভূষা। আয়োজন। বিণ,-জ্জিত।

সজ্জিত, বিণ (সজ্জা + ইত, যুক্তার্থে) ভূষিত, অলঙ্কৃত। উদ্যুক্ত।

সজ্ঞান, বিণ ; সচেতন। জ্ঞানের সহিত বর্ত্তমান যে, বহু।

সজ্য, বিণ ; জ্যাযুক্ত। বহু।

"অনন্তর সজ্য শরাসনে পঞ্চশর সন্ধান করিয়া" (রজনী গুপ্ত)

সঞ্চয়, বি, পুং (সম্-চি-ভাবে-অল্) সংগ্রহ। সমূহ। বিণ, -ঞ্চিত,-ঞ্চয়ী।

সঞ্চয়ন, বি, ক্লী (ঐ-অনট্) আহরণ, সংগ্রহ।

"চঞ্চুপুটে সঞ্চয়ন করিয়া" (নিভৃত চিন্তা)

সঞ্চয়ী, বিণ (সঞ্চয় + ইন্, অস্ত্যর্থে) সঞ্চয়কারী। স্ত্রী, -য়িনী।

{ সঞ্চর, বি, পুং (সম্-চর ভাবে-অল্)
{ সঞ্চরণ, বি, ক্লী (ঐ-অনট্)

চলন। কম্পন। (ঐ-করণ) সেতু। পথ।

সঞ্চরমাণ, বিণ (সম্-চর্-কর্ত্তৃ-শান) গমনশীল।

সঞ্চান, বি, পুং; শ্যেন পক্ষী।

সঞ্চার, বি, পুং (সম্-চর্-ঘঞ্) সংক্রম। গমন। পথ। সেতু।

সঞ্চারিত, বিণ (সম্-চারি-কর্ম্ম-ক্ত) ইতস্ততঃ চালিত।

সঞ্চারী, বিণ; গমনশীল।

সঞ্চালন, বি, ক্লী (সম্-চালি-ভাবে-অনট্) চালনা।

সঞ্চালিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ইতস্ততঃ চালিত।

সঞ্চিত, বিণ (সম্-চি-কর্ম্ম-ক্ত) সংগৃহীত। রাশীকৃত। বি,-চয়।

সজ্জন, বি, ক্লী; সংঘটন। বন্ধন।

সঞ্জবন, বি, ক্লী; পরাস্পরাভিমুখ গৃহ চতুষ্টয়, চতুঃশাল।

সঞ্জাত, বিণ (সম্-জন্-কর্ত্তৃ ক্ত) উৎপন্ন।

সঞ্জীবন, বিণ (সম্-জীবি-কর্ত্তৃ-অন) জীবনদায়ক। স্ত্রী,-নী।

সঞ্জীবনী, বিণ, স্ত্রী (ঐ-অনট্+ঈপ্) জীবনদায়িনী।

সটা, বি, স্ত্রী; জটা। শিখা। সিংহ প্রভৃতির কেশর।

সটীক, বিণ; টীকাযুক্ত।

সড়ক, (হি) রাস্তা, পথ।

সতত, ক্রিবিণ (সম্-তন-ক্ত) নিরন্তর, সর্ব্বদা।

সতর্ক, বিণ; সাবধান। তর্কের (বিবেচনার) সহিত বর্ত্তমান যে, বহু। বি,-র্কতা।

সতা, সতীন, (প্রা) সপত্নী।

সতানন্দ, বি,পুং; গোতম বংশীয় মুনি বিং।

সতী, বি, স্ত্রী (সৎ+ঈপ্) সাধ্বী স্ত্রী, পতিব্রতা নারী। দক্ষ-কন্যা।

সতীত্ব, বি, ক্লী (সতী+ত্ব) পাতিব্রত্য,সতী নারীর একমাত্র পতিভজনারূপ ধর্ম্ম।

সতীত্বধর্ম্ম, বি, পুং; পাতিব্রত্য রূপ ধর্ম্ম। রূপক।

সতীর্থ, বি, পুং; সমকালে এক গুরুর শিষ্য, সহাধ্যায়ী। সহ (সমান) হইয়াছে তীর্থ

(অধ্যাপক) যাহাদের, বহু।
সতৃষ্ণ, বিণ ; তৃষ্ণাযুক্ত, সস্পৃহ।
তৃষ্ণার সহিত বর্ত্তমান যে,বহু।
সতেজ, বিণ ; তেজস্বী, বলিষ্ঠ।
ব্যাকরণ মতে এই পদটী অশুদ্ধ ; কারণ 'তেজ' শব্দ নহে, 'তেজস্' শব্দ, কাজেই 'সতেজ' না হইয়া 'সতেজাঃ' হওয়া সঙ্গত।
সতেজাঃ (জস্), বিণ (সহ + তেজস্) তেজস্বী। বলবান্।
সৎ, বিণ (অস-কর্ত্তৃ-শতৃ) সাধু। উত্তম। মান্য। সত্য। বিদ্যমান। নিত্য, চিরস্থায়ী। বি, ক্লী ; ব্রহ্ম।
সৎকার, বি, পুং ; }
সৎকৃতি, সৎক্রিয়া, বি, স্ত্রী ; }
শবদাহাদিকার্য্য। সমাদর,পূজা। পুরস্কার। বিণ,-কৃত।
সৎকার্য্য, বি, ক্লী ; পুণ্যকর্ম্ম।
সৎকৃত,বিণ (সৎ-কৃ-ক্ত) আদৃত। পুরস্কৃত।
সৎপথ,বি,পুং ; ধর্ম্ম পথ। কর্ম্মধা।
সত্তম, বিণ (সৎ[উত্তম] + তম অত্যর্থে) অতি উত্তম।
সত্তা,বি,স্ত্রী (সৎ + তা,ভাবার্থে) বিদ্যমানতা, অস্তিত্ব। সাধুতা।
বঙ্গভাষায় সাধুতা অর্থে "সততা" এই শব্দটীও প্রচলিত আছে।
সত্ত্ব, সত্ব, বি, ক্লী ; প্রকৃতির তিনগুণের মধ্যে প্রধান গুণ [গুণ দেখ]। স্বভাব। বল। পরাক্রম। সাহস। ধৈর্য্য। উৎসাহ। আত্মা। মনঃ, অন্তঃকরণ। প্রাণ।
তাহাদিগের সহিত ধীর,স্থির, গম্ভীর-সত্ত্ব ব্যক্তিদিগেরও সেই প্রভেদ।
(প্রভাত চিন্তা)
"দীন-সত্ত্ব দুর্ব্বল মনুষ্যকেও"
(নিভৃত চিন্তা)
সত্য, বিণ (সৎ + য্য) যথার্থ। বি, ক্লী ; যাথার্থ্য। প্রতিজ্ঞা। প্রথম যুগ।
সত্যকথন,বি, ক্লী ; সত্যভাষণ।
সত্যঙ্কার, বি, পুং ; সত্যকরা, প্রতিজ্ঞা।
সত্যনারায়ণ,বি, পুং ; সত্যপীর। সত্যও যে নারায়ণও সে, কর্ম্মধা।
সত্যনিষ্ঠ, বিণ ; সত্যপরায়ণ। সত্যে নিষ্ঠা যাহার, বহু।

সত্যনিষ্ঠ,বি,স্ত্রী, সত্যপরায়ণতা। ৭মীতৎ।

সত্যপরায়ণ, বিণ; সত্যনিষ্ঠ। সত্যে পরায়ণ (অত্যাসক্ত), ৭মীতৎ। স্ত্রী,-ণা। বি,-ণতা।

সত্যপালন, বি, ক্লী; প্রতিজ্ঞা রক্ষা। ৬ষ্ঠীতৎ।

সত্যপ্রতিজ্ঞ, বিণ; স্থির সঙ্কল্প। বহু।

সত্যপ্রিয়, বিণ; সত্যনিষ্ঠ। সত্য হইয়াছে প্রিয় যাহার, বহু।

সত্যভাষণ, বি, ক্লী; সত্যকথা বলা।

সত্যভাষী, বিণ; সত্যবাদী। স্ত্রী,-ষিণী।

সত্যবাদী, বিণ; সত্যভাষী, যে সত্যকথা বলে। স্ত্রী,-দিনী।

সত্যব্রত, বিণ; সত্যপরায়ণ। সত্যই হইয়াছে ব্রত যাহার,বহু।

সত্যসন্ধ, বিণ; সত্যপ্রতিজ্ঞ, যাহার প্রতিজ্ঞা অন্যথা হয়না। সত্যা হইয়াছে সন্ধা (প্রতিজ্ঞা) যাহার, বহু।

সত্যাকৃতি, বি, স্ত্রী; সত্য করা।

সত্যানৃত, বি, ক্লী; বাণিজ্য। সত্য ও অনৃত (মিথ্যা) আছে যাহাতে, বহু।

সত্যাপন, বি, ক্লী; সত্যকরণ।

সত্র, বি, ক্লী (সদ্ [গমন ক্র]-অধি-ত্র) যজ্ঞ। সদাব্রত, সতত অন্নাদি দান। যেমন—অন্নসত্র। গৃহ। অরণ্য।

সত্বর, ক্রিবিণ; শীঘ্র। বিণ; ত্বরাযুক্ত। ত্বরার সহিত বর্ত্তমান যে, বহু।

সদঃ (স্), বি, ক্লী (সদ-অধি-অস্) সভা, পরিষদ্।

সদন, বি,ক্লী (ঐ-অনট্) আলয়।

সদনুষ্ঠান, বি, ক্লী; সৎকর্ম্ম। কর্ম্মধা।

সদয়, বিণ; দয়ালু। দয়ার সহিত বর্ত্তমান যে, বহু।

সদয়ভাবে, ক্রিবিণ; দয়াসহকারে। সদয় হইয়াছে ভাব যাহাতে, বহু।

সদর্পে, ক্রিবিণ; গর্ব্বের সহিত। দর্পের সহিত বর্ত্তমান যাহাতে, বহু।

সদস্য, বি, পুং (সদস্ [সভা]+ য্য) সভাসদ্। যজ্ঞাদিস্থলে ভ্রম-সংশোধন কারী।

সদা, ব্য (সর্ব্ব+দা, কালার্থে) সর্ব্বদা।

সদাচার, বি,পুং; সাধু ব্যবহার। সৎ যে আচার, কর্ম্মধা।

সদাচারপরায়ণ, বিণ; সদাচার শীল। সদাচারে পরায়ণ (অত্যা-সক্ত), ৭মীতৎ।

সদাচার সম্পন্ন, বিণ; সদাচার যুক্ত। ৩য়াতৎ।

সদাচারী, বিণ (সদাচার+ইন্, অস্ত্যর্থে) সদাচার সম্পন্ন।

সদানন্দ, বিণ; সর্ব্বদা আনন্দযুক্ত। বহু। বি, পুং; শিব।

সদালাপ, বি, পুং; সদ্বিষয়ে কথাবার্ত্তা। কর্ম্মধা।

সদালাপী, বিণ (সদালাপ+ইন্) মিষ্টভাষী।

সদাব্রত, বি, ক্লী; অন্নসত্র। নিত্যদান। কর্ম্মধা।

সদাশয়, বিণ; উচ্চাশয়, উন্নত চেতাঃ। সৎ হইয়াছে আশয় (চিত্ত) যাহার, বহু। স্ত্রী,-য়া। বি,-য়তা।

সদাশিব, বি, পুং; মহাদেব। সদাই যিনি শিব (শুভদ), কর্ম্মধা।

সদভিপ্রায়, বি, ক্লী; সাধু অভিপ্রায়। কর্ম্মধা।

{ সদৃক্(শ্), (সমান-দৃশ্-কর্ম্ম-ক্বিপ্)
{ সদৃশ, (ঐ-টক্) বিণ; তুল্য। যোগ্য। স্ত্রী,-শী। [দেশীয়।

সদেশ, বিণ; সমীপস্থ। এক

সদগতি, বি, স্ত্রী; উত্তমাগতি, মুক্তি। কর্ম্মধা।

সদ্ভাব, বি, পুং; স্থিতি, বিদ্যমা-নতা। প্রণয়। সৎএর ভাব, ৬ষ্ঠীতৎ।

সদ্ম, বি, ক্লী (সদ-অধি-মন্) গৃহ, আলয়। (কর্ত্তৃ-মন্) জল।

সদ্যঃ, ব্য; তৎক্ষণাৎ, তখনি।

সদ্যঃপ্রসূত, বিণ; সদ্যোজাত।

সদ্যস্ক, বিণ (সদ্যস্+কণ্) সদ্যোজাত।

সদ্যোজাত, বিণ; নবজাত।

সদ্বিচার, বি, পুং; ন্যায় বিচার।

সদ্বিচারক, বিণ ; সুবিচারক।

সদ্বৃত্ত, বিণ ; সচ্চরিত্র। সৎ হইয়াছে বৃত্ত যাহার, বহু। বি, ক্লী ; সদাচার, সাধু ব্যবহার।

সধর্ম্ম, বি, পুং ; তুল্য ধর্ম্ম। সমান যে ধর্ম্ম, কর্ম্মধা।

সধর্ম্মচারিণী, বি, স্ত্রী ; পত্নী। সহ ধর্ম্ম আচরণ করে যে, উপ।

সধর্ম্মিণী, বি, স্ত্রী (সধর্ম্ম + ইন্, অস্ত্যর্থে) সহধর্ম্মিণী, পত্নী।

সধর্ম্মী, বিণ ; এক ধর্ম্মাক্রান্ত।

সধবা, বিণ ; জীবৎপতিকা। ধবের (পতির) সহিত বর্ত্তমান যে (যে স্ত্রী), বহু।

সনন্দ, (প্রা) প্রমাণ-স্বরূপ লিখিত পত্রাদি।

সনাতন, বিণ (সনা[সদা] + ট্যন, ভবার্থে) নিত্য, চিরস্থায়ী। স্ত্রী,-নী।

সনাভি, বি, পুং ; সপিণ্ড।

সনি, সনী, বি, স্ত্রী ; পূজা। দান। নিয়োগ।

সনির্ব্বন্ধ, বিণ ; আগ্রহাতিশয্য-যুক্ত। বহু।

সন্তত, বিণ ; বিস্তীর্ণ। ক্রিবিণ ; নিরন্তর।

সন্ততি, বি, স্ত্রী (সম্-তন্[বিস্তার কৃ]-করণ-ক্তি) সন্তান, পুত্র বা কন্যা। গোত্র। শ্রেণী।

সন্তপ্ত, বিণ (সম্-তপ্-ক্ত) সন্তাপযুক্ত। উত্তপ্ত। আত্মবিশুদ্ধ

সন্তরণ, বি, ক্লী (সম্-তৃ-ভাবে-অনট্) সাঁতার। পার হওয়া।

সন্তরণকারী, বিণ ; যে সাঁতার দিতেছে।

সন্তর্পণ, বি, ক্লী (সম্-তর্পি-ভাবে-অনট্) তৃপ্তকরণ। (কর্তৃ-অন) তৃপ্তিজনক।

সন্তর্পণে, ক্রিবিণ ; সতর্কতার সহিত।

সন্তান, বি, পুং (সম্-তন্[বিস্তারকৃ] -করণ-ঘঞ্) অপত্য, পুত্র বা কন্যা। গোত্র, বংশ। দেবতরুবিং। (ভাবে-ঘঞ্) বিস্তার। প্রবাহ, ধারা।

সন্তানক, বি, পুং ; কল্পবৃক্ষ।

সন্তাপ, বি, পুং (সম্-তপ্-ভাবে-ঘঞ্) উত্তাপ। মনস্তাপ।

বিণ,- সুপ্ত।

সন্তাপন, বি, ক্লী (সম্-তাপি-ভাবে-অনট্) তাপদান। (কর্ত্তৃ-অন) সন্তাপজনক।

সন্তাপিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) সন্তাপযুক্ত। উষ্ণ। বি,-পন।

সন্তুষ্ট, বিণ (সম্-তুষ্-কর্ত্তৃ-ক্ত) হৃষ্ট, আহ্লাদিত। বি,-ন্তোষ।

সন্তুষ্টচিত্ত,বিণ; প্রসন্নমনাঃ। বহু।

সন্তোষ, বি, পুং (সম্-তুষ-ভাবে-অল্) প্রীতি, হর্ষ। বিণ,-ন্তুষ্ট।

সন্তোষকর, বিণ ; প্রীতিজনক। ৬ষ্ঠীতৎ।

সন্তোষজনক, বিণ ; তৃপ্তিকর, প্রীতিজনক। ৬ষ্ঠীতৎ।

সন্ত্রস্ত, বিণ (সম্-ত্রস-কর্ত্তৃ-ক্ত) সম্যক্ ভীত। বি,-ন্ত্রাস।

সন্দংশ, বি, পুং ; সাঁড়াশী, চিম্‌টা, যাঁতি প্রভৃতি।

সন্দর্ভ, বি, পুং (সম্-দৃভ্-কর্ম্ম-অল্) প্রবন্ধ। গ্রন্থ। (ভাবে-অল্) গ্রন্থন, রচনা। সংগ্রহ। বিস্তার।

সন্দর্শন, বি, ক্লী (সম্-দৃশ্[দেখা]-ভাবে-অনট্) দেখা,অবলোকন। (ঐ-দর্শি[দেখান]-অনট্) প্রদর্শন, দেখান।

সন্দান, বি, ক্লী ; বন্ধনসাধন বস্তু, রজ্জু, শৃঙ্খল প্রভৃতি। বন্ধন। সম্যক্ ছেদন।

সন্দানিত, (সন্দান+ইত)
সন্দিত, (সম্-দো-ক্ত) বিণ ; শৃঙ্খলিত, নিগড়িত। ছিন্ন।

সন্দিগ্ধ, বিণ (সম্-দিহ-কর্ত্তৃ-ক্ত) সন্দেহযুক্ত। বি,-ন্দেহ।

সন্দিহান, বিণ (ঐ-শান) সংশয়যুক্ত।

সন্দী, বি, স্ত্রী ; শয্যা। খট্টা,খাট।

সন্দেশ, বি, পুং (সম্-দিশ্-ভাবে-অল্) বার্ত্তা, সংবাদ। আদেশ। বিণ,-ন্দিষ্ট।

সন্দেশবহ
সন্দেশহর } বি, পুং ; বার্ত্তাবহ, দূত। ৬ষ্ঠীতৎ।

সন্দেহ, বি, পুং (সম্-দিহ-ভাবে-

অল্) সংশয়। বিণ,-ন্দিগ্ধ, -ন্দিহান।

সন্দেহজনক, বিণ; সংশয়কর।

সন্দোহ, বি, পুং; সমূহ।

সন্ধা, বি, স্ত্রী (সম্-ধা-ভাবে-ঙ+আপ্) প্রতিজ্ঞা।

সন্ধান, বি, ক্লী (সম্-ধা-ভাবে-অনট্) অন্বেষণ। বাণ-যোজন। মিলন। বিণ, সংহিত।

সন্ধি, বি, পুং (ঐ-কি) অরি ও বিজিগীষুর ঐক্য। মিলন। বর্ণদ্বয়ের মিলন। শরীরের অস্থি প্রভৃতির সংযোগ স্থল। সত্য ত্রেতাদি যুগের মধ্যসময়। সুরঙ্গ, সিঁধ।

সন্ধিচৌর, বি, পুং; সিঁধেল চোর।

সন্ধিৎসু, বিণ (সম্-ধা-সন্-কর্ত্তৃ-উ) সন্ধানেচ্ছু। বি,-সা।

সন্ধুক্ষিত, বিণ (সম্-ধুক্ষ-কর্ম্ম-ক্ত) উত্তেজিত। উদ্দীপিত। বি,-ক্ষণ, উত্তেজনা। উদ্দীপনা।

"অভিমানের সন্ধুক্ষণে ক্ষণকাল যার পর নাই সুখী হইতেছেন।"

(প্রভাতচিন্তা)

সন্ধ্যা, বি, স্ত্রী (সম্ ধ্যৈ(ধ্যানকৃ) -কর্ম্ম-ঙ+আপ্) দিবা ও রাত্রির সন্ধিকাল। উপাসনা।

সন্নদ্ধ, বিণ; শ্রেণীবদ্ধ। বর্ম্মিত। অস্ত্রসস্ত্রে সজ্জিত। বি,-হন।

সন্নাহ, বি, পুং; বর্ম্ম। পরিচ্ছদ।

সন্নিকট, বিণ; অতি নিকট। সম্ (সম্যক্) নিকট, নিত্য।

সন্নিকর্ষ, বি, পুং (সম্-নি-কৃষ্-ভাবে-অল্) সান্নিধ্য, নৈকট্য। বিণ,-কৃষ্ট।

সন্নিকৃষ্ট, বিণ (ঐ কর্ম্ম ক্ত) নিকটস্থ।

সন্নিধান, বি, ক্লী (সম্-নি-ধা-ভাবে-অনট্)
সন্নিধি, বি, পুং (ঐ-কি) নিকট। সাধুদিগের স্থান। সৎ যে নিধান, নিধি, কর্ম্মধা।

সন্নিপাত, বি, পুং; মিলন। সমূহ। রোগ বিং।

সন্নিভ, বিণ (সম্-নি-ভা-কর্ত্তৃ-ড) তুল্য, সদৃশ।

সন্নিবিষ্ট, বিণ (সম্-নি-বিশ্-কর্ত্তৃ-ক্ত) উপবিষ্ট। সমীপস্থ। বি, -বেশ।

সন্নিবেশ, বি, পুং (ঐ-ভাবে

অস্) স্থিতি। বিন্যাস। (অধি-অস্) আশ্রম। স্থান। নিকট। বিণ,-বিষ্ট।

সন্নিহিত, বিণ (সম্-নি-ধা-কর্ম্ম-ক্ত) সমীপস্থ। স্থাপিত।

সন্ন্যাস, বি, পুং (সম্-নি-অস্ [ক্ষেপণক্র]-ভাবে-ঘঞ্)সংসার-বাসনা পরিত্যাগ, চতুর্থাশম। বিণ,-সী।

সন্ন্যাসী, বিণ (সন্ন্যাস+ইন্, অস্ত্যর্থে) সংসার-বিরাগী, চতুর্থাশ্রমী। স্ত্রী,-সিনী।

সপক্ষ, বিণ ; সহায়।

সপক্ষতা, বি, স্ত্রী ; সহায়তা।

সপত্ন, বি, পুং (সহ-পত-ন) শত্রু।

সপত্নী,বি, স্ত্রী ; সতীন। সমান হইয়াছে পতি যাহাদের, বহু।

সপরিবার, বিণ ; পরিজনবর্গ সহিত। পরিবারের সহিত বর্ত্ত-মান যে, বহু।

সপর্য্যা, বি, স্ত্রী ; পূজা।

সপিণ্ড,বি,পুং ; সপ্ত পুরুষান্তর্গত জ্ঞাতি।

সপিণ্ডীকরণ, বি, ক্লী ; মৃত্যুর একবর্ষান্তে কর্ত্তব্য শ্রাদ্ধ।

সপ্ত, বি ; ৭ সংখ্যা।

সপ্তক, বি, ক্লী ; ৭ সংখ্যা। বিণ ; সপ্তসংখ্যক।

সপ্তচত্বারিংশৎ, বি, স্ত্রী ; ৪৭ সংখ্যা।

সপ্তচ্ছদ, বি, পুং ; ছাতিম গাছ। সপ্ত হইয়াছে ছদ (পত্র) যাহার, বহু।

সপ্তজিহ্ব, বি, পুং ; অগ্নি।

সপ্ততন্তু, বি, পুং ; যজ্ঞ।

সপ্ততি, বি, স্ত্রী ; ৭০ সংখ্যা।

সপ্ততিতম, বিণ ; ৭০ সংখ্যার পূরণ।

সপ্তদশ, বি ; ১৭ সংখ্যা। বিণ ; ১৭ সংখ্যার পূরণ।

সপ্তদ্বীপ, বি, পুং ; জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর।

সপ্তদ্বীপা, বি, স্ত্রী ; পৃথিবী। সপ্তদ্বীপ আছে যাহাতে, বহু।

সপ্তধা, ব্য ; সাতপ্রকার। সাত বার।

সপ্তম, বিণ (সপ্তন্+মট্) সাতের পূরণ। স্ত্রী,-মী, তিথিবিং।

সপ্তর্ষি, বি, পুং; মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, এই সাত ঋষি। সপ্ত ঋষির সমাহার, সমাহার দ্বিগু।

সপ্তলোক, বি, পুং; ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য, উত্তরোত্তর উপরিস্থ এই সাত লোক।

সপ্তসাগর, বি, পুং; লবণ, ইক্ষু, সুরা, সর্পিঃ, দধি, দুগ্ধ, জল, এই সপ্ত সমুদ্র।

সপ্তস্বরা, বি, স্ত্রী; বাদ্যযন্ত্র বিং।

সপ্তাহ, বি, ক্লী; সাতদিন। সপ্ত অহনএর (দিনের) সমাহার, সমাহার দ্বিগু।

সপ্তি, বি, পুং; অশ্ব।

সপ্রতিভ, বিণ; প্রতিভান্বিত, অসাধারণ বুদ্ধিমান্। প্রতিভার সহিত বর্ত্তমান যে, বহু।

সপ্রমাণ, বিণ; প্রমাণসিদ্ধ। বহু।

সফরী, বি, স্ত্রী; পুঁটীমাছ।

সফল, বিণ; সুসিদ্ধ। ফলযুক্ত। ফলের সহিত বর্ত্তমান যে, বহু। বি,-লতা, সাফল্য।

সফলকাম, **সফলমনোরথ** } বিণ; সিদ্ধমনোরথ। বহু।

সভয়, বিণ; ভয়যুক্ত। বহু।

সভর্ত্তৃকা, বি, স্ত্রী; সধবা স্ত্রী। ভর্ত্তার সহিত বর্ত্তমানা যে (যে স্ত্রী), বহু।

সভা, বি, স্ত্রী (সহ-ভা-অধি-ক্বিপ্) পরিষৎ, সমিতি।

সভাজন, বি, ক্লী; সমাদর। বি, পুং; সভ্য।

সভাপতি, বি, পুং; সভার অধ্যক্ষ।

সভাপতিত্ব, বি, ক্লী; সভাপতির পদ।

সভাসৎ (দ্), বিণ (সভা-সদ্-কর্ত্তৃ-ক্বিপ্) সভ্য।

সভিক, বি, পুং; দ্যূত-সভাধ্যক্ষ।

সভ্য, বি, পুং (সভা+ষ্ণ্য) সভাসদ্। সজ্জন। সামাজিক। বি,-তা।

সভ্যজগৎ, বি, ক্লী; শিষ্ট সমাজ।

সম্, ব্য ; সম্যক্। তুল্য, সদৃশ। প্রকৃষ্ট। সামীপ্য। আভিমুখ্য। সমূহ। সমুচ্চয়।

সম, বিণ ; তুল্য, সমান। সমগ্র। যুগ্ম।

সমকক্ষ, বিণ ; তুল্য বল। সম (সমান) যে কক্ষ (প্রতিযোগী), কর্ম্মধা।

সমকাল, বি, পুং ; একসময়।

সমক্ষ, ব্য (সম্ + অক্ষি) চক্ষুর সমীপে। বিণ ; প্রত্যক্ষ।

সমগ্র, বিণ (সম্-গ্রহ-ড) সকল।

সমজাতীয়, বিণ ; একজাতীয়।

সমঞ্জস, বিণ ; যোগ্য, উচিত। সমীচীন। সম্ (সম্যক্) হইয়াছে অঞ্জস (যাথার্থ্য) যাহার, বহু।

সমতল, বিণ ; সমভূমি।

সমতা, বি, স্ত্রী ; তুল্যতা।

সমদর্শী, বিণ (সম দৃশ্-ণিন) সর্ব্বভূতে সমান দর্শন কারী, তত্ত্বজ্ঞানী। স্ত্রী,-র্শিনী। বি, -র্শিতা।

সমধিক, বিণ ; অত্যধিক। সম্ (সম্যক্) যে অধিক, নিত্য।

সমন্ত্রক, বিণ ; মন্ত্রপূত, মন্ত্রদ্বারা সংস্কৃত।

"ওসকল সমন্ত্রক জৃম্ভক অস্ত্র"

(সীতার বনবাস)

সমন্তাৎ, ব্য; সর্ব্বত্র। সকলদিকে।

সমন্বয়, বি, পুং (সম্-অনু-ই-অল্) মিলন। অবিরোধ। বিণ,-ন্বিত।

সমন্বিত, বিণ (ঐ-ক্ত) সংযুক্ত, মিলিত। অবিরুদ্ধ।

সমভাব, বি, পুং ; সমতা, একরূপতা।

সমভিব্যাহার, বি, পুং (সম্-অভি-বি-আ-হৃ-ভাবে-ঘঞ্)সঙ্গ। বিণ,-রী।

সমভিব্যাহারী, বিণ (ঐ-কর্ত্তৃ-ণিন্) সঙ্গী। স্ত্রী,-রিণী। বি,-হার।

সমভিব্যাহৃত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) একত্র মিলিত।

সমভূমি, বি, স্ত্রী ; সমতল স্থান।

সময়, বি, পুং (সম্-ই-কর্ত্তৃ-অন্) কাল। অবসর। নিয়ম। শপথ। আচার। প্রতিজ্ঞা। সিদ্ধান্ত।

সময়ান্তর, বি, ক্লী ; অন্যসময়।

সময়োচিত, } বিণ ; কালোপ
সময়োপযোগী } যুক্ত। ৬ষ্ঠীতৎ।

সমর, বি, পুং (সম্-ঋ-অধি-অল্) যুদ্ধ, সংগ্রাম।

সমরক্ষেত্র, বি, ক্লী } যুদ্ধস্থল।
সমরভূমি, বি, স্ত্রী } ৬ষ্ঠীতৎ।

সমরপোত, বি, পুং ; রণতরী, যুদ্ধ জাহাজ। ৪র্থীতৎ।

সমরশয্যা, বি, স্ত্রী , রণক্ষেত্ররূপ-শয্যা। রূপক।

সমরশায়ী, বিণ ; যে যুদ্ধে প্রাণ-বিসর্জ্জন করিয়াছে।

সমরাঙ্গন, বি, ক্লী , যুদ্ধস্থল। ৬ষ্ঠীতৎ।

সমর্থ, বিণ (সম-অর্থ-কর্ত্তৃ-অন্) ক্ষমতাশালী। উপযুক্ত। বি, সামর্থ্য।

সমর্থন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট) দৃঢ়ীকরণ। নিশ্চয়। মীমাংসা। বিবেচনা। সম্ভাবনা। বিণ, র্থিত।

সমর্থিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দৃঢ়ীকৃত। মীমাংসিত। বিবেচিত। সম্ভাবিত। বি,-র্থন।

সমর্পণ, বি, ক্লী (সম্-অর্পি-ভাবে-অনট্) দান, অর্পণ। স্থাপন। বিণ,-র্পিত।

সমর্পিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দত্ত, অর্পিত। স্থাপিত। বি,-র্পণ।

সমল, বিণ ; ময়লাযুক্ত। মলের সহিত বর্ত্তমান যে, বহু।

সমবধান, বি, ক্লী (সম্-অব-ধা-ভাবে-অনট্) সম্যক্ মনোযোগ। নিষ্পত্তি।

'অপর্য্যাপ্ত আহার সামগ্রী ও শয্যা-যানাদি সমবধান করিয়া যজ্ঞক্ষেত্রে প্রেরণ করিলেন।" (সীতার বনবাস)

সমবয়স্ক, বিণ ; তুল্যবয়সযুক্ত। সম (সমান) হইয়াছে বয়ঃ (বয়স) যাহার, বহু। স্ত্রী -স্কা।

সমবায়, বি, পুং (সম্-অব-ই-ভাবে-অল) নিত্যসম্বন্ধ। মিলন। সমূহ। বিণ,-বেত।

সমবেত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) একত্রিত। বি,-বায়।

সমবেদনা, বি, স্ত্রী ; সহানুভূতি। তুল্য যাতনা। কর্ম্মধা।

সমষ্টি, বি, স্ত্রী , সমস্ত, মোট।

সমসাময়িক, বিণ ; এক সময়ে বিদ্যমান।

সমস্ত, বিণ , সমুদায়।

সমস্যা, বি, স্ত্রী ; শ্লোকের পাদপূরণার্থ প্রশ্ন।

সমাকুল,বিণ ; কাতর। ব্যাকুল। সম্ (সম্যক্) আকুল, নিত্য।

সমাক্রান্ত,বিণ ;আক্রান্ত। ব্যাপ্ত। গৃহীত।

সমাখ্যা, বি, স্ত্রী ; কীর্ত্তি।

সমাগত, বিণ (সম্-আ-গম্-ক্ত) উপস্থিত। বি,-গম।

সমাগম,বি,পুং(ঐ-অল্)উপস্থিতি।

সমাচার, বি, পুং ; উত্তম আচরণ। (প্রা) সংবাদ।

সমাচ্ছন্ন, বিণ (সম্-আ-ছদ্-ক্ত) আচ্ছাদিত, ঢাকা।

সমাজ, বি, পুং (সম্-অজ্-অধি-ঘঞ্) সভা। সমূহ।

সমাজচ্যুত, বিণ ; সমাজভ্রষ্ট। সমাজ হইতে চ্যুত, পতিত।

সমাজবদ্ধ, বিণ; দলবদ্ধ। জাতিগত।

সমাদর, বি, পুং ; সম্মান। সম্ (সম্যক্) যে আদর, প্রা'দ। বিণ,-দৃত।

সমাদৃত, বিণ (সম্-আ-দৃ-ক্ত) সম্মানিত। বি,-দর।

সমাধা, বি, স্ত্রী } মীমাংসা।
সমাধান, বি, ক্লী } নিষ্পত্তি।
বিণ,-হিত।

সমাধি, বি, পুং (সম্-আ-ধা-ভাবে-কি) পরব্রহ্মে চিত্ত লয়, প্রেমাবেশ। কবর। বিণ,-হিত।

সমাধিক্ষেত্র, বি, ক্লী ; সমাধিস্থান। (Grave-yard)

সমাধিস্তম্ভ, বি, পুং ; ভূগর্ভ-নিহিত শবোপরি স্থাপিত স্তম্ভ। (Tomb-stone)

সমাধিস্থ, বিণ (সমাধি-স্থা-ড) ধ্যাননিমগ্ন। সমাধিক্ষেত্রে নিহিত।

সমাশ্বাসিত, বিণ ; সম্যক্ শব্দিত। গর্ব্বিত। উৎসাহিত।

সমান, বিণ ; তুল্য, সদৃশ। বি, পুং ; দেহান্তর্গত নাভি বায়ু।

সমানুপাত, বি, পুং ; দুই বা বহু সংখ্যক রাশির পরস্পর সমানত্ব সম্বন্ধ।

সমান্তর } বিণ ; সর্ব্বত্র
সমান্তরাল } সমদূরবর্ত্তী।

সমাপক, বিণ ; সমাপনকারী। স্ত্রী,-পিকা।

সমাপত্তি, বি, স্ত্রী ; সমকালে উপস্থিতি। পরস্পর আপত্তি।

সমাপন, বি, ক্লী (সম্-আপি-অনট্) সমাপ্তি, শেষ। বিণ, -পিত।

সমাপিত, বিণ (ঐ-ক্ত) সম্পাদিত।

সমাপ্ত, বিণ ; সম্পূর্ণ। বি,-প্তি।

সমাপ্তি, বি, স্ত্রী ; সমাপন।

সমারোহ, বি, পুং (সম্-আ রুহ-ভাবে-অল্) আড়ম্বর।

সমালোচক, বিণ (সম্-আ-লোচ-কর্ত্তৃ-ণক) দোষগুণের বিচারক।

সমালোচনা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অন) দোষ-গুণের বিচার। বিণ,-চিত।

সমালোচ্য, বিণ ; সমালোচন-যোগ্য।

সমাবর্ত্তন, বি, ক্লী (সম্-আ-বৃত-ভাবে-অনট্) ব্রহ্মচর্য্যের পর গৃহস্থাশ্রমে প্রবেশ। প্রত্যা-বর্ত্তন। বিণ,-বৃত্ত।

সমাবিষ্ট, বিণ (সম্-আ-বিশ্-ক্ত) মনোযোগী। প্রবিষ্ট। বি,-বেশ।

সমাবৃত, বিণ (সম্-আ-বৃ-ক্ত) আবৃত।

সমাবৃত্ত, বিণ (সম্-আ-বৃত্-কর্ত্তৃ-ক্ত) ব্রহ্মচর্য্যের পর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট। প্রত্যাগত।

সমাবেশ, বি, পুং (সম্-আ-বেশি-ভাবে-অল্) সামঞ্জস্যরূপে একত্র স্থাপন। (ঐ-বিশ্-অল্) প্রবেশ। মনোযোগ। বিণ, -বিষ্ট,-বেশিত।

সমাবেশিত, বিণ (সম্-আ-বেশি-কর্ম্ম-ক্ত) একত্র স্থাপিত। প্রবেশিত। অভিনিবেশিত। বি,-বেশ।

সমাশ্রয়, বি, পুং ; আশ্রয়, অব-লম্বন। বিণ,-শ্রিত।

সমাস, বি, পুং ; সংক্ষেপ। দুই বা বহু পদের একপদীকরণ।

সমাসক্ত, বিণ ; অত্যাসক্ত। যুক্ত। সংলগ্ন।

সমাসাদ্য, বিণ ; প্রাপ্য।

সমাসীন, বিণ (সম্-আস-কর্ত্তৃ-শান) উপবিষ্ট, আসীন।

সমাহার, বি, পুং ; মিলন। সংগ্রহ, আহরণ। সংক্ষেপ।

সমূহ। বিণ,-হৃত।

সমাহিত, বিণ (সম্-আ-ধা-কর্ত্তৃ-ক্ত) একাগ্রচিত্ত। (কর্ম্ম-ক্ত) মীমাংসিত। স্থাপিত। নিষ্পাদিত। সমাধিক্ষেত্রে নিহিত (শবদেহ)। বি,-ধা,-ধান,-ধি।

সমাহৃত, বিণ (সম্-আ-হৃ-ক্ত) সংগৃহীত, আহৃত। সংক্ষিপ্ত। বি,-হার।

সমিৎ, বি, স্ত্রী ; যুদ্ধ।

সমিৎ (ধ্), বি, স্ত্রী ; ইন্ধন। যজ্ঞকাষ্ঠ।

সমিতা, বি, স্ত্রী ; গোধূমচূর্ণ, ময়দা।

সমিতি, বি, স্ত্রী (সম্-ই-অধি-ক্তি) সভা।

সমিদ্ধ, বিণ ; প্রজ্বলিত। উত্তেজিত।

সমিধ, বি, পুং (সম্-ইন্ধ-করণ-ক) যজ্ঞকাষ্ঠ। (কর্ম্ম-ক) অগ্নি।

সমীক, বি, ক্লী ; যুদ্ধ।

সমীকরণ, বি, ক্লী ; সদৃশীকরণ। একজাতীয় করণ।

সমীক্ষা, বি,স্ত্রী ; বুদ্ধি। প্রকৃতি। বিবেচনা। দৃষ্টি। অন্বেষণ।

সমীক্ষ্যকারী, বিণ (সম্-ঈক্ষ-যপ্ = সমীক্ষ্য-কৃ-কর্ত্তৃ-ণিন্) যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্য করে। স্ত্রী,-রিণী। বি,-রিতা।

"আপনার সমীক্ষ্যকারিতা ও গুণগ্রাহিতার সবিশেষ পরিচয় দিলেন।"
(রজনী গুপ্ত)

সমীক্ষ্যবাদী, বিণ ; যে বিবেচনা পূর্ব্বক কথা বলে। স্ত্রী,-দিনী।

সমীচীন, বিণ (সম্যচ্-ঈন) উপযুক্ত। উত্তম। যুক্তিযুক্ত। যথার্থ।

সমীপ, বিণ ; নিকট।

{ সমীর, বি, পুং (সম্-ঈর-কর্ত্তৃ-অন্)
{ সমীরণ, বি, ক্লী (ঐ-অন) বায়ু।

সমীরিত, বিণ ; উচ্চারিত।

সমীহিত, বিণ ; চেষ্টিত। অভীষ্ট।

সমুচিত, বিণ ; উপযুক্ত। সম্ (সম্যক্) যে উচিত, নিত্য।

সমুচ্চয়, বি, পুং ; মিলন, সমাহার। সমূহ। এবং, আর ইত্যাদি।

সমুচ্ছেদ, বি, পুং ; উন্মূলন, বিনাশ।

{ সমুচ্ছ্রয়, (সম্-উৎ-শ্রি-অল্)
{ সমুচ্ছ্রায়, (ঐ-ঘঞ্) অত্যুন্নতি। বৃদ্ধি। বিণ,-চ্ছ্রিত।

সমুচ্ছ্রিত, বিণ (ঐ-ক্ত) বর্দ্ধিত। অত্যুন্নত। বি, চ্ছ্রয়,-চ্ছ্রায়।

"সমুচ্ছ্রিত বট-বৃক্ষের ন্যায়,"
(প্রভাতচিন্তা)

সমুৎকীর্ণ, বিণ; ক্ষোদিত। বিদ্ধ।

সমুত্থান, বি, ক্লী ; উত্থান, উঠা। বিণ,-মুত্থ,-ত্থিত।

সমুত্থিত, বিণ ; উত্থিত। উদ্দিত।

সমুৎপত্তি, বি, স্ত্রী ; উৎপত্তি। বিণ,-পন্ন।
সমুৎপন্ন, বিণ ; উৎপন্ন। বি,-পত্তি।
সমুৎপাট, বি, পুং ; উন্মূলন।
সমুৎপাটন, বি, ক্লী। বিণ,-টিত
সমুৎপাটিত, বিণ ; উন্মূলিত।
সমুৎফুল্ল, বিণ ; অতি প্রফুল্ল।
সমুৎসাদিত, বিণ ; বিনাশিত।
সমুৎসুক, বিণ ; আগ্রহযুক্ত। সম্ (সম্যক্) যে উৎসুক, নিত্য।
সমুৎসৃষ্ট, বিণ (সম্-উৎ-সৃজ্-কর্ম্ম-ক্ত) সম্যক্ পরিত্যক্ত।
সমুদয়, সমুদায়, বি, পুং (সম-উদ্-ই-ভাবে-অল্, ঘঞ্) বি, পুং ; সমস্ত, সকল।
সমুদাচার, বি, পুং ; শিষ্টাচার। অভিলাষ।
সমুদিত, বিণ ; উত্থিত। জাত।
সমুদ্গ (ক), বি, পুং ; কৌটা, ঠোঙা প্রভৃতি।
সমুদ্গত, বিণ ; উৎপন্ন। উদিত। বি,-দ্গম।
সমুদ্গীর্ণ, বিণ (সম্ উৎ-গৄ-ক্ত) উদ্গীর্ণ। উত্তোলিত। উচ্চারিত।
সমুদ্ধৃত, বিণ ; উত্তোলিত। মোচিত। বি,-দ্ধরণ,-দ্ধার।
সমুদ্ভব, বি, পুং ; উৎপত্তি। বিণ ; জাত।
সমুদ্ভাসিত, বিণ ; প্রদীপ্ত। শোভিত। সম্ (সম্যক্) উদ্ভাসিত, প্রাদি।
সমুদ্ভূত, বিণ (সম-উৎ-ভূ-ক্ত) উৎপন্ন, জাত। বি,-দ্ভব।
সমুদ্যত, বিণ (সম্ উৎ-যম্-ক্ত) উদ্যুক্ত, প্রস্তুত। বি,-দ্যম।
সমুদ্র, বি, পুং (সম্-উন্দ্ [ক্লিন্নহ] -অপা-রক্) চন্দ্রোদয় হেতু জলরাশি ক্লিন্ন হয় যাহা হইতে, সাগর, বারিধি।
সমুদ্রযান, বি, ক্লী ; অর্ণবপোত।
সমুদ্রীয়, বিণ ; সমুদ্র সম্বন্ধীয়।
সমুন্নত, বিণ ; উচ্চ। মহৎ। সম্ (সম্যক্) উন্নত, প্রাদি। বি,-তি।
সমুন্নয়, বি, পুং (সম্-উৎ-নী-অল্)
সমুন্নয়ন, বি, ক্লী (ঐ-অনট্) উদ্ভাবন। উৎক্ষেপণ। ঊর্দ্ধে-নয়ন।
সমুল, সমূলক, বিণ ; মূলসহিত।
সমূহ, বি, পুং (সম্-উহ্-ঘঞ্) সমুদায়।
সমৃদ্ধ, বিণ (সম্-ঋধ্ [বৃদ্ধি পা] -কর্ত্তৃ-ক্ত) সম্পত্তিশালী। বৃদ্ধিযুক্ত। বি,-দ্ধি।
সমৃদ্ধি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) সম্পত্তি। উন্নতি। বৃদ্ধি। বিণ,-দ্ধ।

সমৃদ্ধিশালী, বিণ (সমৃদ্ধি+শালিন্, অস্ত্যর্থে) ধনশালী। স্ত্রী,-লিনী।

সমৃদ্ধি সম্পন্ন, বিণ ; ঐশ্বর্য্যশালী। তয়া তৎ।

সমেত, বিণ ; সহিত। মিলিত।

সম্পৎ (দ্), (সম্-পদ-ভাবে-ক্বিপ্)
সম্পত্তি, (ঐ-ক্তি) বি, স্ত্রী ;
ঐশ্বর্য্য। ধন। বিণ, সম্পন্ন।

সম্পন্ন, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) নিষ্পন্ন। যুক্ত। (ঐ-কর্তৃ-ক্ত) সম্পত্তিশালী। বি,-ম্পৎ,-ম্পত্তি।

সম্পরায়, বি, পুং ; উত্তরকাল। যুদ্ধ।

সম্পর্ক, বি, পুং (সম্-পৃচ্-ঘঞ্) সম্বন্ধ। সংসর্গ। বিণ, -ম্পৃক্ত।

সম্পর্কিত, বিণ (সম্পর্ক+ইত) সম্বন্ধযুক্ত।

সম্পর্কীয়, বিণ (ঐ+ীয়) সম্বন্ধীয়, সংক্রান্ত।

সম্পা, বি, স্ত্রী (সম্-পত্-কর্তৃ-ড+আপ্) বিদ্যুৎ।

সম্পাত, বি, পুং ; পতন। উড্ডয়ন। গমন।

সম্পাদক, বিণ (সম্-পাদি-ণক) কার্য্য-নির্ব্বাহক। স্ত্রী, -দিকা।

সম্পাদন, বি, ক্লী (ঐ-অনট্) নিষ্পাদন। বিণ,-দিত।

সম্পাদিত, বিণ (ঐ-ক্ত) নিষ্পাদিত। বি,-দন।

সম্পাদ্য, বিণ (ঐ-য) নিষ্পাদ্য।

সম্পুট (ক), বি, পুং ; কৌটা, ঠোঙা প্রভৃতি।

সম্পূজিত, বিণ ; সমাদৃত। অর্চ্চিত।

সম্পূর্ণ, বিণ (সম্+পূর্ণ) পরিপূর্ণ।

সম্পৃক্ত, বিণ (সম্-পৃচ্-কর্তৃ-ক্ত) মিশ্রিত। সম্বদ্ধ। গ্রথিত। বি,-ম্পর্ক।

সম্প্রতি, ব্য, ইদানীং, অধুনা।

সম্প্রদাতা, বিণ ; সম্প্রদান কর্ত্তা। স্ত্রী,-ত্রী।

সম্প্রদান, বি, ক্লী (সম্-প্র-দা-ভাবে-অনট্) অর্পণ, দান। (ঐ-সম্প্র-অনট্) দানীয় ব্যক্তি।

সম্প্রদায়, বি, পুং (ঐ-কর্ম্ম-ঘঞ্) সমাজ, দল। গুরু-পরম্পরাগত উপদেশ।

সম্প্রধারণ, বি, ক্লী ; অবধারণ। কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়।

সম্প্রয়োগ, বি, পুং ; ধনাদি বিনি-য়োগ, টাকাকড়ি খাটান।

সম্প্রসাদ, বি, পুং ; প্রসন্নতা।

সম্প্রসারণ, বি, ক্লী ; বিস্তার করণ।

সম্প্রীতি, বি, স্ত্রী (সম্-প্রী-ভাবে-ক্তি) প্রণয়।

সম্ভব, বি, পুং (সম্-ভূ-ভাবে-অল্) সম্ভাবনা। জন্ম। বিণ (কর্ত্তৃ—অন্) জাত।
সম্ভবপর, বিণ ; সম্ভাবনাযুক্ত।
সম্ভার, বি, পুং (সম্—ভৃ—ভাবে—ঘঞ্) সমূহ। (কর্ম্ম—ঘঞ্) উপকরণ।
সম্ভাবনা, বি, স্ত্রী ; যোগ্যতা। সংশয়, যাহা ঘটিতে পারে। সৎকার। বিণ,-বিত।
সম্ভাবনীয়, **সম্ভাব্য**, বিণ ; সম্ভাবনা যোগ্য।
সম্ভাবিত, বিণ (সম্—ভাবি—ক্ত) সম্ভাবনাযুক্ত। বি,-বনা।
সম্ভাষ, বি,পুং (সম্-ভাষ-অল্)
সম্ভাষণ, বি, ক্লী (ঐ-অনট্)
সম্ভাষা, বি, স্ত্রী (ঐ-অল্+আপ্) আলাপ, পরস্পর কথোপকথন।
সম্ভূত, (সম্—ভূ—ক্ত) উৎপন্ন, জাত।
সম্ভূয়সমুত্থান, বি, ক্লী ; যৌথ কারবার, অংশীগণ মিলিত হইয়া যে বাণিজ্য করে।
সম্ভৃত, বিণ (সম্—ভৃ—ক্ত) পরিপুষ্ট। সঞ্চিত। যত্ন সহ। বি,-তি।
সম্ভোগ, বি, পুং ; উপভোগ।
সম্ভ্রম, বি, পুং (সম্-ভ্রম্-ভাবে-অল্) সম্মান, গৌরব। হর্ষভয়াদি জনিত ব্যগ্রতা। বিণ,-ভ্রান্ত।
সম্ভ্রান্ত, বিণ (ঐ—কর্ত্তৃ—ক্ত) সম্ভ্রমশালী। বি,-ভ্রম।
সম্ভ্রান্তবংশীয়, বিণ ; সৎকুলোদ্ভব।
সম্মত, বিণ (সম্—মন্—ক্ত) স্বীকৃত। অনুমত। বি,-তি।
সম্মতি, বি, স্ত্রী (ঐ—ক্তি) অনুমতি। বি,-ম্মত।
সম্মদ, বি, পুং ; হর্ষ।
সম্মান, বি, পুং (সম্-মান্-অল্)
সম্মাননা, বি,স্ত্রী (ঐ-অন+আপ্) সমাদর, পূজা। বিণ,-নিত।
"নেপোলিয়নের সম্মাননার জন্য" (প্রভাত চিন্তা)
সম্মানিত, বিণ (সম্—মান্—ক্ত) সমাদৃত। বি,-ম্মান,-ম্মাননা।
সম্মার্জ্জন, বি, ক্লী ; পরিষ্করণ।
সম্মার্জ্জনী, বি, স্ত্রী (সম্ মৃজ-করণ - অনট্+ঈপ্) খেংরা, ঝাঁটা।
সম্মিলন, বি, ক্লী (সম্—মিল—ভাবে-অনট্) মিলন, একত্র হওন। বিণ,-লিত।
সম্মিলিত, বিণ (ঐ—কর্ত্তৃ—ক্ত) মিলিত, একত্রীভূত।
সম্মুখ, বিণ ; অভিমুখ, নিকট। মুখের সম্ (সমীপ), নিত্য।
সম্মুখবর্ত্তী, বিণ ; সম্মুখস্থ।

সম্মুখসংগ্রাম,-সমর, বিং, পুং ; সম্মুখযুদ্ধ। কর্ম্মধা।

সম্মুখস্থ, বিণ ; সম্মুখে স্থিত।

সম্মুখীন, বিণ (সম্মুখ+ঈন) সম্মুখবর্ত্তী।

সম্মোহন, বি, ক্লী ; মুগ্ধকরণ। পুং ; কন্দর্পের বাণ বিং। বিণ ; মোহকারক।

সম্যক্, ব্য ; উত্তমরূপে। বিণ ; সম্পূর্ণ।

সম্রাট্ (জ্), বি, পুং (সম্—রাজ্ (দীপ্তি পা)-কর্ত্তৃ-ক্বিপ্) সার্ব্বভৌম, রাজাধিরাজ। স্ত্রী, -জ্ঞী।

সযত্নে, ক্রিবিণ ; যত্নপূর্ব্বক। যত্নের সহিত বর্ত্তমান যাহাতে, বহু।

সম্বন্ধ, বি, পুং (সম্-বন্ধ-অল্) সম্পর্ক। বিণ,-দ্ধ।

সম্বন্ধী, বিণ, সম্বন্ধযুক্ত। (প্রা) শ্যালক। স্ত্রী,-ন্ধিনী।

সম্বন্ধীয়, বিণ, সম্পর্কীয়।

সম্বরণ, বি, ক্লী ; নিবারণ।

সম্বর্দ্ধন, সম্বর্দ্ধনা, "সংবর্দ্ধন" দেখ।

সম্বল, বি, পুং, ক্লী ; পাথেয়। পুঁজি, সংস্থান।

সম্বলিত,বিণ; "সংবলিত" দেখ।

সম্বিৎ, বি, স্ত্রী ; জ্ঞান, চৈতন্য।

সম্বুদ্ধি, বি, স্ত্রী
সম্বোধন, বি, ক্লী } আহ্বান অভিমুখী করণ

সর, বি, পুং (সৃ-কর্ত্তৃ-অন্) দধিদুগ্ধাদির সার ভাগ। ক্লী ; সরোবর। মাল্য। জল।

সরঃ (স্), বি, ক্লী (ঐ-অধি-অস্) সরোবর।

সরক, বি, পুং, ক্লী ; প্রধান পথ।

সরঘা, বি, স্ত্রী ; মধুমক্ষিকা।

সরজ, বি, ক্লী ; নবনীত।

সরট, বি, পুং ; টিকটিকী। কৃকলাস।

সরণি (ণী), বি, স্ত্রী (সৃ-করণ-অনি) পথ। শ্রেণী।

সরপোষ, (যা) ঢাকনি, আচ্ছাদন।

সরম, (প্রা, পদ্যে) লজ্জা।

সরমা, বি, স্ত্রী ; বিভীষণ-পত্নী কুক্কুরী।

সরযু (যূ), বি, স্ত্রী (সর-যা-কর্ত্তৃ-ড়ু, ড়ূ) অযোধ্যার পার্শ্ববাহিনী নদী। সর (অর্থাৎ মানস সরোবর) হইতে ইহা উৎপন্ন বলিয়া ইহার নাম সরযূ।

সরল, বিণ (সৃ-কর্ত্তৃ-অল) ঋজু, সোজা। অকপট, সাধু। বি, পুং ; দেবদারু বৃক্ষ। স্ত্রী, -লা। বি,-লতা। [বহু

সরলচিত্ত, বিণ ; অকপট হৃদয়।

সরলতা, বি, স্ত্রী (সরল+তা, ভাবার্থে) ঋজুতা। অকপটতা।

সরলপ্রকৃতি, বিণ ; অকপট স্বভাবযুক্ত। সরল হইয়াছে প্রকৃতি যাহার, বহু।

সরলমতি, বিণ ; অকপট বুদ্ধি। বহু।

সরস, বিণ ; রসযুক্ত। মধুর। উত্তম। রসের সহিত বর্ত্তমান যে, বহু। বি, ক্লী ; সরোবর।

"দেখিবে সে পা-দুখানি—আশার সরসে রাজীব ;" (মেঘনাদ বধ)

সরসিজ, বি, ক্লী (সরসি জন্-কর্ত্তৃ-ড) পদ্ম।

সরসী, বি, স্ত্রী (সৃ-অধি-অস্ +ঈপ্) সরোবর।

সরস্বতী, বি, স্ত্রী (সরস্+বতু, অস্ত্যর্থে+ঈপ্) বাগ্দেবী।

সরাই, (যা) পান্থশালা।

সরাব, বি, পুং (সর [জল]-অব [রক্ষাকর]-কর্ত্তৃ-অন্) সরা।

সরিৎ, বি, স্ত্রী (সৃ-কর্ত্তৃ-ইৎ) নদী।

সরিৎপতি, বি, পুং ; সমুদ্র।

সরিষা, (প্রা) সর্ষপ।

সরীসৃপ, বি, পুং (সৃপ্-যঙ্ লুক্-কর্ত্তৃ-অন্) যে সকল জন্তু বুকে হাঁটিয়া চলে, যেমন—সর্প।

সরু, বিণ ; সূক্ষ্ম, ক্ষীণ।

সরূপ, বিণ ; সদৃশ। সমান হইয়াছে রূপ যাহাদের, বহু। বি, সারূপ্য।

সরোজ, বি, ক্লী (সরঃ-জন্-ড) পদ্ম।

সরোজিনী, বি, স্ত্রী (সরোজ+ইন্, সমূহার্থে+ঈপ্) পদ্মিনী, পদ্মের ঝাড়।

সরোরুহ, বি, ক্লী (সরস্-রুহ-কর্ত্তৃ-ক) পদ্ম।

সরোবর, বি, পুং ; পদ্মাদিযুক্ত জলাশয়। সরস্ এর মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭ মী তৎ।

সর্গ, বি পুং (সৃজ্-ঘঞ্) সৃষ্টি। স্বভাব, প্রকৃতি। গ্রন্থ-পরিচ্ছেদ।

সর্জ্জ, বি, পুং ; শাল গাছ।

সর্প, বি, পুং (সৃপ্-কর্ত্তৃ-অন্) সাপ। স্ত্রী,-র্পী।

সর্পণ, বি, ক্লী (সৃপ্-অনট্) গমন।

সর্পভুক্ (জ্), বি, পুং ; ময়ূর। গরুড়।

সর্পরাজ, বি, পুং ; বাসুকি, অনন্তনাগ। ৬ষ্ঠী তৎ।

সর্পসত্র, বি, ক্লী ; সর্পকুল ধ্বংসের নিমিত্ত যজ্ঞ।

সর্পিঃ (স্), বি, ক্লী (সৃপ্-কর্ত্তৃ-ইস্) ঘৃত।

সর্ব, বিণ, সমস্ত। বি, পুং; শিব।

সর্বংসহা, বি, স্ত্রী (সর্ব-সহ-কর্তৃ খ ; পৃথিবী।

সর্বকর্মীণ,বিণ (সর্বকর্ম+ঈন) সকল কর্মক্ষম।

সর্বগ, বিণ, সর্বগামী। সর্ব-ব্যাপী। বি, পুং, শিব। আত্মা। বায়ু।

সর্বগুণাকর } বিণ, সকল গুণের
সর্বগুণাধার } আধার,সর্বগুণযুক্ত। সর্ব যে গুণ, কর্মধা, তাহার আধার, ৬ষ্ঠী তৎ।

সর্বগুণান্বিত, বিণ; সর্বগুণ-সম্পন্ন। সর্ব যে গুণ, কর্মধা, তদ্দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়া তৎ।

সর্বগুণালঙ্কৃত, বিণ, সকল গুণ দ্বারা বিভূষিত। সর্ব যে গুণ, কর্মধা,তদ্দ্বারা অলঙ্কৃত (ভূষিত), ৩য়া তৎ।

সর্বঙ্কষ, বি, কী, পাপ। বিণ, সর্বশ্রেষ্ঠ, যে সকলকে অতিক্রম করিয়া উঠে।

সর্বজনপ্রিয়, বিণ, সকল লোকের প্রীতিভাজন। ৬ষ্ঠী তৎ।

সর্বজনীন, বিণ (সর্বজন+ঈন, হিতার্থে) সর্ব-জন-হিতকর। বিখ্যাত।

সর্বজ্ঞ, বিণ (সর্ব-জ্ঞা-ড) যিনি সকল জানেন।

সর্বতঃ, ব্য (সর্ব+তস্) সর্ব-দিকে। সর্ব বিষয়ে। সর্ব প্রকারে।

সর্বতন্ত্র, বিণ; সকলের অধীন। সাধারণতন্ত্র (Republic).

সর্বতোভদ্র, বি, পুং, ক্লী; প্রতিষ্ঠাদি কর্মে পূজাধার চতুষ্কোণ মণ্ডল বিং। চতুর্দিকে দ্বারযুক্ত ধনীদিগের গৃহ বিং। পুং, নিম্ববৃক্ষ। বিষ্ণুর রথ।

সর্বতোভাবে, ক্রি, বিণ, সকল প্রকারে। সর্বতঃ ভাব হইয়াছে যাহাতে, বহু।

সর্বতোমুখ, বিণ; সকল বিষয়ে স্থিত। সকল দিগ্বর্ত্তী। সর্বতঃ (সকলদিকে) মুখ যাহার, বহু।

সর্বত্যাগী, বিণ, সকল বিষয় ত্যাগকারী, বিষয় ভোগে অনাসক্ত।

সর্বত্র, ব্য (সর্ব+ত্র) সকল স্থানে। সকল বিষয়ে।

সর্বথা, ব্য (ঐ+থাচ্) সকল প্রকারে।

সর্বদর্শী, বিণ, সকল দর্শনকর্তা। স্ত্রী,-র্শিনী।

সর্বদা, ব্য (সর্ব+দা, কালার্থে) সকল সময়ে।

সর্ব্বধুরীণ, বিণ ; সর্ব্বপ্রকার ভার বহনকারী ।

সর্ব্বনাম, বি, ক্লী; বিশেষ্যের পরিবর্ত্তে যে পদ ব্যবহৃত হয় ।

সর্ব্বনিয়ন্তা, বিণ ; সকলের পরিচালক ।

সর্ব্বপ্রধান, বিণ ; সকলের শ্রেষ্ঠ ।

সর্ব্বভক্ষ, সর্ব্বভুক্, বি, পুং ; অগ্নি ।

সর্ব্বমঙ্গলা, বি, স্ত্রী ; ভগবতী । সর্ব্ব বিষয়ে মঙ্গল হয় যাঁহা হইতে, বহু ।

সর্ব্বময়, বিণ ; সকলরূপী । বি, পুং ; ঈশ্বর ।

সর্ব্বরী, বি, স্ত্রী (সৃ-কর্ত্তৃ বনিপ্ + ঈপ্) রাত্রি ।

সর্ব্বলা, বি, স্ত্রী ; তোমরাস্ত্র, সাবল ।

সর্ব্বব্যাপী, বিণ ; যাহা সকল ব্যাপিয়া আছে ।

সর্ব্বশঃ, ব্য , সকল প্রকারে ।

সর্ব্বশক্তিময়,-মান্, বিণ (সর্ব্বশক্তি + ময়ট, মতু) সর্ব্বপ্রকার ক্ষমতাশালী ।

সর্ব্বশ্রেষ্ঠ, বিণ ; সর্ব্বপ্রধান ।

সর্ব্বসমক্ষ, বি, পুং ; সকলের নিকট ।

সর্ব্বসাধারণ, বিং পুং ; ইতরভদ্র প্রভৃতি সকল লোক ।

সর্ব্বস্ব, বি, ক্লী ; সকল সম্পত্তি । সর্ব্ব (সমস্ত) যে স্ব (ধন), কর্ম্মধা ।

সর্ব্বস্বান্ত, বি, ক্লী ; সকল সম্পত্তির নাশ । সর্ব্বস্বের অন্ত (নাশ), ৬ষ্ঠী তৎ ।

সর্ব্বাঙ্গ, বি, ক্লী ; সকল অবয়ব ।

সর্ব্বাঙ্গসুন্দর, বিণ ; সর্ব্ববিষয়ে সুন্দর । সর্ব্ব যে অঙ্গ, কর্ম্মধা, তাহাতে সুন্দর, ৭মী তৎ ।

সর্ব্বাঙ্গীন, বিণ (সর্ব্বাঙ্গ + ঈন) সর্ব্বাঙ্গ সম্বন্ধীয় । সর্ব্বাঙ্গ ব্যাপক

সর্ব্বাণী, বি, স্ত্রী ; ভগবতী ।

সর্ব্বাতিশায়ী, বিণ ; সর্ব্বাপেক্ষা অধিক । প্রকৃষ্ট । স্ত্রী,-য়িনী ।

সর্ব্বার্থসাধিকা, বিণ ; সর্ব্ব প্রয়োজনসাধন-কর্ত্রী । সর্ব্ব যে অর্থ, কর্ম্মধা, তাহার সাধিকা, ৬ষ্ঠী তৎ ।

সর্ব্বার্থসিদ্ধ, বি, পুং ; বুদ্ধদেব ।

সর্ব্বেশ্বর, বি, পুং ; শিব । বিণ, সকলের অধিপতি ।

সর্ব্বেসর্ব্বা, (প্রা) ; সর্ব্ব প্রধান ।

সর্ব্বোপরি, ব্য ; সকলের উপর ।

সর্ষপ, বি, পুং (সৃ-অপ) সরিষা ।

সলজ্জ, বিণ ; লজ্জিত । বহু ।

সলিল, বি, ক্লী (সল-ইল) জল ।

সলিল ক্রিয়া, বি, স্ত্রী ; তর্পণাদি ।

সল্লকী বি, স্ত্রী ; সজারু ।

বাবলাগাছ।

সব, বি, পুং ; যজ্ঞ। সন্তান।

সবংশে, ক্রিবিণ ; বংশের সকল লোকের সহিত। বংশের সহিত বর্ত্তমান যাহাতে, বহু।

সবন, বি, ক্লী (সু-ভাবে-অনট্) যজ্ঞস্নান। স্নান। (অধি-অনট্ যুক্ত।

সবয়াঃ, বিণ ; সমবয়স্ক। বয়স্য।

সবর, "শবর" দেখ।

সবর্ণ, বিণ; সমান জাতি। সদৃশ।

সবল, বিণ ; বলবান্। বহু।

সবিকল্পক, বি ক্লী ; ন্যায়ে—বিশেষণবিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। বেদান্তে—জ্ঞাতৃ-জ্ঞেয় ভেদজ্ঞান।

সবিকাশ, বিণ ; বিকশিত। বহু।

সবিতা (তৃ), বি, পুং (সু—কর্ত্তৃ—তৃন্) সূর্য্য। বিণ ; জনয়িতা। স্ত্রী,-ত্রী।

সবিত্রী, বি, স্ত্রী ; জননী।

সবিনয়, বিণ ; বিনয়যুক্ত। বিনয়ের সহিত বর্ত্তমান যে, বহু।

সবিরাম, বিণ ; বিরামযুক্ত।

সবিশেষ, বিণ ; সম্যক্ প্রকার। বিশেষের সহিত বিদ্যমান যে, বহু।

সবিস্তর, বিণ ; প্রচুর। বহু।

সবিস্তার, বিণ ; বাহুল্যযুক্ত।

সবিস্ময়, বিণ; বিস্ময়যুক্ত, আশ্চর্য্য।

সব্য, বিণ (সু—কর্ম্ম—য) বাম, বাঁ। প্রতিকূল।

সব্যসাচী, বিণ (সব্য [বাম] -সচ্ [ক্ষেপণ করা]-কর্ত্তৃ-ণিন্) উভয় হস্তে বাণ বর্ষণকারী। বি, পুং ; অর্জ্জুন।

অর্জ্জুন দাক্ষিণ হস্তের ন্যায় বাম হস্তেও বাণ বর্ষণ করিতে পারিতেন বলিয়া তাহার এক নাম সব্যসাচী।

সশঙ্ক, বিণ ; ভীত। শঙ্কার সহিত বর্ত্তমান যে, বহু।

সশঙ্কচিত্ত, বিণ ; ভীতমনাঃ। বহু।

সশঙ্কিত, বিণ ; ভীত।

এই পদটি অশুদ্ধ, সুতরাং বিশুদ্ধ গদ্য রচনায় অব্যবহার্য্য।

সশরীরে, ক্রি বিণ ; দেহ সহ। শরীরের সহিত বিদ্যমান যাহাতে, বহু।

সশস্ত্র, বিণ ; অস্ত্রধারী। শস্ত্রের সহিত বিদ্যমান যে, বহু।

সসজ্জ, বিণ ; সজ্জিত। বহু।

সসত্ত্ব, বিণ ; গর্ভবতী। সত্ত্বের (জীবের) সহিত বর্ত্তমান যে, বহু।

সসম্ভ্রম, বিণ ; সম্মানযুক্ত। সম্ভ্রমের সহিত বিদ্যমান যে, বহু। -মে, ক্রি বিণ; সম্মান সহকারে। সম্ভ্রমের সহিত বিদ্যমান

যাহাতে, বহু।
সসম্মানে, ক্রি বিণ; সম্মানের সহিত। বহু।
সসাগরা, বিণ; সাগরসহিতা। সাগরের সহিত বর্ত্তমানা যে, বহু।
সসৈন্য, বিণ; সৈন্যযুক্ত। বহু। ক্রি বিণ,-ন্যে, সৈন্যসহ। বহু।
সস্তা, (প্রা) সুলভ।
সস্ত্রীক, বিণ; স্ত্রীর সহিত। স্ত্রীর সহিত বর্ত্তমান যে, বহু।
সস্নেহ, বিণ; স্নেহযুক্ত। বহু। -হে, ক্রি বিণ; স্নেহ সহকারে। বহু।
সস্পৃহ, বিণ; স্পৃহা যুক্ত।
সস্মিত, বিণ; ঈষৎ হাস্য যুক্ত। স্মিতের (হাস্যের) সহিত বর্ত্তমান যে, বহু।
সস্মিতবদনে, ক্রি বিণ; সহাস্য মুখে। সস্মিত বদন যাহাতে, বহু।
"সস্মিত বদনে জ্বলন্ত হুতাশনে ঝাঁপ দিয়া পড়িয়াছেন।" (প্রভাত চিন্তা)
সহ, বা; সহিত। বিণ; সহিষ্ণু।
সহকার, বি, পুং (সহ-কৃ-কর্ত্তৃ-ষণ) সুগন্ধ আম্রবৃক্ষ। সাহায্য।
সহকারী, বিণ; সাহায্যকারী। স্ত্রী,-রিণী। বি,-রিতা।
সহগমন, বি ক্লী; সঙ্গে যাওয়া। সহমরণ।
সহচর, বিণ; সঙ্গী। বয়স্য, সখা। স্ত্রী,-রী।
সহজ, বি, পুং; সহোদর। বিণ; অনায়াস-সিদ্ধ। স্বাভাবিক।
সহধর্ম্মিণী, বি, স্ত্রী (সহ-ধর্ম্ম-ইন্) স্বামীর সহিত ধর্ম্মানুষ্ঠান-কারিণী, পত্নী।
সহন, বি, ক্লী; সহ্য করা। বিণ; সহিষ্ণু।
সহনীয়, বিণ; সহনযোগ্য।
সহমরণ, বি, ক্লী; মৃত-পতির সহিত মরণ।
সহমৃতা, বিণ; মৃত পতির সহিত মৃতা।
সহযাত্রা, বি, স্ত্রী; এক সঙ্গে গমন।
সহযাত্রী, বিণ; এক সঙ্গে গমন-কারী।
সহযোগী, বিণ; সঙ্গে যোগদাতা। স্ত্রী,-গিনী। বি,-গিতা।
সহর, (যা) নগর।
সহর্ষ, বিণ; হর্ষযুক্ত।
সহবাস, বি, পুং; একত্র অবস্থান।
সহসা, ব্য; হঠাৎ। শীঘ্র।
সহস্য, বি, পুং; পৌষ মাস।
সহস্র, বি, ক্লী (সমান-হস-র) দশ শত সংখ্যা। [বহু।
সহস্রকর,-কিরণ, বি, পুং; সূর্য্য।
সহস্র নয়ন,-নেত্র,-লোচন, বি,

পুং ; ইন্দ্র। বহু।
সহস্রাংশু, বি, পুং ; সূর্য্য। সহস্র হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু।
সহস্রাক্ষ, বি, পুং, ইন্দ্র। বিষ্ণু। সহস্র হইয়াছে অক্ষি যাঁহার, বহু।
সহাধ্যায়ী, বিণ (সহ [সহিত] -অধি-ই-কর্ত্তৃ-ণিন্) সহপাঠী। স্ত্রী,-য়িনী।
সহানুভূতি, বি, স্ত্রী (সহ+অনুভূতি) অন্যের সুখদুঃখাদিতে তাদৃশ সুখ দুঃখ অনুভব করা।
সহায়, বি, পুং ; সাহায্যকারী। বি,-য়তা, সাহায্য।
সহায়তা, বি, স্ত্রী ; আনুকূল্য।
সহাস্য, বিণ ; হাস্যযুক্ত, সস্মিত। হাস্যের সহিত বর্ত্তমান যে, বহু।
সহাস্য বদন, বি স্ত্রী, সস্মিত বদন। কর্ম্মধা। বিণ;সস্মিত বদন বিশিষ্ট। বহু।
সহিত, ব্য ; সমভিব্যাহারে, সঙ্গে। বিণ ; সংযুক্ত।
সহিষ্ণু, বিণ (সহ-কর্ত্তৃ-ইষ্ণু) সহনশীল, ক্ষমাবান। বি,-তা।
সহিষ্ণুতা, বি, স্ত্রী (সহিষ্ণু+তা, ভাবার্থে) সহনশীলতা, ক্ষমা, তিতিক্ষা।
সহিস (য়া) অশ্বরক্ষক।
সহৃদয়, বিণ ; সামাজিক, রসজ্ঞ। উদারচিত্ত। দয়াদিগুণযুক্ত। হৃদয়ের সহিত বিদ্যমান যে,বহু। বি,-য়তা, প্রশস্ত চিত্ততা।
সহোঢ়, বি, পুং, দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্র বিং। উঢ়ার (পরিণীতার) সহিত বর্ত্তমান যে, বহু।
সহোঢজ, বিণ ; অজ্ঞাতগর্ভা বিবাহিতার গর্ভজাত (সন্তান)।
সহোদর, বি, পুং ; এক মাতার গর্ভজাত ভ্রাতা। বিণ ; তুল্য। সহ (সমান) হইয়াছে উদর যাহার সহিত, বহু। স্ত্রী,-রা।
সহ্য, বিণ (সহ-য) সহন যোগ্য।
সাংক্রামিক, বিণ ; সংক্রামক, ছোঁয়াচে।
সাংযাত্রিক, বিণ (সংযাত্রা+ষ্ণিক) জলপথে বাণিজ্যকারী।
সাংবৎসরিক, বিণ ; বার্ষিক।
সাংসারিক, বিণ (সংসার+ষ্ণিক) সংসার সম্বন্ধীয়।
সাঁকো, (প্রা) বি ; সেতু, পুল।
সাঁজ, (প্রা) সন্ধ্যাকাল।
সাঁজোয়া, (প্রা) বি ; বর্ম্ম।
সাঁড়াশী, (প্রা) যন্ত্রবিং, সন্দংশ।
সাঁতার, (প্রা) সন্তরণ।
সাকল্য, বি, স্ত্রী ; সমুদায়।
সাকার, বিণ, আকৃতিবিশিষ্ট।

সাক্ষর, বিণ ; অক্ষরযুক্ত। বিদ্বান্।

সাক্ষাৎ, বা (সহ-অক্ষ-আং) প্রত্যক্ষ। মূর্ত্তিমান্।

সাক্ষাৎকার, বি, পুং ; প্রত্যক্ষ করা। [-ক্ষিণী।

সাক্ষী, বিণ ; প্রত্যক্ষদর্শী। স্ত্রী,

সাক্ষীগোপাল, বি : নিশ্চেষ্টভাবে স্থিত।

সাক্ষ্য, বি, ক্লী ; প্রমাণ করা।

সাক্ষ্যমঞ্চ, বি, পুং ; সাক্ষীর কাঠগড়া (Witness box)।

সাগর, বি, পুং ; সমুদ্র।

সাগরগামিনী, বি, স্ত্রী ; নদী।

সাগরমেখলা, বি, স্ত্রী ; পৃথিবী। সাগর হইয়াছে মেখলা (কটি-ভূষণ) যাহার, বহু।

সাগরাম্বরা, বি, স্ত্রী ; পৃথিবী। সাগর হইযাছে অম্বর (বস্ত্র) যাহার, বহু।

সাগ্নিক, বি, পুং ; অগ্নিহোত্রী দ্বিজ।

সাঙ্কেতিক, বিণ ; সঙ্কেত কারক।

সাঙ্খ্য, বি, ক্লী ; কপিল-প্রণীত দর্শন শাস্ত্র।

সাঙ্গ, বিণ ; সম্পূর্ণ।

সাঙ্ঘাতিক, বিণ ; মারাত্মক।

সাচি, বা ; বক্র।

সাচীকৃত. বিণ ; বক্রীকৃত।

সাজ, (প্রা) বেশভূষা।

সাজা, (প্রা) শাস্তি, দণ্ড।

সাজি, (প্রা) পুষ্পচয়ন পাত্র।

সাড়া, (প্রা) শব্দ উত্তর।

সাটোপ, বিণ ; গর্ব্বযুক্ত।

সাড়ম্বর, বিণ ; আড়ম্বর যুক্ত।

সাত, বি, ক্লী (সাত-অল্) সুখ। বিণ (সো-ক্ত) নষ্ট। (সন্—ক্ত) দত্ত। (প্রা) সপ্তসংখ্যা।

সাতিশয়, বিণ ; অত্যন্ত। অতি-শয়ের সহিত বর্ত্তমান যে, বহু।

সাত্ত্বিক, বিণ ; সত্ত্বগুণ সম্বন্ধীয়। সত্ত্বগুণ জাত। বি, পুং ; মানসিক ভাব বিং, ইহার ক্রিয়া অষ্ট প্রকার, যথা—স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, বেপথু (কম্প), বৈবর্ণ্য, অশ্রু, প্রলয় (মূর্চ্ছা)।

সাত্ত্বিক দান, বি, ক্লী ; প্রত্যুপকার প্রত্যাশী না হইয়া উপযুক্ত দেশকাল বা পাত্র বিবেচনা করিযা দান।

সাত্ত্বিক পূজা, বি, স্ত্রী ; ফলা-কাঙ্ক্ষা শূন্য হইয়া ভগবৎপ্রেম লাভের নিমিত্ত যথাবিধি দেবা-রাধনা।

সাথ, (প্রা) সঙ্গ, সমভিব্যাহার।

সাথী (প্রা) সঙ্গী। সহায়।

সাদ, বি, পুং ; অবসন্নতা।

ক্ষীণতা। নাশ। বিশুদ্ধি।

সাদর, বিণ ; আদরযুক্ত। বহু। -রে, ক্রিবিণ ; আদরের সহিত। আদরের সহিত বর্ত্তমান যাহাতে, বহু।

সাদী, বিণ (সদ-ণিন্) অশ্বারোহী। সারথি।

সাদৃশ্য, বি, ক্লী ; (সদৃশ+ষ্ণ্য, ভাবার্থে) তুল্যতা।

সাধ, (প্রা) ইচ্ছা। দোহদ।

সাধক, বিণ (সাধি-ণক) সাধন কর্ত্তা। আরাধক। স্ত্রী,-ধিকা।

সাধন, বি, ক্লী (সাধ-ভাবে-অনট্) ভজনা। সিদ্ধি। (করণ-অনট্) উপায়। হেতু। সহায়। সৈন্য। উপকরণ। (সাধি-ভাবে-অনট্) সম্পাদন। গমন। স্ত্রী,-না, ভজনা। সিদ্ধি।

সাধর্ম্ম্য, বি, ক্লী ; সাদৃশ্য, সমান ধর্ম্মবত্তা।

সাধারণ, বিণ (সহ+ধারণা+ষ্ণ) সমান, একবিধ। যাহা সকলেরই আছে।

সাধারণতন্ত্র, সর্ব্বতন্ত্র, বি, ক্লী ; যেখানে রাজা নাই, সর্ব্বসাধারণের মতানুসারে রাজকার্য্য নির্ব্বাহ হয়। (Republic)। বিণ,-ন্ত্রিক। (Democratic)।

সাধারণ্য, বি, ক্লী ; সাধারণের সমবায়। যাহা সকলেতে আছে।

সাধিত, বিণ (সাধি-ক্ত) সম্পাদিত।

সাধিষ্ঠ, বিণ (সাধু+ইষ্ঠ) সৎ সাধু, অতিশয় সাধু।

সাধু, বিণ (সাধ্-উ) উত্তম। সচ্চরিত্র, ধার্ম্মিক। উচিত। যোগ্য। সমর্থ। স্ত্রী,-ধ্বী।

সাধুতা, বি, স্ত্রী ; ধর্ম্মশীলতা।

সাধুবাদ, বি, পুং ; প্রশংসা, ধন্যবাদ।

সাধুবৃত্ত, সাধুশীল } বিণ ; সচ্চরিত্র। সাধু হইয়াছে বৃত্ত বা শীল (স্বভাব) যাহার, বহু।

সাধ্য, বিণ (সাধ্-ঘ্যণ্) সাধনযোগ্য, নিষ্পাদ্য।

সাধ্য সাধনা, অনুনয়-বিনয়।

সাধ্যমত, বিণ ; ক্ষমতানুযায়ী।

সাধ্যাতীত, বিণ ; ক্ষমতাতীত।

সাধ্যানুসারে, ক্রিবিণ ; সাধ্যমত।

সাধ্বস, বি, ক্লী (সাধু—অস—অল্) ভয়।

সাধ্বী, বি, স্ত্রী (সাধু+ঈপ্) পতিব্রতা।

সানন্দ, বিণ ; হর্ষযুক্ত। -ন্দে, ক্রিবিণ ; আনন্দের সহিত। বহু।

সানু, বি, পুং, ক্লী ; পর্ব্বতের

উপরিস্থ সমতল ভূমি।

সানুনয়, বিণ; অনুনয় যুক্ত। অনুনয়ের সহিত বর্ত্তমান যে, বহু।

সান্তপন, বি, ক্লী; ব্রত বিং।

সান্তর, বিণ; ব্যবধান বিশিষ্ট। সচ্ছিদ্র। অন্তরের সহিত বর্ত্তমান যে, বহু।

সান্ত্ব, বি, ক্লী; প্রিয়-বচন। প্রবোধ বাক্য।

সান্ত্বন, বি, ক্লী (সান্ত্ব-ভাবে-অনট্)

সান্ত্বনা, বি, স্ত্রী (ঐ- অন + আপ্) প্রিয় বাক্য দ্বারা প্রবোধ দান।

সান্দ্র, বিণ (সহ-অন্দ-রক্) নিবিড়, ঘন। মৃদু। স্নিগ্ধ। বি, ক্লী; বন।

সান্ধ্য, বিণ (সন্ধ্যা + ষ্ণ) সন্ধ্যা-কালীন।

সান্নিধ্য, বি, ক্লী (সন্নিধি + ষ্ণ্য) নৈকট্য। [সগোত্র।

সান্বয়, বিণ; অন্বয় সহিত।

সাপত্ন্য, বি, ক্লী (সপত্ন + ষ্ণ্য) শত্রুতা। পুং; শত্রু।

সাপরাধ, বিণ; অপরাধী।

সাপেক্ষ, বিণ; অপেক্ষাযুক্ত।

সাফল্য, বি, ক্লী (সফল + ষ্ণ্য) সফলতা।

সাম, বি, ক্লী; বেদবিং। সান্ত্ব, প্রিয়বচন। সন্ধি।

সামগ, বি, পুং; সাম বেদাধ্যায়ী ব্রাহ্মণ।

সামগ্রী, বি, স্ত্রী; দ্রব্য। কারণ সমূহ।

সামজ, বি, পুং (সামন্ [সাম-বেদ]-জন্-ড) হস্তী। উক্ত আছে— ব্রহ্মার সামবেদগান কালে ইহা উৎপন্ন।

সামঞ্জস্য, বি, ক্লী; অবিরোধ, মিল। ঔচিত্য।

সামন্ত, বি, পুং (সমন্ত + ষ্ণ) নিকটবর্ত্তী অধীন রাজা। শ্রেষ্ঠ প্রজা।

সাময়িক, বিণ (সময় + ষ্ণিক) সময়োচিত।

সামরিক বিণ; যুদ্ধ সম্বন্ধীয়।

সামর্থ্য, বি, ক্লী; শক্তি। ক্ষমতা।

সামাজিক, বিণ (সমাজ + ষ্ণিক, ইদমর্থে) সমাজ সম্বন্ধীয়। সভ্য। বি,-তা।

সামান্য, বিণ (সমান + ষ্ণ্য) সাধারণ। স্ত্রী,-ন্যা।

সামীল, (প্রা) অন্তর্গত। সংক্রান্ত।

সামীপ্য, বি, ক্লী; নৈকট্য।

সামুদ্র, সামুদ্রিক, বিণ; সমুদ্র

সম্বন্ধীয়। দেহস্থ চিহ্ন-ঘটিত (শাস্ত্র)।
সাম্য, বি, ক্লী ; সমতা, তুল্যতা।
সাম্যসংস্থাপন, বি, ক্লী ; সাম্যের প্রতিষ্ঠা, উচ্চনীচ ভেদজ্ঞান-রাহিত্যরূপ মত প্রবর্ত্তন।
সাম্রাজ্য, বি, ক্লী (সম্রাজ্ + ষ্ণ্য) সম্রাটের শাসনাধীন রাজ্য।
সায়, বি, পুং ; সায়ংকাল। শেষ। (প্রা) সম্মতি।
সায়ংকাল, বি, পুং ; সন্ধ্যাকাল।
সায়ংসন্ধ্যা, বি, স্ত্রী ; সায়ং-কালীন উপাসনা।
সায়ক, বি, পুং (সো-ণক) বাণ।
সায়ন্তন, বিণ (সায়ম্ [সন্ধ্যা-কাল] + ট্যন, ভবার্থে) সন্ধ্যা-কালীন।

"সায়ন্তন পুষ্পমালার ন্যায় প্রস্ফু-টিত হইত," (নিভৃত চিন্তা)।

সায়াহ্ন, বি, পুং ; সন্ধ্যাকাল। অহন্ এর (দিনের) সায় (শেষ), ৬ষ্ঠীতৎ।
সাযুজ্য বি, ক্লী ; সহযোগ। মুক্তি বিং।
সার, বি, পুং ; শ্রেষ্ঠাংশ। বল। বৃক্ষের মজ্জা। দৃঢ়তা। উৎ-কর্ষ। বিণ ; শ্রেষ্ঠ। উৎকৃষ্ট।
সারক, বিণ ; ভেদক, রেচক।
সারগর্ভ, বিণ ; সারাংশ যুক্ত। সার আছে গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহু।
সারগ্রাহী, বিণ ; সারাংশ গ্রহণ-কারী।
সারঘ, বি, ক্লী ; মধু।
সারঙ্গ, বি, পুং (সৃ-অঙ্গচ্) হরিণ। ময়ূর। চাতক পক্ষী। ধনুক। বাদ্য যন্ত্র বিং। বিণ ; নানাবর্ণ।
সারঙ্গী, বি, স্ত্রী ; সারঙ্।
সারণ, বি, ক্লী ; অপসারণ।
সারণী, বি, স্ত্রী ; ক্ষুদ্রনদী।
সারথি, বি, পুং (সরথ + ষ্ণি) রথাদি চালক। সহায়।
সারথ্য, বি, ক্লী (সারথি + ষ্ণ্য) সারথির কার্য্য, রথাদি চালন। সাহায্য।
সারদা, বি, স্ত্রী (সার-দা-ড) সরস্বতী। ভগবতী।
সারভূত, বিণ ; সসার, শ্রেষ্ঠ।
সারমেয়, বি, পুং (সরমা [কুক্কুরী] + ষ্ণেয়, অপত্যার্থে) কুক্কুর। স্ত্রী,-য়ী।
সারল্য, বি, ক্লী (সরল + ষ্ণ্য, ভাবার্থে) সরলতা।
সারবত্তা, বি, স্ত্রী ; সসারতা।
সারবান্, বিণ ; সারযুক্ত। উৎকৃষ্ট।

সারস, বি, পুং (সরস্+ষ্ণ) জলচর পক্ষী বিং। স্ত্রী,-সী। ক্লী; পথ।
সারসঙ্কলন, বি, ক্লী; সারভাগের সংগ্রহ।
সারসন, বি, ক্লী; কটিবন্ধন। স্ত্রীলোকের কটিভূষণ।
সারস্বত, বিণ (সরস্বতী+ষ্ণ) সরস্বতী সম্বন্ধীয়।
সারাংশ, বি, পুং; সারভাগ।
সারা (প্রা) বিণ; সমস্ত।
সারিকা, সারী, বি, স্ত্রী; শালিক পক্ষিণী।
সারূপ্য, বি, ক্লী, (সমান+রূপ=সরূপ+ষ্ণ্য) মুক্তি বিং, যাহাতে ঈশ্বরের তুল্যরূপ হওয়া যায়। সমান রূপতা।
সার্থ, বি, পুং; বণিক্ সমূহ। সমূহ। সঙ্গী। বিণ; ধনশালী।
সার্থক, বিণ; সফল। অর্থের সহিত বর্ত্তমান যে, বহু। বি,-কতা।
সার্দ্ধ, বিণ; অর্দ্ধ সহিত। অর্দ্ধের সহিত বর্ত্তমান যে, বহু।
সার্ব্ব, বিণ (সর্ব্ব+ষ্ণ) সর্ব্ব হিতকর।
সার্ব্বজনীন, বিণ (সর্ব্বজন+ীন) সর্ব্বজনহিতকর। সর্ব্বব্যাপী। সর্ব্বজন বিদিত।
সার্ব্বত্রিক, বিণ; সর্ব্বত্রব্যাপী।
সার্ব্বভৌম, বি, পুং (সর্ব্বভূমি+ষ্ণ) সর্ব্বভূমীশ্বর, সম্রাট্। বিণ; জগদ্বিখ্যাত।
সার্ব্বলৌকিক, বিণ; সর্ব্বলোক সম্বন্ধীয়। সর্ব্বজন বিদিত।
সালোক্য, বি, ক্লী (সমান+লোক্=সলোক+ষ্ণ্য) মুক্তি বিং, ঈশ্বরের সহিত একলোকে সহবাস।
সাবধান, বিণ; সতর্ক, মনোযোগী। অবধানের সহিত বর্ত্তমান যে, বহু। বি,-নতা।
সাবন, বি, পুং; অহোরাত্র। ত্রিংশৎ দিবারাত্রযুক্ত মাস। বিণ; সূর্য্য সম্বন্ধীয়।
সাবর্ণ (র্ণি), বি, পুং; অষ্টম মনু।
সাবিত্র, বি, ক্লী; যজ্ঞসূত্র। পুং; ব্রাহ্মণ।
সাবিত্রী, বি, স্ত্রী; গায়ত্রী। সত্যবান্ রাজার পত্নী।
সাবিত্রীপতিত, বি, পুং; উপনয়নসংস্কারহীন দ্বিজ। সাবিত্রী (গায়ত্রী) হইতে পতিত, ৫৩৫।
সাশ্রু, বিণ; অশ্রুযুক্ত। অশ্রুর সহিত বিদ্যমান যে, বহু।
সাশ্রুনয়ন,-লোচন, বি, ক্লী; সজলনেত্র। কর্ম্মধা। ক্রিবিণ,

-নে, সজল নেত্রে। সাশ্রু নয়ন, লোচন যাহাতে, বহু।

সাষ্টাঙ্গ, বিণ; অষ্টাঙ্গযুক্ত। "অষ্টাঙ্গ" দেখ।

সাস্না, বি, স্ত্রী; গরুর গলকম্বল।

সাস্র, বিণ; অশ্রুযুক্ত। সরক্ত। অস্রের সহিত বর্ত্তমান যে, বহু। [বহু।

সাহঙ্কার, বিণ; অহঙ্কারযুক্ত।

সাহচর্য্য, বি, ক্লী (সহচর + ষ্ণ্য, ভাবার্থে) সঙ্গ, সংসর্গ।

সাহজিক, বিণ; স্বাভাবিক।

সাহস, বি, পুং (সহস্ [বল] + ষ্ণ) ভয়রাহিত্য, বিক্রম।

সাহস পূর্ব্বক, ক্রি বিণ; নির্ভয়তা সহকারে।

সাহসিক, বিণ (সাহস + ষ্ণিক) নির্ভীক। বি,-কতা।

সাহসী, বিণ (সাহস + ইন্, অস্ত্যর্থে) নির্ভীক।

সাহায্য, বি, ক্লী (সহায় + ষ্ণ্য, ভাবার্থে) আনুকূল্য।

সাহায্যকারী, বিণ; সহায়তাকারী।

সাহিত্য, বি, ক্লী (সম্ [সম্যক্] যে হিত = সহিত + ষ্ণ্য) কাব্যশাস্ত্র। সংসর্গ।

সাহিত্য জগৎ, বি, ক্লী; কাব্য-শাস্ত্ররূপ জগৎ। ৬ষ্ঠীতৎ।

সাহিত্যরথী, বিণ; প্রধান সাহিত্য লেখক।

সাহিত্যসেবক, -সেবী, বিণ; কাব্যশাস্ত্র প্রণেতা।

সাহিত্যানুরাগী, বিণ; সাহিত্যের প্র ৬ষ্ঠীতৎ।

সাহিত্যিক, বিণ (সাহিত্য + ষ্ণিক) কাব্যশাস্ত্র প্রণেতা।

সিংহ, বি, পুং (হিন্স [হিংসা কৃ] -কর্ত্তৃ-অন্) মৃগেন্দ্র, পশুরাজ। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ, যেমন—পুরুষ সিংহ। স্ত্রী,-হী

সিংহদ্বার, বি, ক্লী প্রবেশদ্বার, তোরণ। সিংহ (সিংহমূর্ত্তি) চিহ্নিত যে দ্বার, মধ্যপদলোপী কর্ম্মধা।

সিংহনাদ, বি, পুং; সিংহের গর্জ্জন। বীরদিগের আস্ফালন-সূচক শব্দ।

সিংহল, বি, ক্লী; লঙ্কাদ্বীপ।

সিংহবাহিনী, বি, স্ত্রী; দুর্গা।

সিংহবিক্রান্ত, বিণ; সিংহের ন্যায় পরাক্রমশালী।

সিংহ-সংহনন, বিণ; সুশ্রী, সুগঠন। সিংহের ন্যায় দৃঢ় কায়। সিংহের সংহননের (দেহের) ন্যায় সংহনন (দেহ) যাহার, বহু।

সিংহাসন, বি, ক্লী ; সিংহ চিহ্নিত আসন, রাজাসন। সিংহ (সিংহমূর্ত্তি) চিহ্নিত যে আসন; মধ্যপদলোপী কর্ম্মধা।

সিংহাসনচ্যুত, বিণ ; রাজাসন হইতে ভ্রষ্ট। ৫মীতৎ।

সিংহাসনাধিরোহণ, বি, ক্লী ; রাজাসনে উপবেশন, রাজ্যাধিকার প্রাপ্তি। বিণ,-রূঢ়।

সিঁড়ি, (প্রা) সোপান।

সিঁদুর, (প্রা) বি ; সিন্দুর।

সিঁধ, (প্রা) বি ; সুড়ঙ্গ।

সিকতা, বি, স্ত্রী (সিক-অতচ) বালুকা, বালি।

সিকতাময় (সিকতা+ময়ট্)
সিকতিল (ঐ+ইল) বিণ ; বালুকাময়।

সিক্ত, বিণ (সিচ্-ক্ত) ভিজা।

সিক্থ(ক), বি, ক্লী ; মোম।

সিত, বিণ (সো-ক্ত) শুভ্র, সাদা।

সিতকর, সিতরশ্মি, বি, পুং ; চন্দ্র। সিত (শুভ্র) হইয়াছে কর, রশ্মি (কিরণ) যাহার, বহু।

সিতচ্ছদ, বি, পুং ; রাজহংস।

সিতপক্ষ, বি, পুং ; শুক্লপক্ষ। রাজহংস।

সিতাংশু, বি, পুং ; চন্দ্র। বহু।

সিতি, বি, পুং ; শুক্লবর্ণ। কৃষ্ণবর্ণ।

সিতিকণ্ঠ, বি, পুং ; শিব। ময়ূর। সিতি (কৃষ্ণবর্ণ) কণ্ঠ যাহার, বহু।

সিতিমা, বি, পুং ; শুক্লত্ব। কৃষ্ণত্ব।

সিদ্ধ, বিণ (সিধ্-ক্ত) সম্পন্ন। পক্ক। ফলিত। ত্রিকালদর্শী।

সিদ্ধকাম, বিণ ; সফল মনোরথ। সিদ্ধ হইয়াছে কাম (কামনা) যাহার, বহু।

সিদ্ধগঙ্গা, বি, স্ত্রী ; স্বর্গঙ্গা, মন্দাকিনী। ৬ষ্ঠীতৎ।

সিদ্ধপীঠ, বি, ক্লী ; যে স্থানে বহুকাল ধরিয়া দেবার্চ্চনা চলিতেছে।

সিদ্ধপুরুষ, বি, পুং ; জীবন্মুক্ত পুরুষ।

সিদ্ধমনোরথ, বিণ ; সফল কাম। বহু।

সিদ্ধবিদ্যা, বি, স্ত্রী ; দশমহাবিদ্যা।

সিদ্ধান্ত, বি, পুং ; মীমাংসা। সিদ্ধ হইয়াছে অন্ত যাহার, বহু।

সিদ্ধার্থ, বিণ ; চরিতার্থ। বি, পুং ; বুদ্ধদেব।

সিদ্ধি, বি, স্ত্রী ; সমাপন। ফলোৎপত্তি। শুভ। ভাঙ।

সিন্দুর, বি, ক্লী ; সিঁদুর।
সিন্ধু, বি, পুং (স্যন্দ-কর্তৃ-উ) সমুদ্র।
সিন্ধুজ, বি, ক্লী ; সৈন্ধব লবণ। বিণ ; সমুদ্রজাত।
সিন্ধুর, বি, পুং ; হস্তী।
সিপ্র, বি, পুং ; স্বেদ, ঘর্ম্ম।
সীতা, বি, স্ত্রী (সীতা [হল-পদ্ধতি] + ষ্ণ, ইদমর্থে + আপ্) হল-পদ্ধতি। জানকী, শ্রীরাম চন্দ্রের মহিষী।

যজ্ঞভূমি কর্ষণ কালে ইনি সীতায় অর্থাৎ হল-চিহ্নের মধ্যে পৃথিবী হইতে উত্থিতা হইয়াছিলেন বলিয়া রাজর্ষি জনক কন্যার নাম সীতা রাখিয়াছিলেন।

সীতানাথ, সীতাপতি, বি, পুং ; শ্রীরামচন্দ্র।
সীৎকার, বি, পুং } অব্যক্ত।
সীৎকৃত বি, ক্লী } মুখশব্দ।
সীধু, বি, ক্লী ; মদ্য বিং।
সীমন্ত, বি, পুং ; সিঁথি।
সীমন্তিনী, বি, স্ত্রী (সীমন্ত + ইন্, অস্ত্যর্থে + ঙীপ্) নারী।
সীমন্তোন্নয়ন, বি, ক্লী ; গর্ভবতী স্ত্রীর সংস্কার বিং।
সীমা, বি, স্ত্রী ; অন্ত, অবধি। তট।
সীমান্ত প্রদেশ, বি, পুং ; অধিকৃত রাজ্যের শেষ সীমায় অবস্থিত স্থান।
সীমাবদ্ধ, বিণ ; সান্ত, সসীম।
সীমাবচ্ছিন্ন, বিণ ; সীমাবদ্ধ।
সীরধ্বজ, বি, পুং ; জনকরাজ।
সীবন, বি, ক্লী ; সূচীকর্ম্ম, সেলাই।
সীস, সীসক, বি, ক্লী ; ধাতু বিং।
সু, অ ; উত্তম। অতিশয়।
সুঁদী, (প্রা) শ্বেতোৎপল, কুমুদ।
সুকঠিন, বিণ ; অতি কঠিন। সু (অতি) কঠিন, প্রাদি।
সুকণ্ঠ, বিণ ; মধুর কণ্ঠস্বর-বিশিষ্ট। সু (উত্তম) কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহু। স্ত্রী, -ঠী।
সুকর, বিণ ; সুখকর। অনায়াস সাধ্য। [বহু।
সুকর্ম্মা, বিণ ; সৎকর্ম্মকারী।
সুকুমার, বিণ ; অতি কোমল। অতি বালক। স্ত্রী, -রী। সু (অতিশয়) যে কুমার, নিত্য।
সুকুমারমতি, বিণ ; অতিশয় কোমল চেতাঃ। সুকুমার হইয়াছে মতি (মনঃ) যাহার, বহু।
সুকুমারবিদ্যা, বি, স্ত্রী ; সাহিত্য শাস্ত্র। [স্বভাব।
সুকুমারবৃত্তি, বিণ ; কোমল
সুকৃত, বি, ক্লী ; পুণ্য। ভাগ্য।

সু (উত্তম) যে কৃত (কর্ম্ম), নিত্য। বিণ ; পুণ্যবান। বহু।

সুকৃতি, বি, স্ত্রী ; সৎকর্ম্ম, পুণ্য। ভাগ্য।

সুকৃতী, বিণ (সুকৃত+ইন্) পুণ্যবান্।

সুকেশী, বিণ ; সুন্দর কেশযুক্তা (স্ত্রী)। সু (উত্তম) কেশ যাহার, বহু।

সুখ, বি, ক্লী (সুখ – অল্) প্রীতি, হর্ষ। বিণ (ঐ অন্) প্রীতিজনক।

সুখকর, বিণ ; প্রীতিজনক। স্ত্রী,-রী।

সুখদ, বিণ (সুখ-দা-ড) সুখদায়ক। স্ত্রী,-দা।

সুখময়, বিণ , সুখপূর্ণ।

সুখশয্যা, বি, স্ত্রী ; সুখজনক বিছানা। মধ্যপদলোপী কর্ম্মধা।

সুখশান্তি, বি, স্ত্রী ; সুখ ও বিশ্রাম।

সুখশ্রাব্য, বিণ ; শ্রুতি মধুর।

সুখসুপ্ত, বিণ ; সুখে নিদ্রিত।

সুখস্পর্শ, বিণ ; সুখজনক স্পর্শ বিশিষ্ট। সুখ (সুখকর) স্পর্শ যাহার, বহু।

সুখস্মৃতি, বি, স্ত্রী ; পূর্ব্বানুভূত সুখের স্মরণ। ৬ষ্ঠী তৎ।

সুখস্বচ্ছন্দতা, বি, স্ত্রী ; সুখ ও স্বাস্থ্য।

সুখস্বপ্ন, বি, পুং ; সুখদায়ক স্বপ্ন। মধ্যপদলোপী কর্ম্মধা।

সুখাদ্য, বি, ক্লী ; হিতকর খাদ্য।

সুখানুভব, বি, পুং ; আনন্দানুভব।

সুখাবহ, বিণ (সুখ-আ-বহ-কর্ত্তৃ-অন্) সুখজনক।

সুখী, বিণ (সুখ+ইন্, অস্ত্যর্থে) সন্তুষ্ট। স্ত্রী,-খিনী।

সুখ্যাতি, বি,স্ত্রী ; যশঃ, প্রশংসা। কর্ম্মধা।

সুগঠন, বি, ক্লী ; সুন্দর নির্ম্মাণ। বিণ,-ঠিত।

সুগন্ধ, বিণ ; উত্তম গন্ধ বিশিষ্ট। সু (উত্তম) গন্ধ যাহার, বহু। বি, পুং ; উত্তম গন্ধ। কর্ম্মধা।

সুগন্ধময়, বিণ ; সুগন্ধপূর্ণ।

সুগন্ধি, বিণ,(সুগন্ধ+ই, যুক্তার্থে) সুরভি, সদ্‌গন্ধযুক্ত।

গন্ধের সহিত পদার্থের সমবায় সম্বন্ধ থাকিলে 'ই' প্রত্যয় হয়, কিন্তু সংযোগ সম্বন্ধ থাকিলে হয় না ; যেমন— সুগন্ধি পুষ্প ও সুগন্ধ বায়ু (বায়ুর নিজের গন্ধ নাই বলিয়া)। কিন্তু বাঙ্গালায় সর্ব্বত্রই বিকল্পে 'ই' প্রত্যয় হইয়া থাকে। যেমন—সুগন্ধি পুষ্প বা সুগন্ধ পুষ্প ; ঘৃতগন্ধি অন্ন বা ঘৃতগন্ধ অন্ন।

সুগভীর, বিণ , অতি গভীর।

সুগম, বিণ ; সুগম্য। সুজ্ঞেয়।

অনায়াস লভ্য।

সুগৃহীতনামা (মন্), বিণ; প্রাতঃস্মরণীয়।

সুগ্রীব, বিণ; সুন্দর গ্রীবাযুক্ত। বহু। বি, পুং; কিষ্কিন্ধ্যাধিপতি।

সুচরিত, বি, ক্লী, উত্তম আচরণ। বিণ; সচ্চরিত্র।

সুচারু, বিণ; অতি সুন্দর, মনোজ্ঞ। সু (অতি) যে চারু (সুন্দর), নিত্য।

সুচারুরূপে,ক্রি বিণ, সুন্দররূপে। সুচারু হইয়াছে রূপ যাহাতে (যে ক্রিয়াতে), বহু।

সুচির, বি, ক্লী; অতি দীর্ঘকাল। বিণ; দীর্ঘকাল স্থায়ী।

সুজন, বিণ; ধার্ম্মিক, সাধু। সু (উত্তম) যে জন, কর্ম্ম ধা। বি,-নতা, সৌজন্য।

সুজন্মা, সুজাত, বিণ; শোভন জন্মা, বিবাহিত স্বামীর ঔরস জাত। সংকুলোদ্ভব।

সুজলবতী } বিণ; উত্তম জল
সুজলা } বিশিষ্টা।

সুড়ঙ্গ, (গ্রা) গর্ত্ত, মাটীর ভিতর দিয়া নির্ম্মিত রাস্তা।

সুত, বি, পুং (সু-কর্ম্ম-ক্ত) পুত্র, তনয়। স্ত্রী,-তা, কন্যা।

সুতক, বি, ক্লী; জননাশৌচ।

সুতনু, বিণ; সুন্দর দেহ। সু (সুন্দর) হইয়াছে তনু যাহার, বহু। স্ত্রী,-নু,-নূ।

সুতপাঃ, বিণ; তপস্বী। বিং, পুং; সূর্য্য।

সুতরাং, বা; কাজেই। অত্যন্ত।

সুতীক্ষ্ণ, বিণ; অতি তীক্ষ্ণ। অতিশয় ধারাল।

সুদ (যা) কুসীদ, বৃদ্ধি।

সুদক্ষ, বিণ; সুনিপুণ। নিত্য। স্ত্রী,-ক্ষা।

সুদর্শন, বিণ (সু-দৃশ কর্ম্ম-অন) সুদৃশ্য, প্রিয় দর্শন। বি, পুং; বিষ্ণু-চক্র।

সুদাম, বি, পুং; শ্রীকৃষ্ণের সহপাঠী।

সুদিন, বি, ক্লী; শুভদিন।

সুদীর্ঘ, বিণ; অতি দীর্ঘ।

সুদুর্লভ, বিণ; অতিশয় দুষ্প্রাপ্য। নিত্য।

সুদুশ্চর } বিণ; অতি দুঃসাধ্য।
সুদুষ্কর }

সুদুস্তর, বিণ; যাহা পার হওয়া সুকঠিন।

সুদূর, বিণ; অতি দূরবর্ত্তী। বি, ক্লী; অতিদূর।

সুদূরপরাহত, বিণ; অসম্ভব, যাহা ঘটা কঠিন। সুদূরে পরাহত, ৭মী তৎ।

সুদৃঢ়, বিণ ; অতি দৃঢ় ।
সুদৃশ্য, বিণ ; সুন্দর, সুশ্রী ।
সুধন্বা, বিণ ; উত্তম ধনুর্দ্ধারী । সু (উত্তম) ধন্ব বা ধনুঃ যাহার, বহু ।
সুধর্ম্মা, বিণ ; অতি ধার্ম্মিক । বি, স্ত্রী ; দেবসভা ।
সুধা, বি, স্ত্রী (সু [সুখে]-ধে [পান কৃ]-কর্ম্ম-ড+আপ্) অমৃত । চূণা ।
সুধাংশু, বি, পুং ; চন্দ্র । সুধা হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু ।
সুধাকর, বি, পুং ; চন্দ্র । সুধার আকর, ৬ষ্ঠী তৎ । অথবা সুধা হইয়াছে কর (কিরণ) যাহার, বহু ।
সুধানিধি, বি, পুং ; চন্দ্র । সুধার নিধি (আশ্রয়), ৬ষ্ঠী তৎ ।
সুধাধবলিত, বিণ ; চূর্ণদ্বারা শুভ্রীকৃত, চূণাফিরাণ (দালানাদি) । সুধা (চূর্ণ) দ্বারা ধবলিত, ৩য়া তৎ ।
সুধান, (প্রা) জিজ্ঞাসা করা ।
সুধাময়, বিণ (সুধা+ময়ট্) অমৃতময় ।
সুধী, বিণ ; সুবুদ্ধি । পণ্ডিত ।
সুধীর, বিণ ; শান্ত, শিষ্ট ।
সুনাম, বি, ক্লী , যশঃ ।
সুনাব্য, বিণ (সু+নৌ+ষ্ণ্য, উত্তরণার্থে) নৌকাদ্বারা সুন্দররূপ উত্তরণযোগ্য (নদী), অর্থাৎ বারমাস নৌকাযোগে যাতায়াতের উপযুক্ত । (Navigable) ।
সুনাসীর, বি, পুং ; ইন্দ্র । সু (উত্তম) হইয়াছে নাসীর (অগ্রবর্ত্তী সৈন্য) যাহার, বহু ।
সুনিপুণ, বিণ ; সুদক্ষ ।
সুনির্ম্মল, বিণ ; অতি নির্ম্মল । অতি পবিত্র ।
সুনির্ম্মিত, বিণ ; সুন্দররূপে নির্ম্মিত ।
সুনীতি, বি, স্ত্রী ; উত্তম নীতি ।
সুন্দর, বিণ (সুনদ-কর্ত্তৃ-অরন্) মনোহর । স্ত্রী,-রী । বি,-রতা, সৌন্দর্য্য ।
সুপথ, বি, পুং ; সৎপথ, ধর্ম্মপথ ।
সুপক্ক, বিণ ; অতিশয় পাকা ।
সুপচ, বিণ ; লঘুপাক ।
সুপর্ণ, বি, পুং ; কুক্কুট । গরুড় ।
সুপাত্র, বি, পুং ; যোগ্য ব্যক্তি ।
সুপারী, (প্রা) গুবাকফল, পূগ ।
সুপারীস, (যা) অনুরোধ ।
সুপেয়, বিণ ; উত্তম পানীয় ।
সুপ্ত, বিণ (স্বপ্-কর্ত্তৃ-ক্ত) শায়িত । নিদ্রিত ।
সুপ্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি)

শয়ন। নিদ্রা।
সুপ্তোত্থিত, বিণ ; নিদ্রা হইতে উত্থিত। অগ্রে সুপ্ত পশ্চাৎ উত্থিত, কর্ম্মধা।

"অন্তরাঘাতে সুপ্তোত্থিত শার্দ্দূলের প্রায়," (পলাশির যুদ্ধ)।

সুপ্রতিষ্ঠিত, বিণ ; সুন্দররূপে প্রতিষ্ঠিত।
সুপ্রতীক, বি, পুং ; ঈশান কোণের হস্তী।
সুপ্রশস্ত, বিণ ; সুবিস্তৃত।
সুপ্রসন্ন, বিণ ; অতিশয় দয়াযুক্ত।
সুপ্রসিদ্ধ, বিণ ; সুবিখ্যাত।
সুফল, বি, পুং, ক্লী ; উত্তম ফল।
সুফলা, বিণ ; প্রচুর ফলযুক্তা।
সুভগ, বিণ ; ভাগ্যবান্। সুদৃশ্য। প্রিয়। সু (উত্তম) হইয়াছে ভগ (ভাগ্য, শ্রী) যাহার, বহু। স্ত্রী,-গা।
সুভগম্মন্য, বিণ (সুভগ-মন্-খশ্) যে আপনাকে সুভগ অর্থাৎ প্রিয় বা সুন্দর মনে করে। স্ত্রী,-ন্যা।
সুভদ্র, বিণ ; সৌভাগ্যশালী।
সুভিক্ষ, বিণ ; প্রচুর খাদ্য বিশিষ্ট।
সুভ্রূ, বিণ ; সুন্দর ভ্রূযুক্ত। সু (সুন্দর) ভ্রূ যাহার, বহু।
সুম, বি, ক্লী ; পুষ্প, ফুল।
সুমতি, বি, স্ত্রী ; সুবুদ্ধি। বিণ; সুবুদ্ধিযুক্ত। সু (সুন্দর) মতি যাহার, বহু।
সুমধুর, বিণ ; অতি মধুর। কর্ম্মধা।
সুমনাঃ, বিণ ; মহামনাঃ। বি, পুং ; দেবতা। ক্লী ; পুষ্প।
সুমন্ত্র, বি, পুং ; দশরথ রাজার সারথি ও মন্ত্রী।
সুমিত্রা, বি, স্ত্রী ; লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা।
সুমেরু, বি, পুং ; পৃথিবীর মধ্যস্থিত পর্ব্বত বিং। পৃথিবীর উত্তর প্রান্ত।
সুয়া, (প্রা) সোহাগী, সৌভাগ্যবতী নারী।
সুযোগ, বি, পুং ; সুসময়। সুবিধা।
সুযোগ্য, বিণ ; অত্যন্ত উপযুক্ত।
সুযোধন, বি, পুং ; দুর্য্যোধনের নামান্তর।
সুর, বি, পুং (সু-রাজ্ [দীপ্তি পা]-কর্ত্তৃ-ড) দেবতা।
সুরগুরু, বি, পুং ; বৃহস্পতি।
সুরঙ্গ, বি, ক্লী ; গর্ত্ত বিং।
সুরঞ্জিত, বিণ ; সুন্দররূপে রঞ্জিত।
সুরত, বি, ক্লী ; রতিক্রীড়া।
সুরদীর্ঘিকা, বি, স্ত্রী ; স্বর্গঙ্গা।

সুরধুনী, বি, স্ত্রী ; গঙ্গা। ৬ষ্ঠীতৎ।
সুরপতি, বি, পুং ; ইন্দ্র।
সুরপুর (রী), বি, ক্লী ; স্বর্গ।
সুরভি, বিণ (সু-রভ-কর্ত্তৃ-ই) সুগন্ধযুক্ত। মনোজ্ঞ। বি, পুং ; সুগন্ধ দ্রব্য। চৈত্রমাস। বসন্ত-কাল। স্ত্রী (ভি, ভী) দেবগবী।
সুরভিত, বিণ (সুরভি+ইত) সুগন্ধযুক্ত।
সুরম্য, বিণ (সু-রম্-কর্ম্ম-য) অতি মনোহর।
সুরর্ষি, বি, পুং; দেবর্ষি। যেমন—নারদাদি। সুর অথচ ঋষি, কর্ম্মধা।
সুরলোক, বি, পুং ; স্বর্গ।
সুরবর্ত্ম, বি, ক্লী ; আকাশ।
সুরবৈরী, বি, পুং ; দৈত্য।
সুরস, বিণ ; সুস্বাদ, মধুর।
সুরসদ্ম, বি, ক্লী ; স্বর্গ।
সুরসরিৎ,-সিন্ধু, বি, স্ত্রী ; স্বর্গঙ্গা।
সুরসাল, বিণ ; উত্তম রসযুক্ত, সুমিষ্ট।
সুরসুন্দরী } বি, স্ত্রী ; দেবাঙ্গনা।
সুরাঙ্গনা } স্বর্বেশ্যা।
সুরা, বি, স্ত্রী ; মদ্য, মদ।
সুরাচার্য্য, বি, পুং ; বৃহস্পতি।
সুরাপ, বিণ ; মদ্যপায়ী।
সুরারি, বি, পুং ; দৈত্য।
সুরালয়, বি, পুং ; স্বর্গ।
সুরাষ্ট্র, বি, পুং ; সৌরাষ্ট্র, সুরাট দেশ।
সুরুচি, বি, স্ত্রী ; সাধু অনুরাগ।
সুরুচিসঙ্গত, বিণ ; সুরুচির অনুমোদিত।
সুরূপ, বিণ ; রূপবান্। স্ত্রী,-পা।
সুরেন্দ্র, বি, পু ; দেবরাজ, ইন্দ্র। সুরগণের ইন্দ্র, ৬ষ্ঠীতৎ।
সুরেশ্বর, বি, পুং ; ইন্দ্র। শিব।
সুরেশ্বরী, বি, স্ত্রী ; দুর্গা। গঙ্গা।
সুলক্ষণ, বি, ক্লী; শুভলক্ষণ। বিণ; শুভলক্ষণাক্রান্ত। স্ত্রী,-ণা।
সুলভ, বিণ, অনায়াসলভ্য। সস্তা।
সুললিত, বিণ, অতি সুন্দর। অতি কোমল।
সুলোচন, বিণ ; সুন্দর নেত্র বিশিষ্ট। স্ত্রী,-না।
সুবচন, বি, ক্লী ; সুন্দর বাক্য। স্ত্রী,-নী, দেবী বিং।
সুবর্ণ, বি, ক্লী ; স্বর্ণ, সোণা।
সুবর্ণকার, বি, পুং ; স্বর্ণকার।
সুবর্ণপ্রতিমা, বি, স্ত্রী ; স্বর্ণ প্রতিমূর্ত্তি। মধ্যপদলোপী কর্ম্মধা।
সুবর্ণময়, বিণ ; স্বর্ণনির্ম্মিত। স্ত্রী,-য়ী।
সুবলিত, বিণ ; মনোহর ভঙ্গি

বিশিষ্ট।
সুবহ, বিণ; অনায়াস-বাহ্য।
সুবাস, বি, পুং; সৌরভ। বিণ; সুগন্ধযুক্ত। সু (উত্তম) বাস (গন্ধ) যাহার, বহু।
সুবাসিত, বিণ (সুবাস+ইত) সৌগন্ধ্যযুক্ত।
সুবাসিনী, বি, স্ত্রী; সুবাসযুক্ত স্ত্রী।
সুবিচার, বি, পুং; সদ্বিচার, পক্ষপাতশূন্য বিচার।
সুবিচারক, বিণ; সদ্বিচারক, পক্ষপাতশূন্য বিচারকর্ত্তা।
সুবিধা, বি, স্ত্রী; সুযোগ।
সুবিমল, বিণ; অতি নির্ম্মল।
সুবিশাল, বিণ; সুবৃহৎ।
সুবিস্তীর্ণ, বিণ; সুবিস্তৃত।
সুবিস্তৃত, বিণ; অতি বিস্তৃত।
সুবুদ্ধি, বি, স্ত্রী; উত্তমা বুদ্ধি। বিণ; উত্তম বুদ্ধিযুক্ত। বহু।
সুবৃহৎ, বিণ; অতিবৃহৎ।
সুবেশ, বি, পুং; উত্তম বেশ। বিণ; উত্তম বেশধারী।
সুবোধ, বিণ; উত্তম বুদ্ধিশালী। সু (উত্তম) বোধ যাহার, বহু।
সুশর্ম্মা, বিণ; অতিসুখী।
সুশিক্ষা, বি, স্ত্রী; সদুপদেশ।
সুশিক্ষিত, বিণ; উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য।
সুশীত, সুশীতল, বিণ; অতি শীতল। কর্ম্মধা।
সুশীল, বিণ; সচ্চরিত্র। সু (উত্তম) শীল (স্বভাব) যাহার, বহু। স্ত্রী,-লা। বি,-লতা।
সুশীলতা, বি, স্ত্রী; সচ্চরিত্রতা।
সুশৃঙ্খল, বিণ; সুনিয়মিত। সু (উত্তম) শৃঙ্খলা যাহার, বহু।
সুশৃঙ্খলা, বি, স্ত্রী; সুবন্দোবস্ত।
সুশোভন, বিণ; অতি শোভাকর।
সুশোভিত, বিণ; অতি শোভাযুক্ত।
সুশ্রাব্য, বিণ (সু-শ্রু-কর্ম্ম-ঘ্যণ্) শ্রুতিমধুর, শুনিতে উত্তম।
সুশ্রী, বিণ; সুন্দর। সু (উত্তম) শ্রী (শোভা) যাহার, বহু।
সুশ্লিষ্ট, বিণ; দৃঢ়সংযুক্ত।
সুষম, বিণ; সুন্দর। সু (অতি) যে সম, কর্ম্মধা।
সুষমা, বি, স্ত্রী; পরম শোভা। সু (অতি) যে সমা, কর্ম্মধা।
সুষমাময়, বিণ; অতি শোভাযুক্ত। স্ত্রী,-য়ী।
সুষির, বি, ক্লী; শোষণ। বিবর, গর্ত্ত।
সুষীম, বিণ; শীতল। জড়। সুন্দর।

সুষুপ্ত, বিণ (সু-স্বপ্-কর্ত্তৃ-ক্ত) সুনিদ্রিত।
সুষুপ্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) সুনিদ্রা, যে নিদ্রায় স্বপ্নাদির অনুভব হয় না।
সুষুম্না, বি, স্ত্রী; দেহস্থ নাড়ীবিং।
সুষেণ, বি, পুং; বিষ্ণু। বানর বিং।
সুষ্ঠু, ব্য (সু-স্থা-কর্ত্তৃ-ডু) অতি সুন্দর। শ্রেষ্ঠ। সত্য।
সুসংযত, বিণ; উত্তম নিয়মযুক্ত। সু (উত্তম) সংযত, কর্ম্মধা।
সুসংবাদ, বি, পুং; শুভ সমাচার।
সুসঙ্গত, বিণ; উত্তম যুক্তিযুক্ত।
সুসজ্জ, সুসজ্জিত } বিণ; উত্তমরূপে সজ্জিত।
সুসভ্য, বিণ; সুশিক্ষিত, অতি ভদ্র।
সুসময়, বি, পুং; উত্তম সময়।
সুসম্পন্ন, বিণ; উত্তমরূপে নিষ্পন্ন। অতিশয় ধনাঢ্য।
সুসাধ্য, বিণ; অনায়াসসাধ্য।
সুস্থ, বিণ (সু-স্থা-কর্ত্তৃ-ড) নীরোগ। সুস্থির। স্বচ্ছন্দ। বি,-তা।
সুস্থকায়, বিণ; সুস্থদেহ বিশিষ্ট। বহু।
সুস্থির, বিণ; অতিস্থির।
সুস্নিগ্ধ, বিণ; সুশীতল। অতি মৃদু।

সুস্পষ্ট, বিণ; অতিস্পষ্ট, সুব্যক্ত।
সুস্মিতা, বি, স্ত্রী; ঈষৎ হাস্যযুক্তা (স্ত্রী)। সু (সুন্দর) স্মিত (হাস্য) যাহার, বহু।
সুহৃৎ (দ্), বি, পুং; সখা। "সখা" দেখ। সু (শোভন) হৃৎ (হৃদয়) যাহার, বহু।
সুহৃদয়, বিণ; শুদ্ধচিত্ত।
সুহৃদ্বর, বিণ; সুহৃৎ-শ্রেষ্ঠ।
সূ, বিণ; উৎপাদক।
সূক্ত, বি, ক্লী, সূক্তি, বি, স্ত্রী } সুবচন, উত্তম বাক্য।
সূক্ষ্ম, বিণ (সূচ-কর্ম্ম-স্মন্) সরু। ক্ষুদ্র। অতীন্দ্রিয়। বি, ক্লী; অধ্যাত্ম বস্তু।
সূক্ষ্মদর্শী, বিণ; অতিশয় বুদ্ধিমান্।
সূক্ষ্মভূত, বি ক্লী; ক্ষিত্যাদি পঞ্চ স্থূল ভূতের সূক্ষ্মাংশ বিং।
সূক্ষ্মাগ্র, বিণ; সরু আগাযুক্ত।
সূক্ষ্মানুসূক্ষ্ম, বিণ; অতি সূক্ষ্ম। মৌতৎ।
সূচক, বিণ; জ্ঞাপক, প্রকাশক। স্ত্রী,-চিকা।
সূচন, বি, ক্লী, সূচনা, বি, স্ত্রী } জ্ঞাপন। প্রস্তাব। বিণ,-চিত।
সূচি (চী), সূচিকা, বি, স্ত্রী; ছুঁচ।
সূচিক, বি, পুং; দরজী, সূচী কর্ম্মকারী।

সূচিকাভরণ, বি, ক্লী ; অত্যল্প পরিমিত সেব্য ঔষধ বিং।

সূচিত, বিণ ; জ্ঞাপিত। কথিত।

সূচীপত্র, বি, ক্লী ; নির্ঘণ্টপত্র।

সূচ্যগ্র, বি, ক্লী ; ছুঁচের আগা।

সূত, বি, পুং (সূ-কর্ত্তৃ-ক্ত) সারথি। সূত্রধর। বিণ ; প্রসূত।

সূতিকা, বি, স্ত্রী ; নবপ্রসূতা স্ত্রী।

সূতিকাগার / **সূতিকাগৃহ** } বি, ক্লী ; আঁতুড় ঘর।

সূত্র, বি, ক্লী (সূত্র-করণ-অল্) তন্তু, সূতা। নিয়ম।

সূত্রধর,-ধার, বি, পুং (সূত্র-ধৃ-কর্ত্তৃ-ষণ্) ছুতার। নাট্য-প্রস্তাবক।

সূত্রপাত, বি, পুং প্রারম্ভ।

সূদ, বি, পুং (সূদি-অন) সূপকার, পাচক।

সূদন বিণ (সূদি-কর্ত্তৃ-অন) বিনাশক। (ভাবে-অনট্) হনন।

সূনা, বি, স্ত্র (সূ [পীড়ন ক্ল] অধি-ন+আপ্) বধ-স্থান। মাংসবিক্রয় স্থান। "পঞ্চসূনা" দেখ।

সূনু, বি, পুং (সূ-কর্ম্ম-নুক্) পুত্র। কন্যা।

সূনৃত, বি, ক্লী (সু-নৃত- কর্ত্তৃ-ক) সত্য অথচ প্রিয় বাক্য। বিণ ; সত্য-প্রিয়ভাষী।

সূপ, বি, পুং (সূ-পক্) ব্যঞ্জন বিং, ডা'ল।

সূপকার, বি, পুং (সূপ-কৃ-কর্ত্তৃ-ষণ্) পাচক। স্ত্রী,-রী।

সূর, বি, পুং (সূ-রক্) সূর্য্য।

সূরি, বি, পুং ; পণ্ডিত। সূর্য্য।

সূরী, বিণ (সূর-ণিন্) জ্ঞানী।

সূর্প, "শূর্প" দেখ।

সূর্য্য, বি, পুং (সৃ [গমন কৃ]-কর্ত্তৃ-ক্যপ্) দিবাকর।

সূর্য্যকর, বি, পুং ; রৌদ্র।

সূর্য্যকরোজ্জ্বল, বিণ ; সূর্য্যকিরণে দীপ্তিশীল। সূর্য্যকর দ্বারা উজ্জ্বল, তদ্বাতৎ।

সূর্য্যকান্ত, বি, পুং ; মণি বিং। সূর্য্যবৎ কান্ত (কমনীয়), মধ্যপদলোপী কর্ম্মধা ;

সূর্য্যমুখী, বি, স্ত্রী ; প্রসিদ্ধ পুষ্প বিং। সূর্য্যের দিকে মুখ যাহার, বহু।

সূর্য্যরশ্মি, বি, পুং ; রবির কিরণ।

সূর্য্যাবর্ত্ত, বি, পুং ; সূর্য্যমুখী ফুলের গাছ।

সূর্য্যোদয়, বি, পুং ; রবির প্রকাশ।

সৃক্ক (ক্ক) ণী, বি, স্ত্রী ; ওষ্ঠপ্রান্ত।
সৃজন, (প্রা) বি, ক্লী ; সৃষ্টি।

বঙ্গভাষায় এই পদটীর বহুল প্রচলন থাকিলেও ব্যাকরণ মতে ইহা অশুদ্ধ ; কারণ, সৃজ্ ধাতুর উত্তর অনট্ প্রত্যয় করিলে "সর্জ্জন" হয়।

সৃণি (ণী), বি, স্ত্রী ; অঙ্কুশ।
সৃষ্ট, বিণ (সৃজ্-কর্ম্ম-ক্ত) রচিত, নির্ম্মিত। বি,-ষ্টি।
সৃষ্টি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) নির্ম্মাণ। (কর্ম্ম-ক্তি) জগৎ। স্বভাব। বিণ,-ষ্ট।
সৃষ্টিকর্ত্তা, বি, পুং ; জগৎ-নির্ম্মাতা, পরমেশ্বর।
সৃষ্টিনৈপুণ্য, বি, ক্লী ; নির্ম্মাণ-পটুতা, বিশ্বসৃষ্টি বিষয়ে দক্ষতা। ৭মীতৎ।
সৃষ্টিচাতুর্য্য, বি, ক্লী ; বিশ্ব-নির্ম্মাণ-কৌশল। ৭মীতৎ।
সেক, বি, পুং (সিচ্-ভাবে-ঘঞ্) সেচন।
সেচক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) সেচনকর্ত্তা।
সেচন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) জল প্রক্ষেপ। আর্দ্রীকরণ। বিণ, সিক্ত।
সেচনী, বি, স্ত্রী ; সেচন-পাত্র, সেউতী।
সেতু, বি, পুং (সি [বন্ধন ক্ক]-করণ-তুন্) সাঁকো, পুল। জলবন্ধ, জাঙ্গাল।
সেতুবন্ধ, বি, পুং ; ভারতবর্ষের দক্ষিণপ্রান্ত হইতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত সেতু। পবিত্র তীর্থস্থান। শ্রীরামচন্দ্রের আদেশে নল ও হনূমান্ প্রভৃতি এই সেতু বন্ধন করেন। সেতু হইয়াছে বন্ধ (বন্ধন) যথায়, বহু।
সেনা, বি, স্ত্রী ; সৈন্য।
সেনানায়ক, বি,পুং; সেনাপতি।
সেনানিবাস,-নিবেশ, বি, পুং ; শিবির, ছাউনি। ৬ষ্ঠীতৎ।
সেনানী, বি, পুং (সেনা-নী [লইয়া যা]-কর্ত্তৃ-ক্বিপ্) সেনাপতি।
সেনাপতি, বি, পুং ; সৈন্যাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ।
সেবক, বিণ (সেব্ [সেবা ক্ক]-কর্ত্তৃ-ণক) সেবাকারী, দাস। স্ত্রী,-বিকা।
সেবকাধম, বিণ ; নিকৃষ্ট সেবক। সেবকদিগের মধ্যে অধম,৭মীতৎ।
সেবন, বি, ক্লী (সেব্-ভাবে-অনট্) শুশ্রূষা, সেবা। উপ-ভোগ। (সিব্-ভাবে-অনট্) সূচীকর্ম্ম।

সেবা, বি, স্ত্রী (সেব্-ভাবে-অ+আপ্) পরিচর্য্যা। উপভোগ। বিণ,-বিত।

সেবাকার্য্য, বি, ক্লী ; পরিচর্য্যার কায।

সেবাব্রত, বি, পুং, ক্লী ; পরের পরিচর্য্যারূপ পুণ্যকর্ম্ম। সেবাই ব্রত, কর্ম্মধা।

সেবিত, বিণ (সেব্-কর্ম্ম-ক্ত) কৃতসেবা। উপভুক্ত। আরাধিত। বি,-বন,-বা।

সেব্য, বিণ (সেব্-ঘ্যণ্) উপভোগ্য। আরাধ্য।

সৈকত, বিণ (সিকতা [বালুকা] + ষ্ণ) বালুকাময়। বি, ক্লী; বালুকাময় তট।

সৈকতভূমি, বি, স্ত্রী; নদী প্রভৃতির বালুকাময় তট। কর্ম্মধা।

সৈনাপত্য, বি, ক্লী ; সেনাপতির কর্ম্ম।

সৈনিক, বিণ (সেনা + ষ্ণিক) সেনাসম্বন্ধীয়।

সৈনিকপুরুষ, বি, পুং ; যোদ্ধা।

সৈন্ধব, বি, পুং (সিন্ধু + ষ্ণ) অশ্ব। ক্লী ; সমুদ্রজাত লবণ।

সৈন্য, বি, ক্লী (সেনা + ষ্ণ্য) সেনা, শ্রেণীবদ্ধ যোদ্ধা।

সৈন্যসমাবেশ, বি, পুং ; সেনাসমূহের সমবায়।

সৈন্যসামন্ত, বি, পুং ; সেনাদল ও সমীপস্থ অধীন রাজগণ। দ্বন্দ্ব।

সৈন্যাধ্যক্ষ, বি, পুং ; সেনাপতি। ৬ষ্ঠীতৎ।

সৈরন্ধ্রী, সৈরিন্ধ্রী, বি, স্ত্রী (সীরন্ধ্র্ [কৃষক] + ষ্ণ + ঈপ্) দ্রৌপদী। পরবেশ্মস্থা স্বাধীনা শিল্পকারিণী।

সৈরিভ, বি, পুং ; মহিষ।

সোদর, বি, পুং ; সহোদর ভ্রাতা। সহ (সমান) হইয়াছে উদর যাহার সহিত, বহু। স্ত্রী,-রা, সহোদরা ভগিনী।

সোপান, বি, ক্লী (সহ-উপ-অন্ [গমন ক্]-করণ-অল্) সিঁড়ি।

সোম, বি, পুং (সু-কর্ত্তৃ-ম) চন্দ্র। কর্পূর। অমৃত। সোমলতারস।

সোমতীর্থ, বি, ক্লী ; প্রভাসতীর্থ।

সোসর, (প্রা) বিণ ; তুল্য, সদৃশ। সাহায্যকারী।

সোহাগ, (প্রা) আদর, স্নেহ।

সৌকর্য্য, বি, ক্লী (সুকর + ষ্ণ্য) সুবিধা।

সৌকুমার্য্য, বি, ক্লী (সুকুমার + ষ্ণ্য, ভাবার্থে) কোমলতা।

সৌখীন, বিণ (সুখ + ীন)

সুখেচ্ছু, বিলাসী। বি,-তা।
সৌখ্য, বি, ক্লী (সুখ+ষ্ণ্য) সুখ।
সৌগন্ধ (ন্ধ্য), বি, ক্লী (সুগন্ধ+ষ্ণ, ষ্ণ্য) সৌরভ।
সৌজন্য, বি, ক্লী (সুজন+ষ্ণ্য, ভাবার্থে) সুজনতা, ভদ্রতা।
সৌদামনী, বি, স্ত্রী (সুদামন [মেঘ]+ষ্ণ, ভবার্থে+ঈপ্) বিদ্যুৎ।
সৌধ, বি, পুং, ক্লী (সুধা [চূণ] +ষ্ণ, সংসর্গার্থে) অট্টালিকা। রাজগৃহ।
সৌধকিরীটিনী, বিণ (সৌধরূপ কিরীট, ক - - কর্ম্মধা ; সৌধ-কির - ইন্, অস্ত্যর্থে+ঈপ্) অট্টালিকারূপ কিরীট শোভিতা অর্থাৎ অত্যুচ্চ ও মনোজ্ঞ প্রাসাদযুক্তা। [শ্রেণী।
সৌধমালা, বি, স্ত্রী ; প্রাসাদ-
সৌন্দর্য্য, বি, ক্লী (সুন্দর+ষ্ণ্য, ভাবার্থে) সুন্দরতা।
সৌন্দর্য্যময়, বিণ ; সৌন্দর্য্যশালী, শোভাসম্পন্ন স্ত্রী,-য়ী।
সৌভদ্র, বি, পুং (সুভদ্রা+ষ্ণ, অপত্যার্থে) অভিমন্যু।
সৌভাগ্য, বি, ক্লী (সুভগ+ষ্ণ্য, ভাবার্থে) শুভাদৃষ্ট।

সৌভাগ্যক্রমে, ক্রিবিণ ; ভাগ্য-বশতঃ, কপালক্রমে। সৌভাগ্যের ক্রম আছে যাহাতে, বহু।
সৌভাগ্যলক্ষ্মী, বি, স্ত্রী ; ভাগ্যশ্রী। রূপক।
সৌভাগ্যবান্ (সৌভাগ্য+বতু, অস্ত্যর্থে)
সৌভাগ্যশালী(সৌভাগ্য+শালিন্)
শুভাদৃষ্টসম্পন্ন। স্ত্রী,-বতী,-লিনী।
সৌভাগ্য-ভাস্কর,-রবি-সূর্য্য, বি, পুং ; শুভ দৃষ্টরূপ সূর্য্য। রূপক।
সৌভ্রাত্র, বি, ক্লী (সু [উত্তম] যে ভ্রাতা, সুভ্রাতা, কর্ম্মধা ; সুভ্রাতৃ+ষ্ণ, ভাবার্থে) ভ্রাতাদিগের পরস্পর স্নেহ।
সৌমনস্য, বি, ক্লী (সুমনস্+ষ্ণ্য) প্রীতি প্রসন্নতা।
সৌমিত্র, সৌমিত্রি, বি, পুং (সুমিত্রা+ষ্ণ, ষ্ণি,অপত্যার্থে) লক্ষ্মণ। শত্রুঘ্ন।
সৌম্য, বি, পুং (সোম+ষ্ণ্য) বুধগ্রহ। বিণ ; সুন্দর। শান্ত মূর্ত্তি। সাধু। স্ত্রী,-ম্যা।
সৌম্যভাব, বি, পুং ; শান্তভাব।
সৌম্যমূর্ত্তি, বি, স্ত্রী ; শান্ত মূর্ত্তি। কর্ম্মধা। বিণ ; শান্তমূর্ত্তি বিশিষ্ট। বহু।

সৌর, বিণ (সূর + ষ্ণ) সূর্য্য-সম্বন্ধীয়। বি, পুং ; সূর্য্যের উপাসক। সূর্য্যপুত্র শনি প্রভৃতি।

সৌরকর,-কিরণ, বি, পুং ; রবির কিরণ, রৌদ্র। সৌর (সূর্য্য সম্বন্ধীয়) কর বা কিরণ, কর্ম্মধা।

সৌরকরলেখা, বি, স্ত্রী ; সূর্য্য কিরণের রেখা।

সৌরকরোজ্জ্বল } বিণ ; সূর্য্য কিরণে
সৌরকরোদ্ভাসিত } সমুজ্জ্বল।
সৌরকর দ্বারা উজ্জ্বল, উদ্ভাসিত, তন্নাতৎ।

সৌরজগৎ, বি, ক্লী ; সূর্য্য ও তাহার চতুর্দ্দিকে পরিভ্রমণকারী গ্রহ উপগ্রহাদি, এই সমুদায়। (Solar system)

সৌরভ, বি, ক্লী (সুরভি + ষ্ণ) সুগন্ধ।

সৌরভময় (সৌরভ + ময়ট্)
সৌরভান্বিত, বিণ ; সুগন্ধ পূর্ণ। সৌরভদ্বারা অন্বিত (যুক্ত), তন্নাতৎ।

সৌরমণ্ডল, বি, পুং ; সূর্য্যমণ্ডল।

সৌরাজ্য, বি, ক্লী (সু যে রাজা, কর্ম্মধা ; সুরাজন্ + ষ্ণ্য, ভাবার্থে) উত্তম রাজত্ব।

"প্রকৃতিবর্গ সৌরাজ্য-সুখে পরিতৃপ্ত হইতে লাগিল।" (রজনীগুপ্ত)

সৌরাজ্য-স্থাপন, বি, ক্লী ; সুশাসন পূর্ণ রাজত্ব সংস্থাপন।

সৌরাজ্যসুখ, বি, ক্লী ; সুখশান্তিময় রাজত্ব-জনিত সুখ। মধ্যপদলোপী কর্ম্মধা।

সৌরাষ্ট্র, বি, পুং (সুরাষ্ট্র + ষ্ণ) সুরাট দেশ।

সৌরি, বি, পুং (সূরি + ষ্ণি) শ্রীকৃষ্ণ। (সূর + ষ্ণি) সূর্য্য-পুত্র শনি প্রভৃতি।

সৌবর্ণ, বিণ (সুবর্ণ + ষ্ণ) স্বর্ণ নির্ম্মিত।

সৌষ্ঠব, বি, ক্লী (সুষ্ঠু + ষ্ণ, ভাবার্থে) সৌন্দর্য্য।

সৌসাদৃশ্য, বি, ক্লী (সুসদৃশ + ষ্ণ্য) উত্তম সাদৃশ্য।

সৌহার্দ্দ,সৌহার্দ্দ্য(সুহৃদ্ + ষ্ণ,ষ্ণ্য)
সৌহৃদ, সৌহৃদ্য, (সুহৃদ্ + ষ্ণ, ষ্ণ্য) বি, ক্লী ; বন্ধুতা।

সৌহিত্য, বি, ক্লী (সুহিত + ষ্ণ্য, ভাবার্থে) তৃপ্তি, সন্তোষ। পর্য্যাপ্ত ভোজন।

স্কন্দ, বি, পুং (স্কন্দ্ [গমন করা] কর্ত্তৃ-অন্) কার্ত্তিকেয়।

স্কন্ধ, বি, পুং (ক [মস্তক]-ধা-কর্ত্তৃ -ড) কাঁধ, অংস। গাছের

গুঁড়ি। গ্রন্থ-পরিচ্ছেদ। ব্যূহ। সমূহ। রাজা। পথ। যুদ্ধ।
স্কন্ধদেশ, বি, পুং ; কাঁধ, অংস।
স্কন্ধাবার, বি, পুং ; শিবির।
স্খলন, বি, ক্লী (স্খল্-ভাবে-অনট্) পতন। পিছলন। উছট খাওয়া। অর্দ্ধোচ্চারণ। বিকৃতি। বিণ,-লিত।
স্খলিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) পতিত। ভ্রষ্ট, চ্যুত। অর্দ্ধোচ্চারিত। বিকৃত।
স্তন, বি, পুং (স্তন্-কর্ম্ম-অল্) পয়োধর, মাই।
স্তনন্ধয়, বিণ (স্তন-ধে [পান ক্র] -কর্ত্তৃ-খশ্) স্তন্যপায়ী শিশু। স্ত্রী,-য়ী।
স্তনিত, বি, ক্লী (স্তন্-ভাবে-ক্ত) মেঘধ্বনি। রতিকূজিত। বিণ (কর্ম্ম-ক্ত) শব্দিত।
স্তন্য, বি, ক্লী (স্তন+ষ্ণ্য, ভবার্থে) স্তন দুগ্ধ।
স্তন্যজীবী (স্তন্য-জীব্-কর্ত্তৃ-ণিন)
স্তন্যপায়ী (ঐ-পা-ণিন্) বিণ ; যাহারা শৈশবে স্তনদুগ্ধ পান করিয়া জীবিত থাকে ; যেমন—মনুষ্য, গো, মহিষ প্রভৃতি।

স্তম্ভ, বি, পুং ; থাম, খুঁটি। জড়তা। বিণ,-ব্ধ।
স্তম্ভন, বি, ক্লী ; নিবারণ,থামান। জড়ীকরণ। দৃঢ়ীকরণ। বিণ,-ব্ধ।
স্তম্ভিত, বিণ (স্তম্ভি-কর্ম্ম-ক্ত) নিস্পন্দীকৃত। রুদ্ধ। জড়ীকৃত।
স্তর, বি, পুং ; তবক, থাক।
স্তব, বি, পুং (স্তু-ভাবে-অল্)
স্তবন, বি, ক্লী (ঐ-অনট্)
স্তুতি, প্রশংসা। বিণ,-স্তুত।
স্তবক, বি, পুং (স্থা-কর্ত্তৃ-অবক) গুচ্ছ, থলো। সমূহ। গ্রন্থ-পরিচ্ছেদ।
স্তব্ধ, বিণ (স্তন্ভ-কর্ত্তৃ-ক্ত) স্তম্ভিত, স্পন্দহীন। বি,-স্তম্ভ, -স্তম্ভন।
স্তব্ধীভূত, বিণ ; নিস্পন্দীভূত।
স্তম্ব, বি, পুং ; তৃণাদির আটি। কাণ্ডহীন বৃক্ষ।
স্তাবক, বিণ (স্তু-কর্ত্তৃ-ণক) স্তুতি কারক। স্ত্রী,-বিকা।
স্তিমিত, বিণ (স্তিম-কর্ত্তৃ-ক্ত) নিশ্চল, জড়। আর্দ্র।
স্তুত, বিণ (স্তু-ক্ত) প্রশংসিত।
স্তুতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) স্তব, গুণকথন। বিণ,-ত।

স্তুতিপাঠক, বিণ ; স্তবকর্ত্তা, বন্দী।

স্তুতিবাদ, বি, পুং ; প্রশংসা-বাক্য।

স্তূপ, বি, পুং ; রাশি, গাদা।

স্তূপাকার, স্তূপীকৃত বিণ ; রাশীকৃত।

স্তূয়মান, বিণ (স্তু-কর্ম্ম-শান) যার স্তব করা যাইতেছে।

স্তেন, বিণ ; চৌর। বি, পুং ; চৌর্য্য।

স্তেয়, বি, ক্লী (স্তেন+য) চৌর্য্য।

স্তোক, বিণ ; ঈষৎ, অল্প। বি, পুং ; চাতক।

স্তোতা (তৃ), বিণ ; স্তুতিকারক। স্ত্রী,-ত্রী।

স্তোত্র, বি, ক্লী (স্তু-করণ-ত্র) স্তব, স্তুতি।

স্তোম, বি, পুং ; রাশি। সমূহ। যজ্ঞ। স্তব।

স্ত্রী, বি, স্ত্রী (স্তৈ-কর্ম্ম-ড্রট্+ঈপ্) নারী।

স্ত্রীত্ব, বি, ক্লী ; স্ত্রীরধর্ম্ম।

স্ত্রীধর্ম্ম, বি, পুং ; স্ত্রীলোকের কর্ত্তব্য। ঋতু, রজঃ।

স্ত্রীরত্ন, বি, ক্লী ; উত্তমা স্ত্রী।

স্ত্রীবিধেয়, বি, পুং ; স্ত্রৈণ।

স্ত্রীশিক্ষা, বি, স্ত্রী ; নারী জাতির শিক্ষা।

স্ত্রীসংসর্গ, স্ত্রীসঙ্গ, বি, পুং ; স্ত্রী-সহবাস।

স্ত্রীসুলভ, বিণ ; স্ত্রীজাতির স্বভাব-সিদ্ধ। ৭মীতৎ।

স্ত্রৈণ, বিণ (স্ত্রী+ষ্ণ) স্ত্রীর বশীভূত। স্ত্রী-সম্বন্ধীয়। বি,-তা।

স্থগিত, বিণ ; নিবৃত্ত। আবৃত।

স্থণ্ডিল, বি, ক্লী (স্থল-অধি-ইলচ্) যজ্ঞার্থ পরিষ্কৃত ভূমি। বালুকাদি দ্বারা প্রস্তুত হোমার্থ মণ্ডল বিং।

স্থপতি, বি, পুং ; শিল্পী। রাজ-মিস্ত্রী। সূত্রধর। কঞ্চুকী। সারথি। বিণ ; শ্রেষ্ঠ।

স্থল, বি, ক্লী / স্থলী, বি, স্ত্রী } স্থান। প্রদেশ। অকৃত্রিম জলশূন্য ভূমি।

স্থলচর, বিণ (স্থল-চর্-অন্) স্থলবাসী। স্ত্রী,-রী।

স্থলপদ্ম, বি, ক্লী ; স্থলজাত পদ্ম-পুষ্প।

স্থলাভিষিক্ত, বিণ ; একের স্থানে স্থাপিত অপর। স্থলে (একের স্থলে) অভিষিক্ত (অন্য), ৭মী তৎ।

স্থবির, বিণ (স্থা-কর্ত্তৃ-কির) বৃদ্ধ, প্রাচীন। জীর্ণ। স্থির।

স্থাণু, বি, পুং (ঐ-ণু) শিব। শাখাহীন বৃক্ষ। স্তম্ভ। খোঁটা, গোঁজ।

স্থাতব্য, বিণ (ঐ-অধি-তব্য) থাকিবার যোগ্য।

স্থান, বি, ক্লী (ঐ-অনট্) স্থল। আধার। (ভাবে-অনট্) স্থিতি। বিণ, স্থিত।

স্থানচ্যুত, বিণ ; স্থানভ্রষ্ট।

স্থানদান, বি, ক্লী ; আশ্রয় দান।

স্থানান্তর, বি, ক্লী ; ভিন্ন স্থান।

স্থানান্তরিত, বিণ ; (স্থানান্তর + ইত) ভিন্নস্থানে নীত।

স্থানাবরোধকতা, বি ; যে গুণে জড় পদার্থ আপনার আশ্রয়স্থান রুদ্ধ করে। (Resistance)।

স্থানিক, বিণ (স্থান+ইক) স্থানীয়।

স্থানীয়, বিণ (ঐ+ণীয়) স্থান-স্থিত।

স্থাপক, বিণ (স্থাপি-ণক) স্থাপন-কর্ত্তা।

স্থাপত্য, বি, ক্লী স্থপতি+ষ্ণ্য, ভাবার্থে) স্থপতির কর্ম্ম।

স্থাপন, বি, ক্লী (স্থাপি-অনট্)
স্থাপনা, বি, স্ত্রী (ঐ-অন+আপ্) অর্পণ, রাখা। আরোপণ। বিণ,-পিত।

স্থাপিত, বিণ (স্থাপি-ক্ত) ন্যস্ত, অর্পিত। আরোপিত। বি,-পন।

স্থায়িত্ব, বি, ক্লী ; স্থিতিশীলতা।

স্থায়ী, বিণ (স্থা-ণিন্) স্থিতিশীল। স্থির।

স্থালী, বি, স্ত্রী (ঐ-অলচ্) পাকপাত্র, হাঁড়ী।

স্থাবর, বিণ (স্থা-বর) স্থিতিশীল, অচল।

স্থাবরজঙ্গম, বি, ক্লী ; স্থিতিশীল ও গতিশীল পদার্থ।

স্থিত, বিণ (স্থা-ক্ত) স্থিতিশালী। স্থির।

স্থিতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) অবস্থান, থাকা। মর্য্যাদা। স্থিরতা।

স্থিতিবিরোধ, বি, পুং ; এক সময়ে এক স্থানে দ্রব্যদ্বয়ের অনবস্থান।

স্থিতিস্থাপক, বি, পুং ; যে নৈসর্গিক গুণ-প্রভাবে বস্তু সকল পুনর্ব্বার পূর্ব্বভাব প্রাপ্ত হয়। (Elasticity).

স্থির, বিণ (স্থা-কির) নিশ্চল। স্থায়ী। বি,-রতা, স্থৈর্য্য।

স্থিরতর, বিণ (স্থির+তর) অতি স্থির। চিরস্থায়ী। দৃঢ়তর।

স্থিরতা, বি, স্ত্রী; স্থৈর্য্য, স্থিরত্ব।

স্থিরপ্রতিজ্ঞ, বিণ ; দৃঢ়সঙ্কল্প।

স্থির সিদ্ধান্ত, বি, পুং ; নিশ্চিত মীমাংসা।

স্থিরা, বি, স্ত্রী; পৃথিবী।

স্থিরানুকূল, বিণ ; চির সদয়। স্থির যে অনুকূল, কর্ম্মধা।
"আপনি স্থিরানুকূল ও চিরপ্রসাদ"
(সীতার বনবাস)।

স্থিরীকরণ, বি, ক্লী ; অবধারণ, নির্ণয়। বিণ,-কৃত।

স্থিরীকৃত, বিণ ; নির্ণীত, অবধারিত।

স্থূণা, বি, স্ত্রী ; গৃহস্তম্ভ, খুঁটী। লৌহ প্রতিমা।

স্থূল, বিণ ; পুষ্ট, মোটা। ইন্দ্রিয়-গ্রাহ্য।

স্থূলকায়, বিণ ; মোটা শরীর বিশিষ্ট। বহু।

স্থূলপাদ, বি, পুং ; গোদা। হস্তী।

স্থূলভূত, বি, ক্লী ; পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ—এই পঞ্চভূত।

স্থৈর্য্য, বি, ক্লী (স্থির+ষ্ণ্য) স্থিরতা।

স্নাত, বিণ (স্ন-কর্ত্তৃ-ক্ত) যে স্নান করিয়াছে, অভিষিক্ত।

স্নাতক, বি, পুং ; ব্রহ্মচর্য্য

সমাপনপূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট ব্যক্তি।

স্নাতানুলিপ্ত, বিণ ; স্নানান্তে যে চন্দনাদি লেপন করিয়াছে। অগ্রে স্নাত পরে অনুলিপ্ত, কর্ম্মধা।

স্নান, বি, ক্লী (স্না-ভাবে-অনট্) অবগাহন। বিণ, স্নাত।

স্নানীয়, বিণ ; স্নানযোগ্য। স্নান সাধন বস্তু (জল, তৈল প্রভৃতি)।

স্নায়ু, বি, স্ত্রী ; দেহস্থ সূত্রবৎ সূক্ষ্ম নাড়ী।

স্নিগ্ধ, বিণ (স্নিহ-কর্ত্তৃ-ক্ত) শীতল। কোমল। মধুর। রম্য। চিক্কণ। স্নেহের পাত্র।

স্নিগ্ধকর, বিণ ; শীতলতাজনক। স্ত্রী,-রী।

স্নিগ্ধতা, বি, স্ত্রী ; শীতলতা। কোমলতা।

স্নিগ্ধগম্ভীর, বিণ ; রম্য অথচ গাম্ভীর্য্যপূর্ণ। স্নিগ্ধ অথচ গম্ভীর, কর্ম্মধা।

স্নিগ্ধশ্যামল, বিণ ; রমণীয় শ্যামবর্ণ বিশিষ্ট। স্নিগ্ধ অথচ শ্যামল, কর্ম্মধা।

স্নিগ্ধকরোজ্জ্বল, বিণ ; কোমল দীপ্তিবিশিষ্ট। স্নিগ্ধকর অথচ উজ্জ্বল, কর্ম্মধা।

স্নুত, বিণ (স্নু-ক্ত) ক্ষরিত, গলিত। বি, স্নব।

স্নুষা, বি, স্ত্রী (স্নু-কর্ত্তৃ-সক্ + আপ্) পুত্রবধূ।

"আমি স্নুষাদ্বয়কে সঙ্গে লইয়া বনে প্রবেশ করিব," (রজনী গুপ্ত)

স্নুহি (হী), বি, স্ত্রী, মনসা গাছ।

স্নেহ, বি, পুং (স্নিহ-ভাবে-ঘঞ্) প্রেম। বাৎসল্য। তৈলাদি দ্রব বস্তু। বিণ, স্নিগ্ধ।

স্নেহপালিত, বিণ ; বাৎসল্যের সহিত পালিত ৩য়াতৎ।

স্নেহপুত্তলি, বি, স্ত্রী ; স্নেহের পুতুল, অতি বাৎসল্যের বস্তু।

স্নেহপ্রবণ, বিণ ; অত্যন্ত স্নেহশীল। স্নেহে প্রবণ, ৭মী তৎ।

স্নেহময়, বিণ (স্নেহ+ময়ট্) স্নেহযুক্ত, বাৎসল্যপূর্ণ। স্ত্রী,

-য়ী, বাৎসল্য বিশিষ্টা।

স্নেহবান্, বিণ (স্নেহ+বতু) স্নেহশালী। স্ত্রী,-বতী।

স্নেহশীল, বিণ; বাৎসল্য পরায়ণ। স্নেহ হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহু। স্ত্রী, -লা।

স্নেহাস্পদ, বিণ; স্নেহের পাত্র। ৬ষ্ঠী তৎ।

স্পন্দ, বি, পুং (স্পন্দ-অল্)
স্পন্দন, বি, ক্লী (ঐ-অনট্) ঈষৎ কম্পন। নড়াচড়া। বিণ,-ন্দিত।

স্পন্দরহিত, স্পন্দহীন } বিণ; নিঃস্পন্দ, নড়াচড়াশূন্য। ৩য়া তৎ।

স্পন্দিত, বিণ (স্পন্দ-কর্ত্তৃ-ক্ত) ঈষৎ কম্পিত।

স্পর্দ্ধা, বি, স্ত্রী; প্রতিযোগিতা। গর্ব্ব, মাৎসর্য্য প্রকাশ। সদৃশী করণ। বিণ,-র্দ্ধী।

স্পর্দ্ধিত, বিণ; স্পর্দ্ধাযুক্ত।

স্পর্শ, বি, পুং (স্পৃশ্-ভাবে-অল্) ছোঁয়া, ত্বগিন্দ্রিয় গ্রাহ্য গুণ বিং।

স্পর্শন, বি, ক্লী (ঐ-অনট্) স্পর্শ, ছোঁয়া।

স্পর্শমণি, বি, পুং; পরশ পাথর।

স্পর্শসুখ, বি, ক্লী; স্পর্শ জনিত সুখ।

স্পশ, বি, পুং; চর, গোয়েন্দা।

স্পষ্ট, বিণ (স্পশ্-ক্ত) ব্যক্ত, প্রকাশিত।

স্পষ্টভাষী,-বাদী, বিণ; স্পষ্ট-বক্তা। স্ত্রী,-ষিণী,-দিনী।

স্পষ্টীকৃত, বিণ; যাহা বিশদ করা হইয়াছে।

স্পৃশ্য, বিণ (স্পৃশ্-ক্যপ্) স্পর্শন যোগ্য।

স্পৃষ্ট, বিণ (ঐ-ক্ত) স্পর্শিত।

স্পৃহণীয়, বিণ (স্পৃহি-অনীয়) অভিলষণীয়।

স্পৃহয়ালু, বিণ (ঐ+আলু) স্পৃহাযুক্ত। লোভী।

স্পৃহা, বি, স্ত্রী (স্পৃহ-ভাবে-ঙ+আপ্) বাঞ্ছা।

স্ফটিক, বি, পুং; শুভ্র স্বচ্ছ প্রস্তর বিং, ফটিক।

স্ফটিকস্তম্ভ, বি, পুং; স্ফটিক নির্ম্মিত থাম।

স্ফটিকাচল, বি, পুং; কৈলাস

পর্ব্বত।

স্ফটিকাধার, বি, পুং; স্ফটিক নির্ম্মিত পাত্র।

স্ফাটিক, বিণ; স্ফটিক নির্ম্মিত।

স্ফীত, বিণ (স্ফায়-কর্ত্তৃ-ক্ত) ফুলা। ফাঁপা।

স্ফুট, বিণ; বিকশিত ব্যক্ত।

স্ফুটন, বি, ক্লী; বিকশন।

স্ফুটনোন্মুখ, বিণ; বিকাশোন্মুখ।

স্ফুরণ, বি, ক্লী (স্ফুর-অনট) স্ফূর্ত্তি। স্পন্দন। বিণ-রিত।

স্ফুরিত, বিণ (ঐ-ক্ত) স্পন্দিত।

স্ফুলিঙ্গ, বি, পুং; অগ্নি-কণা।

স্ফূর্ত্তি, বি, স্ত্রী (স্ফুর-ক্তি) স্ফুরণ। বিকাশ।

স্ফোট (ক), বি, পুং; ফোঁড়া।

স্ফোটন, বি, ক্লী; বিকাশন।

স্ময়, বি, পুং; বিস্ময়। গর্ব্ব।

স্মর, বি, পুং (স্মৃ-কর্ম্ম-অল্) কন্দর্প।

স্মরণ, বি, ক্লী (ঐ ভাবে-অনট্) পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান, স্মৃতি। চিন্তা। বিণ, স্মৃত।

স্মরণশক্তি, বি, স্ত্রী; মনে রাখিবার ক্ষমতা।

স্মরণীয়, বিণ (স্মৃ-কর্ম্ম-অনীয়) স্মরণযোগ্য।

স্মরদশা, বি, স্ত্রী; অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণবর্ণন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়ভাব এবং মৃত্যু, এই দশ প্রকার মদনাবস্থা।

স্মরপ্রিয়া, বি, স্ত্রী; রতি।

স্মরহর, স্মরারি, বি, পুং; শিব।

স্মর্তব্য, বিণ (স্মৃ-তব্য) স্মরণীয়।

স্মারক, বিণ (স্মারি-কর্ত্তৃ-ণক) স্মৃতি কারক। যেমন—স্মারক মন্দির। স্ত্রী,-রিকা।

স্মার্ত্ত, বিণ (স্মৃতি+ষ্ণ) স্মৃতি শাস্ত্রজ্ঞ।

স্মিত, বি, ক্লী (স্মি-ভাবে-ক্ত) ঈষৎ হাস্য। বিণ (কর্ত্তৃ-ক্ত) ঈষদ্ধাস্যযুক্ত। বিকসিত।

স্মিতমুখ, বি, ক্লী; ঈষদ্ধাস্যপূর্ণ মুখ। কর্ম্মধা। বিণ; হাস্যযুক্ত মুখবিশিষ্ট। বহু। স্ত্রী,-খী।

স্মৃত, বিণ (স্মৃ-ক্ত) যাহা স্মরণ করা হইয়াছে। বি,-তি।

স্মৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) স্মরণ। মন্বাদি প্রণীত ধর্ম্মশাস্ত্র

স্মৃতিচিহ্ন, বি, ক্লী; স্মরণ চিহ্ন। স্মৃতিজনক যে চিহ্ন, মধ্যপদলোপী কর্ম্মধা।

স্মৃতিপট, বি, পুং; মানসপট, স্মরণরূপ আলেখ্য। রূপক।

স্মৃতিপথ, বি, পুং; স্মরণ পথ।

স্মৃতিমন্দির, বি, পুং ; স্মারক মন্দির, মৃতব্যক্তির স্মরণার্থ নির্ম্মিত মন্দির।

স্মৃতিরক্ষা, বি, স্ত্রী ; স্মৃতিসূচক বস্তু স্থাপন।

স্মৃতিশক্তি, বি, স্ত্রী ; স্মরণ শক্তি।

স্মৃতিস্তম্ভ, বি, পুং ; মৃতের স্মরণার্থ নির্ম্মিত মঠ। স্মৃতিসূচক স্তম্ভ, মধ্যপদলোপী কর্ম্মধা।

স্মের, বিণ (স্মি-কর্ত্তৃ-র) ঈষদ্ধাস্য-যুক্ত। বিকশিত।

স্মেরমুখ, বি, ক্লী ; ঈষদ্ধাস্যযুক্ত বদন। বিণ ; ঈষদ্ধাস্যযুক্ত বদন বিশিষ্ট। বহু। স্ত্রী,-খী।

স্যন্দ, বি, পুং ; ক্ষরণ, গলন।

স্যন্দন, বি, পুং, ক্লী (স্যন্দ-করণ-অনট্) রথ। পুং ; বায়ু। (ঐ-ভাবে-অনট্) ক্ষরণ। গমন। বেগ।

স্যমন্তক, বি, পুং ; কৃষ্ণের ভূষণমণি।

স্যূত, বিণ (সিব্-ক্ত) যাহা সেলাই করা হইয়াছে। গ্রথিত।

স্রক্ (জ্), বি, স্ত্রী (সৃজ্-কর্ম্ম-ক্বিপ্) মাল্য, হার।

{ স্রব, বি, পুং (স্রু-ভাবে-অল্)
{ স্রবণ, বি, ক্লী (ঐ-অনট্)
ক্ষরণ। পতন।

স্রষ্টা (ষ্টৃ), বিণ (সৃজ্-কর্ত্তৃ-তৃন্) সৃষ্টিকর্ত্তা। বি, পুং ; বিধাতা। স্ত্রী,-ষ্ট্রী।

স্রস্ত, বিণ (স্রন্স-ক্ত) ক্ষরিত, গলিত। চ্যুত। বি, স্রংসন।

স্রাব, বি, পুং (স্রু-ঘঞ্) ক্ষরণ। পতন। বিণ, স্রুত।

স্রুক্, বি স্ত্রী }
স্রুব, বি, পুং } যজ্ঞে ঘৃত প্রক্ষেপার্থ খদিরাদি কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিং।
স্রুবা, বি, স্ত্রী }

স্রুত, বিণ (ঐ-ক্ত) ক্ষরিত। পতিত।

স্রোত, স্রোতঃ, বি, ক্লী (স্রু-কর্ত্তৃ-ত, অস্) জল-প্রবাহ।

{ স্রোতস্বতী (স্রোতস্ + বতু, অস্ত্যর্থে + ঈপ্)
{ স্রোতস্বিনী (ঐ + বিন্ + ঈপ্)
বিণ ; স্রোতযুক্তা। বি, স্ত্রী ; নদী।

স্ব, বি, পুং, ক্লী ; ধন, ঐশ্বর্য্য। পুং ; আত্মা। জ্ঞাতি। বিণ ; আত্মীয়।

স্বঃ (র্), ব্য ; স্বর্গ।

{ স্বক, (স্ব + কণ্) বিণ ; স্বীয়,
{ স্বকীয়, (স্বক + ঈয়) নিজ।

স্বখাত, বি, পুং ; নিজের খনিত জলাশয়।

"আমি স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা,"

স্বগত, বি, ক্লী ; মনে মনে, অন্যের অগোচরে। বিণ ; মনোগত।

স্বচ্ছ, বিণ ; অতি নির্ম্মল। প্রতিবিম্ব ধারণক্ষম। সু (অতি) যে অচ্ছ (নির্ম্মল), নিত্য। বি,-তা।

স্বচ্ছন্দ, বিণ ; সুস্থ। স্বাধীন। স্ব হইয়াছে ছন্দ যাহার, বহু। বি, পুং ; স্বেচ্ছা।

স্বচ্ছসরোবর, বি, পুং ; নির্ম্মল জলযুক্ত তড়াগ। কর্ম্মধা।

স্বচ্ছতোয়া } বিণ; নির্ম্মল জল
স্বচ্ছসলিলা } বিশিষ্টা। বহু। স্বচ্ছ হইয়াছে তোয় বা সলিল (জল) যাহাতে, বহু।

স্বজন, বি, পুং ; আত্মীয়। কর্ম্মধা।

স্বজনপ্রীতি, বি, স্ত্রী ; আত্মীয় গণের প্রতি ভালবাসা।

স্বজাতীয়, বিণ ; নিজ জাতি সম্বন্ধীয়।

স্বতঃ, ব্য (স্ব + তস, ৫মী স্থানে) আপনা হইতে, স্বয়ং।

স্বতঃপরতঃ, ব্য ; নিজের পক্ষে ও পরের পক্ষে। নিজ হইতে ও পর হইতে।

স্বতঃপ্রবৃত্ত, বিণ ; স্বেচ্ছায় কোন কার্য্যে ব্যাপৃত।

স্বতঃসিদ্ধ, বিণ ; যাহা আপনা হইতেই সিদ্ধ হয়, কোন প্রমাণ সাপেক্ষ নহে।

স্বতন্ত্র, বিণ ; পৃথক্। স্বাধীন। স্ব হইয়াছে তন্ত্র (ইচ্ছা) যাহার, বহু। বি,-স্বতা, স্বাতন্ত্র্য।

স্বত্ব, বি, ক্লী (স্ব + ত্ব, ভাবার্থে) স্বামিত্ব, অধিকার।

স্বত্বাস্পদীভূত, বিণ ; যাহাতে অধিকার জন্মিয়াছে।

স্বদেশ, বি, পুং ; জন্মভূমি। স্বর (নিজের) দেশ, ৬ষ্ঠীতৎ।

স্বদেশজাত, বিণ ; নিজ দেশে উৎপন্ন।

স্বদেশদ্রোহ, বি, পুং ; নিজ দেশের বিরুদ্ধাচার। ৬ষ্ঠীতৎ।

স্বদেশদ্রোহী, বিণ ; নিজদেশের বিরুদ্ধাচারী। স্ত্রী,-হিণী।

স্বদেশপ্রিয়, বিণ ; জন্মভূমির প্রতি অনুরক্ত। বহু। বি, -য়তা।

স্বদেশপ্রেম, বি, ক্লী; জন্মভূমির প্রতি ভালবাসা।

স্বদেশপ্রেমিক, বিণ ; যে জন্ম-ভূমিকে ভালবাসে

স্বদেশ বৎসল, বিণ ; যে জন্ম-ভূমিকে ভালবাসে।

স্বদেশবাৎসল্য, বি, ক্লী ; জন্ম-ভূমির প্রতি ভালবাসা।

স্বদেশসেবক, বিণ ; জন্মভূমির সেবাকারী অর্থাৎ দেশের

উন্নতির জন্ত চেষ্টাশীল। ৬ষ্ঠীতৎ।

স্বদেশ হিতৈষণা, বি, স্ত্রী ; নিজ দেশের মঙ্গলাকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ।

স্বদেশ হিতৈষী, বিণ ; স্বদেশের মঙ্গলাকাঙ্ক্ষী। ৬ষ্ঠীতৎ।

স্বদেশানুরাগ, বি, পুং ; জন্মভূমির প্রতি ভালবাসা।

স্বদেশানুরাগী, বিণ ; জন্মভূমির প্রতি অনুরক্ত।

স্বদেশী, বিণ ; নিজ দেশীয়।

স্বদেশীয়, বিণ;নিজদেশ সম্বন্ধীয়।

স্বধর্ম্ম, বি, পুং ; নিজ ধর্ম্ম, স্ব জাতির অনুষ্ঠেয় ধর্ম্ম।

স্বধর্ম্মত্যাগ, বি, পুং ; নিজ ধর্ম্ম পরিত্যাগ।

স্বধর্ম্মপালন, বি, ক্লী ; নিজ ধর্ম্মানুসারে কার্য্য করা।

স্বধা, ব্য ; পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত জল-পিণ্ডাদি। তদুদ্দেশে পিণ্ডদান মন্ত্র।

স্বন, বি, পুং ; শব্দ, ধ্বনি। বিণ,-নিত।

স্বনামখ্যাত, বিণ ; নিজের নামে পরিচিত। ৬ষ্ঠী ও ৩য়াতৎ।

স্বনামধন্য, বিণ ; পিত্রাদির নাম ব্যতীত গুণবান্ বলিয়া নিজ নামেই সর্ব্বত্র প্রশংসনীয়। স্বর (নিজের) নাম, স্বনাম, তদ্দ্বারা ধন্য, ৬ষ্ঠী ও ৩য়াতৎ।

স্বনিত, বিণ (স্বন্-ক্ত) শব্দিত। বি, ক্লী ; শব্দ।

স্বন্ত, বিণ (সু + অন্ত) শুভোদর্ক, যাহার পরিণাম শুভ।

{ স্বপন, বি,ক্লী (স্বপ্-ভাবে-অনট্)
{ স্বপ্ন বি, পুং (ঐ-নঙ্) নিদ্রা। নিদ্রাবস্থায় বিষয়ানুভব। বিণ, সুপ্ত।

স্বভাব, বি, পুং ; প্রকৃতি, আত্মভাব। বিণ, স্বাভাবিক।

স্বভাবজ, বিণ ; প্রকৃতিজাত।

স্বভাবতঃ,ক্রিবিণ (স্বভাব + তস্, ৫মী স্থানে) স্বাভাবিকরূপে, আপনা হইতে।

স্বভাবসিদ্ধ, বিণ ; প্রকৃতিসিদ্ধ।

স্বভাবসুন্দর, বিণ ; স্বভাবতঃ মনোহর। ৩য়াতৎ।

"বিনয়ের স্বভাব-সুন্দর মাধুরীর দিকে," (প্রভাতচিন্তা)

স্বভাবসুলভ, বিণ; প্রকৃতিসুলভ, স্বভাবতঃ অনায়াসলভ্য।

স্বয়ং, ব্য ; আপনি, নিজে।

স্বয়ংবর, বি, পুং (স্বয়ম্-বৃ-অল্) স্ত্রী কর্ত্তৃক স্বয়ং পতিগ্রহণ।

স্বয়ংবরা, বিণ ; স্বয়ং পতিগ্রাহিণী (স্ত্রী)।

স্বয়ংসিদ্ধ, বিণ ; অন্যের উপদেশ ব্যতীত নিজের চেষ্টায় সিদ্ধ।

স্বয়ংকৃত, বিণ ; আত্মকৃত।

স্বয়মন্ধ, বিণ ; যে নিজে নিজে

অন্ধ, দেখিতে অনিচ্ছুক বা অন্তর্দৃষ্টিহীন।

"ভণ্ড ভক্তির স্বয়মন্ধ দাস………"

(নিভৃত চিন্তা)

স্বয়মাহূত, বিণ (স্বয়ম্ + আহূত) যে আপনা হইতে নিমন্ত্রিত, স্ববাহূত।

"সেখানে সকলেই স্বয়মাহূত উপস্থিত হইতে পারে।" (নিভৃতচিন্তা)

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ, বি, পুং (স্বয়ম্-ভূ-ডু, ক্বিপ্) ব্রহ্মা। বিষ্ণু। শিব।

স্বর, বি, পুং (স্বৃ-অল্) শব্দ। উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত, এই ত্রিবিধ কণ্ঠধ্বনি। ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ, এই সপ্তবিধ তন্ত্রীকণ্ঠোত্থিত ধ্বনি। অ, আ, ই প্রভৃতি বর্ণ।

স্বরস, বি, পুং; স্বাভিপ্রায় নিজমত।

স্বরাট্ (জ্), বি, পুং (স্ব-রাজ্-কর্ত্তৃ-ক্বিপ্) স্বয়ংদীপ্ত, ঈশ্বর।

স্বরাপগা, বি, স্ত্রী; স্বর্গঙ্গা।

স্বরীশ্বর, বি, পুং; ইন্দ্র। স্বঃ র (স্বর্গের) ঈশ্বর (অধিপতি,) ৬ষ্ঠীতৎ।

স্বরূপ, বি, ক্লী; স্বভাব। প্রকৃত অবস্থা। বিণ; তুল্য, সদৃশ।

স্বর্গ, বি, পুং (স্ব [সুখ]-ঋজ্ [পাওয়া]-অধি-ঘঞ্) যেখানে সুখ পাওয়া যায়, দেবলোক। নিরবচ্ছিন্ন সুখ, অবিমিশ্র আনন্দ।

স্বর্গকামী, বিণ; স্বর্গাভিলাষী।

স্বর্গঙ্গা, বি, স্ত্রী; মন্দাকিনী। স্বর্এর (স্বর্গের) গঙ্গা, ৬ষ্ঠীতৎ।

স্বর্গণিকা, বি, স্ত্রী; স্বর্গবেশ্যা।

স্বর্গত, বিণ; স্বর্গগত।

স্বর্গধাম, বি, ক্লী; দেব লোক। স্বর্গই ধাম, কর্ম্মধা।

স্বর্গবাসী, বিণ; দেবলোকে বাসকারী। স্ত্রী,-সিনী।

স্বর্গসুখ, বি, ক্লী; বিমলানন্দ।

স্বর্গারূঢ়, বিণ; মৃত। স্বর্গগত।

স্বর্গারোহণ, বি, ক্লী; দেবলোকে গমন। মৃত্যু।

স্বর্গীয়, স্বর্গ্য, বিণ (স্বর্গ + ঈয়, যৎ) স্বর্গ সম্বন্ধীয়।

স্বর্ণ, বি, ক্লী; সোণা। সু (সুন্দর) অর্ণ (বর্ণ) যাহার, বহু।

স্বর্ণকার, বি, পুং; সেকরা।

স্বর্ণদী, বি, স্ত্রী; মন্দাকিনী। স্বর্ এর (স্বর্গের) নদী,৬ষ্ঠীতৎ।

স্বর্ণময়, বিণ; সুবর্ণ নির্ম্মিত।

স্বর্ণলতা,-লতিকা, বি, স্ত্রী; জ্যোতিষ্মতী লতা।

স্বর্ণাক্ষর, বি, পুং; সুবর্ণখচিত উজ্জ্বল অক্ষর। মধ্যপদলোপী কর্ম্মধা।

"ইতিহাসে সেখানেই এই কথা স্বর্ণাক্ষরে লিখিত রহিয়াছে।"
(প্রভাত-চিন্তা)

স্বর্ভানু, বি, পুং ; রাহু গ্রহ।
স্বর্লোক, বি, পুং ; দেবলোক।
স্বর্বৈদ্য, বি, পুং ; স্বর্গবৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়।
স্বল্প, বিণ ; অত্যল্প। সু (অতি) যে অল্প, নিত্য।
স্বল্পভাষী, বিণ ; যে অল্প কথা বলে। স্ত্রী,-ষিণী।
স্ববশ, বিণ ; স্বাধীন।
স্বসা (সৃ), বি, স্ত্রী (সু-অস-কর্ত্তৃ-ঋ) ভগিনী।
স্বস্তি, ব্য ; তৃপ্তি, সন্তোষ। মঙ্গল। আশীর্ব্বাদ।
স্বস্তিক, বি, পুং ; পিটুলি নির্ম্মিত মাঙ্গল্য দ্রব্য বিং। আসন বিং, চতুষ্ক। সর্পফণাকৃতি হস্তপাত্র। চতুষ্পথ,চৌরাস্তা। প্রাসাদবিং।
স্বস্ত্যয়ন, বি, ক্লী ; গ্রহ-দোষ শান্তির জন্য মাঙ্গল্য কর্ম্মানুষ্ঠান। স্বস্তির (মঙ্গলের) অয়ন (আগমন) হয় যদ্দ্বারা, বহু।
স্বস্থ, বিণ (স্ব-স্থা-ড) সুস্থ। নিরুদ্বিগ্ন।

"মনুষ্য যখন স্বগৃহে স্বস্থচিত্তে একাকী উপবিষ্ট থাকে,"
(প্রভাতচিন্তা)

স্বস্রীয়, বিণ (স্বসৃ [ভগিনী] + ীয়) ভাগিনেয়। স্ত্রী,-স্রা, ভাগিনেয়ী।
স্বাক্ষর, বি, ক্লী ; হস্তখত। স্ব্য় (নিজের) অক্ষর (লেখা), ৬ষ্ঠীতৎ।
স্বাক্ষরিত, বিণ (স্বাক্ষর + ইত) স্বাক্ষরযুক্ত।
স্বাগত, বি, ক্লী (সু + আগত) শুভাগমন। কুশল।
স্বাচ্ছন্দ্য, বি, ক্লী ; সুস্থতা।
স্বাতন্ত্র্য, বি, ক্লী ; স্বতন্ত্রতা।
স্বাদ, বি, পুং (স্বাদ-অল্) আস্বাদ, রস। রসানুভব, চাকা। বিণ,-দিত।
স্বাদিত, বিণ (স্বাদি-ক্ত) আস্বাদিত।
স্বাদু, বিণ (স্বাদ-উণ্) সুস্বাদ, মধুর। মনোজ্ঞ।
স্বাধীন, বিণ ; আত্মবশ, যে পরাধীন নয়। বি,-নতা।
স্বাধীনভর্ত্তৃকা, বি, স্ত্রী ; নায়িকা বিং, নায়ক যাহার বশীভূত।
স্বাধীনভাবে, ক্রিবিণ ; নিজের ইচ্ছানুসারে।
স্বাধ্যায়, বি, পুং ; বেদাধ্যয়ন।
স্বান, বি, পুং (স্বন্-ঘঞ্) শব্দ।
স্বান্ত, বি, ক্লী (ঐ-ক্ত) মনঃ, চিত্ত। বিণ ; ধ্বনিত।
স্বাপ, বি, পুং ; নিদ্রা। স্বপ্ন। অচৈতন্য।

স্বাভাবিক, বিণ (স্বভাব+ষ্ণিক) স্বভাবসিদ্ধ, নৈসর্গিক। স্ত্রী, -কী। বি,-কতা।

স্বামিত্ব, বি, ক্লী ; কর্তৃত্ব।

স্বামী, বিণ (স্ব [ধন]+মিন্, অস্ত্যর্থে) অধিকারী। বি, পুং ; ভর্ত্তা, পতি। প্রভু।

স্বায়ত্ত, বিণ (স্ব+আয়ত্ত) নিজের অধীন।

স্বায়ত্ততন্ত্র, বিণ; নিজের শাসনাধীন (Self governing)। স্ব আয়ত্ত তন্ত্র (শাসন) যাহার, বহু।

"স্বায়ত্ততন্ত্র গ্রাম্য সমাজগুলি,"
(জ্যোতিরিন্দ্র)

স্বায়ত্তশাসন, বি, ক্লী ; নিজের আয়ত্ত রাজ্যশাসন। (Self-government)।

স্বায়ম্ভুব, বি, পুং ; ব্রহ্মারপুত্র, প্রথম মনু।

স্বারোচিষ, বি,পুং; দ্বিতীয় মনু।

স্বার্জ্জিত, বিণ ; স্বোপার্জ্জিত। ৩য়াতৎ।

স্বার্থ, বি, পুং ; নিজ প্রয়োজন। স্বর (নিজের) অর্থ (প্রয়োজন), ৬ষ্ঠীতৎ।

স্বার্থত্যাগ, বি,পুং;নিজ প্রয়োজন ত্যাগ।

স্বার্থত্যাগী, বিণ ; পরোপকারার্থ যে নিজ প্রয়োজন ত্যাগ করে। স্ত্রী,-গিনী।

স্বার্থপর, স্বার্থপরায়ণ } বিণ ; যে পর প্রয়োজনে দৃষ্টিপাত না করিয়া কেবল নিজ প্রয়োজন সাধনে যত্নশীল। স্বার্থে পর, পরায়ণ (তৎপর), ৭মীতৎ। বি,-রতা,-ণতা।

স্বার্থবিসর্জ্জন, বি, ক্লী; স্বার্থত্যাগ।

স্বার্থ সাধন, বি, ক্লী **স্বার্থসিদ্ধি,** বি, স্ত্রী } স্বকার্য্য সাধন। ৬ষ্ঠীতৎ।

স্বার্থান্ধ, বিণ ; ঘোর স্বার্থপর, পরের মুখের দিকে না চাহিয়া যে কেবল নিজ ইষ্ট সাধন করে। ৩য়াতৎ।

স্বার্থান্বেষণ, বি, ক্লী ; নিজের ভাল খুঁজিয়া বেড়ান। ৬ষ্ঠীতৎ।

স্বার্থান্বেষী, বিণ; যে কেবল নিজের ভাল খুঁজিয়া বেড়ায়।

স্বার্থিক, বিণ (স্বার্থ+ষ্ণিক) স্বার্থপর। বি,-কতা।

স্বাবলম্ব, বি, পুং **স্বাবলম্বন,** বি, ক্লী } পরপ্রত্যাশী না হইয়া নিজ ক্ষমতার উপর নির্ভর। বিণ,-ম্বী।

স্বাস্থ্য, বি, ক্লী (সুস্থ+ষ্ণ্য, ভাবার্থে) সুস্থতা।

স্বাস্থ্যকর, বিণ; সুস্থতাকারক। ৬ষ্ঠীতৎ।

স্বাস্থ্যসুখ, বি, ক্লী ; নীরোগতা জনিত সুখ।

স্বাহা, ব্য ; দেবোদ্দেশে হবির্দানের মন্ত্র। বি, স্ত্রী ; অগ্নিপত্নী।

স্বিন্ন, বিণ ; স্বেদযুক্ত। সিক্ত। বি, স্বেদ।

স্বীকার, বি, পুং (স্ব+চ্বি=স্বী-কৃ-ভাবে-ঘঞ্) অঙ্গীকার। বিণ,-কৃত।

স্বীকৃত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অঙ্গীকৃত। বি,-কার।

স্বীয়, বিণ (স্ব+ীয়) স্বকীয়, নিজ।

স্বেচ্ছা, বি, স্ত্রী ; আপন ইচ্ছা। স্বর (নিজের) ইচ্ছা, ৬ষ্ঠীতৎ।

স্বেচ্ছাকৃত, বিণ ; নিজের ইচ্ছা পূর্ব্বক অনুষ্ঠিত। ৩য়াতৎ।

স্বেচ্ছাচার, বি,পুং (স্বেচ্ছা+চর্-ভাবে-ঘঞ্) নিজ ইচ্ছামত কার্য্যকরা,অবাধ্যতা। বিণ,-রী।

স্বেচ্ছাচারিতা, বি, স্ত্রী (স্বেচ্ছাচারিন্+তা) ইচ্ছানুরূপ কার্য্য করা।

স্বেচ্ছাচারী, বিণ (স্বেচ্ছা-চর্-কর্ত্তৃ-ণিন্) নিজ ইচ্ছামত কার্য্যকারী, অবাধ্য। স্ত্রী,-রিণী। বি,-রিতা।

স্বেচ্ছাতন্ত্র, বিণ ; স্বেচ্ছাধীন।

স্বেচ্ছাধীন, স্বেচ্ছানুবর্ত্তী } বিণ ; স্বেচ্ছাচারী, ইচ্ছানুরূপকার্য্যকারী। ৬ষ্ঠীতৎ।

স্বেচ্ছাপ্রণোদিত, বিণ ; নিজ ইচ্ছায় প্রবৃত্ত। ৩য়াতৎ।

স্বেচ্ছাসেবক, বিণ ; নিজ ইচ্ছাক্রমে আর্ত্তের পরিচর্য্যাকারী। স্বেচ্ছা প্রবৃত্ত যে সেবক, মধ্যপদলোপী কর্ম্মধা।

স্বেদ, বি, পুং (স্বিদ-অল্) ঘর্ম্ম। বাষ্প। তাপ। ক্লেদ।

স্বেদজ, বিণ ; স্বেদজাত (কৃমি-দংশ-মশকাদি)।

স্বৈর, বি, ক্লী (স্ব-ঈর-ভাবে-অল্) যথেচ্ছাচার। (কর্ত্তৃ-অন্) আত্মবশ, স্বাধীন। বি,-রতা।

স্বৈরচার, বি, পুং ; যথেচ্ছাচার। বিণ,-রী।

স্বৈরচারী, বিণ (স্বৈর-চর-কর্ত্তৃ-ণিন্) যথেচ্ছাচারী। স্ত্রী,-রিণী। বি,-রিতা।

স্বৈরিণী, বি, স্ত্রী (স্বৈর+ইন্, অস্ত্যর্থে+ঙীপ্) ব্যভিচারিণী স্ত্রী। পুং,-রী, ব্যভিচারী পুরুষ।

স্বোপার্জ্জিত, বিণ ; নিজের অর্জ্জিত। স্ব (নিজের) দ্বারা উপার্জ্জিত, ৩য়াতৎ।

হ।

হ, বি, পুং; ত্রয়স্ত্রিংশ ব্যঞ্জনবর্ণ। শিব। বিষ্ণু। মঙ্গল। জল। আকাশ। অশ্ব। যুদ্ধ। গর্ব্ব। ভয়। জ্ঞান। ব্য; পাদপূরণ। সম্বোধন। কোপ। নিন্দা।

হংস, বি, পুং (হন্-কর্ম্ম-স) হাঁস। (ঐ-কর্ত্তৃ-) বিষ্ণু, পরমাত্মা, ব্রহ্ম। অনাসক্ত যোগী। অজপা মন্ত্র। দেহস্থ বায়ু বিং। (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। স্ত্রী,-সী।

হংসক, বি, পুং; নূপুর।

হংসগামিনী, বিণ, স্ত্রী; হংসবৎ গমনশীলা (স্ত্রী)। [(স্ত্রী)।

হংসনাদিনী, বি, স্ত্রী; পরমসুন্দরী

হংসরথ, হংসবাহন, বি, পুং; ব্রহ্মা। হংস হইয়াছে রথ, বাহন যাঁহার, বহু।

হক্, (যা) বিণ; যথার্থ, ন্যায্য।

হকীয়ৎ, (যা) বি; সূক্ষ্ম বিচার।

হজম, (যা) বি; ভুক্ত বস্তুর পরিপাক।

হজরত, (যা) বি; সম্ভ্রম সূচক সম্বোধন, প্রভু।

হজ্জত, (প্রা) বি; ঝগড়া। তর্ক বিতর্ক।

হঞ্জে, ব্য (হিঞ্জি-এ,নি) নাট্যে— দাসীর প্রতি সম্বোধন।

হটন, (প্রা) বি; পরাস্ত হওন। পশ্চাদগমন।

হট্ট, বি, পুং (হট্-কর্ত্তৃ-ট) ক্রয়-বিক্রয় স্থান, হাট।

হঠ, বি, পুং (হঠ্-অল্) লুঠ। বলাৎকার।

হঠাৎ, (প্রা) ক্রিবিণ; অকস্মাৎ, দৈবাৎ।

হঠান, (প্রা) বি; পরাস্ত করণ।

হড্ড, বি, ক্লী (হঠ্-ড) হাড়, অস্থি।

হণ্ডিকা, হণ্ডী, বি, স্ত্রী; মৃৎপাত্র বিং, হাঁড়ি।

হত, বিণ (হন্-কর্ম্ম-ক্ত) নাশিত। দগ্ধ। তুচ্ছ। কুৎসিত।

হতচেতন, বিণ; চেতনাশূন্য। হতা হইয়াছে চেতনা যাহার, বহু।

হতজ্ঞান, বিণ; জ্ঞান হারা। বহু।

হতপ্রভ, বিণ; প্রভাহীন। হতা হইয়াছে প্রভা যাহার, বহু।

হতপ্রায়, বিণ; মৃতপ্রায়।

হতভম্ব, (প্রা) বিণ; হতবুদ্ধি, কিংকর্ত্তব্যবিমূঢ়।
"ক্ষণেক হতভম্ব হইয়া দাঁড়ায়" (ভারতী)

হতভাগিনী, বিণ, স্ত্রী; ভাগ্য হীনা।

হতভাগ্য, বিণ; ভাগ্যহীন। হত হইয়াছে ভাগ্য যাহার, বহু।

হতমূর্খ, (প্রা) বিণ; অতিমূঢ়, গণ্ডমূর্খ।

হতবল, বিণ; বলহীন, দুর্ব্বল।

হতবুদ্ধি, বিণ ; যাহার বুদ্ধি লোপ পাইয়াছে। হতা হইয়াছে বুদ্ধি যাহার, বহু।

হতাদর, বি,পুং; অনাদর। হত যে আদর,কর্ম্মধা। বিণ ; অনাদৃত। হত (বিনষ্ট) হইয়াছে আদর যাহার, বহু।

হতাশ, বিণ ; আশাহীন, নিরাশ। বিফল। দুর্ব্বল। হতা হইয়াছে আশা যাহার, বহু।

হতি, বি, স্ত্রী (হন্-ক্তি) হনন, বধ। ব্যাঘাত।

হতোদ্যম, বিণ ; নিরুৎসাহ। হত হইয়াছে উদ্যম যাহার, বহু।

হত্যা, বি, স্ত্রী (হন্-ভাবে-ক্যপ্ + আপ্) বিনাশ,বধ। বিণ,হত।

হতোঽস্মি, (সংস্কৃত শব্দ) অহং হতঃ অস্মি, আমি হত হইলাম।

"রাম হা হতোঽস্মি বলিয়া ছিন্নতরুর স্থায় ভূতলে পতিত হইলেন।"
(সীতার বনবাস)

হনন, বি, ক্লী (হন্-অনট্) হত্যা বিণ,-হত।

হনু, বি, পুং, স্ত্রী (ঐ-উ) গণ্ডস্থলের উপরিভাগ, চোয়াল।

হনু (নু)মান্(মৎ), বি, পুং (হনু (নু) + মতু, অস্ত্যার্থে) স্বনাম প্রসিদ্ধ কপি-জাতীয় বীর বিং, পবননন্দন। (ইনি সাতিশয় রামভক্ত ছিলেন ও রাবণবধের সময় শ্রীরাম চন্দ্রের প্রধান সহায় হন।)

হন্ত, অ্য (হন্-ক্ত) খেদ। করুণা। হর্ষ। সম্ভ্রম। বাক্যারম্ভ।

হন্তকার, বি, পুং; অতিথিকে দেয় তণ্ডুল, ষোলগ্রাস পরিমিত ভিক্ষান্ন।

হন্তব্য, বিণ (হন্-কর্ম্ম-তব্য) হননযোগ্য, বধ্য।

হন্তা(ন্তৃ), বিণ (ঐ-কর্ত্তৃ-তৃন্) ঘাতক, বধকারী। স্ত্রী,-ন্ত্রী।

হম্বা }
হম্ভা } বি, স্ত্রী ; গরুর শব্দ।

হয়, বি, পুং (হয়্-কর্ত্তৃ-অন্) অশ্ব। ইন্দ্র। স্ত্রী,-য়ী।

হয়গ্রীব, বি, পুং ; দৈত্য বিং, এই দৈত্য কল্পান্তে ব্রহ্মার সুষুপ্তাবস্থায় বেদ হরণ করিলে, নারায়ণ মৎস্যাবতারে ইহার বিনাশ সাধন করিয়া বেদোদ্ধার করেন।

হর, বি, পুং (হৃ-কর্ত্তৃ-অন্) শিব। অগ্নি। গর্দ্দভ। ভগ্নাংশের নিম্নের অঙ্ক। বিণ ; হরণকর্ত্তা। বহনকারী।

হরকরা, (বা) বি ; পত্রবাহক।

হরণ, বি, ক্লী (হৃ-ভাবে-অনট্) অপহরণ, চুরি। আকর্ষণ। গ্রহণ। ভাগকরণ। বিণ, হৃত।

হরি, বি, পুং (হৃ-কর্ত্তৃ-ইন্) লোকের হৃদয় আকর্ষণ বা দুঃখ হরণ করেন যিনি, বিষ্ণু। ইন্দ্র। সিংহ। বানর। কোকিল।

ময়ূর। সর্প। ভেক। জম্বুদ্বীপের বর্ষ বিং। বিণ; হরিদ্বর্ণ। পীতবর্ণ।

হরিচন্দন, বি, পুং, ক্লী; দেবতরু বিং। গোশীর্ষ নামক শ্বেত চন্দন। কুঙ্কুম। চন্দ্রিকা।

হরিণ, বি, পুং (হৃ-কর্ত্তৃ-ইন্) মৃগ। স্ত্রী,-ণী।

হরিণাক্ষী, বিণ, স্ত্রী; মৃগনয়না। হরিণের অক্ষির ন্যায় অক্ষি (চক্ষু) যাহার (যেস্ত্রীর), বহু।

হরিৎ, বি, পুং (হৃ-কর্ত্তৃ-ইৎ) নীলপীতমিশ্রবর্ণ, সবুজ রঙ্। বিণ; তদ্বর্ণযুক্ত।

হরিতাল, বি, ক্লী; পীতবর্ণ। প্রসিদ্ধ ধাতু বিং। হরিয়াল পক্ষী।

হরিতালিকা,-তালী, বি, স্ত্রী; ভাদ্রশুক্লা চতুর্থী। ছায়াপথ।

হরিতাশ্ম(শ্মন্),বি, ক্লী; মরকত-মণি। হরিত (সবুজবর্ণ) যে অশ্ম (পাথর), কর্ম্মধা।

হরিদশ্ব, বি, পুং (হরিৎ+অশ্ব) সূর্য্য। বহু।

হরিদাস, বি, পুং; যবনজাতীয় পরম বৈষ্ণব সাধু বিং।

হরিদ্রা, বি, স্ত্রী (হরি-দ্রু-কর্ত্তৃ-ড +আপ্) হলুদ।

হরিদ্রাভ, বিণ (হরিদ্রা+আভা) পীতবর্ণ, হলদে। বহু।

হরিদ্বার, বি, ক্লী; হিমালয় প্রদেশস্থ প্রসিদ্ধ তীর্থ, এই স্থান হইতে গঙ্গা বিনির্গত হইয়াছেন।

হরিনীল, বি, পুং; ইন্দ্রনীল মণি।

হরিপ্রস্থ, বি, ক্লী; ইন্দ্রপ্রস্থ, যুধিষ্ঠিরের রাজধানী।

হরিপ্রিয়া, বি, স্ত্রী; লক্ষ্মী। তুলসী। ৬ষ্ঠীতৎ।

হরিবংশ, বি, পুং; ব্যাসদেবরচিত শ্রীকৃষ্ণ বিষয়ক পুরাণ বিং।

হরিবাসর, বি, ক্লী; একাদশীযুক্ত দিন। দ্বাদশীর প্রথম পাদ।

হরিশয়ন, বি, ক্লী; আষাঢ় মাসের শুক্ল দ্বাদশী হইতে কার্ত্তিক মাসের শুক্ল দ্বাদশী পর্য্যন্ত চারি মাস কাল। বিষ্ণুর নিদ্রা।

হরিশ্চন্দ্র, বি, পুং (হরি+চন্দ্র, নি) সূর্য্য বংশীয় নৃপ বিং, ত্রিশঙ্কু রাজার পুত্র। হরিসদৃশ চন্দ্র (রমণীয়) উপমি কর্ম্মধা।

হরিহর, বি, পুং; বিষ্ণু ও শিবের সম্মিলিত মূর্ত্তি। সমাহার দ্বন্দ্ব।

হরীতকী, বি, স্ত্রী (হরি-ইত-ক +কণ্+ঈপ্) বৃক্ষ বিং। উহার ফল।

হর্ত্তা(র্ত্তৃ), বিণ (হৃ-কর্ত্তৃ-তৃন্) হরণকর্ত্তা। সংহারক। স্ত্রী,-র্ত্রী।

হর্ম্ম্য, বি, ক্লী (ঐ-য,মআগম)

অট্টালিকা, দালান। প্রাসাদ।
হর্য্যক্ষ, বি, পুং ; সিংহ। হরি (সবুজবর্ণ) হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বহু।
হর্য্যশ্ব, বি, পুং (হরি[হরিদ্বর্ণ]+অশ্ব) ইন্দ্র। বহু।
হর্ষ, বি, পুং (হৃষ্-ভাবে-অল্) আনন্দ, সুখ। বিণ, হৃষ্ট।
হর্ষণ, বি, ক্লী (ঐ-অনট্) হর্ষ, আনন্দ। (হর্ষি-কর্ত্তৃ-অন) আনন্দ জনক।
হর্ষবর্দ্ধন, বি, পুং ; নৃপ বিং, ইহাঁর অপর নাম শিলাদিত্য।
হর্ষিত, বিণ (হর্ষ+ইত) আনন্দ যুক্ত। (হর্ষি-কর্ম্ম-ক্ত) যাহাকে তুষ্ট করা গিয়াছে।
হর্ষোৎফুল্ল, বিণ ; আনন্দে উৎফুল্ল। তম্নাতৎ।
হল, বি, ক্লী (হল্-করণ-অল্) লাঙ্গল।
হলধর, বি, পুং (হল-ধৃ-অন্) বলরাম। কৃষক। হল ধরে যে, উপপ।
হলা, ব্য ; নাট্যে—সখীর প্রতি স্ত্রীলোকের সম্বোধন।
হলায়ুধ, বি, পুং ; বলরাম। হল হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাঁহার, বহু।
হলাহল, বি, পুং ক্লী (হল-আ-হন-কর্ত্তৃ-অন্) যে লাঙ্গলের ন্যায় সর্ব্বত্র কর্ষণ করে, বিষ, কালকূট।
হলী, বি, পুং (হল+ইন্, অস্ত্যর্থে) কৃষক। বলরাম।
হল্কা, (প্রা) বি ; অগ্নিশিখা।
হল্য, বিণ (হল+ষ্ণ্য) হলকৃষ্ট (ক্ষেত্রাদি)। হল সম্বন্ধীয়।
হল্লক, বি, ক্লী ; রক্তপদ্ম। ক্রোধোক্তি।
হল্লীষ, বি, পুং ; স্ত্রীলোকের মণ্ডলাকারে নৃত্য। [হোম।
হবন, বি, ক্লী (হু-ভাবে-অনট্)
হবনী, বি, স্ত্রী ; হোমকুণ্ড।
হবনীয়, বিণ (হু-কর্ম্ম-অনীয়) হোম যোগ্য। (ঐ-করণ-) হোমার্থ (বস্তু)।
হবিঃ(স্), বি, ক্লী (হু-কর্ম্ম-ইস্) ঘৃত। হোমার্থ ঘৃত। (ঐ-ভাবে-) হোম।
হবির্ভুক্(জ্), বি, পুং (হবিস্-ভুজ্-ক্বিপ্) অগ্নি।
হবিষ্য, বি, ক্লী (হবিস্ [ঘৃত] +ষ্ণ্য) ঘৃতান্ন। ঘৃত।
হব্য, বি, ক্লী (হু-কর্ম্ম-য) ঘৃত। হবনীয় দ্রব্য।
হব্যবাহন, বি, পুং ; অগ্নি।
হসন, বি, ক্লী (হস্-ভাবে-অনট্) হাস্য।
হসন্তী, হসন্তিকা, বি, স্ত্রী ; অগ্নিপাত্র, আঙটা।

হসিত, বিণ (হস্-কর্ত্তৃ-ক্ত) হাস্যযুক্ত। বিকসিত। বি, ক্লী (ঐ-ভাবে-) হাস্য।

হস্ত, বি, পুং (ঐ-কর্ত্তৃ-তন্) হাত, কর। হাতীর শুঁড়। (কোন শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ।

হস্তগ্রহ,বি, পুং; হস্তরূপ আপদ্।

"তাহার হস্তগ্রহ হইতে সিংহ শিশুকে" (শকুন্তলা)

হস্তক্ষেপ, বি, পুং; হস্তপ্রদান। ৬ষ্ঠীতৎ।

হস্তগত, বিণ; হস্তে আগত। অধিকৃত।

হস্তপ্রসারণ, বি, ক্লী; হাত বাড়ান। ৬ষ্ঠীতৎ।

হস্তলিপি, বি, স্ত্রী } হাতেরলেখা।
হস্তাক্ষর, বি, ক্লী } ৬ষ্ঠীতৎ।

হস্তলাঘব, বি, ক্লী; হস্তের লঘুত্ব, ক্ষিপ্রকারিতা। ৬ষ্ঠীতৎ।

"অর্জ্জুনের শরসন্ধান কৌশল ও হস্তলাঘব দর্শনে..." (রজনীগুপ্ত)

হস্তলেখ, বি, পুং; অভ্যাসের জন্য লিখন, মক্স।

হস্তবান্,বিণ (হস্ত+বতু) ক্ষিপ্রহস্ত, লঘুহস্ত। স্ত্রী,-বতী।

হস্তাবর্ত্তন, বি, ক্লী; হাতবুলান। হস্তের বা হস্তদ্বারা আবর্ত্তন, ৬ষ্ঠী বা ৩য়াতৎ।

হস্তিনাপুর, বি, ক্লী; প্রাচীন দিল্লী। হস্তিনা (হস্তিনামক-রাজা) কর্ত্তৃক নির্ম্মিত যে পুর, মধ্যপদলোপীকর্ম্মধা।

হস্তিপক, বি, পুং (হস্তিন্-পা-কর্ত্তৃ-ড+কণ্) হস্তিপালক, মাহুত।

হস্তী(স্তিন্), বি, পুং (হস্ত শুণ্ড] +ইন্, অস্ত্যর্থে) গজ, হাতী। স্ত্রী,-স্তিনী।

হস্ত্যারোহ, বি, পুং (হস্তিন্+আরোহ) গজারূঢ় ব্যক্তি। হস্তিপক। [শব্দ।

হা, ব্য; শোক যাতনাদি সূচক

হাই, (প্রা) বি; হাফিকা, জৃম্ভণ।

হাইর, (প্রা) বি; পরাজয়।

হাইল, (প্রা) বি; নৌকাদণ্ড, বহিত্র।

হাওদা, (প্রা) বি; হস্তিপৃষ্ঠে বসিবার চৌকী।

হাঁ, (প্রা) বি; স্বীকার বাক্য। মুখ ব্যাদান।

হাঁক, (প্রা) বি; ডাক। চীৎকার।

হাঁকন, (প্রা) বি; ডাকন। চীৎকার করা।

হাঁচি, (প্রা) বি; ক্ষুৎ, হাঁচা।

হাঁটন, হাটন, (প্রা) গমন,চলন।

হাঁটু, (প্রা) বি; জানু।

হাঁড়ী, (প্রা) বি; মৃৎপাত্র বিং।

হাঁপ, (প্রা) বি; শ্রম-জন্য দীর্ঘনিঃশ্বাস।

হাঁম, হাম, (প্রা) বি; ক্ষুদ্রাকার ব্রণ বিং।
হাঁস, (প্রা) বি; হংস, মরাল।
হাকিম, (যা) বি; বিচারপতি।
হাঙ্গর, বি, পুং (হা-অঙ্গ-রা-ড) জলজন্তু বিং।
হাজার, (প্রা) সহস্র, ১০০০।
হাট, (প্রা) বি; ক্রয়বিক্রয়স্থান, বাজার।
হাটক, বি, ক্লী; সুবর্ণ, সোণা।
হাটুরিয়া, (প্রা) হাটে ক্রয়-বিক্রয়কারী।
হাড়, (প্রা) বি; হড্ড, অস্থি।
হাড়গিলা, (প্রা) বি; বৃহৎ পক্ষী বিং।
হাত, (প্রা) বি; কর, হস্ত।
হাতড়ী, (প্রা) বি; লৌহমুদ্গরবিং।
হাতা, (প্রা) বি; পাত্র বং, দর্ব্বী
হাতাহাতি, (প্রা) বি; বাহুযুদ্ধ, কিলাকিলি।
হাতী, (প্রা) বি; করী, হস্তী।
হাতুড়িয়া, (প্রা) বি; মূর্খ বৈদ্য।
হানন, (প্রা, পদ্যে) বি; অস্ত্র দ্বারা আঘাত করা।
হানা, (প্রা) বি; জল স্রোতে উৎপন্ন গহ্বর। (পদ্যে) আঘাত করা।
হানি, বি, স্ত্রী (হা-ভাবে-ক্তি) ক্ষতি, অপচয়।
হাপর, (প্রা) বি; অগ্নি পাত্র।
হামা, হামাগুড়ি, (প্রা) বি; জানুদ্বারা চলন।
হায়, ব্য; খেদসূচক শব্দ।
হামানদিস্তা, (প্রা) বি; লৌহনির্ম্মিত যন্ত্র বিং।
হাম্বান, (প্রা) বি; হম্বারব, গরুর চীৎকার।
হায়, ব্য; খেদসূচক শব্দ। বৎসর।
হায়ন, বি, পুং, ক্লী (হা-কর্ত্তৃ-অনট্) বৎসর।
হায়া, (যা) বি; লজ্জা, সরম।
হার, বি, পুং (হৃ-কর্ত্তৃ ঘঞ্) যে মন হরণ করে, মুক্তাদির মালা।
হারক, বিণ (ত্রি-ণক) হরণকারী। বাহক। বি, পুং; চোর।
হারাণ, (প্রা) পরাজয় করা।
হারাম, (যা) বি; মুশলমান দিগের অস্পৃশ্য বস্তু, শূকর দি।
হারি (রী), বি, স্ত্রী (হৃ-কর্ত্তৃ-ইঞ্) পথিক শ্রেণী। (ত্রি-ভাবে) পরাজয়।
হারিদ্র, বিণ (হরিদ্রা+ষ্ণ) হরিদ্রাবর্ণ। বি, পুং; কদম্ব। ক্লী; স্বর্ণ।
হারীত, বি, পুং; ব্যবস্থাশাস্ত্র-প্রণেতা মুনি বিং।
হার্দ্দ (র্দ্দ্য), বি, ক্লী (হৃদ্-ষ্ণ, ষ্ণ্য) হৃদ্যতা, প্রণয়।
হাল, বি, পুং (হল+ষ্ণ) লাঙ্গল।

বলরাম। শালিবাহন। (প্রা, পদ্মে) অবস্থা।

হালাল,(যা) বিণ; ধর্ম্মসম্মত, বৈধ।

হালি, (প্রা) নৌকার হাইল,কর্ণ।

"জীবনতরীর হালি ছাড়িয়া দেয়,"
(প্রভাতচিন্তা)

হালিক, বি, পুং (হল+ষ্ণিক) কৃষক।

হালুইকর, (যা) মিষ্টান্ন প্রস্তুত-কারী, ময়রা।

হালুয়া, (যা) মোহনভোগ।

হাল্কা, (প্রা) লঘু, পাত্‌লা।

হাব, বি, পুং (হ্বে-ঘঞ্‌) অঙ্গভঙ্গী বিং। স্ত্রীলোকের বিলাস চেষ্টা।

হাবা, (প্রা) বিণ; নির্ব্বোধ। বাক্‌শক্তিহীন। [হাস্য।

হাস, বি, পুং (হস্‌-ভাবে-ঘঞ্‌)

হাসি, (প্রা) হাস্য, হাস।

হাসিল, (প্রা) কার্য্যসিদ্ধি।

হাস্য, বি, ক্লী (হস্‌-ভাবে-ঘ্যণ্‌) হাসি। রস বিং।

হাহা, ব্য; শোক দুঃখাদি সূচক শব্দ।

হাহাকার, বি, পুং (হাহা-কৃ-ঘঞ্‌) শোকধ্বনি।

হি, ব্য; পাদপূরণ। নিশ্চয়। হেতু। সম্ভ্রম। বিশেষ। প্রশ্ন।

হিংসক, বিণ (হিন্‌স-কর্ত্তৃ-ণক) হিংসাকারী। স্ত্রী,-সিকা।

হিংসন, বি,ক্লী (ঐ-ভাবে-অনট্‌)
হিংসা, বি, স্ত্রী (ঐ-অ+আপ্‌) দ্বেষ, পরানিষ্টসাধন প্রবৃত্তি। হনন, বধ। বিণ,-স্র,-স্রক।

হিংস্র, (হিন্‌স্‌-কর্ত্তৃ-র)
হিংস্রক, (হিংস্র+কণ্‌) বিণ; হিংসাকারী।

হিঁয়ালি, (প্রা) প্রহেলিকা, কূট প্রশ্ন।

হিক্কা, বি, স্ত্রী; রোগ বিং, হেঁচ্‌কী।

হিঙ্গু, বি, পুং (হিম-গম্‌-ডু) হিং।

হিঙ্গুল (লি), বি, পুং, ক্লী (হিঙ্গু-লা-ড, ডি) পারদমিশ্র দ্রব্য বিং, হিঙুল।

হিজড়া, (প্রা), নপুংসক,খোজা।

হিজরা (যা) মুসলমানের প্রচ-লিত শক।

হিজ্জল, বি, পুং; হিজল গাছ।

হিঞ্জীর, বি, পুং (হিঙ-ঈর্‌-ক, নি) হাস্তপাদবন্ধন রজ্জু বা শৃঙ্খল।

হিড়িম্ব, বি, পুং; রাক্ষস বিং।

হিড়িম্বা, বি, স্ত্রী; ভীমপত্নী, ঘটোৎকচের মাতা।

হিত, বি, ক্লী (হি-ভাবে-ক্ত) উপকার, মঙ্গল। বিণ (ধা-কর্ম্ম-ক্ত) যোগ্য। প্রিয়। পথ্য। উপকারক।

হিতকর,-কারী, বিণ (হিত-কৃ-কর্ত্তৃ-ট, ণিন্) উপকারক। স্ত্রী,-রী,-রিণী।

হিতবাদী (দিন্), বিণ (হিত-বদ্-ণিন্) সৎপরামর্শদাতা। স্ত্রী, -দিনী।

হিতসাধন, বি, ক্লী; মঙ্গলসাধন। ৬ষ্ঠীতৎ।

হিতার্থী (র্থিন্) বিণ (হিত+অর্থী) মঙ্গলপ্রার্থী। স্ত্রী,-র্থিনী।

হিতৈষণা, বি, স্ত্রী; হিত-সাধনেচ্ছা। হিতের এষণা (ইচ্ছা), ৬ষ্ঠীতৎ।

হিতৈষিণী, বিণ, স্ত্রী; 'হিতৈষী' দেখ।

হিতৈষী(ষিন্),বিণ (হিত-ইষ্-কর্ত্তৃ-ণিন্) শুভাকাঙ্ক্ষী। স্ত্রী,-ষিণী। বি,-ষিতা।

হিতোপদেশ, বি, পুং; সৎপরামর্শ দান। হিত (উপকারক) যে উপদেশ, কর্ম্মধা। নীতি-গ্রন্থ বিং। হিত উপদেশ আছে যাহাতে, বহু।

হিন্তাল, বি, পুং; হেঁতাল গাছ।

হিন্দু, বি, পুং; ভারতীয় আর্য্যজাতি।

{ **হিন্দোল,** বি, পুং (হিল্লোল-অন্)
হিন্দোলা, বি, স্ত্রী; দোলন, ঝুলন। পুং; রাগ বিং।

হিম, বি, ক্লী (হন্-কর্ত্তৃ-মক্) তুষার। নীহার। শীতল স্পর্শ। পুং; ঋতু বিং। বিণ; শীতল।

হিমকর, বি, পুং; চন্দ্র। কর্পূর। হিম হইয়াছে কর (কিরণ) যাহার, বহু।

হিমগিরি, বি, পুং; হিমালয় পর্ব্বত। হিম (শীতল) যে গিরি, কর্ম্মধা।

হিমাংশু, বি, পুং; চন্দ্র। হিম (শীতল) হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু।

হিমাগম, বি, পুং; শীতকাল। হিমের আগম (আগমন) হয় যাহাতে, বহু।

হিমাদ্রি, বি, পুং; হিমালয় পর্ব্বত। হিম (শীতল) যে অদ্রি (পর্ব্বত), কর্ম্মধা।

হিমাদ্রি তনয়া }
হিমাদ্রি সুতা } বি, স্ত্রী; পার্ব্বতী, দুর্গা। ৬ষ্ঠীতৎ।

হিমানী, বি, স্ত্রী (হিম+ঈপ্, সংহতি অর্থে; আন আগম) বরফ।

হিমালয়, বি, পুং; স্বনামখ্যাত পর্ব্বতবিং। হিমের আলয়, ৬ষ্ঠীতৎ

হিমিকা, বি, স্ত্রী (হিম+কণ=আপ্) শিশির। কুজ্ঝটিকা।

হিম্মত, (যা) সাহস। বীরত্ব।

হিয়া, (প্রা, পদ্যে) হৃদয়।

হিরণ, বি, ক্লী (হৃ-কর্ম্ম-অনট্, নি) স্বর্ণ।

হিরণ্ময়, বিণ (হিরণ [স্বর্ণ]+ ময়ট্, বিকারার্থে) স্বর্ণময় বি, পুং ; ব্রহ্মা।

হিরণ্য, বি, ক্লী (হৃ-কর্ম্ম-কন্যণ্) সুবর্ণ। রজত। ধন। রেতঃ। দ্রব্য।

হিরণ্যকশিপু, বি, পুং ; দৈত্য বিং, প্রহ্লাদের পিতা। হিরণ্য হইয়াছে কশিপু (গ্রাসাচ্ছাদন) যাহার, বহু।

হিরণ্যগর্ভ, বি, পুং ; ব্রহ্মা। হিরণ্য (স্বর্ণ) হইয়াছে গর্ভ (উৎপত্তি-স্থান) যাঁহার, বহু।

হিরণ্যরেতাঃ, বি. পুং ; শিব। সূর্য্য। অগ্নি। হিরণ্য হইয়াছে রেতঃ যাহার, বহু।

হিরণ্যাক্ষ, বি, পুং ; দৈত্য বিং, হিরণ্য কশিপুর ভ্রাতা। হিরণ্য হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বহু।

হিল্লোল, বি, পুং (হিল্লোল্-কর্ত্তৃ-অন্) তরঙ্গ, ঢেউ। (ঐ-ভাবে-অল্) দোলন।

হিবুক, বি, ক্লী ; (জ্যোতিষে) লগ্ন হইতে ৪র্থ স্থান।

হিসাব, (যা) বি ; দেনাপাওনার বিবরণ পত্র।

হিহি, ব্য ; হাস্য শব্দ।

হী, ব্য ; বিষাদ। শোক। বিস্ময়। হেতু।

হীন, বিণ (হা-কর্ম্ম-ক্ত) রহিত, শূন্য। অধম, নীচ। পরিত্যক্ত। বি, হানি।

হীনপ্রভ, বিণ ; ক্ষীণ দীপ্তি বিশিষ্ট। হীন হইয়াছে প্রভা যাহার, বহু।

হীনপ্রাণ, বিণ ; ক্ষুদ্রাশয়। দুর্ব্বল। বহু। স্ত্রী,-ণা।

হীনবল, বিণ ; শক্তিহীন, দুর্ব্বল। বহু।

হীনাঙ্গ, বিণ ; অঙ্গহীন। বিকলাঙ্গ। হীন হইয়াছে অঙ্গ যাহার, বহু।

হীয়মান, বিণ (হা-কর্ম্ম-শান) যাহা হ্রাস পাইতেছে।

হীরক, বি, পুং, ক্লী (হীর+কণ্, স্বার্থে) রত্ন বিং, হীরা।

হীরা, (প্রা) বি ; রত্ন বিং, হীরক।

হীরা, বি, স্ত্রী (হৃ-কর্ত্তৃ-ক+ আপ্) লক্ষ্মী। (প্রা) ; রত্ন বিং, হীরক।

হুঁকা, (যা) ধূমপান যন্ত্র বিং।

হুকুম, (যা) আদেশ, আজ্ঞা।

হুঙ্কার, বি, পুং ; গর্জ্জন।

হুজহু, (যা) বিণ ; ঠিক্ ঠিক্।

হুড়্কা, (প্রা) বি ; খিল।

হুড়াহুড়ি, (প্রা) ঠেলাঠেলি, মারামারি।

হুত, বিণ (হু-কর্ম্ম-ক্ত) দেবোদ্দেশে অগ্নিতে প্রক্ষিপ্ত (ঘৃতাদি)। বি, পুং; হোম করা অগ্নি ক্লী (ঐ-ভাবে-) হোম।

{ হুতভুক্(জ্), (হুত-ভুজ-কর্ত্তৃ-ক্বিপ্)
{ হুতাশন, (ঐ-অশ-অন) বি, পুং; অগ্নি। হুতের (হবনীয় দ্রব্যের) অশন ভক্ষক), ৬ষ্ঠীতৎ।

হুম, ব্য (হু-ডুম্) স্বীকার। স্মৃতি। অসূয়া। নিষেধ। বিতর্ক।

হুলহুলী, বি, স্ত্রী; হুলুধ্বনি।

হুলুধ্বনি, বি, পুং; স্ত্রীলোকের মঙ্গল ধ্বনি বিং।

হুলুস্থূল, (প্রা) বি; বিষম গোলমাল।

হুশিয়ার, (যা) বিণ; সতর্ক, সাবধান। চতুর।

হূত, বিণ (হ্বে-কর্ম্ম ক্ত) আহূত।

হূহু, ব্য; যাতনা ধ্বনি।

হৃৎ, বিণ (হৃ-ক্বিপ্) হরণকারী।

হৃত, বিণ (হৃ-কর্ম্ম-ক্ত) অপহৃত। আনীত। আকৃষ্ট। বি, হরণ, হার।

হৃতসর্ব্বস্ব, বিণ; যাহার সমস্ত সম্পত্তি অপহৃত হইয়াছে। হৃত হইয়াছে সর্ব্ব (সকল) স্ব ধন) যাহার, বহু।

হৃৎপিণ্ড, বি, ক্লী; হৃদয়স্থিত রক্তাদির আধার স্থান।

{ হৃৎ(দ্), (হৃ-কর্ত্তৃ-ক্বিপ্)
{ হৃদয়, (ঐ-কয়ন্) বি, ক্লী; বক্ষঃস্থল। চিত্ত, মন।

হৃৎকম্প, বি, পুং, অন্তঃকরণের কম্পন। ৬ষ্ঠীতৎ।

হৃৎপদ্ম, বি, ক্লী; হৃদয়রূপ কমল। রূপক।

হৃদয়কন্দর, বি, পুং; অন্তঃকরণরূপ গহ্বর। রূপক।

হৃদয়গ্রাহী, বিণ (হৃদয়-গ্রহ্-কর্ত্তৃ ণিন্) চিত্তাকর্ষক। মনোহর। স্ত্রী,-হিণী।

হৃদয়ঙ্গম, বিণ (হৃদয়-গম্-কর্ত্তৃ-খ) হৃদগত।

হৃদয়তন্ত্রী, বি, স্ত্রী; হৃদয়রূপ বীণা। রূপক।

হৃদয়তর্পণ, বি, ক্লী; হৃদয়ের তৃপ্তিসাধন, মনের সন্তোষ বিধান।

"দয়ার একমাত্র কার্য্য দুঃখীর দুঃখমোচন, অথবা যাহার হৃদয়ে আঘাত লাগিয়াছে, তাহার হৃদয় তর্পণ।"
(প্রভাত চিন্তা)

হৃদয়তোষিণী, বিণ, স্ত্রী (হৃদয়-তোষি-ণিন্+ঈপ্) মনের সন্তোষদায়িনী। পুং,-তোষী।

হৃদয়বান্, বিণ (হৃদয়+বতু, অস্ত্যর্থে) উদারহৃদয়, প্রশস্তমনাঃ।

হৃদয়বিদারক, বিণ ; মর্ম্মভেদী, অতিদুঃখজনক। ৬ষ্ঠীতৎ।

হৃদয়স্পর্শী, বিণ (হৃদয়-স্পৃশ্-ণিন্) চিত্তাকর্ষক। মর্ম্মস্পর্শী।

হৃদয়হীন, বিণ ; স্নেহমমতাদি শূন্য, কঠোর চিত্ত। ৩য়াতৎ।

হৃদয়ালু, বিণ (হৃদয়+আলু, অস্ত্যর্থে) হৃদয়বান, প্রশস্তমনাঃ।

"তাহা হৃদয়ালুব্যক্তি মাত্রই"
(প্রভাত চিন্তা)

হৃদয়েশ(শ্বর), বি, পুং ; প্রাণেশ্বর, পতি। ৬ষ্ঠীতৎ।

হৃদি, (প্রা, পদ্যে) বি ; হৃদয়, মন।

হৃদিপদ্ম, বি, ক্লী ; হৃদয়রূপ কমল। রূপক।

হৃদ্গত, বিণ (হৃদ্-গম্ ক্ত) মনোগত, হৃদয়স্থ।

হৃদ্য, বিণ (হৃদ্+যঞ্) হৃদয়গ্রাহী, প্রিয়। স্ত্রী,-দ্যা।

হৃদ্যতা, বি, স্ত্রী (হৃদ্য+তা, ভাবার্থে) প্রণয়, সৌহার্দ্দ্য।

হৃদ্বোধ, বি, পুং ; মনে বুঝা।

হৃল্লাস, বি, পুং ; হিক্কা, হেঁচ্‌কী।

হৃল্লেখ, বি, পুং ; অনুতাপ।

হৃষিত, বিণ (হৃষ্-কর্ত্তৃ-ক্ত) আনন্দিত, পুলকিত। বিস্মিত। সাঁজোয়া পরা। বি, হর্ষ।

হৃষীক, বি, ক্লী (ঐ-ঈকক্) জ্ঞানেন্দ্রিয়।

হৃষীকেশ, বি, পুং ; বিষ্ণু, পরমাত্মা। হৃষীকের ঈশ, ৬ষ্ঠীতৎ।

হৃষ্ট, বিণ (হৃষ্-কর্ত্তৃ-ক্ত) আনন্দিত, প্রীত। স্থূল। বি, হর্ষ।

হৃষ্টপুষ্ট, বিণ ; স্থূলকায়, মোটা সোটা। হৃষ্ট যাহা পুষ্টও তাহা, কর্ম্মধা।

হে, ব্য ; সম্বোধন।

হেঁয়ালি, (প্রা) বি ; প্রহেলিকা।

হেঁট, (প্রা) বিণ ; অধঃ। নম্র।

হেতু, বি, পুং (হি-কর্ত্তৃ তুন্) কারণ। মূল। প্রয়োজন। অর্থালঙ্কার বিং।

হেতুবাদ, বি, পুং ; কারণ প্রদর্শন।

হেত্বাভাস, বি, পুং ; (ন্যায়মতে) অসৎহেতু।

হেথা, (প্রা) ব্য ; এখানে।

হেন, (প্রা, পদ্যে) বিণ ; এমন, এরূপ।

হেম(মন্), বি, ক্লী (হি-কর্ত্তৃ-মন্) সুবর্ণ, সোণা।

হেমকূট, বি, পুং ; হিমালয়ের উত্তরস্থ পর্ব্বত বিং। হেম (স্বর্ণ) হইয়াছে কূট (শৃঙ্গ) যাহার, বহু।

হেমন্ত, বি, পুং ক্লী (হন্-কর্ত্তৃ-মন্ত) ঋতু বিং। (পদ্যে) হিমালয়।

হেমা(মন্), বি, পুং ; বুধগ্রহ।

হেমাঙ্গ, বি, পুং; সুমেরু। চম্পক। ব্রহ্মা। বিণ; সুবর্ণ অঙ্গবিশিষ্ট। হেম হইয়াছে অঙ্গ যাহার, বহু।

হেমাদ্রি, বি,পুং; সুমেরু পর্ব্বত। হেমের অদ্রি (পর্ব্বত), ৬ষ্ঠীতৎ।

হেয়, বিণ (হা-কর্ম্ম-য) তুচ্ছ, ত্যাজ্য।

হেয়জ্ঞান, বি, ক্লী; তুচ্ছজ্ঞান, অবজ্ঞা।

হের, বি, ক্লী (হি-রন্) মুকুট বিং। হরিদ্রা। (প্রা, পদ্যে) দেখ।

হেরণ, (প্রা, পদ্যে) বি; দর্শন, দেখা।

হেরম্ব, বি, পুং (হে [শিবেতে]-রন্ব-কর্ত্তৃ-অন্) গণেশ।

হেলন, বি, ক্লী (হেড়্-ভাবে-অনট্) অবজ্ঞা। (প্রা) দোলন।

হেলা, বি, স্ত্রী (হেড়্-ভাবে-অ+আপ্) অবহেলা, অবজ্ঞা। অনায়াস। (ঐ-হিল্-) স্ত্রীলোকের ভাব বিং।

হেলান, (প্রা) বি; দোলান। বক্রভাব করণ।

হেলায়, (প্রা) ক্রিবিণ; অবহেলা পূর্ব্বক। অনায়াসে।

হেষা, বি, স্ত্রী (হেষ্-অ) হ্রেষা, অশ্বধ্বনি।

হৈম, বিণ (হেমন্[স্বর্ণ]+ষ্ণ) সুবর্ণময়। (হিম+ষ্ণ) হিম-সম্বন্ধীয়।

হৈমন্তিক, বিণ (হেমন্ত+ষ্ণিক) হেমন্তকালীন। বি, ক্লী; আমন ধান।

হৈমবত, বিণ (হিমবৎ+ষ্ণ) হিমালয় সম্বন্ধীয়।

হৈমবতী, বি, স্ত্রী (হিমবৎ+ষ্ণ, অপত্যার্থে+ঈপ্) পার্ব্বতী। গঙ্গা।

হৈমসিংহাসন, বি, ক্লী; সুবর্ণময় রাজাসন। সিংহমূর্ত্তি-চিহ্নিত আসন, সিংহাসন, মধ্যপদলোপী কর্ম্মধা; হৈম (স্বর্ণময়) যে সিংহাসন, কর্ম্মধা।

হৈয়ঙ্গবীন, বি, ক্লী (হ্যস্[পূর্ব্বদিনে]+গো+বীন, ভবার্থে) পূর্ব্বদিনের দুগ্ধজাত ঘৃত, সদ্যোঘৃত।

হৈহয়, বি, পুং; দেশ বিং। কার্ত্তবীর্য্য।

হোড়, বি, পুং; হুড়িনৌকা।

হোতা(তৃ), বিণ (হু-কর্ত্তৃ-তৃন্) হোমকর্ত্তা। স্ত্রী,-ত্রী।

হোত্র, বি, ক্লী (হু-ভাবে-ত্র) হোম।

হোত্রী, বিণ (হোত্র+ইন্, অস্ত্যর্থে) হোম কর্ত্তা।

হোম, বি, পুং (হু-ভাবে-ম) দেবোদ্দেশে মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে ঘৃতাদি প্রক্ষেপ।

হোরা বি, স্ত্রী; লগ্ন। ২½ দণ্ড পরিমিত কাল।

হোলাকা, বি, স্ত্রী; বসন্তোৎসব, হো'ল।

হোলি, (প্রা) বি; বসন্তোৎসব।

হ্যঃ(স্), ব্য; পূর্ব্বদিনে।

হ্যস্তন, বিণ (হ্যস্+ট্টন) পূর্ব্ব-দিবসীয়।

হ্রদ, বি, পুং (হ্রাদ্-কর্ত্তৃ-অন্) অকৃত্রিম সুবৃহৎ জলাশয়।

হ্রদিনী, বি, স্ত্রী (হ্রদ+ইন্+ঈপ্) নদী। বিদ্যুৎ।

হ্রসিমা, বি, পুং (হ্রস্ব+ইমন্, ভাবার্থে) হ্রস্বতা।

হ্রস্ব, বিণ (হ্রস্ কর্ত্তৃ-ব) খর্ব্ব। ক্ষুদ্র। লঘু। বি,-তা।

হ্রস্বতা, বি, স্ত্রী (হ্রস্ব+তা, ভাবার্থে) খর্ব্বতা। ক্ষুদ্রতা।

হ্রাদ, বি, পুং (হ্রাদ্-ভাবে-অল্) শব্দ, ধ্বনি।

হ্রাদিনী, বি, স্ত্রী (হ্রাদ[শব্দ]+ইন, অস্ত্যর্থে+ঈপ্) নদী। বিদ্যুৎ। বজ্র।

হ্রাস, বি, পুং (হ্রস্-ভাবে-ঘঞ্) ক্ষয়, ক্ষীণতা।

হ্রী, বি, স্ত্রী (হ্রী-ভাবে-ক্বিপ্) লজ্জা। বিণ,-ণ,-ত।

হ্রীণীয়া, বি, স্ত্রী (হ্রীণী-ক্য-ভাবে-অ+আপ্) লজ্জা। ঘৃণা। নিন্দা।

হ্রীণ, হ্রীত, বিণ (হ্রী কর্ত্তৃ-ক্ত) লজ্জিত।

হ্রীমান্, বিণ (হ্রী+মতু, অস্ত্যর্থে) লজ্জাযুক্ত। স্ত্রী,-মতী।

হ্রেষা, বি, স্ত্রী (হ্রেষ্-ভাবে-অ+আপ্) অশ্বধ্বনি।

হ্লাদ, বি, পুং (হ্লাদ্-ভাবে-অল্) আহ্লাদ, আনন্দ।

হ্লাদিনী, বিণ, স্ত্রী (হ্লাদ+ইন্, অস্ত্যর্থে+ঈপ্) আহ্লাদযুক্তা। পুং,-দী।

হ্লাদী(দিন্), বিণ, পুং (হ্লাদ+ইন্, অস্ত্যর্থে) আহ্লাদযুক্ত। স্ত্রী,-দিনী।